নারায়ণ দেবনাথ

নান্টে ফান্টে সমগ্র



SHOUT
SHARE
IT

নন্টে সমগ্র

শ্রীমতী দেবলীনা

নন্টে আর ফন্টে। এই দুই মূর্তিমানকে
চেনে না, এমন বাঙালি বোধহয় বিরল।
দুজনের দুষ্টুমি, ফিচলেমি, লম্ফঝম্প
এবং বুদ্ধির ঝলকানি সববয়েসি
ছোটদের কাছে আজও একান্ত প্রিয়।
কেল্টুদা! মূর্তিমান ভিলেন। তাকে ছাড়া
নন্টে-ফন্টেকে কেমন আলুনি লাগে।
দুজনের টক্কর তো তার সঙ্গেই।
আর আছেন স্কুল বোর্ডিং-এর বিশালবপু
সুপারিন্টেন্ডেন্ট পাতিরাম হাতি। খেতে
ভালোবাসেন, কেল্টুকে দারুণ
ভালোবাসেন এবং তার জন্যেই পদে-
পদে অপদস্ত হন।
এই চারমূর্তিকে ঘিরেই নন্টে-ফন্টের
দমফাটা মজার কাহিনি।
বাংলা কমিকস জগতে অপ্রতিদ্বন্দ্বী।
এবার এল একমলাটের মধ্যে।
নন্টে-ফন্টে সমগ্র যুগ যুগ জিও!

নারায়ণ দেবনাথ

নান্টে ফান্টে সমগ্র

নন্টে ফন্টে সমগ্র

নারায়ণ দেবনাথ

নন্টে ফন্টে সমগ্র



পত্রভারতী

www.bookspatrabharati.com

পত্রভারতী

প্রথম প্রকাশ জানুয়ারি ২০১২
দ্বিতীয় মুদ্রণ ২০১৫

ত্রিদিবকুমার চট্টোপাধ্যায় কর্তৃক পত্রভারতী, ৩/১ কলেজ রো, কলকাতা ৭০০ ০০৯
থেকে প্রকাশিত এবং হেমপ্রভা প্রিন্টিং হাউস, ১/১ বৃন্দাবন মল্লিক লেন,
কলকাতা ৭০০ ০০৯ থেকে মুদ্রিত।

প্রচ্ছদ দেবাশিস সাহা

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশের
কোনও মাধ্যমের সাহায্যে কোনওরকম পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না।
এই শর্ত না মানলে যথাযথ আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

NANTE FANTE SAMAGRA
by Narayan Debnath
Published by PATRABHARATI 3/1 College Row, Kolkata 700 009
Phones 2241 1175, 94330 75550, 98308 06799
E-mail patrabharati@gmail.com
visit at www.facebook.com/ Patra Bharati

ISBN 978-81-8374-144-6

এই নন্টে ফন্টে সমগ্রটি
আমার অত্যন্ত আদরের নাতনি অলিভিয়া (ময়ূরী)
অ্যালিসিয়া (পায়েল) নাতি অর্কপ্রিয় (বিল্লু)
ও স্বর্ণভকে (মুন্না) উৎসর্গ করলাম।

পত্রভারতী প্রকাশিত অন্যান্য কমিকস

নারায়ণ দেবনাথ

নন্টে ফন্টে কী আনন্দ নন্টে ফন্টে ফাটাফাটি নন্টে ফন্টে লা জবাব নন্টে ফন্টে বেস্টঅফ
নন্টে ফন্টে বিন্দাস নন্টে ফন্টে দ্য গ্রেট নন্টে ফন্টে ধুন্ধুমার নন্টে ফন্টে ধামাকা
নন্টে ফন্টে মেগা হিট নন্টে ফন্টে হইচই নন্টে ফন্টে হুলুস্থুল নন্টে ফন্টে বনাম কেপ্টুদা

নারায়ণ দেবনাথ। দিলীপকুমার চট্টোপাধ্যায়

ইন্দ্রজিৎ রায় বনাম ব্ল্যাক ডায়মন্ড

শিবরাম চক্রবর্তী

হর্ষবর্ধনের বাঘশিকার হর্ষবর্ধন হতভম্ব
হর্ষবর্ধনের হজম হর্ষবর্ধনের ভূত-ভোজন হর্ষবর্ধনের বিড়ম্বনা

শৈল চক্রবর্তী। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

ডমরু চরিত

ময়ূখ চৌধুরী

রুদ্ধশ্বাস কমিকস

চণ্ডী লাহিড়ী

মিচকে। নেংটি

BEE Edition

Nante Fante Vs Keltuda Nante Fante Unmatched Nante Fante Unbeatable
Nante Fante The Great Nante Fante The Best Nante Fante Rock The World
Nante Fante Megahit Nante Fante Hurrah Nante Fante Brouhaha
Nante Fante Big Bang Nante Fante Dhamaka Nante Fante Bindas

আমার কথা

দীর্ঘ চল্লিশ বছর ধরে নন্টে আর ফন্টে আমার যে চিত্রকাহিনি কিশোর ভারতীতে বের হয়েছে এবং এখনও হচ্ছে। আর সেই কাহিনি পড়ে যারা আনন্দ আর মজা পেয়েছো, আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে সেই চিত্রকাহিনি এবার নন্টে আর ফন্টে সমগ্র হয়ে বের হচ্ছে।

এতে আমি খুশি। আর যারা আমার এই চিত্রকাহিনি পড়তে ভালোবাসো, তারাও খুশি হবে বলেই আমার বিশ্বাস। আর তাহলেই আমি আরও, আরও বেশি খুশি হব।

আন্তরিক শুভেচ্ছাসহ—

১.১.২০১২
শিবপুর, হাওড়া

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

আমার জন্যে আনা চা তুই খেয়ে ফেললি, কেলটু ?
ওই চা তো আপনার কাছে এখন বিষতুল্য, স্যার ! তাই বিষটা আমিই খেয়ে নিলুম, স্যার !
একটু পরেই
ওরে বাবা ! তোরা কেউ গাড়িটা এনে দে, প্রকৃতি আমাকে ডাক দিয়েছে !
অ্যাই নন্টে ! অ্যাই নন্টে আর ফন্টে, তোরা কেউ গাড়িটা নিয়ে আয় শিগগির !
গেলুম, আর ওয়েট করা যাচ্ছে না ! তোরা কেউ ওটা রেখে আসিস !
হায় রাম ! ইটা বাবুর কি হইলো !
স্যার কে গাড়িটা দিয়ে আয়, ফন্টে !
কেন তুমি দিয়ে আসতে পারো না !
কি-ই ! আমার কথার ওপর কথা ! জানিস এর ফল কি হবে ?
ছেড়ে দে, ফন্টে ! স্যার এখন অসুস্থ আমরা দিলেই বা ক্ষতি কি !
একটু পরে-
ওরে কেলটু, আমাকে ধরে নিয়ে যা !
কেলটু, শিগগির ডাক্তার ঢেকুলাল ঢেঁকিকে ডেকে নিয়ে আয় !
নন্টে আর ফন্টে ছুটে গিয়ে ডাক্তার ঢেকুলালকে ডেকে নিয়ে আয় !

ভালো করে ধরে বসা। মনে হচ্ছে স্যারের লুজ মোশান হয়েছে রে, নন্টে আর ফল্টে!
মরেচে! তাহলে তো এখুনি ডাক্তার ডাকতে হয়!
ওরে বাবা রে! মরে গেলুম রে!
এখুনি ডাক্তার ঢ্যাঁকিকে ডেকে নিয়ে আয়।
ঠিক আছে যাবো আর ধরে নিয়ে আসবো।
বেড়া ডিঙোলে সর্টকাটে তাড়াতাড়ি পৌঁছোনো যাবে!
এসে গেছি।
তোমার কি হয়েছে?
আজ্ঞে এই আঁ-আঁ-দাঁতে বড়োই ব্যাথা!
এই-ই দেখছি শেষ রুগী।
দাঁতের ব্যাথা তো দাঁতটা তুলে ফ্যালো।
দাঁত না তুলে আপনি দাঁতের ব্যাথা কমানোর ব্যবস্থা করুন না।
বেশ, ব্যবস্থা করছি। টেবিলে হাতটা উপুড় করে রাখো।
বেশ রাখছি।
হাত রেখেছো তো বেশ-এবার দাঁতের ব্যাথা কমিয়ে দিচ্ছি-
হাত দিয়ে দাঁতের ব্যাথা -ই-ই-ই-ওরে বাবা গেছিরে!
ব্যাথার ট্যাবলেটের থেকে এটা সঙ্গে সঙ্গে কাজে দেবে!


এবার তোমার হাতের ব্যাথা এতো বেশী হবে যে, তাতে দাঁতের ব্যাথার কথা ভুলে যাবে। পরে কিন্তু দাঁত তুলিয়ে নিও।
ওফ্ উফ্! আহ্!
তোমার আবার কি? তোমারও কোন ব্যাথা-ট্যাথা আছে নাকি?
আজ্ঞে আমার কিছু হয়নি। হয়েছে আমাদের স্কুল বোর্ডিংয়ের সুপারিনটেণ্ডেণ্ট স্যারের!
কি হয়েছে তোমাদের স্যারের?
বলছে তো লুজে মোশান!
কি মোশান?
ইয়ে-লুজ্-লুজে মোশান!
চলো দেখে আসি তোমাদের স্যারকে!
চলুন, এতক্ষণ গাড়ু নিয়ে কতবার যে ছুটেছেন কে জানে!
এই যে, কেলু! ডাক্তারের জন্যে টাকাটা তোর কাছে রেখে দে।
ঠিক আছে, স্যার! তাড়াহুড়োর কি আছে!
স্যার আমাকে টাকা দেবার সময় নব্বেটা ছিলো না মাবে কেউ দেখেনি-হেঃহেঃ!
ডাক্তারবাবু এসে গেছেন, স্যার! আসুন ডাক্তারবাবু, আসুন।


আসুন, ডাক্তারবাবু! দেখুন আমাদের স্যারের কি অবস্থা। একেবারে এলিয়ে পড়েছেন। হাতের গাড়ু আর নামাতে পারছেন না।
দেখি একবার হাতটা দেখি।
হয়েছে পেটের গণ্ডগোল হাত দেখে কি হবে?
গাড়ু হাতে দৌড় ঝাঁপ কতবার হয়েছে?
ঊনবিংশবার!
ঊরিব্বাস্!
কাল রাত্রে কি আহার করেছিলেন বলুনতো?
গতকাল রাত্রে খুব একটা খাবার ইচ্ছে ছিলো না, কিন্তু একেবারে খালি পেটে থাকা স্বাস্থ্যসম্মত নয়, তাই খান পোনেরো বাসি—
লুচি আর মাংসের বাসি তরকারি—
অ্যাঃ! পোনেরো খানা বাসি লুচি আর তার সঙ্গে বাসি মাংসের তর—
দেখি, দেখি! আগে আপনার চোখটা দেখি!
আরে! আরে! এটা কি হচ্ছে?


আরে! আমি গাড়ু হাতে ছুটো ছুটি করছি আর আপনি আমার হাত দেখছেন এখন আবার চোখ দেখতে চাইছেন ব্যাপারটা কি?
ব্যাপার এইজন্যে যে, যেনাকি চোখে দেখে দুদিনের বাসি খাবার খায় তার তো আগে চোখের চিকিৎসার দরকার!
এখন কয়েকদিন বালির জল চলবে আর একটা পাঁচন লিখে দিলুম এটা দিনে তিনবার বড়ো গ্লাসের আধ গ্লাস করে দশদিন খাবে।
আচ্ছা!
অ্যাই, নন্টে আর ফন্টে! এদিকে একটু শোন!
বলো, কেলুদা কি বলবে?
বলছি যে, স্যার অসুস্থ লটকে পড়ে আছে, তাই ডাক্তারের ভিজিট দেওয়ার জন্যে এই অবস্থায় তো আর স্যারের কাছে টাকা চাওয়া যায় না, তাই এখন তোদের কাছ থেকে দে। আমার কাছে ছিলো কিন্তু আমি যে আবার কাকে দিলুম, যাক গে, এখন দে পরে স্যারের কাছে চেয়ে তোদের দিয়ে দেবো।
এই নাও, কিন্তু স্যারের কাছ থেকে নিয়ে সময়মতো ফেরৎ দেবে তো, কেলুদা?
সে আবার বলতে!
এই নাও এতে যে পাঁচনটা লিখে দিয়েছি, নামে পাঁচন হলেও খেতে ভালো, অবশ্য পরে ফলের রসটসও খেতে পারে।
আচ্ছা। আর এই নিন আপনার ফি।

গেছে? কি ডাক্তার রে! গণ্ডগোল আমার পৈটিক আর বলে কিনা হাত দেখি চোখ দেখি, অকম্মার ঢেঁকি!
নিরাময়ের জন্যে কিছু ওষুধ দিয়েছে?
হ্যাঁ, স্যার! একটা পাঁচন আর ট্যাবলেট
ওসব পাঁচন ফাচন খাবোনা। বস্তা বাসি লুচি, পরোটা উড়িয়ে দিয়েছি কিন্তু কিচ্ছুটি হয়নি কাল কার যে নজর লাগলো!
নির্ঘাত তোদের কেউ ছিলি- হয় তুই কেলটু, আর না হয় নন্টে আর ফন্টে!
অ্যাই মরেচে! আমি নই স্যার! নন্টে আর ফন্টেকে যেন মনে হচ্ছে আপনার সামনে দেখেছিলাম স্যার!
না, না, আমরা ছিলাম না, স্যার!
আমারও মনে হচ্ছে যে, তোর কথাই ঠিক, কেলটু! একটু সামলে উঠি তারপর বোঝাপড়া!
দেখলি তো, নন্টে! স্যারের পৈটিক দায় কেমন করে আমাদের ঘাড়ে চাপিয়ে দিলো! আমাদের নজর লেগে নাকি স্যারের পেট খারাপ হয়েছে!
শোন্ নন্টে আর ফন্টে! আগে তোরা যে টাকা দিয়েছিলি সেতো ডাক্তারের ডিজিট দিতেই চলে গেছে। এবারে স্যারের ওষুধ আনতে আরো কিছু দিতে হবে। এখন তো স্যারের কাছে চাওয়ার প্রশ্নই নেই একেবারে এলিয়ে পড়ে আছেন।

অ্যাই, কেলটু! আমি তোর কাছে যে টাকা—
হ্যাঁ, হ্যাঁ, সব ঠিক আছে। আপনার কোন চিন্তা নেই এসব নিয়ে আপনাকে কিচ্ছু ভাবতে হবে না।
স্যার, টাকার কথা কি যেন বলছিলেন, কেলটুদা?
না, না - স্যার উঠে টাকা দিতে পারছেন না তাই বলে দুঃখু করছিলেন আর কি আর আমি ও ব্যাপারে চিন্তা করতে মানা করলুম। হেঃ হেঃ!
আর আমার টাকার কথা তো আগেই বলেছি একজনকে দিয়ে আর ফেরত পাচ্ছিনা তাই ভোদের কাছ থেকেই নিতে হচ্ছে। যদিও স্যার পরে হয়তো ফেরত দিয়ে দেবে।
তখন দুশো দিয়েছিস আর এখন দুশো এনে দে তাতেই হয়ে যাবে।
এই কিন্তু শেষ, কেলটুদা! আর কিন্তু কিছু নেই।
আমি স্যারের ওষুধ কিনতে যাচ্ছি তোরা স্যারের কাছে থাক, নন্টে আর ফন্টে!
কেলটু ওষুধ আনতে চলে গেলো! আশ্চর্য! টাকার কথা কিছু বললো না! আগে ডাক্তারের জন্যে ওকে টাকা দিয়েছিলাম তার কি আছে—
—না আছে তার কিছুই জানালো না।
!
!
কি সাংঘাতিক ফেরেব্বাজ দেখেছিস? স্যারও ওকে টাকা দিয়েছে!
এখন থেকেই তাহলে ওর ওপর নজর রাখতে হয়, ফন্টে!


কেলুদা এখন ওষুধ আনতে যাচ্ছে, তুই ওর পিছু নিয়ে ও কোথা থেকে কেনে সেটা দেখবি তারপর তোকে কি করতে হবে শোন—
—ফিস্ ফিস্ ফিস্ ফিস্!
ঠিক আছে, ফন্টে!
সেইমতো-
ওষুধালয়
কেলুদা বেরিয়ে এলে আমি যাবো।
কিছু পরে-
ফিরে গিয়ে নিজে একটু টেস্ট করে পরে স্যারকে দেবো।
পরে-
কি চাই?
এইমাত্র যে ওষুধটা একজন নিয়ে গেলো ওটা আমাকে একটা দিন।
এই নাও, এটা নিয়ে গেছে।
এই নে, ফন্টে! যেটা কেলুদা এনেছে।
চমৎকার!
ভেতরের মালটাকে ঢেলে রেখে চিরতার জল ভরে দেবো, হেঃ হেঃ!
এবার তাল বুঝে কেলুদার বোতলের সঙ্গে বদল করে দেওয়া।


পরে-
হ্যাঁ, এতো। একটু চেখে দেখেছি বেশ ভালোই টেস্ট। এবার স্যারকে খাওয়াতে হবে। দাঁড়া কিচেন থেকে একটা গ্লাস নিয়ে আসি।
ওষুধ এনেছো, কেলুদা?
কেলুদা গেলাস আনতে গেছে এই মওকায় ঝটপট দে বোতলটা বদল করে দি।
এই নে।
চল, ফনেট স্যারকে এবার ওষুধ খাইয়ে আসি। ক্লিন্ড নন্টে কোথায়?
চলো, নন্টে মনে হয় স্যারের ঘরেই আছে।
এই নিন, স্যার! আপনার পাঁচন ওষুধ। খেতে বেশ ভালোই টেস্ট! নিন ঢক করে খেয়ে নিন শরীর একেবারে চাঙ্গা হয়ে যাবে।
হ্যাঁ, স্যার! কেলুদা নাকি টেস্ট করে দেখেছে!
ভালো টেস্ট বলছিস দে তাহলে খাই। একেবারেই শক্তিহীন হয়ে পড়েছি।
এই নিন।
ঢক্- ঢক্-
ওকৎ!
ক্কি-কি হলো, স্যার?
ফুরচ্!
গরর! হতচ্ছাড়া বদমাইস মর্কট আমাকে ভেঁতো বিষ খাইয়ে মারার মতলব! হাতে পেলে এই ওষুধ তোকে গেলাবো।
স্যার, এটা অন্তর্ঘাত!
ইঃ! আমাদের ওস্তাদ স্যার মুখে দিতেই কেলুকে ধরার জন্যে বিছানা থেকে কি রকম জাম্প দিলো দেখলি!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ডিমটা সেদ্ধ হয়ে গেলেই ব্রেকফাস্ট রেডি হয়ে যাবে।
হ্যাঁ, একদম পিকনিকের ব্রেকফাস্ট!
কি হচ্ছে র‍্যা তোদের নন্টে আর ফন্টে?
মরেচে! কেলুদা!
হয়ে গেলো ব্রেকফাস্ট!
ওহ্! ব্রেকফাস্ট! রুটি আর ডিম! আমার দারুণ পছন্দের। যাক, আমি যখন এসেই পড়েছি তখন আর তোরা ওতে হাত লাগাস না, নন্টে আর ফন্টে!
আঃ! অনেকদিন ডিম রুটি সহযোগে ব্রেকফাস্ট খাওয়া হয়নি।
তাই বলে তুমি দুটো প্লেটই মেরে দেবে?
ব্যাপারটা কি জানিস, নন্টে আর ফন্টে! পছন্দসই খাবার পেলে আমার হাত মুখ আর আমার কন্ট্রোলে থাকে না!
চলি রে, নন্টে আর ফন্টে সকালটা বেশ ভালোই কাটলো!
তোমার হাত আর মুখের কন্ট্রোলের ব্যবস্থা করলে আরো ভালো কাটবে, কেলুদা!
কাল সকালে আবার আচমকা হানা দিতে হবে!

পরদিন-
তোলার জন্যে অন্যের খাবার তোলার মাসুল এবার দিতে হবে!
এবার ডবল ডিমের ব্যবস্থা!
এসো, এসো, কেল্টুদা! তোমার জন্যেই অপেক্ষা করছি!
আজ ডবল ডিমের ব্যবস্থা!
তোরা কিছু মনে করিস না, নন্টে আর ফল্টে! এটা আমি আমার ঘরে নিয়ে গিয়ে খাবো!
সে তোমার যা ইচ্ছে, তবে এটা আমাদের সামনে খেলেই খুব আনন্দ পেতাম!
ওদিকে-
ঘুরে দেখি নতুন বছরে ছেলেরা কে কি করছে!
একি! তোর হাতে এসব কি, কেল্টু?
মরেচে! ইয়ে-ব্রেকফাস্ট, স্যার! আপনার কাছেই নিয়ে যাচ্ছিলাম।
এযে ভুল ট্র্যাকে ঢুকছে রে, নন্টে!
নতুন বছরে আমার জন্যে ব্রেকফাস্ট আনছিলি সেটা আগে বলবি তো মুখ্যু! দে-দে!
টহল দেবার আর সময় পেলেন না!
এখনো কিছু খাওয়া হয়নি! এটা দিয়ে এখানেই আমার ব্রেকফাস্টা সেরে ফ্যালা! যা—
-অ্যাঁক্!
ওঁক্ৎ!
হতচ্ছাড়া বিটলে! কাদার ডিম বানিয়ে রসিকতা? ফাস্ট তোর ঘাড় ব্রেক করে তবে অন্য কথা!
কেল্টোকে স্যারের নববর্ষের উপহার!


ঘরে এসে-
দেখলি তো, নল্টে! কেল্টাকে নিয়ে স্যারের কি রকম আদিখ্যেতা।
যেন আমরা কেউ নই কেল্টা একাই যেন বিজয়া সম্মিলনী করবে।
চায়ের নেমন্তন্ন করে কাঁধে হাত দিয়ে ঘরে নিয়ে যাওয়া ওই যেন সব।
ওদিকে-
কেকটা কেলুকে দাও ঠাকুর! খা, কেলু, কেক, বিস্কুট দিয়ে চা খা।
হ্যাঁ, স্যার! খাচ্ছি।
শোনো, ঠাকুর, কেলু আজ আজ আমার সঙ্গে আহার করবে। একটু স্পেশাল খাবার করবে।
ঠিক আছে, সুপারিনটেন্ড, স্যার!
পরে-
আজ কি রান্না হচ্ছে বলতো ঠাকুর?
কুমড়া আর পুঁইশাক কা ঘ্যাঁট, অড়হড়কা ডাল সাথমে আলুভাজি।
আর সুপারিনটেন সাহাব আর কেলুবাবুর জোন্যে চিকেন বিরিয়ানী আর চিলি চিকেন –
অ্যাঃ!
দেখেছিস, ফল্টে! আমাদের বেলায় কুমড়ো পুঁইশাকের ঘ্যাঁট–
আর কেল্টা খাবে স্যারের সঙ্গে বিরিয়ানী চিলি চিকেন আরো সব কি!
আমরা সবাই মিলে যা করতে চলেছি তার কৃতিত্ব কেল্টা একা নিতে চাইছে রে, ফল্টে। আমরাও দেখাচ্ছি!


অনুষ্ঠানের আগের দিন-
স্যার বেহালা বাজাতে পারেন তা তো জানতাম না রে,
ঘোঁটকা!
নোটিশ
বিজয়া সম্মেলন উপলক্ষে সাঙ্গীতিক অনুষ্ঠান সব শেষে বেহালা বাজিয়ে শোনাবেন বোর্ডিং সুপারিনটেণ্ডেণ্ট মহাশয়।
হ্যাঁ,দারুণ বাজায় শুনলে মোহিত হয়ে যাবি!
ওদিকে-
কালকেই অনুষ্ঠান। কি হবে রে,কেলু? মাত্র একমাসের তালিমে বেহালায় ছড় বোলালে শুধু ক্যাঁ-কোঁ ছাড়া কিছু বেরুচ্ছে না।
আর তুই আগেই জানিয়েছিস আমি বেহালা বাজিয়ে শোনাবো। তখন তোর কথায় নেচে এখন কি করবো কিছু বুঝছি না।
ক্যাঁ-কোঁ!
এনিয়ে আপনাকে কোন চিন্তাই করতে হবেনা। দেখবেন ঐ ক্যাঁ-কোঁ-ই সুরের ঝর্ণা ধারা হয়ে সকলকে ভাসিয়ে নিয়ে গিয়ে আপনার স্বপ্নকে সফল করবে।
তবে একটা জিনিস খেয়াল রাখবেন,স্যার! আপনার বাজানোটা যেন বেশ আস্তে হয়।
বেশ তাই হবে।
পরে-
এই যে,তোরা। স্যারকে দিয়ে বেহালা বাজানো হবে বলে সম্মিলনী করতে টাকা দেবে আর তোদের কোন তাড়া নেই!
কে বললে নেই। তুমি বললেই খাড়া হয়ে যাবো।
দেখ বেহালার ক্যাসেট করে এনেছি। এটা স্টেজের পেছনে বাজবে আর স্যার স্টেজে দাঁড়িয়ে বেহালায় ছড় বোলাবে। গানে ঠোঁট মেলানোর মতো। মনে হবে যেন স্যারই বাজাচ্ছে।
দারুণ হবে।
কাল সম্মিলনীর অনুষ্ঠান। স্টেজ ঠিকঠাক করতে হবে। অনেক কাজ। এটা এখন তোদের কাছে থাক পরে নেবো। সাবধানে রাখবি।
ঠিক আছে, দাও।
বুঝলি,নন্টে! এই সেই ক্যাসেট যা দিয়ে স্যারের স্টেজে বেহালা বাজানোর স্বপ্নকে সফল করতে কেলো উঠে পড়ে লেগেছে আর স্যারও তাই ওকে তোয়াজ করে খাওয়াচ্ছে আর দম দিচ্ছে!


অনুষ্ঠানের দিন-
এবার বেহালা বাজিয়ে শোনাবেন
অনুষ্ঠানের শেষ শিল্পী আমাদের বোর্ডিং স্কুলের শ্রদ্ধেয় সুপরিনটেণ্ডেণ্ট ঘটোৎকচ ঘটক মহাশয়।
স্টেজের আড়ালে-
স্যার বেহালা বাজানো শুরু করলেই মাইক বন্ধ করে ক্যাসেট চালিয়ে দেবো। ক্যাসেটটা দে তাড়াতাড়ি।
এই নাও। আমি আর নন্টে এখানে কেউ ঢুকে না পড়ে সেটা দেখছি।
নমস্কার, আমি তাহলে শুরু করছি।
কোঁও-ও-ও
কেল্টুদা সটার্ট!
তড়াং-তড়াং-তের কেটে ধিন তড়াংতড়াং-
এ-একি!
স্যার বেহালায় ভবলা বাজাচ্ছে রে, কি দুর্দান্ত!
বেহালায় তবলা বাজানো যায় এটা তো জানা ছিলো না।
অপূর্ব!
তাজ্জব! বেহালা শোনানোর বদলে ঐ দিয়ে উনি তবলা শোনাচ্ছেন!
এটা ষড়যন্ত্র, স্যার!
ষড়যন্ত্র? এবার বেহালা বাদ্যযন্ত্র দিয়ে তোর অবস্থা বেহাল করে ছাড়বো, মর্কট!
এই সেই বেহালার ক্যাসেট কিন্তু আমাদের উপেক্ষা করে স্যারের সঙ্গে বেশী মাখামাখি করার ফলেই বেহালার ক্যাসেট তবলার হয়ে গেলো।
একেবারে ম্যাজিক যাকে বলে। হিঃহিঃ


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
টেলিফোনটা ধরতো, কেলু! বিশেষ দরকার না হলে দিবি আমি নেই পরে যেন ফোন করে।
ক্রিলিলিং ক্রিলিলিং
হ্যাঁ, আছেন, ধরুন দিচ্ছি।
কার ফোন, রে? কে করেছে?
আপনার, স্যার! বললো উনি নাকি আপনার বন্ধু!
আমার বন্ধু! সে আবার কে?
কে বলছেন?
কে বলছেন কি রে? আমি গো-বর্দ্ধন! আমরা একসঙ্গে বোর্ডিংয়ে থেকে পড়াশুনো করেছি, তোর সঙ্গে খাওয়ার কম্পিটিশন করেছি আমি অবশ্য হেরে গেছি! মনে পড়ছে?
গোবর্দ্ধন-মানে সেই গোবরা! ওঃ, কতো দিন তোর খোবড়া-ইয়ে-মানে মুখ দেখিনি! তা হঠাৎ টেলিফোন, কি ব্যাপার, বলতো?
তাহলে শোন-
ব্যাপার এমনি কিছু নয়। পুজোর ছুটিতে তুই আমাদের গ্রামের বাড়িতে এসে বেড়িয়ে যা। তুই তো এক নম্বরের পেটুক, এখানে এলে ঘরের গরুর দুধ, ঘি, ক্ষীর, ছানা, পায়েস, পুকুরের ধরা জ্যান্ত মাছের ঝোল, কালিয়া, মাছের ঘুড়ো তোকে খাওয়াবো। ইচ্ছে করলে সঙ্গে কাউকে নিয়ে আসতে পারিস।


আমাদের গ্রামের নাম ঘাড়চুর খুবই আদর্শ গ্রাম। ফুটকুন্দি স্টেশনে নেমে কাউকে জিজ্ঞেস করলেই বলে দেবে।
তোর কথা শুনেই তো জিভে জল এসে যাচ্ছে রে, গোবরা! এতো যেতেই হবে।
কে ফোন করেছিলেন, স্যার?
আমার ছোটবেলার বন্ধু। আমাকে ওদের গ্রামের বাড়িতে যেতে আমাকে আমন্ত্রণ জানিয়েছে। তোকে, নন্টে আর ফন্টেকে সঙ্গে নিয়ে যাবো ভাবছি।
সত্যি!
হ্যাঁ! গেলে দেখবি আর আদর্শ গ্রাম বাংলা কাকে বলে জানতে পারবি। দেখতে পাবি গ্রামের মানুষ কতো সহজ সরল হয়।
নন্টে আর ফন্টেকে বলে দ্যাখ্ ওরা ছুটিতে আমাদের সঙ্গে যাবে না বাড়ি যাবে।
আমি এখুনি ওদের বলছি। তবে মনে হয় ওরাও নিশ্চয় যাবে স্যার!
আরে, কেলুদা যে? তুমি এসময় হঠাৎ কি মনে করে?
স্যারের বন্ধুর গ্রামের বাড়িতে স্যার আর আমি যাচ্ছি তোরা কি যাবি?
অবশ্যই যাবো।


আমরাও আপনার সঙ্গে যাচ্ছি,স্যার!
পরশু ছুটি পড়ে যাচ্ছে। তার পরদিন আমরা রওনা দেবো। সঙ্গে কিছু নেবার প্রয়োজন নেই।
পরে-
এক ঠোঙা বাদাম কিসমিস আছে সঙ্গে করে নিয়ে যাবো, নন্টে। খেতে খেতে যাওয়া যাবে।
কেল্টার নজর এড়িয়ে খেতে হবে।
নির্ধারিত দিনে ট্রেনে চেপে ফুটকুন্দি পৌঁছে-
হাড়চুরগ্রাম কোনদিকে ভাই?
না গো বাবু,আমার কেউনাই।
এতো বদ্ধ কালা রে, কেল্টু!
বাবুরা কি আমাকে কিছু বলতিছেন?
দাঁড়ান, আমি বলছি।
বলতেছি যে,হাড়চুর গ্রামটা কোন্‌দিকে?
হাড়চুর? সেটা আগে বুললেই তো হতো। হাড়চুরগ্রাম তো হুইদিক পানে।
চলুন,স্যার! আমরাই ঠিক খুঁজে বের করে নেবো।
চল,কিছুদূর এগিয়ে কাউকে জিজ্ঞেস করলেই হবে।


কিছুদূর যাওয়ার পর-
আচ্ছা, হাড়চুর গ্রাম কোনদিকে-কতোদূর হবে?
তা এখান থেকে মাইল চারেক হবেক। তবে বাবু রাস্তা খুবই খারাপ।
চায়ের দোকান
এখানে কোনো যান বাহন নেই।হেঁটে চারমাইল রাস্তা যেতে হবে,কেলটু! আয় এখান থেকে চা খেয়ে তারপর রওনা দেওয়া যাবে।
সে খুবই ভালো হবে, স্যার! শরীর ভালো থাকবে।
আঃ! চা টা দারুণ হয়েছে,ভাই না,স্যার?
গ্রামের গরুর টাটকা খাঁটি দুধের চা ভালো তো হবেই রে।
কিন্তু-
পুলিশ থেকে কাল যে প্রচার করে গেলো একজন ভয়ঙ্কর ডাকাত দল সমেত এদিকে আসতে পারে। বলেছে দেখতে পেলেই যেন আটকে রেখে খবর দিতে। কাল যে প্রচার পত্র দিয়ে গেলো সেটা তোর কাছে আছে তো, পুঁটে?
আছে!
আরেঃ। দেখতে তো একই রকম। তবে এর মুখে কিন্তু পেল্লাই গোঁফ রে, ভুটে।
আরে গোঁফ ছেঁটে ফেলতে কতক্ষণ। আমার দেখা থেকেই কেমন চেনা চেনা লাগছিলো।
সস্তায় চাই
দ্যাখো তো,নেদু খুড়ো! ঐ যে চা খাচ্ছে আর এই ছবিটা একই লোকের কিনা?
তাজ্জব! গোঁফ ছাড়া তো একই লোক মনে হচ্ছে!


এই ব্যাটাই নির্ঘাত এই ছবির ডাকাত ডাবু সিং! এবার গোঁফ ছেঁটে ছদ্মবেশে দল নিয়ে হাড়চুর গ্রামে ডাকাতি করতে যাচ্ছে!
ওদের এখনি আটকাতে হবে। হাতকে গেলে আর পাওয়া যাবেনা।
এই নিন চায়ের দাম।
ডাকাত! ডাকাত! ভয়ঙ্কর খুনে ডাকাত ডাবু সিং!
চায়ের দোকান
ধরো, আটকাও! গোঁফ ছেঁটে ছদ্মবেশে দল নিয়ে হাড়চুর গ্রামে ডাকাতি করতে যাচ্ছে।
ওরা ডাকাত-ডাকাত বলে চ্যাঁচাচ্ছে। চল, ডাকাত আসার আগেরা স্যার পরিত্যাগ করি।
সেটাই বুদ্ধিমানের কাজ হবে, স্যার!
পাকড়ো, পালাবার জাল করছে।
অ্যাই মরেচে! ওরা যে আমাদেরই ডাকাত ভেবে ধরতে আসছে, স্যার!
পালান, স্যার!
ওদের বুঝিয়ে বললে হয়না যে আমরা ডাকাত নই।
যে ভাবে তেড়ে তাড়া করে আসছে এখন বোঝাতে গেলে পিটিয়ে হাড্ডি চুর করে হাওয়ায় ফুর ফুর করে উড়িয়ে দেবে।

গতি বাড়ান,স্যার! ওরা যে ধরে ফেলবে!
গতি আর বাড়বে না রে, কেল্টু! গতি বাড়ালে অতি শীঘ্র হৃদযন্ত্র বিকল হয়ে পতন ও মৃত্যু।
ধরো, পাকড়ো! ভয়ঙ্কর ডাকাত গরু সিংয়ের দল পালাচ্ছে!

ওদের নেদু খুড়ো বলছিলো যে, রাস্তা খারাপ। কিন্তু রাস্তা তো মোটামুটি বেশ ভালোই,স্যার!
আর সেজন্যেই তো একটু ছুটতে পারছি রে, কেল্টু!

রাস্তাটা কেমন নরম হয়ে গেলো রে, কেল্টু!
হ্যাঁ,স্যার! বেশ নরম!

অ্যাঃ! কাদা! সেজন্যেই পায়ে নরম লেগেছিলো। কিন্তু থামলে চলবে না, স্যার! ধরলে আমরাই কাদা হয়ে যাবো!

কেল্টুরে কাদাই শেষে বাধা হয়ে দাঁড়ালো। পা কাদায় সেঁটে গেছে আর তোলা যাচ্ছে না।
আমাদের আর কষ্ট করে তুলতে হবেনা, স্যার,ওরাই এসে আমাদের তুলে নিয়ে যাবে!


দশ মিনিট পর-
এই কাদাই আমাদের ডাকাত ধরতে সাহায্য করলো এবার এদের কব্জা করে নিয়ে যাওয়া।
গাব্বুর কি ওয়েট রে, ব্রাদার!
আরও দশ মিনিট পরে-
অনেক দৌড় করিয়েছো। দাগী ডাকাত গাব্বুসিংয়ের দলকে ধরার জন্যে পুরস্কার মিলতে পারে।
নেদুখুড়ো, তোমরা দুজনে পাহারায় থাকো আমি একটা গোঁফ জোগাড় করে এখুনি আসছি
কোথায় চর্ব চোষ্য লেহ্য পেয় আর কোথায় হেয় হয়ে একটা ঘরে বন্দী হয়ে রয়েছি। কি করে এখান থেকে বেরোতে পারবো জানিনা।
নন্টে রে, মাথায় একটা ফন্দি এসেছে, দেখি কাজে লাগে কিনা।
মাঝখান থেকে জুতোগুলো কাদায় রয়ে গেলো।
পথে খাবো বলে যে বাদাম কিসমিস আছে তাই দিয়েই এদের জড়কি দিয়ে এখান থেকে পালাবো।
বাদাম কিসমিস দিয়ে এদের বোকা বানিয়ে পালাবি? তোদের মাথা ঠিক আছে তো?


দশ মিনিট পরে-
কি হোলো? দরজা ঠ্যাঙাচ্ছিস কেন?
গায়ে গতরে বড্ড ব্যাথা। একটা ব্যাথার ট্যাবলেট দিন না।
ঘুখে গুটি মতো কি বেরিয়েছে বলুন তো? সঙ্গে গায়ে ব্যাথা।
কি বললি গায়ে ব্যাথার সঙ্গে ঘুখে গুটি–
ওরে বাবারে! এতো গুটি বসন্ত! আমি আর এ তল্লাটে নেই।
কিন্তু নেদুখুড়ো, গাব্বু সিং–
গুলি মার তোর গাব্বু সিংয়ে। বাঁচতে চাস তো শিগগির ওদের তাড়া। না হলে গাঁ উজাড় হয়ে যাবে!
কি সর্বনেশে ব্যাপার! অ্যাই তোমরা এই মুহূর্তে ঘর খালি করে ভাগো এখান থেকে।
তাড়াতাড়ি চলুন, স্যার! ওরাই আমাদের খেদিয়ে দিচ্ছে।
তাড়াহুড়োর দরকার নেই, স্যার! ধীরে সুস্থে স্টেশনে চলুন। ওরা আর আমাদের ত্রিসীমানায় আসবে না
বোর্ডিংয়ে ফিরে-
গোবরার ডাকে কি কুক্ষণে বোর্ডিং ছেড়ে বেরিয়ে কি রকম হেনস্তা হলুম! বলে কিনা আমি নাকি ডাকাত
গাব্বু সিং!
হ্যাঁ, স্যার! সবার মূলে এই পোস্টার। চারদিকে সাঁটাবার জন্যে ঘরে আরো ছিলো।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


না-মানে-ইয়ে বলতে চাইছি যে আমি চান্স পেলে নন্টে আর নন্টে চান্স পেলে আমি খেলার ব্যাপারে তোমার ফাই-ফরমাস খাটবো এই আর কি।
তাই বল।
বাছাধনদের খেলা থেকে ছাঁটাই করে এমন টাইট দিয়েছি যে, মুখের ভাষা এখন নরম সুরে ঠাসা!
হেঃ হেঃ হেঃ!
ন্যালো বলছিলো খ্যাঁটার নাকি পা মচকেছে। দেখে আসি ওর কি অবস্থা তারপর সেই বুঝে ব্যবস্থা।
নন্টে আর ফন্টেও দেখছি এখানে।
খ্যাঁ, কেলুটদা, আমরা ওকে দেখতে এসেছি!
ম্যাচের কদিন আগেই পা মচকে খুবই মুস্কিলে ফেলে দিলি, খ্যাটা, এবার গোলে খেলবে ক্যাটা?
কাল দৌড়োতে গিয়ে কি রকম বেকায়দায় হড়কে পড়ে গিয়ে পা টা মচকে গেলো।
গোলে তুই খেললেই ভালোই হতো কিন্তু কি আর করা যাবে। ফন্টেই তাহলে গোলে খেলুক।
সেই ভালো, ফন্টেও ভালোই খেলবে, কেলুটদা।
তোদের বরাত খুবই ভালো নন্টে আর ফন্টে। ম্যাচে বাদ পড়েও একজন জায়গা পেয়ে গেলি। আর তুই নন্টে মাঠের বাইরে বল গেলে কুড়িয়ে আনবি এটাই তোর কাজ।
সত্যি কেলুটদা, বরাত ভালো। মনে হচ্ছে আমিও ফন্টের মতো জায়গা পেয়ে যাবো।


হাসালি নন্টে! তুই কি বারে পাবি! হ্যাটারি পা ভেঙেছে সে জায়গায় ফন্টে ঢুকেছে!
বলা যায়না আর কারোর পা ও তো ভাঙতে পারে!
পরে-
চল, নন্টে! মাঠে গিয়ে গোলে প্র্যাকটিস্ করে আসি আমাকে তো গোলেই খেলতে হবে।
বেশ,চল। কারা যেন গেটের পাঁচিল ভেঙে এখানে রাবিশ ফেলে গেছে।
ফন্টেরে! মনে হচ্ছে আমি এই ম্যাচ খেলার পাসপোর্ট পেয়ে গেছি!
পাসপোর্ট! কি পাসপোর্ট?
এই যে।
তুই তো গোলে খেলছিস তুই শুধু একটু হাতসাফাই করবি তাহলেই কাম ফতে।
বুঝেছি!
ম্যাচের দিন খেলা শুরুর আগে-
আমার কাজ হলো আমাদের দিক থেকে বাইরে গেলে নিয়ে আসা। গোলকিকের ব্যাপার হলেই বল এনে পাল্টে তোকে পাসপোর্টটা দেবো তারপর তোর কাজ।
দলের ব্যাপ্টেন কেল্টুদা তো আবার ব্যাক।
ম্যাচ শুরু হলো-
সব সময় সতর্ক থাকবি, ফন্টে। আমাদের বিরুদ্ধারা কিন্তু দারুণ খেলোয়াড়!
সেটা আর বলতে হবেনা, কেল্টুদা!

খেলার দশমিনিটের মধ্যেই-
ইস্! আর একটু নীচু করে মারতে পারলেই গোল পেয়ে যেতাম!
গোল কিক, বলটা নিয়ে আয় নন্টে!
এখুনি আনছি, কেলুদা!
নে আমার দলে ঢোকার পাসপোর্টটা নিয়ে গিয়ে বসা, ফল্টে!
ভালো করে বসা। এমন একখানা গোলকিক ঝাড়বো যে ওদের গোলমুখে নিয়ে ফেলবো। হিঃহিঃ!
উরফস্!
ওরে বাবা রে! গেছি রে! পা-টা বুঝি গেলো রে!
তাড়াতাড়ি জার্সি পরে নে, নন্টে! বল কিক করতে গিয়ে কেলুটা কি করে পা ভাঙলো কে জানে!
এখুনি পরে নিচ্ছি, স্যার!
নন্টে আর ফল্টের দল জেতার পর-
হিপ্ হিপ্ হুররা!
থ্রি চিয়ার্স ফর-
বলেছিলুম, কেলুদা, যে আমিও হয়তো দলে জায়গা পেতে পারি তবে তুমি আমাকে দলে ঢুকতে সাহায্য-
-করার জন্যে ধন্যবাদ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আরিব্বাস! একেবারে হুমড়ি খেয়ে কাগজে কি পড়ছো গো, কেলুদা?
একলক্ষ টাকা পুরস্কার দেবে বলেছে।
সে তো এখন জোড়পাতিতে দ্যায়, কেলুদা!
দূর, মুখ্যুর ডিম কোথাকার! পড়ে দ্যাখ্!
একলক্ষ টাকা আমার হাতের মুঠোয়, বুঝলি! গোঁফ দাড়ি লাগানোর জন্যেই ব্যাটা আমা হাতে ধরা পড়ে যাবে।
সেটা কি করে হবে গো কেলুদা?
সন্ধান চাই
পাতিরাম হাড়ি
আমি আজই পাতিরাম হাড়িকে খুঁজে বের করবো!
কিন্তু কে পাতি আর কে নয় সেটা বুঝবে কি করে?
ওটাই তো আসল কৌশল। ইচ্ছে হলে তোমরা আমার সঙ্গে থাকতে পারো তবে আমার নির্দেশ ছাড়া নিজেরা আগ বাড়িয়ে কিছু করতে যাবে না। ঠিক আছে?
ঠিক আছে, কেলুদা!
সেইমতো এদিক ওদিক ঘোরার পর-
পেয়ে গেছি মনে হচ্ছে এই সেই খতরনাক পাতিরাম! তোরা একটু দূরে থাকবি, দরকার হলেই ডাকবো।
মনে হচ্ছে কেউ পিছু নিয়েছে!

এই যে,স্যার,পাতিরাম হাতি!
আপনার খেল শেষ।এবার আপনি জেল হাজতে বসে থাকবেন আর আমার হাতে আসবে একলক্ষ টাকা!
তার মানে? কি বলছো, তুমি?
কি বলছি বুঝতে পারছেন না? বলি মুখে নকল গোঁফ দাড়ি লাগিয়ে আর কতোদিন ধোঁকা দিয়ে চলবেন, পাতিবাবু?
অ্যাঃ! কি বলছো হে তুমি ছোকরা?
কিছু বলছি না,শুধু আপনার দাড়ি ধরে একবার টান মারবো!
!
আরে-আরে! এটা কি করছো?
ওরে গেছি রে! আমার দাড়ি খুবলে নিচ্ছে! হেল্প! পুলিশ!
ইরক! এতো আসল দাড়ি!
আরে ক্যায়া হুয়া? চিল্লাতা কিউ?
দেখতা নেই আমার দাড়ি ওপড়াকে পালাতা হায়!
গতিক সুবিধের নয় রে, নন্টে! গা ঢাকা দেওয়া যাক
ঠিকই বলেছিস রে, ফন্টে!
অ্যাই, নন্টে আর ফন্টে! দরকার হলে ডাকবো বলেছিলুম। কোথায় গেলি রে,তোরা?
পাকড়ো শয়তানকো!
ব্যাটা নির্ঘাত ডাকাত!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
স্যার কি আমাদের ডেকেছেন?
হ্যাঁ, আমি একটা সমস্যায় পড়েছি।
বোর্ডিং সুপারিনটেণ্ডেণ্টদের যেমন খুশি সাজোর প্রতিযোগিতায় অংশ নিতে হবে!
এতো ভালো ব্যাপার স্যার! এতে আমরা আপনাকে সাহায্য করতে পারি।
কি ভাবে করবি?
আপনাকে আমরা এমন মেক আপ করিয়ে দেবো যে প্রথম পুরস্কারটা আপনার!
কি মেক আপ করবি?
আপনার চেহারা অনুযায়ী মহাদেবের মেকআপে আপনাকে দারুণ মানাবে, স্যার!
ধ্যুস্! ওসব মহাদেব টহাদেব সব বাজে ডেটেড! আমার পরিচিত একজন মেকআপ ম্যানকে দিয়ে একেবারে এমন এক নতুন মেক-আপ করিয়ে দেবো যে সবার তাক লেগে যাবে! তারপর প্রথম পুরস্কার আপনার ঠ্যাকায় কে?
তোমাকে যা বলেছি ঠিক তেমনটি করে দেবে ফোটকুদা!
আগে করি তারপর দেখবি!
একঘণ্টা পরে-
ব্যস, কাজ শেষ!
কি সাজলুম আজানলুম না!
দরকার নেই!
একেবারে প্রতিযোগিতার জায়গায় গিয়ে মুখের ঢাকা খুলবেন, স্যার!
দানব না সাজিয়ে স্যারকে দেবতা সাজালেই ভালো করতে, কেলুদা!


আমাদের বলা হয়েছে যে, সন্দেহজনক কিছু চোখে পড়লেই চ্যালেঞ্জ করতে! দেখো পার্টনার সামনে যারা যারা আসছে মনে হচ্ছে ওদের চালচলন সন্দেহজনক!
মুখ ঢাকা দিয়ে যাচ্ছে সেটাই তো সন্দেহের ব্যাপার!
দাঁড়াও! এবার মুখের ঢাকা খোলো!
কেন? ঢাকা খুলবে কেন?
যা বলছি করো!
আ-আ-আরিব্বাপ! বীরাঞ্জন!
অ্যাঃ!?
পুলিশ কি বলছে রে? বীরাঞ্জন! কোথায়?
বলার টাইম নেই, আমি আর থাকছি না। আপনি নিজেই যান, স্যার!
কেটে পড় নন্টে! হাওয়া খুবই গরম!
ধর, ধর, পালাচ্ছে!
চ্যালারা তো পালালো! তুমিও পালাবার চেষ্টা করোনা! জঙ্গল ছেড়ে এখানে এসেছো রংবাজি করতে? তোমার ঐ জঙ্গুলে গোঁফ আমি ছিঁড়ে ফেলবো–
এ-একি!
এতো কিছু থাকতে আপনার বীরাঞ্জন সাজার শখ হলো কেন মশাই? পাবলিকের হাতে পড়লে আপনার কি অবস্থা হতো জানেন? চলুন আপনাকে পৌঁছে দিয়ে আসি।
বোর্ডিংয়ে পৌঁছে–
ওরে বাবা! পুলিস এখানেও ধাওয়া করেছে!
হ্যাঁ! তোমারই নাম তো কেল্টু? তোমাদের স্যার তোমার বিরুদ্ধে আমাদের অভিযোগ করেছেন যে–
তুমি তোমার স্যারকে বীরাঞ্জন সাজিয়ে বিপদে ফেলবার ব্যবস্থা করেছিলে তাই সেই অপরাধের শাস্তি হিসেবে তোমাকে কান ধরে একশোবার ওঠবোস করতে হবে, অন্যথায় ধরে নিয়ে লক আপে পুরে দেবো!
অ্যাঃ!
তখন তোমাকে বলুলুম যে দানব সাজিও না, কেল্টুদা! কিন্তু আমাদের কথা শুনলে না!
সত্যি রে, নন্টে আর ফন্টে! তাহলে এই দানবীয় শাস্তি পেতে হতো না!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ফর্‌র্‌র্‌ ফুৎ! ফর্‌র্‌র্‌ ফুৎ!
অ্যালার্ম দিয়ে না রাখলে ঘুম ভাঙতে বড্ড দেরী হয়ে যায়।
ফর্‌র্‌র্‌
এখনো বেড টি নিয়ে এলো না দেখছি—ঠাকুর চা নিয়ে এসো!
সুপারিটেনবাবুর দুধটা চেক করিয়ে দেখি ভেজাল না খাঁটি তারপর চায়ে দিবো।
ব্যাটা ঠাকুর স্যারের চা বানাবার সুযোগে দুধ গোলার ধান্দায় আর কোন দিকে হুশ নেই। এইতালে দেখি যদি আমিও কিছু হাতাতে পারি!
গুক্‌ গুক্‌ গুক্‌!
আঃহাঃ! একদম খাঁটি দুধ! এখন দুধে জল মিশিয়ে ওজন ঠিক রাখতে হোবে!


হায় রাম! বাবুর বিস্কুটের জারটা কোথায় গেলো! ইখানেই তো ছিলো!
কি হলো, ঠাকুর! চা আনতে দিন কাবার হয়ে গেলো যে!
এই যে, আনছি!
তাড়াতাড়ি আনো গলা যে শুকিয়ে কাঠ হয়ে গেলো!
এই যে এসে গেছি!
তুমি কি নয়া এসেছো না কি, হে! চা এনেছো বিস্কুট কই?
নাই!
নেই মানে? কাল বিকেলেই এক জার ভর্তি বিস্কুট এনে রেখেছিলাম!
বিস্কুটও নাই জারও নাই!
জার শুদ্ধু বিস্কুট লোপাট! একি ম্যাজিক নাকি? কেলুকে ডাকো!
আচ্ছা!
তাজ্জব কি বাত! জার শুদ্ধু বিস্কুট গেলো কুত্থায়!


সুপারিটেনসাব আপনাকে বুলাইছেন, কেলটবাবু!
এখুনি যাচ্ছি।
ডেকেছেন, স্যার?
এই যে, কেলুট্টু! বলি এসব কি হচ্ছে? কিচেন থেকে!
আমার বিস্কুট জার সমেত লোপাট! বেড টি খেতে পারি নি!
বলেন কি স্যার! কার এতো বুকের পাটা!
ধরলে চাটা মেরে মেরে মুখের যা ডোল তার খোল নলচে পালটে পালটে দেবো, স্যার!
তুই ধরতে পারবি শয়তানটাকে?
যদি বলেন তবে পারি বৈকি, স্যার! একেবারে রেড হ্যাণ্ড করে দেবো স্যার! তবে এখন এটা আর মেন কেড জানেনা।
বেশ, তোকেই ভার দিলাম। দেখি তোর এলেম!
নল্টে আর ফল্টে! এবার এমন প্যাঁচ দেবো যে, চুরির দায় তো ওদের ঘাড়ে পড়বেই আর ওরাও আমার কব্জায় চলে আসবে। হুঃ হেঃ!
কিছু পরে -
এইযে, নল্টে আর ফল্টে! তোদের কাছেই এলুম!
তোমার হাতে ওটা কি গো, কেলুট্টুদা?
এটার জন্যেই তো আসা। আমি দুদিন থাকবো না। তাই বিস্কুটের এই জারটা তোদের কাছে রেখে যাবো। ইচ্ছে হলে তোরা বিস্কুট নিয়ে খেতে পারিস!
খুব ভালো, কেলুট্টুদা!


ওদিকে-
কিরে, কেলুটু! হদিশ পেলি?
চিন্তা করবেন না, স্যার! জাল ফেলেছি, বিকালেই মাল সমেত তুলে ফেলবো!
তুই যদি সত্যিই কালপ্রিটকে ধরতে পারিস, কেলুটু, তাহলে তোকে আমি পুরস্কৃত করবো।
ধরে নিন ধরে ফেলেছি!
সেদিন বিকেলে-
কেলুদার বিস্কুট দু'চার খানা চেখে দেখলে হয়, কি বলিস?
কেলুদা তো বলেইছে যে ইচ্ছে হলে খেতে পারিস।
বেশ ভালো বিস্কুট রে, নন্টে! চমৎকার টেস্ট! কেলুদার মতি গতি পাল্টে গেছে।
যা বলেছিস! না হলে নিজের বিস্কুট দিয়ে যায়! কেলুদার মন খুব উদার হয়ে গেছে!
বিস্কুটগুলি খেতে দারুণ ভালো রে, ফন্টে! আরো দু'চার খানা দে না!
জমেছে! এইভালে স্যারকে ডেকে নিয়ে আসি। একেবারে রেড হ্যাণ্ড!
শিগগির চলুন-আপনার বিস্কুট চোরদের হাতে নাতে ধরবেন।
বটে! চল তাহলে দেখি আমার জিনিস যাতাবার সাহস কার হয়েছিলো!


ঐ দেখুন, স্যার! আপনার বিস্কুটের জার বাগিয়ে ধরে বিস্কুটের সদ্ব্যবহার করছে!
তাহলে তোরাই নাটের গুরু!!
!
?
নন্টে আর ফন্টে, তাহলে তোদেরই এই কাজ? আমার জিনিসে হাতসাফাই!
আমরা হাতসাফাই করিনি, স্যার! ওটা তো কেলুদা আমাদের কাছে রেখে গিয়েছে, স্যার!
ওরা মিথ্যে কথা বলছে, স্যার!
নন্টে আর ফন্টে! তোরা আমার ঘরে এখুনি এসে দেখা করবি। তোদের সঙ্গে বোঝাপড়া আছে।
আমরা আপনার জার শুদ্ধু বিস্কুট চুরি করিনি স্যার!
করিনি,স্যার! এখনো তোদের হাতে বিস্কুট আর জার বগলে!
সুপারিনটেণ্ডেন্টের ঘরে বেদনাদায়ক দশ মিনিট পর-
মনে থাকে যেন। ভবিষ্যতে আর কখনো গুরুজনের খাবারে হাত লাগাবে না!
কিছু পরে-
হেঃ হেঃ! দেখলি তো আমার কৌশলের প্যাঁচ! মাল সরালাম আমি, বেগতিক দেখে চাপিয়ে দিলুম তোদের ঘাড়ে! আর তোরা আমার কব্জায় এসে গেলি!
এবার আমি তোদের যে রকম বলবো সেরকম করবি না করলে এরকম প্যাঁচে ফেলে দেবো! বুঝেছিস তো?
ভালো করেই বুঝেছি!


সময়জ্ঞানটা আবার বলে কিনা আমাদের ও কব্জা করেছে, কব্জায় যেদিন মরচে ধরিয়ে দেবো সেদিন ঢের পাবে।
সুযোগ একটা আসবেই।
পরদিন-
এই যে, বাবু! আপনার দুধ আর সন্দেশ।
বাঃ! এনেছিস,দে দেরী দেখে ভাবলুম এটাও হাপিশ হয়ে গেলো নাকি!
গ্লোক্‌ৎ-গ্লোক্‌ৎ-গ্লোক্‌ৎ-গ্লো
কদিন ধরে দেখছি দুধটা ভালো জ্বালো লাগছে! কি ব্যাপার বলো তো, ঠাকুর?
নেহি তো! ভালো দুধ। জ্বালো থাবে কেলো?
এবার স্যারের কাছে সব ঘটনা বুঝিয়ে বলে-
শ্‌-শ্‌! স্যার ঠাকুরকে কি যেন বলছে,শোন।
ঠিক আছে,দুধের ব্যাপারটা পরে ফয়সালা করা যাবে। এখন যা বলছি শোনো-আজ বেশ বড়ো সাইজের মাছের মুড়ো এনে স্পেশাল রান্না করবে। তারপর জমিয়ে খাওয়া যাবে।
আরে নন্টুয়া আর ফন্টুয়া! তোমরা ইখানে কি করছো?
না,এমনি এখান দিয়ে যাচ্ছিলাম।
একটা কথা,ঠাকুর! আজ আমরা সবাইকে খেতে দেওয়ার সময় তোমাকে সাহায্য করবো। তাহলে আজ তোমার বেশী কষ্ট হবেনা।
জরুর। ই তো খুবই ভালো কথা আছে।


কিছু পরে-
কিচেন
শোন,ঠাকুর! কেল্টু আজ আমার সঙ্গে আমার টেবিলে খাবে।
আচ্ছা।
এই যে, কেল্টু! শোন,আজ তুই আমার সঙ্গে বসে খাবি। পরে তোকে পুরস্কৃত করবো।
আজে আমি স্যারের সঙ্গে খাবো রে,নল্টে আর ফল্টে! হেঃহেঃ!
তাই নাকি কেল্টুদা! আহা কি আনন্দ!
তাহলে বুঝে দ্যাখ্, স্যার আমাকে কতটা গুরুত্ব দেয়। তাই তোদের আবার হুঁশিয়ার করে দিচ্ছি বিরুদ্ধ
কিছু করবি না,যেমনটি বলবো তেমনি করবি।
সেতো করবোই কেল্টুদা!
দুপুর বারোটার পর-
ঠাকুর! তুমি আগে আমাকে আর কেল্টুকে খেতে দিয়ে যাও!
এই যাচ্ছি-
তুই এখানে কি করছিস?
পরিবেশনে ঠাকুরকে সাহায্য করছি স্যার!
তবু ভালো।
ঠাকুর এবার আমার মাছের মুড়ো নিয়েএসো।
এবার এই মুড়ো দিয়েই কেল্টুর মুড়ো গুঁড়ো করবো।

একি, একি! এতুই কি করলি? আমার সাধের মাছের মুড়ো তুই কেলুটকে দিয়ে দিলি! তোর তো সাহস কম নয় দেখছি!
দেখো, কেলুদা! তুমি যেমনটি বলেছিলে ঠিক তেমনটি করেছি!
হুঁক!
গরু! কি বললি? কেলুটু তোকে ওকে মুড়ো দিতে বলেছিলো?
হ্যাঁ, স্যার! একটু আগেই হুঁশিয়ারি দিয়ে বলেছে- ও যেরকম বলবে সেরকম না করলে-
-বিস্কুট চুরির মতো মিথ্যে কথা বলে আপনাকে দিয়ে আমাদের শাস্তি দেওয়াবে!
বটে! ও যা বলছে, সে কথা কি ঠিক, কেলুটু?
না-ন্-না, স্যার-
-আমি সে ভাবে বলিনি- আ-আমি-
সে ভাবে না বলে তবে কোন ভাবে বলেছিলি যে মাছের মুড়োটা আমাকে দিবি!
ভেবেছিস কায়দা করে মুড়োর ফায়দা তুই তুলবি? অ্যাঁঃ! এই মুড়ো দিয়ে তোর মুড়ো আমি আজ গুঁড়ো করবো কুচকুচি, বেল্লিক, ছুঁচো!
ওরে বাবা রে!
পালাবি কোথায় রে, হতচ্ছাড়া! এই নে, মুড়ো।
উফ্! হাতের কি টিপ রে! স্যার বড়ো বোলার হতে পারতো রে, নন্টে!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
বোর্ডিংয়ের কাছেই এক সুইমিংপুলে-
চল, নন্টে! আমরা স্প্রিংবোর্ডের ওপর লাফাই!
সেই ভালো, ফন্টে!
রাস্তা থেকে হঠ, গুবরে পোকারা!
ওফ!
গ্লুবুল!
এই যে চ্যাম্পিয়ান! এই স্প্রিংবোর্ড এবার তোমার দখলে!
অনেক ধন্যবাদ আপনাকে!
বোর্ডিংয়ে ফিরে-
আমরা আমাদের জন্যে স্প্রিংবোর্ড বানিয়ে নেবো, নন্টে!
দারুণ হবে রে, ফন্টে!
আবার সুইমিংপুলের পথে -
অ্যাই মরেচে! লরি থেকে একটা পিপে হড়কে পড়েছে!
ঝটপট কিছু করতে হবে, নন্টে! সেই জন্যে এটা সোজা লরির দিকে করে দিই আয়!
উফ্! একেবারে সঠিক সময়ে!
লরির চালক এসে দাঁড়ালো-
তোমরা দারুণ কাজ করেছো, ছেলেরা! যদি তোমাদের কিছু কাজে লাগি আমায় ডেকো!


পরে-
হুররাঃ! আমাদের স্প্রিংবোর্ড একেবারে আসলটার মতোই ভালো!
অ্যাই! ওখান থেকে জঞ্জালটা সরিয়ে নিয়ে যা!
আর কখনো এদিক মাড়ারি না!
তারপর-
এইযে,আপনি কি আমাদের সামান্য একটা প্ল্যান সফল করার জন্যে সাহায্য করবেন?
অবশ্যই করবো!
শিগগিরই-
এই সুযোগ! গিপেটা এখানে নিয়ে আসি!
হরক!
এবার আমরা অন্য গিপেগুলিও লরি থেকে নামিয়ে ফেলবো!
হুররাঃ! এবার আমরা এই গিপে দিয়ে চমৎকার পোলো খেলছি!
ঠিক! আর পুলের ঐ বজ্জাত পাহারাদারটা আর আমাদের বিরক্ত করতে পারবে না!
বাঁচাও! আমাকে বের করো!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমরা তো রং মেখে ভূত হয়েছি, কিন্তু কেলুদা কোথায়?
কেলুদা বলেছে শরীর খারাপ তাই এবার রং খেলবে না।
শরীর খারাপ না ছাঁচু! আসলে রং খেলার পর যদি আমরা খাওয়ার জন্যে চেপে ধরি সেই জন্যে বেরোবে না।
বেরোবে না মানে। আমরা সবাই গিয়ে ওকে রং মাখাবো।
আমরা রং না নিয়ে যাবো, যাতে ও মনে করতে পারে যে আমরা ওকে রং দেবো না। তা হলেই খাবারে ভাগ বসাতে ও বাইরে আসবে তারপর...
যার নাম শঠে শাঠ্যং! হেঃ হেঃ!
এবার চল, ঢং ধরা কেলুদাকে রং লাগিয়ে আসি।
খাবারের ঠোঙাটা তুই নিয়ে যাবি, ভেতা!
ঠিক আছে!
একটু বাইরে এসো কেলুদা! তোমার জন্যে দোলের মিস্টি এনেছি। গায়ে রং রয়েছে বলে ভেতরে যাচ্ছি না।
খুব ভালো! কিন্তু শরীর খারাপ গায়ে রং দিবি না!
মাথা খারাপ! তোমার এই খারাপ শরীরে রং ছোঁবো! দেখছো না সঙ্গে রং নেই!
কি মিস্টি এনেছিস দেখি- গুলুব!
শরীর খারাপের দোহাই দিয়ে ভেবেছিলে পার পেয়ে যাবে। কিন্তু সেটি হচ্ছে না: কেলুদা! তোমাকে আমাদের সমান করে দিলুম- হাঃ হাঃ!
ফ্যাচাৎ!


গর্-র্-র্!
পাজি, বেল্লিক! আমার সঙ্গে প্রতারণা! করে পালাবি কোথায়? এই বালতি তোদের মাথায় উপুড় করবো!
ছেলেরা দোল খেলা নিয়ে কোন গণ্ডগোল করছে কিনা একবার টহল দিয়ে দেখি।
আমি ঘুর পথে গিয়ে ওদের আগেই ওদের ফেরার মুখে ঘাপটি মেরে থাকবো তারপর চাঁদেরা এলেই আমার ফাঁদে পড়ে যাবে...
পায়ের শব্দ পাচ্ছি বেওকুফ দুটো আসছে। ওরা ঢিল মেরেছে এবার পাটকেলটা আমি।
কোথাও অশান্তি নেই সবাই শান্ত!
এবার দ্যাখ মজা আর ফল্টে ইঁটের বদলে পাটকেলটা কেমন লাগে
ইর্ক্! স্যার!
কেন রে,বেল্লিক ছুঁচো! চিনতে খুব অসুবিধে হচ্ছে?
ওঁক্!
এই বালতি তোর মাথায় ভাঙলে চিনতে অসুবিধে হবে না রে,অপোগণ্ড মর্কট!
রং নাম্বার হয়ে গেছে, স্যার!
কি স্বর্গীয় দৃশ্য রে,ফল্টে!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
সম্মোহনের খেলা তুই দেখবি তো, নন্টে?
অবশ্যই দেখবো!
নোটিশ
বিখ্যাত জাদুকর ফেকুলাল তার সম্মোহন বিদ্যার খেলা দেখাবেন।
সত্বর সদস্যপত্র সংগ্রহ করো
সদস্য পাঁচ টাকা
চল, নন্টে, কেলুদাকে গিয়ে বলি যে, এ ব্যাপারে কেলুদা আগ্রহী কি না!
ঠিক বলেছিস, ফন্টে! চল তাহলে ওর কাছে যাই।
বিখ্যাত জাদুকর ফেকুলাল ফেরেব্বাজ তার সম্মোহন বিদ্যার খেলা দেখাবেন।
তুমি কি সদস্য পত্র সংগ্রহ করেছো?
কেন?
আমি সদস্যপত্র নিতে যাবো কোন দুঃখে! আমি নিজেই তো সম্মোহন করতে পারি!
সেকি গো, কেলুদা!
তোমার সম্মোহন বিদ্যা জানা আছে জানতাম না তো!
সব কিছুই কি সব সময় জানা যায় রে, বুদ্ধুরা!
যদি বলিস তাহলে ফেকুলাল দেখাবার আগেই কাল ভোরে আমি সম্মোহন বিদ্যা দেখাতে পারি!

কিরে, নন্টে! কেল্টুদা যা বলে গেলো তোর কি মনে হয় সেসব সত্যি। ও সম্মোহিত করতে পারে?
বুঝতে পারছি না। তবে ওর কথা মতো কালই ওকে দেখাতে বলি।
ওদিকে কেল্টু-
ওদের যা বলেছি সেই মতো ওরা যদি কালই দেখতে চায় তাহলে আগে থাকতে তৈরি থাকতে হবে। তাই আমার সুহৃদ ল্যাংলার সঙ্গে ব্যবস্থা করতে হবে!
সেই মতো-
কি ব্যাপার গো, কেল্টুদা? এজেজেরী তলব কেন?
শোন, ল্যাংলা তোর সঙ্গে কথা আছে।
শোন, ল্যাংলা! আমি নন্টে আর ফন্টেকে সম্মোহন বিদ্যা আমি জানি বলেছি তাই কাল যদি ওরা দেখতে চায় তাহলে তোকে সাহায্য করতে হবে।
তা আমাকে কি করতে হবে কেল্টুদাদা?
ব্যাপারটা কিছুই নয় তোকে করতে হবে আমি যখন তোকে আমার দিকে তাকাতে বলে তোর মুখের কাছে হাত নাড়বো। তখন তুই আস্তে আস্তে ঝিমিয়ে যাবার ভান করবি ...
বেশ, তারপর কি হবে, কেল্টুদাদা?
... তারপর যেমন যেমন তোকে করতে বলবো ঠিক তেমন তেমন করবি। অর্থাৎ ওরা যেন বুঝতে পারে যে, তুই সম্মোহিত হয়েছিস!
ব্যস, এই! কোন চিন্তা নেই, সবকিছু ঠিক ঠাক হয়ে যাবে কেল্টুদাদা!
ওদিকে-
শোন, নন্টে, দেরী না করে কেল্টুদাকে গিয়ে বলি কালই আমাদের সম্মোহন বিদ্যা দেখাতে। আর তুই স্যারকেও এই খবরটা জানাবি।


এই যে, তোরা এসে গেছিস! জানতাম তোরা আসবি। সে কথাই ওকে বলছিলাম।
আমি তাহলে যাই কেলুটদাদা! পরে দেখা হবে।
হ্যাঁ, কেলুটদা! তোমার বিদ্যা দেখার জন্যে তর সইছে না। শুভস্য শিঘ্রম!
ও তোমার কাছে কেন এসেছিলো, কেলুটদা?
ও এমনি দেখা করতে এসেছিলো। তাহলে কালই আমি তোদের সম্মোহনের জাদু দেখাবো!
পরে-
আমি স্যারকে খবরটা জানিয়ে দিয়ে আসি।
বেশ, আর আমি এদিকে ঠিক ঠাক করে রাখি!
স্যারের ঘরে-
বটে কেলটু কাল সম্মোহনের কেরামতি দেখাবে! তবে তো দেখতেই হবে।
হ্যাঁ, স্যার! বলেছে ফেকুলাল দেখাবার আগেই আমি কাল দেখিয়ে দেবো।
এই মওকায় নন্টে আর ফন্টোকে বেশ নাজেহাল করা যাবে। হেঃহেঃ!
সেদিন রাত্রে-
কি রে, ল্যাংলা! এখন এখানে এলি কেউ দেখে ফেলেনি তো?
তোমাকে বলতে এলাম আমাকে তোমার ঘরে ওরা দেখেছে, কোন সন্দেহ করবে না তো?
করতে পারে। তাই ঠিক করেছি প্রথমে ওদের কাউকে ডাকবো, মনে হয় ওরা রাজি হবে না। তখন তোকে ডাকবো তখন তুই অনেক টালবাহানার পর রাজি হবি তখন আর সন্দেহ থাকবে না।
দারুণ বুদ্ধি বের করেছো, কেলুটদাদা! সাপও মরবে অথচ লাঠিও যেমন তেমনই থাকবে!

ল্যাংলাটাকে এখুনি চুপিচুপি কেলুদার ঘরে ঢুকতে দেখলুম রে, নন্টে!
বলিস কি রে? তাহলে তো এর মধ্যে ভেজালের গন্ধ পাওয়া যাচ্ছে রে, ফন্টে!
কেলুদার ঘরে ওকে দেখেই তখন আমার সন্দেহ হয়েছিলো, নন্টে!
শিগগির চল, ফন্টে! ল্যাংলা কেলুদার ঘর থেকে বেরোলেই ওকে পাকড়াতে হবে।
কিছু পরেই-
বেরিয়েছে, হতচ্ছাড়াটা!
ভাগ্যিস কেউ দেখতে পায়নি। কেলুদার কথা মতো কাজ করলে খাওয়ারে আর না করলে মিথ্যে নালিশ করে স্যারকে দিয়ে শাস্তি দেওয়াবে, তাই রাজি হয়ে গেছি!
চেঁচাবি না! মুখ বুঁজে আমাদের সঙ্গে চল।
ভাগ্যিস আমার চোখে পড়েছিলো!
তোরা যে ফোর টোয়েন্টিগিরি করতে যাচ্ছিলি সেটা যদি স্যার জানতে পারে তাহলে তোদের কি অবস্থা হবে সেটা ভেবে দেখেছিস?
কেলুদা তোকে শাস্তি দেওয়াবে, আমাদের কথা না শুনলে। তোকে আমরা আরো বেশী শাস্তি দেওয়াবো!
শোন, ল্যাংলা! কেলুদা তোকে যা যা করতে বলবে করবি সঙ্গে আমরাও যা বলে দেবো সেটাও করবি। খবরদার কেলুদাকে এসব বলবি না। যদি বলিস তাহলে বুঝতেই পারছিস ফল কি হবে!
এবারে তোকে (আমাদের কথা মতো কি করতে হবে শোন-ফিস-ফিস) কি মনে থাকবে তো?
থা-থাকবে!


পরদিন-
তোর সব কর্ম কাণ্ড দেখতে এলুমরে, কেল্টু!
আপনিও এসে গেছেন স্যার! খুব ভালো হয়েছে বসুন, স্যার!
এবারে সম্মোহন শুরু করবো। স্যার আপনি যখন আছেন তখন আপনিই বলুন এদের মধ্যে আমি কাকে সম্মোহিত করবো?
যাকেই হোক করনা। এইতো নন্টে আর ফন্টে, পোতনা, ল্যাট্কা, ল্যাংলারা রয়েছে এদেরেই ক্যাডকে কর না।
কি রে, নন্টে আর ফন্টে! তোদের মধ্যে কে সম্মোহিত হবি।
আমি না।
আমিও না।
তুই ল্যাট্কা, তুই সম্মোহিত হবি? আর তুই পোতনা?
আমরা কেউ না, আমরা দেখতে এলাম।
কেউ তো সম্মোহিত হতে রাজি নয়, স্যার! কি করি বলুন তো?
কেন, ল্যাংলা তো আছে, ওকে বলে দেখনা।
সত্যি তোকে জিজ্ঞেস করতে ভুলেই গিয়েছিলুম রে, ল্যাংলা। তুই রাজি হয়ে যা।
ওরে বাবা! না-না, কেল্টুদাদা! শেষে যদি আবার ঠিক না হই!
অ্যাকটিংটা বেশ ভালোই করছিস ল্যাংলা। তবে বেশী রগড়াসনা। এবার বললে রাজি হয়ে যাবি।
আচ্ছা।
তুই-ই রাজি হয়ে যা, ল্যাংলা!
স্যার যখন বলছেন তখন আর টালবাহানা করিসনা।
বেশ।

অ্যাই, নন্টে আর ফন্টে! সামনে থেকে সবাই সরে যা। এবার আমি কাজ শুরু করবো। সামনে থাকলে বিপ্ল ঘটতে পারে!
চিটিংবাজটার তণিতা শুনেছিস? খেল শুরু হবার কিছু পরেই শুরু হবে অন্য খেল!
এবার আমার দিকে এক দৃষ্টিতে চেয়ে থাক এদিক সেদিক তাকাবি না আর পোন আর কয়েকবার। হাত নাড়লেই স্থির হয়ে দাঁড়িয়ে চোখ ঢুলু ঢুলু করে ফেলবি।
কিছু পরে-
ল্যাংলা! আমার কথা শুনতে পাচ্ছিস?
হুঁ উঁ পা-আচ্ছি!
স্যার! ও এখন পুরোপুরি আমার নিয়ন্ত্রণে! এখন ওকে আমি যা বলবো ও তাই করবে।
আচ্ছা, তোর ক্ষমতা আছে দেখছি!
এবার আমি যা বলছি তুই তাই কর ল্যাংলা! এক পা তুলে দাঁড়া!
এবারে বাঁ পাটাও তুলে নে, ল্যাংলা! ওদের দেখাতে হবে যা পারা যায় না সেটাও তুই সম্মোহিত হয়ে আমার আদেশে করছিস!
এতো দেখছি এখন যা খুশি তাই করতে বলছে!
ওফস!


এবারে স্যারের সামনে ভালো করে নাক খত দে,ল্যাংলা!
তুই যা যা বলছিস সবই তো ও নির্বিচারে করে যাচ্ছে রে,কেল্টু!
আমার সব আদেশই ওএখন পালন করবে,স্যার!
উঃ! মেঝেতে ঘষটে আমার নাক একেবারে ঢাক সমান হয়ে উঠেছে! একবার মওকা পেলে আমি নল্টে আর ফল্টুর ফর্মূলা ঝেড়ে দেবো!
ইস্! তোর নাকটা মেঝেতে ঘষা খেয়ে জব্বর সাইজের হয়ে গেছে রে, কিন্তু কি করা যাবে বল?
তোর অ্যাক্টিংয়ের ওপর আমার প্রেসটিজ জড়িয়ে আছে,ল্যাংলা। এতে স্যারেরও আমার ওপর একটা আলাদা ধারণা তৈরি হচ্ছে। আর শুধু দুটো আইটেম করে দিলেই তোর কাজ শেষ। তারপর স্রেফ তালি মেরে খালি তোর সম্মোহন কাটাবার অ্যাক্টিং!
ল্যাংলা! এই আমার শেষ আদেশ,ঐ ওখানকার নোংরাগুলো ফেলে এসে স্যারকে ভালো করে একটু দলাই মলাই করে দিবি!
আরে-আরে-এ-একি?
উড়ক!


হতভাগা,ল্যাংলা আমার মাথায় মোংরা ঢালিস তোর এতো সাহসাহলো কি করে?
আমার সব কাজ কেলুদাদার আদেশ মতো স্যার!
কেলু! আমি জানতে চাই এসবের মানেটা কি?
ওরে বাবা! আমার তো এ আইটেম ছিলো না,স্যার! এটা হলো কি করে?
আইটেম ছিলো না তবু কি করে হলো সেটা তো তুই জানবি! তুই-ই তো বলেছিস যে তুই যা বলবি ওতাই করবে,তাহলে?
নির্মাতি ষড়যন্ত্র করে আমাকে ফাঁসিয়েছে, স্যার!
তুই ওকে সম্মোহিত করে সব করাচ্ছিস বলছিস!
তাহলে কে তোকে ষড়যন্ত্র করে ফাঁসাবে রে, চুঁচুন্দর!
কিন্তু এবারে যে আমি তোর মুণ্ডুপাত করবো তার থেকে তোকে কে বাঁচাবে রে, হতচ্ছাড়া চিটিংবাজ মর্কট...
দারুণ করেছিস,ল্যাংলা! স্যার এখন কেলুদার পিছনে ব্যস্ত থাকবে-
এই তালে চল আমরা আবার খাবোতে ঘুরে আসি!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
স্যারের শখের গাছের আম কেউ খেয়ে সাফ করে দিচ্ছে রে, নন্টে!
তাই তো রে! আঁটি তো মাটিতে গড়াগড়ি যাচ্ছে!
স্যার আপনার সাধের গাছের আম কে বা কারা চুরি করে খাচ্ছে!
গাছতলায় আঁটি গড়াগড়ি যাচ্ছে দেখে এলুম।
দেখুন,স্যার! আর কয়েকদিন গেলেই গাছ সাফ করে দেবে!
তাই তো রে! এতো ডেস্টিনাশ করে দেবে! নন্টে আর ফন্টে, তোরা রাতে পাহারা দিবি। দেখতে হবে কার এতো মোলা!
সেই মতো রাত্রে-
ওরে বাবা! এটা আবার কে রে? আম খেতে মানুষ! ভূত না কি?
কি জানি। কিন্তু ভূতে কি আম খায়?
পরদিন সব শোনার পর-
বলিস কি রে? গাছ সমান উঁচু একটা কালো ভূত আম খেয়ে যাচ্ছে! তবে কি হবে রে? ভূত ধরতে গেলে ভূতই ঘাড় মটকে দেবে। সব আম ভূতের পেটেই যাবে দেখছি।
চল, কেলুদার নাকি খুব সাহস! দেখি ও কি বলে!
তাহলে তাই দ্যাখ্! কি তাজ্জব ব্যাপার! ভূতেও আজকাল আম খেতে শুরু করেছে!
স্যারের গাছের আম কেউ চুরি করে খাচ্ছে দেখে স্যারের কথায় পাহারা দিতে গিয়ে দেখি ভূতে আম খাচ্ছে। তুমি কি আজ যাবে?
তোদের কি মাথা খারাপ! বলছিস ভূতে আম খাচ্ছে। সেখানে কি মরার জন্যে যাবো? তোরা যে কাল প্রাণ নিয়ে ফিরেছিস সেটাই তোদের ভাগ্যি নন্টে আর ফন্টে!


আরে,কেলুদা! ঘরের মধ্যে বাঁশ রেখেছো কেন?
ও বাঁশ নয় রে,মুখ্যু ও হচ্ছে পোলভল্টের পোল! আসছে স্কুল স্পোর্টসে আমি সেগেই বুবকার কাছাকাছি যাওয়ার চেষ্টা করবো বুঝলি?
পোলভল্টে ও সেগেই বুবকার কাছাকাছি যাবে। কিন্তু ওকে তো কোনদিন প্র্যাকটিস্ করতে দেখিনি। কেলুদা ঘর থেকে বেরিয়ে গেলে ওর ঘরে একবার ঢুকতে হবে রে,ফন্টে!
একটু পরেই-
কেলুদা বেরোচ্ছে রে, ফন্টে! আমি ওর ঘরে ঢুকবো,তুই দরজায় দাঁড়িয়ে ও ফিরছে কিনা নজর রাখবি!
ঠিক আছে,মন্টে! তুই তোর অপারেশান চালিয়ে আয়!
যা সন্দেহ করেছি ঠিক তাই।এবার কি করবো সেটা জানা আছে।
অনুমান ভুল না হলে এতেই কাজ হবে! হেঃ হেঃ!
সেদিন রাত্রে-
আর আলখাল্লার দরকার নেই সবাই জানে ভূতে আম খাচ্ছে অই ভয়ে কেউ এদিক মাড়াবে না। হিঃহিঃ!
কেলুদা বলে মনে হচ্ছে!
ইরক!
আমাকে নামা!
অতো তাড়া কিসের? আগে স্যার আসুক!
আরে আরে! কেলুদা! তুমি হঠাৎ কোত্থেকে উদয় হলে ইয়ের মতো গাছের ডালে ঝুলছো?
কেলুদা আজকাল আমগাছে পোলভল্ট প্র্যাকটিস্ করছে,স্যার!
ভূতের ভয় দেখিয়ে আমার গাছের আম খেয়ে পোলভল্ট? গাছ থেকে নামলে তোর নলচে আর খোল পালটে দেবো হতচ্ছাড়া বিটলে,ছুঁচো!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
স্যার কাল স্কুল ফাণ্ডের টাকা ব্যাঙ্কে জমা দিতে আসবেন। তাই ছিনতাই হবার ভয়ে পথের নিরাপত্তা দেখতে স্যার আমাকে পাঠিয়েছেন।
ব্যাঙ্ক
নন্টে আর ফন্টেটাকে আমি নি। এর কৃতিত্বটা একা আমি নিয়ে স্যারের গুডবুকে থাকতে চাই।
ওরে বাবা! একা দেখছি ব্যাঙ্কে ডাকাতি করতে এসেছিলো, কিন্তু পালাচ্ছে কেন!
এর জন্যে। ও আমার পোষা। চোর ডাকাত দেখলে ভীষণ ক্ষেপে যায়!
আরিব্বাস!
কাল এই ব্যাঙ্কে টাকা জমা দেবো তাই কাল ওকে একটু নিয়ে যেতে পারি?
নিশ্চয়ই! এই ব্যাঙ্কে যারা টাকা জমা দেয় তাদের আমরা ওকে দিয়ে সাহায্য করি।
ব্যাঙ্ক
সব কিছু শুনে নিয়েছি! টাকাটা এবার ব্যাঙ্কের বদলে আমার পকেটে জমা হবে, হেঃ হেঃ!
ব্যাপারটা স্যারকে আজ জানাবো না। কাল নিয়ে চমকে দেবো!
পরদিন-
নিরাপত্তার যা ব্যবস্থা করেছি, স্যার, দেখলে চমকে যাবেন।
বটে! তাহলে দেরী করছিস কেন, নিয়ে আয়!
নিয়ে যাও, কিন্তু রাস্তায় ভালো ফল কিনে খাইয়ে নিও।
অবশ্যই খাওয়াবো।
বেশ কিছু টাটকা ফল দিন তো!
ইয়োক! একটা কলা!
এই যে দিচ্ছি!

ইয়ুক-ইয়ুক! কজো কলা!
মচর-মচ্-মচর-মচ্!
ক্লোৎ!
ব্যাটাকে কলা দিয়ে ভোগাবার ব্যবস্থা করেছি। এবার ঐ মহাকপির ছদ্মবেশ ধরে ফেলি।
কেল্টু যখন ফল কিনে ফিরলো-
চলো, বজরংবলী! দ্যাখো তোমার জন্যে কি সুন্দর ফল কিনেছি!
দেখুন, স্যার! নিরাপত্তার জন্যে কাকে এনেছি!
আরিব্বাস! সত্যি চমকাবার মতোই ব্যাপার রে, কেল্টু!
কিন্তু ওটা স্যারের ঘুণ্ডুর ভাজার ঘুণ্ডুরটা দিয়েছি! করবে রে, নল্টে?
কিচ্ছু করবেনা রে, নল্টে আর ফল্টে-এ-এ! ইরক!
অ্যালক!
মহাকপি সেজে আমার স্কুল ফাঙের টাকা ছিনতাই! আওতায় এলে ঘুণ্ডু ছাড়ু করে দেবো, ব্যাটা চোর!
জলদি, স্যার! ব্যাটা ঐ মোড় ঘুরে পালাচ্ছে!
হেঃ হেঃ! গর্দভটা কিছু কুড়োবার জন্যে থেমেছে, এই আমার সুযোগ!
ঘুণ্ডুরটা কশে ঝাঁকান, স্যার!
গদাম!
ডুলক!
মচাৎ!
পেয়েছি ব্যাটাকে!
হ্যায়াও-ও-ও!
ওরে বাবা! এটা আসল স্যার!
আমরা ওর মালিককে খুঁজতে যাচ্ছি। না ফেরা পর্যন্ত দুজনে আত্মরক্ষা করে যান, স্যার!
একবার উদ্ধার পাই তারপর আমার আর একটা ঘুণ্ডুর তোর মাথায় ভাঙবো!


নল্টে আর ফল্টে
নারায়ণ দেবনাথ
পায়ে চোট লাগায় তুই পিকনিকে যেতে পারিস নি। তাই তোর জন্যে মিষ্টি নিয়ে এলাম।
ভালো করেছিস! দে।
ওঃ! ভালো ভালো জিনিস দিয়েছে! এবারে খেয়ে নি!
অ্যাঃ!
হিঃ হিঃ! কেমন ম্যাজিক বলতো নল্টে? ছিলো তোর হাতে, এলো আমার হাতে, তারপর একেবারে দাঁতে
এটা কি ভালো হলো কেল্টুদা?
ভালো নয়, বলিস কি ঝংস! এসব জিনিস তোর পৈটিক কুশল বিঘ্নিত হয়ে শারীরিক ক্ষতি সাধন করতে পারতো, কিন্তু আমি যখন আছি তখন তো তা হতে দিতে পারি না!
হতচ্ছাড়া শয়তান!

পরদিন
কোথায় যাচ্ছিস রে নল্টে ?
স্যারের কুকুরা আসবেন, তাই স্যার রেস্টুরেন্ট থেকে চিকেন কবিরাজী কিনে আনতে বললেন। চল্ না !
আঃ! কি সুঘ্রান রে মাইরি! নাকে গেলেই জিভে জল এসে যায়!
যা বলেছিস! একদিন টেস্ট করতে হবে!
কি টেস্ট করবি রে ফন্টে ? আরে আরে, ঠোঙায় করে ও আবার কি নিয়ে যাচ্ছিস রে নল্টে ?
এদিকে নজর দিও না কেল্টুদা!
ইস ! আবার এই সব যা তা কিনে খাচ্ছিস ? তোদের ভালোর জন্যে আর কতো অখাদ্য খেতে হবে বল দিকিনি ?
পনেরো মিনিট পরে
কে তোমাকে এসব অখাদ্য খেতে বলেছে ? ওরে বাবা! এখন আমি স্যারকে কি বলবো!
একঘন্টা পরে
এই যে স্যার! জলযোগ সেরে মানিকজোড় এবার ডেরায় ফিরছেন !

কেলু, কান পাকড়ে দুটোকে আমার কাছে নিয়ে আয়!
কি রে কর্ণাকর্ষণ করবো না কি ?
কানে হাত দিওনা বলছি কেলুদা!
তোদের সাহসের বৃদ্ধি ঘটেছে বুঝতে পারছি। না হলে আমার আলতে দেওয়া ক্রিমিনস পেটস্থ করিস কি করে!
না না স্যার— আ আমরা—
চোপ! কেলু নিজের চোখে তোদের কীর্তি দেখেছে! নেহাৎ কেমনের ব্যাঙের ব্যাথাটা চাগাড় দেওয়াতে তোদের পিঠে চুগাড়ুপি বাজাতে পারলুম না—কিন্তু আজ তোদের খাওয়া বন্ধ!
অ্যাঁ!
কেলু! ঠাকুরকে বলে দে ওদের যেন আজ খেতে না দেয়। আর তুই নজর রাখবি ওরা চুরি করে না খায়!
সে আর বলতে হবে না স্যার! আমি খুব সতর্ক দৃষ্টি রাখবো।
ইস্, স্যার তোদের খাওয়া বন্ধ করে দিলেন অথচ আজ খাওয়ার কি দারুন মেনু!
শয়তান!

হতচ্ছাড়া শয়তানটাকে একদিন বাগে পেলে এমন শিক্ষা দেবো!
দুজনে মিলে দেবো একদিন আচ্ছা করে পালিশ করে!
উলস! ঠাকুর আজ মাংসের কোর্মাটা যা বানিয়েছিলো না—ইস্কুস! তোদের ভাগটা আমিই নিয়ে এলুম হি:হি:!
তোদের অবশ্য একটু দেবার ইচ্ছে ছিলো, কিন্তু তাহলে স্যারের নির্দেশ অমান্য করা হতো। আর আমি আবার কোন গর্হিত কাজ করতে পারি না!
এটা এখন এখানে রইলো, একটু পরে এসে সরিয়ে নেবো
উঃ, কি নৃশংস রে ভাইরি!
আমাদের পৈটিক টরচার করে আমাদের খাবার আমাদেরই সামনে মেরে দিয়ে এঁটো থালাটা আবার এখানেই রেখে গেলো!
কিন্তু একটু পরেই
ঐ দেখুন স্যার! এখনো ওখানে রয়েছে!

দেখলি নন্টে! স্যর আমাদের কোন কথা কানেই তুললো না
শয়তান কেল্টোটার কথা বিশ্বাস করে আমাদের একেবারে গো বেড়েন করে ছেড়ে দিলে মাইরি!
পেটে খেলেই পিঠে সয় কিন্তু আমাদের খালি পেটেই পিঠে সইতে হলো!
ইচ্ছে হচ্ছে হতচ্ছাড়াটাকেই এখন চিবিয়ে খাই!
কয়েকদিন পরে
নন্টে, চটপট! কেল্টো আসছে!
আরে স্কুলেটা এরকম উঁকি ঝুঁকি মারছে কেন? ব্যাপারটা দেখতে হচ্ছে!
কিরে, তোরা লুকিয়ে চুপি চুপি কি করছিস?
কিছু না কেল্টদা! ও এমনি দাঁড়িয়েছিলুম!
এমনি দাঁড়িয়েছিলুম। কি দেখছিনি শীগগির দেখা!
কি দেখাবি না? ঠিক আছে, স্যারের সঙ্গে একবার দেখা করে—
মা না, নিশ্চয়ই দেখাবো। তবে কাউকে বলবেনা বলো?

এই যে, এইটা দেখছিলাম কেল্টুদা !
কি ওটা ? দেখি দেখি কিসের কাগজ !
আরি সাবাশ ! এযে লুকোনো ধনভাণ্ডারের নক্সা বলে মনে হচ্ছে !
ওরে বাবা, গুপ্তধন !
এটা কোথায় পেয়েছিস বলতো ?
খেলার মাঠের শেষে নদির ধারে একটা ভাঙা মন্দিরের ভেতর কাঠবেড়ালীর বাচ্চা ধরতে গিয়ে ইঁটের ফোকরের মধ্যে পেয়েছি !
খবদ্দার, এ কথা আর কাউকে বলবি না। এটা আমার কাছে থাক, ভালো করে একটু দেখতে হবে।
সে তুমি নিশ্চিন্তে থাকো কেল্টুদা। কাক পক্ষীতেও টের পাবে না !
মাথা দিয়া কেল্লা ! হতভাগা দুটোকে দিয়ে মাটি খোঁড়াতে হবে। তারপর গুপ্তধনের বাক্স বা ঘড়া তুলবো আমি নিজে। কাল সকালে একবার ঠিক জায়গাটা দেখে আসতে হবে।
চটাস্!
পরদিন
চল্ দিকি, গিয়ে ঠিক জায়গাটা খুঁজে বের করতে হবে !
খুব ভালো কেল্টুদা ! কিন্তু স্যর যদি—

আরে স্যারের ভাবনা তোদের ভাবতে হবে না, সে রকম কিছু হলে আমি ম্যানেজ করে নেবো।
না কেল্টুদা! তুমিই যাও। আমরা আর ঠ্যাঙানি খেতে রাজী নই।
সত্যি কেল্টুদা! আগের অ্যাকশানের ব্যাথা এখনো গা থেকে যায় নি।
আর তা ছাড়া ওটা যে গুপ্তধনের নক্সা তারই বা ঠিক কি! তোমার ভুল তো হতে পারে?
ঠিকই কেল্টুদা! তুমি বরঞ্চ ভালো করে কাগজটা আর একবার দেখো।
তা তোরা যখন বলছিস তখন না হয় ভালো করে আর একবার দেখবো।
মনে হচ্ছে হতভাগারা আমার হাতে ধরা পড়ে গিয়ে এখন আলতু ফালতু বলে নিরস্ত করতে চাইছে।
এ নির্ঘাত কোন গুপ্তধনেরই নক্সা! এই ধনরত্ন আমি উদ্ধার করবোই। ছোঁড়াদুটোর ওপরও একটু নজর রাখতে হবে।

পরদিন সকালে
এতো সকালে কোথায় চল্লে কেল্টুদা? মর্ণিং ওয়াক করতে বুঝি?
ন না--ও গ্যাঁ!
আর শোন, তোদের কথাই ঠিক ওটা গুপ্তধনের ব্যাপার নয়— বাজে নক্সা একটা।
একদিকে ভালোই হলো ওটা যে ঠিক তা ওদের আর জানিয়ে দরকার নেই।
হিঃ হিঃ! নন্টে ফন্টে ভালো আমি মর্ণিংওয়াক করতে বেরিয়েছি। কিন্তু আসল যাচ্ছি গুপ্তধনের হদিশ করতে।
ধনরত্ন যা পাবো তা আমারই থাকবে। তবে রহস্যভেদিকার ডালা স্যারকে দিয়েই প্রথমে খোলাবো— ঐ তো ভাঙা মন্দির দেখা যাচ্ছে।
নক্সায় নির্দেশিত জায়গাটা এবার খুঁজে বের করি
এই তো পরিষ্কার দেখানো রয়েছে মন্দিরের দরজা থেকে পঁচিশ পা সামনে এগিয়ে আর দশ পা বাঁয়ে গিয়ে আবার আট পা—
ডানদিকে গিয়ে তিন পা আবার সামনে এগিয়ে একটা ছোট টিবি তারই নীচে মাটির তলায় রয়েছে গুপ্তধন—এই তো টিবি! একেবারে হুবহু মিলে যাচ্ছে!

মার্ দিয়া কেল্লা! গুপ্তধন আমার হাতের মুঠোয়। রাতে কোদাল নিয়ে এসে তুলে নেবো!
নর্দি: ওয়াক করতে কোথায় গিয়েছিলে? কেষ্টুদা? নদীর দিকে?
মা মাঠে। সকালে মাঠের নির্মল বায়ু অত্যন্ত স্বাস্থ্যপ্রদ!
সেদিন রাত্রে
কেলো সকালে যখন হাওয়া খেতে বেরিয়েছে, তখন আজ রাতেও হাওয়া খেতে বেরোবে। একটু নজর রাখবি।
ঠিক আছে।
সকলে শোবার পর
যাক, বেরোতে কেউ দেখেনি। আঃ! এবারে শুধু ধনরত্ন তুলে নেওয়ার ওয়াস্তা!
কেলো বেরিয়েছে রে নন্টে!
এবারে কাজ শুরু করি। ওঃ কি বেরোবে — মোহরের ঘড়া না জহরতের পেটিকা!
এর নির্দেশ মতো টিবি থেকে গুণে গুণে ঠিক দশ পা সামনে এগিয়ে যেতে হবে।
তাহলে শুরু করি — এক - দুই ....চার.....

...ছয়...আট...
নয়...দশ...
ওরে বাবারে! পাতাল গহ্বর নাকি?
না পাতাল গহ্বর নয়—কিন্তু এখানেই তো—এই তো পায়ে বাক্সের মতো কি ঠেকছে যেন!
এই তো পেয়েছি! মোহরের ঘড়া নয় রত্নপেটিকা! ভলা দেখছি তালা বন্ধ। এবারে ফিরে গিয়ে স্যারকে দিয়ে এই রত্নপেটিকার তালা খোলাবো। স্যর দারুন খুশী হবে!
আরে! কেলুদা যে!
আমি জানতাম তোরা আসবি। নক্সাটাকে ভুয়ো বলে বুঝিয়ে নিজেরা গুপ্তধন হাতাবার তালে ছিলি। কিন্তু বন্ধু নন্টে আর ফন্টে, বড় লেট করে ফেলেছিস।
কিন্তু তোমার গায়ে এমন বিশ্রী দুর্গন্ধ কেন কেলুদা?
গুলি মার দুর্গন্ধে—দ্যাখ্ কি পেয়েছি! রত্নপেটিকা! আর নক্সা তোরা পেয়েছিলি। নিশ্চয়ই ঐ মন্দিরের পূজারীরা চুরি যাবার ভয়ে বিগ্রহের এই রত্নরাজি মাটিতে পুঁতে সেই জায়গার একটা নক্সা এঁকে মন্দিরে রেখে দিয়েছিলো।
দেখলি নন্টে! আমাদের বোকা বানিয়ে কেলুদা কেমন গুপ্তধন বাগিয়ে নিলো!
হিঃ হিঃ! তোরা নিজেদের খুব চালাক ভাবিস কি না!
কি তখন থেকে নাক চাপা দিয়ে আছিস! চল এবার ফিরি।
বড্ড পচা গোময়ের দুর্গন্ধ বেরোচ্ছে কেলুদা!
আমি কেলুদার সৌভাগ্যের খবর দিতে আগে যাচ্ছি!

তাড়াতাড়ি পা চালা নন্টে! বস্তুপেটিকাটা মাথায় করে নি, কি বলিস?
তাই নাও কেলুদা! একলম্বে দেরকার ছিলো, এখন অবশ্য তোমার।
যাক, তাহলে জায়গায় পৌঁছে গেছি – কি বলো কেলুদা?
হুঁ, এবার স্যারকে দিয়ে এটা উদ্ঘাটন করাতে হবে। খবর দিতে যাচ্ছি বলে ফলেটা গেলো কোথায়!
এই যে আমি কেলুদা! কুম্ভকর্ণ-গুলোকে তুলতেই দেরী হয়ে গেলো। ওরা বিশ্বাসই করছিলো না। এবার স্বচক্ষে দেখুক সত্যি কি না।
সত্যিই তোরে মাইরি!
তোরা এখানে থাক। আমি স্যারকে ডেকে আনি। কেউ যেন হুত না দেয়!
তুমি নির্ভয়ে যাও কেলুদা! আমরা তোমার মাল পাহারা দিচ্ছি!
স্যর, আপনাকে একটু কষ্ট করে গাত্রোত্থান করে বাইরে আসতে হবে।
কেন? এঃ! একেবারে গন্ধমাদন গন্ধর্ব হয়ে এসেছিস দেখছি, ঝামেলা সকালে কি ব্যাপার?
বস্তুপেটিকা উদ্ঘাটন করতে হবে স্যর!
বস্তুপেটিকা উদ্ঘাটন! বিশেষ মাদক দ্রব্যের প্রস্তাব ঘটিত কথাবার্তা বলে মনে হচ্ছে।
না স্যর সেসব কিছু নয়। বাইরে এলেই বুঝতে পারবেন।


এই দেখুন স্যার বস্তুপেটিকা! জঙ্গলের ধারে ভাঙা মন্দিরের কাছে মাটি খুঁড়ে পেয়েছি।
বটে বটে! তাহলে তো দেখতে হচ্ছে ভেতরে কি রত্ন আছে!
তালা তো দেখছি টানতেই খুলে গেলো। এবার দেখি ভেতরে কি আছে!
ওঃ, কত দীর্ঘ বছর পরে পেটিকাবন্ধ রত্নরাজি আবার আলোর মুখ দেখবে।
অ্যাঁও!
আঁই!
ক্রোয়াঁক!
একি! ছেড়ে দে, ছেড়ে দে বলছি!
ওরে বাবারে! শীগগির আমাকে ঘরে নিয়ে চলুন
চক্রান্ত স্যার, ওদের চক্রান্ত— ওফ্!
হতচ্ছাড়া পাজী! আমাকে বিছানা থেকে উৎপাটন করে রত্নপেটিকা উদ্ঘাটনের রসিকতা করেছিস —
এবার তোকে একেবারে বেডিং থেকে উৎপাটন করে ছাড়বো হতচ্ছাড়া বেসিক মার্কট!
ফল্টে, আমাদের অপারেশান কেন্টু কি রকম হলো বল্‌তো?
পুরো সাকসেসফুল!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


কিছু পরে
যাই, গিয়ে দেখে আসি কি করার কাজ এগোচ্ছে!
বেশ বেশ! তুই ওদের সাহায্য করছিস দেখে খুব খুশী হলাম মস্তো। একটু পর ভেতরে যাই!
সত্যি! ওদের মুক্তো আরো জেরক্সে মনে হচ্ছে!
বাপরে! হচ্ছেটা গেলো!
আমার মনে হচ্ছে, তুই ইচ্ছে করেই হ্যাণ্ডেলটা ব্লো-ল্যাম্প দিয়ে গলিয়ে রেখেছিস মস্তো!
ওহ্, না স্যার, ওকাজ আমি করিনি!
ছেলেটি সত্যি কথাই বলেছে সুপারিনটেণ্ডেণ্ট বাবু! আমরা সবসময় ওকে দেখছিলাম!
ওদিকে মস্তো
যা ভেবেছি! হ্যাণ্ডেলটাতে ঘুষো কালি লেগে আছে! কেউ কিছু আলিয়ে এটা উত্তপ্ত করেছে! বুঝতে পেরেছি কে এসব জ করতে পারে!
হাঁড়া, ওটার চাষাড়ে রসিকতার উপযুক্ত জবাব দেবার একটা চমৎকার আইডিয়া এসেছে!
মজার জিনিসের দোকান

সাবধান! যে ভাবে খোলা রংএর টিন আনছো, হাত ফসকে পড়ে গেলে সব বরবাদ হয়ে যাবে!
সঙ্গে সঙ্গেই
ওফ্! পা ছড়কে গেলো!
হোঃ হোঃ! কেমন বোকা বানিয়েছি! এটা একটা বিশেষ কায়দার টিন! রংটা ভেতরে আটকানো আছে, তাই বেরোতে পারে না!
হেঃ হেঃ! আমরা আগে কখনো এরকম দেখিনি!
এই যে কেষ্টদা! তুমি দরজার হ্যান্ডেল গরম করার খেলা আমাদের দেখিয়েছো, তাই এবারে আমরা তোমাকে একটা দেখাচ্ছি!
?
পাজি হতচ্ছাড়ারা! আমি তাড়াতাড়ি যেই এটা তুলবো, অমনি সমস্ত রং বেরিয়ে এসে আমার আর এক্সারসাইজ খাতার বারোটা বাজাবে!

টিন তুলে খাতা শুদ্ধু আমি স্যারের কাছে— হুইও।
হিঃ হিঃ! এটা একটা কৌশল করা টিন কেষ্টদা। একিন্তু তোমাকে ঠমক দেবার জন্যে!
কিছু পরে
বল্টে আর ফল্টে! কে তোদের এসব করতে বলেছে? আর রংই বা পেলি কোথায়? যারা কাজ করছে আশা করি তাদের খাদ্য থেকে চুরি করিস নি?
সেই সময়
ওদের আপনাকে বোকা বানাতে দেবেন না, সুপারিনটেণ্ডণ্ট, স্যার। এটাতে আসলে রং নেই— এটা একটা ভেল্কি দেখাবার টিন —
— এই দেখুন!
কি-কিন্তু, স্যার, ওরা যখন আগে এটা আমাকে দেখালো, তখন এরকম হয় নি!
মর্কট! কি হয়েছে আর হয় নি তোকে নাগালে পেলেই দেখাচ্ছি!
হাঃ হাঃ হাঃ! বুদ্ধুটা জানেনা যে, ওটা ওকে দেখালো সেই টিনই নয়!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
শোনো কেল্টু! বোর্ডিং কর্তৃপক্ষ চিঠি দিয়ে জানিয়েছেন, তাঁরা তোমাকে আর এখানে রাখতে চান না।
কেন স্যার?
কারণ— বছর ছয়েক তুমি একই জায়গায় আটকে হয়ে রয়েছো তাই তাঁরা তোমাকে এখান থেকেই টলাতে চাইছেন।
এ কিন্তু স্যার কর্তৃপক্ষের আমার ওপর ঘোর অবিচার!
আমি এর তীব্র প্রতিবাদ করবো। আমি, আমি আমরণ অনশন করবো।
!
বোর্ডিং কর্তৃপক্ষের বর্বর সিদ্ধান্তের প্রতিবাদে আমরণ অনশন
তুমি তাহলে সত্যিই অনশন করছো কেল্টুদা?
সত্যি না তো কি মিথ্যে? দেখবি এমন অনশন করবো যে কর্তৃপক্ষের টনক একেবারে টলটনিয়ে ছাড়বো।
তিনদিন পর
কেল্টুদার অনশনের তিন দিন পার হতে চললো, অথচ ব্যাপ
মনের জোর না থাকার চিহ্ন! নিশ্চয়ই এর মধ্যে কিছু আছে। সেটা দেখতে হবে।
দুপুরে
আজ তি কাল্টুবাবু কুছু না খাইলন।
মহা বিপদে পড়া গেলো। ছেলেটাকে কিছুতেই বুঝিয়ে পারা যাচ্ছে না।
বহুত তেজী লেড়কা!

সেদিন রাত্রে সকলে শোবার পর
এতোক্ষণে সবাই ঘুমিয়ে পড়েছে। এবার শুরু করা যাক। সবাই জানে আমি না খেয়েই আছি। হিঃ হিঃ!
এইবার ধরা যায় উপোস করেও এতো জেলা কেন।
আজ প্রথমে সন্দেশ দিয়ে শুরু করি।
খানিক পরে
আজ একলা গিয়ে দেখি বুঝিয়ে সুঝিয়ে ছোঁড়াটার অনশন ভাঙানো যায় কিনা
ঘরেচে। স্যর সন্দেশ নিয়ে কেলটার কাছে যাচ্ছে। জোর জমবে মাইরি।
ঠিক তালে আমরা ঘাসিয়ে হবো।
অবাক কাণ্ড! রাতের বেলা ছোকরা গেলো কোথায়?
বোর্ডিং কর্তৃপক্ষের বর্বর সিদ্ধান্তের প্রতিবাদে আমরণ অনশন
পর্দার অন্তরালে স্যর!
সন্দেশের পর এবার রসমালাই — আঁ-আঁউ!
রসমালাই? ভোর আগা-পাশতলা ঝালাই করে তবে অন্য কাজ হতভাগা বিটকেল উদখুল!
হতচ্ছাড়া! পালাচ্ছিস কোথায়? এবার কাল থেকে আমিই তোকে অনশন করাবো স্টুপিড!
ওরে বাবারে! ছেড়ে দিন স্যর কেঁদে বাঁচি।
এবার আমি প্রস্তাব করছি যে ওয়ারিশ পরিত্যক্ত মিষ্টান্নাদি আমাদের সেবায় ব্যবহৃত হোক।
আমি সন্দেশ-পরিপূর্ণ মুখে এই প্রস্তাব সমর্থন করছি।

নারায়ণ দেবনাথ
পূজোর ছুটির কয়েকদিন আগে বোর্ডিংএ
কি রে কেলু কি ব্যাপার?
বলছিলাম কি, বোর্ডিং বন্ধের আগে একটা নাটক মঞ্চস্থ করলে কেমন হয়?
এতো অতি উত্তম প্রস্তাব! তা কি নাটক মঞ্চস্থ করবি ঠিক করেছিস?
সে আপনি যা ঠিক করবেন!
বিকেলে সবাইকে আমার ঘরে আসতে বলিস, তখন সব ঠিক হবে।
ঠিক আছে স্যার! তাই বলবো।
শোনো, বোর্ডিংএ ছুটি হওয়ার আগে আমরা একটা নাটক অভিনয় করবো!
হ্যাঁ স্যার, খুব ভালো হবে স্যার!
এবং এর সঙ্গে গুণীজন সম্বর্ধনার অনুষ্ঠান করে আমরা স্যারকে সম্বর্ধনা জানাবো!
আরে না না, ওসব আবার করতে যাওয়া কেন?
না স্যার, আপনার কোন আপত্তি শুনবো না!
হুঁঃ হুঃ! তা তোদের যখন এতোই ইচ্ছে তখন করিস!

এখন শোন, এবার যে ঘাটকে আমরা স্টুডিনয় করবো ঠিক করেছি তা হলো রামায়ণের অবেদ্যকাহিনী লঙ্কাকাণ্ড!
কে কোন চরিত্রে অভিনয় করবে তা আমি পরে জানিয়ে দেবো। এখন তোমরা সব ঘরে যাও।
হতচ্ছাড়া কেষ্টোটা সুযোগ পেলেই খালি স্যারকে তোয়াজ করে হাতে রাখবে!
যা বলেছিস মাইরি নাটকের সঙ্গে আবার কায়দা করে সমর্থনও জুড়ে দিয়েছে!
পরদিন
শোন, কে কি করবে ঠিক করেছি। আমি করছি রাবন, কেষ্টু রাম আর পবননন্দনের ভূমিকা ফন্টুস, আর সবাই অন্যান্য চরিত্র করবে।
পরে
আরে এ নাটকে হনুমানেরই তো আসল ভূমিকা! বলতে গেলে হিরো!
শেষে আমি হনুমান সাজবো স্যার!
মামাবাড়িতে একটা ভালো হনুমানের মুখোশ আছে। মদি এখুনি আমাকে ছেড়ে দ্যান, তা হলে গিয়ে ওটা নিয়ে আসি
যাঃ! তাহলেই হয়ে! তবে দেরী করবি না, রিহার্সালে বসতে হবে আর বেশী সময় নেই!
মামাবাড়িতে
দিদিমা! দিদিমা
কোন অলক্ষ্নেয়ে র‍্যা এসময়ে আবার জ্বালাতে এসেছিস!


খ্যাংরা মেরে বিষ ঝেড়ে — ওমা! ফল্টু যে! আগে বলবি তো দাদা!
বলবার চান্স দিলে কই! তা এতো খেপেছো কেন?
আর বলিস কেন ভাই! পাড়ার ছেলেগুলো বড়ো উৎপাত করে। তা হঠাৎ কি মনে করে এলেছো গো দাদা।
একটা ডিফিকাল্টি নিতে এলুম গো দিদিমা! আচ্ছা হনুমানের একটা মুখোস ছিলো সেটা আছে?
তেতে পুড়ে এয়েছিস আগে খেয়ে দেয়ে বিশ্রাম কর, তারপর খুঁজে দেখিস! আছে হয় তো কোথাও!
সেই ভালো দিদিমা! আগে খাওয়া দাওয়াটাই হোক। যে গুরুভার আমার ওপর চাপিয়ে দেওয়া হয়েছে—
কী! তোর ওপরে ভারী জিনিস চাপিয়ে দিয়েছিলো কোন অলক্ষেয়ে মুখপোড়া! খ্যাংরা মেরে তার বিষ ঝেড়ে দিয়ে আসবো না!
আরে দূর, সে ভার নয় এ অন্য ভার, হনুমানের ভার—ওসব তুমি ঠিক বুঝবে না দিদিমা!
ন্যালা বকিস নি তো দাদা! বদমাইসি করে কারা তোর ঘাড়ে একটা গাদা হনুমান চাপিয়েছিলো, এটা বুঝবো না আমাকে এতোই বোকা ঠাউরেছিস নাকি? কি ভাগ্যি আঁচড়ে কামড়ে দেয়নি! ঠাকুর রক্ষে করেছেন! এবার রান্নার জোগাড় দেখি রে ভাই!
খুব হয়েছে, তাই তাড়াতাড়ি দেখো!
একটু পরে
গুলুটা আবার গেলো কোথায়! একটা কিছু করাবার উপায় নেই। গুলু অ গুলু, আরে অ্যাই হতচ্ছাড়া গুনে!
এজ্ঞে মাই গো মা ঠাকরেণ!

এই যে হতচ্ছাড়া! ফন্টু এয়েচে, তাকে রান্না করে খেতে দিতে হবে তোরে পোড়ারমুখো!
দিতে হবে নি! লিচ্চয় দিতে হবে।
কি দিতে হবে, তোর মাথা! শীগগির বাজার করে নিয়ে আয় খুব তড়াতাড়ি আসবি।
লিচ্চয়! তোক কইয়ে যাবো আর কোঁক কইয়ে চইলে আসবো!
ওভার লোডেড হয়ে গেছি গো দিদিমা! টেনে তোলবার অবস্থা হয়েছে!
কি যে বলিস বুঝি না! এবারে একটু শো আমি আচার গুলো রোদে দিয়ে আসি।
গল্প এখন আর ঘুমটুম আসবে না। এই তালে বরং অ্যাকটিং প্র্যাকটিস করি। অ্যাকটিংএর মুডও এসে গেছে!
আরে আরে দুরাচার পাপিষ্ঠ রাবন, লেজের আগুনে তোর পোড়াবো বদন!
নখদন্তে উপাড়িয়া দশমুণ্ড তোর—
এদিকে
আচার রোদে দেওয়ার ঝামেলা মিটলো এবারে ফন্টুর সঙ্গে একটু গল্প করি।
হারে ফন্—
এখনি সবংশে আজ করিব নিধন! হাঃ হাঃ হাঃ হাঃ!

লেজের আগুনে শেষে দাবানল জ্বালি, ছারখার করি দিবো স্বর্ণলঙ্কা তোর!
ফক্কু! তুই এসব কি বলছিস? ওরে কি সর্বনাশ হলো রে! ওরে অ গুলু!
আমাকে ডেইকেছেন আপনি?
এসেছিস গুলু! দ্যাখ্ বাছা আমার কেমন করছে আর কি সব বলছে! আমি কি করবো রে গুলু?
খিক্ খিক্! হাঃ হাঃ—
দেখি কি ব্যাপার ঘটিটেছে!
এইবার লাফ দিয়া পড়ি তোর ঘাড়ে ওরে পাষণ্ড রাক্ষস!
উরি বাপ রে! মেইরে ফ্যালালো গো ঠাকরেন!
ওঃ! আমাকে দেখেই তেইড়ে এলো! খুব জোর পাইলে এমেচি! দাদাবাবুকে নিঃঘাত পেঁচোয় ধইরেচে!
তাহলে কি হবে রে গুলু?
আমি এক্ষুনি ডেকু ওঝাকে নিয়ে আসতেছি ওসব পেঁচো ফেঁচো সে দুঁফুঁ মেরেই উইরে দেবে!
তাহলে তাড়াতাড়ি করে নিয়ে আয়!
কিছুপরে
বুঝলে দিদিমা! স্যর বলেছে আমারটাই প্রধান। রোলটা ঠিকমতো ফোটাতে পারলে একেবারে ফাটিয়ে দেবো!
হ্যাঁ হ্যাঁ, ফাটাবি বই কিতাই। আগে ডেকু এসে দেখুক, তারপর যতখুশি ফাটা!

ভেকু ওঝাকে নিয়ে এইটি গোঠাকরল!
কই, রুগী কোথায়?
হুঁ, ঠিক পেঁচোই বটে, কিন্তু আমি যখন এয়েচি তখন ব্যাটা পেঁচোকে আমি গাঁ ছাড়া কইরে ছাড়বো!
তাড়া কর বাবা ভেকু!
আমি পেঁচো ফেঁচো নই, কিন্তু তোমাকে দেখাচ্ছে ঠিক যেন ফেক আপ করা রাবন! শোন্ ওরে দুশাসন, দেখি তোর নিকটে শমন্!
ওরে পেঁচো, তোর লপচপানি এখুনি দমন কইরে দিচ্ছি!
ঠাকরুন, এ ব্যাটা দেখছি বড় প্যাঁচোয়া পেঁচো! কিন্তু আমিও ভেকু ওঝা– এমন প্যাঁচ কষবো, যে বাপ বাপ বলে পাইলে যাবার পথ পাবে না!
মরেচে! ওঝা কেন? ওঝা আমার কি করবে?
কি কইরবো দেখাচ্চি! শুভু, একটা শিক উনুনে দিয়ে গরম কর। আমি ততক্ষণ ব্যাটাকে গাছে বেঁধে ফ্যালাই!
তারপর গরম শিকের ছ্যাঁকা আর এই লাঠির বিশ ঘা! তারপর দেখি তুই কি কইরে থাকিস!
ওরে বাবারে! মেরে ফেল্লে রে! আমি আর মোটেই থাকতে চাই না!
দেখুন ঠাকরুন ভেকুর দাপটে পেঁচো কেমন কেঁচো হয়ে পাইলে যাচ্চে! মোর সাথে মামদোবাজী!

এটা কেমন ধোলো ভেকু! ছেলেটা শুদ্ধু যে চলে গেলো!
ঐ তো মোর চিকিচ্ছের গুণ শেষ মা ঠাকরুন! রোগ রুগী দুই পাইলে যায়। আচ্ছা এবার যাই পেন্নাম!
বোর্ডিংএ
এই তো ফল্টে! সারাদিন কোথায় ডুব মেরে ছিলি বলতো?
আর বলিস নে! মাইরি! প্রাণ নিয়ে যে ভেসে উঠতে পেরেছি এই ঢের!
কেন রে?
সে কথা জানতে চেয়ে আর লজ্জা দিস নে ভাই নল্টে! তা লার তোকে কিসের পার্ট দিয়েছে রে?
রামের অনুচর হয়ে বেপাত্থে জয়ধ্বনির পার্ট।
তারপর থেকেই কেল্টেটা পেছনে লেগেছে! তুই তো ছিলি না, যখন তখন এসে বলতে শুরু করলো এই যে আমার মর্কট অনুচর এটা করে দে ওটা করে দে! আর তোর কথা বলছিলো যে আমার পরম ভক্ত হনুমানটি কোথায় গেলো রে?
আমিও সুযোগ খুঁজছি! স্যরের সম্বর্ধনা অনুষ্ঠানে আমি কেল্টার বিড়ম্বনা করে ছাড়বো!
কি করে করবি?
সে যথাকালে দেখিবি রে কেরামতি মোর! এখন চল কেল্টার ঘরে গিয়ে ওর সঙ্গে দেখা করি!
মতভাগাটার কাছে যেতে চাই না! তবু যখন বলছিস তখন চল।
কি করছো কেল্টুদা? রামের পার্ট মুখস্থ করছো বুঝি?
এইযে আমার ভক্ত আর অনুচর। কি বারতা কহ?
কেল্টুদা! স্যরের সম্বর্ধনার মালা আমরা কিনে দেবো। গলায় অবশ্য তুমিই পরাবে!
এ তো খুব ভালো কথা রে! তবে বেশ ভালো স্পেশাল মালা আনবি!
উজবুক দুটোর ওপর দিয়ে মালার ব্যবস্থা হয়ে গেলো!
এবারে কিছু লাল কিম্ব পিপড়ে আর এক শিশি মধু। এ হলেই দেখবি লঙ্কাকাণ্ড হয়ে রাবণের হাতে রাম বধ হয়ে যাবে!


অভিনয়ের দিন
সমবেত ভদ্রমহোদয়গণ! আমরা নাটক অভিনয়ের আগে আমাদের শ্রদ্ধেয় বোর্ড সুপারিটেণ্ডেন্ট মহাশয়কে সম্বর্ধনার আয়োজন করেছি!
সকলের অনুমতি নিয়ে এবার আমি স্যারকে মাল্যদান করছি!
চাপাই
চাপাই
চাপাই
সমবেত ভদ্রমণ্ডলী! ছেলেরা যে আমায় এতো ভালোবাসে তা জেনে আমি অভিভূত! আজ আমি এতো আনন্দিত যে আমার
আঁ আঁ আঁ আঁ!
স্যারকে সম্বর্ধনা জানাতে পেরে আমরাও গর্বিত— আহ্ স্যার তাঁর গলার মালা আমাকেই দিলেন!
তাঁর এই স্নেহের দান আমি মাথা পেতে নিলুম! আমি প্রাণপণে এর মর্যাদা রেখে—
-চলতে চেষ্টা করবো— ওরে বাপরে, পিঁপড়ে জ্বলে গেলো!
আঃ! উফ্! গেলুম! আবার মালা!
হতচ্ছাড়া আমার সঙ্গে ফেরা? আজ তোর পিণ্ডি চটকে ছাড়বো!
হেল্প! হেল্প!
মাননীয় দর্শকমণ্ডলী! অনুষ্ঠান এবারের মতো এখানেই শেষ করছি! কারণ, রামের মস্তক রাবণ তার হস্তধৃত ফুলদানীটি না ভেঙে ফিরবেন বলে মনে হয়না কাজেই আজ এখানেই যবনিকাপাত করে দিচ্ছি নমস্কার!

মন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ওতে কি আছে রে মন্টে আর ফন্টে? দেখা না।
এখন নয়, পরে দেখাবো।
ঘরটা কেমন অন্ধকার লাগছে। আলোটা জ্বেলে দিয়ে যাও কেলুদা!
ক্লিক!
বলে কিনা পরে দেখাবো। আমিই তবে মজা দেখাচ্ছি! বারান্দার সব আলো জ্বালিয়ে দিচ্ছি।
ক্লিক!
হিঃ হিঃ! এবার বাছাধনরা মজা টের পাবে।
দরজায় যে ই শব্দ করুক সে নির্ঘাত পালিয়েছে আর একি — এই ভরা দিনদুপুরে সমস্ত আলো জ্বালানো রয়েছে!
বাঘু! এ বদমাইস ছেলেগুলো ওদের ঘরেও আলো জ্বালিয়ে নিয়েছে!

নন্টে আর ফন্টে! তোরা কোন্ সাহসে এই দিনের বেলায় ঘরে আলো জ্বালিয়ে রেখেছিস?
কিন্তু স্যার, এমনি আমরা কিছুই ভালো করে দেখতে পাচ্ছি না!
ঘরে তাহলে আলো আসছে না! তার কারণ তোদের লাশির কাঁচে ময়লা জমেছে! যা কুছিলি তা বন্ধ করে এখুনি বেড়ি-কুলের জানালা সাফাই শুরু কর!
ভালো করে পরিস্কার কর্ নন্টে আর ফন্টে। দেখিস, কোথাও যেন এতোটুকু ময়লাও না থাকে। হেঃ হেঃ!
এই নাও, কেল্টুদা। তোমাকেও সাফ করে দিলুম।
হপাস!
গুবুস!
আমি তোকে কিলিয়ে কাঁটাল পাকাবো নন্টে। আয় লড়ে যা!
মাথা গরম করো কেন কেল্টুদা। এই নাও মাথা ঠাণ্ডা করো।
ছ্যাপাত!
ওফ!

আমাদের ফ্ল্যাটে ওকে ধরে দুজনে বেশ করে দুলাই ঘুলাই করে দি।
ওরে বাবা! ওরা সত্যি সত্যিই তেড়ে আসছে যে
বাঁচাও, বাঁচাও! ফেলে ফেললে!
ঝনাৎ! ঝনন!
তাতাই মরেছে! আ-আমি কি এসব করলাম?
সব সাধ্যি ঘুচিয়ে বাঁচাও বাঁচাও! এবার কে তোকে বাঁচায় একবার দেখি মর্কট!
কি-কিন্তু স্যার— উফ্‌স! ওঃ ওঃ!
তক্তা দিয়ে আমরা ঘরের জানালা বন্ধ করে দিচ্ছি, এখন তোমরা সারারাত্তির আলো জ্বালিয়ে রাখবে। এসাইনমেন্টের স্যার সবাইকেই এরকম বলে দিয়েছেন।
কেলেটা বোধহয় এখন পিঠে মলম লাগাচ্ছে। এই ফাঁকে আমরাও এই ঘরভর্তি খেলনাগুলোকে জুড়ে ফেলি।


এর বদলা আমি নেবো দেখে নিস তোরা।
এবার আমরা ভালো করে সেই জিনিসগুলো দেখি গে চল্।
কাদা দিয়ে সা লিখে রাখছি, স্যার দেখলে রেগে একেবারে ফায়ার হয়ে যাবে, আর এটা ওদেরই কীর্তি ভেবে সেই সন্ধ্যাবার ঠ্যাপে পিঠের চামড়া ট্যান করে দেবে।
একি! জানালার কাঁচ পরিষ্কার করতে গিয়ে এই সব করেছে! আচ্ছা, মজা টের পাওয়াচ্ছি।
কিন্তু, স্যার, ওগুলো আমরা করি নি।
নিশ্চয় করেছিস, তাই তোদের আবার সব গাদি পরিষ্কার করতে হবে!
এ নির্ঘাত বেল্টার কম্ম। চল্ তো ফল্টে, ওর সঙ্গে বোঝাপড়া করতে হবে।
হ্যাঁ, চল্। এখন ওকে ঘরেতেই পাওয়া যাবে।
এই যে, বেল্টুদা। আমরা তোমার সঙ্গে কিছু কথা বলতে চাই।
আমি চাই না। আমি কিছু করিনি। খবরদার আমার কাছে এগোবি না!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই যে, কেল্টুদা! তুমি আমার সঙ্গে এই জলপিস্তলের ডুয়েল লড়তে রাজী আছো? নন্টে লড়তে চাইছে না!
এই পিস্তলের জল ছুঁড়ে যে প্রতিপক্ষের মুখ ভিজিয়ে দিতে পারবে সে জিতবে। কি, লড়বে নাকি?
নিশ্চয়ই
তুই কি ভেবেছিস আমি পিছিয়ে যাবো! দে পিস্তল তোকে নাকানি চোবানি খাইয়ে দি!
তুমি আমারটা নাও কেল্টুদা!
আমি মধ্যস্থতা করছি। থ্রি বললেই দুজনে একসঙ্গে চালাবে।
রেডি-ওয়ান-টু-থ্রি—
ইরক!
ঐ যে হতচ্ছাড়ারা পালাচ্ছে কৌশলে আমার মুখে কালি লেপন! আজ কিলিয়ে কাঁঠাল পাকিয়ে ছাড়বো!


ঐতো একটা স্যারের ঘরে ঢুকছে। নির্ঘাত স্যার ঘরে নেই। এবার কোথায় যাবে চাঁদ! তুমি এবার ফাঁদে পড়েছো!
যা ভেবেছি স্যার ঘরে নেই তাই এখানে ঢুকেছে ঐতো স্যারের টেবিলের ওপাশে উবু হয়ে মাপটি মেরে রয়েছে। বোলো মজাটি টের পাওয়াচ্ছি বাছাধন।
হেঃ হেঃ! কষ্ট করে বেঁকে আছিস? এক ঘাএতেই সোজা করে দিচ্ছি।
ওফ!
ইররর্‌ক!
গররর!
স্যার! ভুলে...
তোকে আমি শূলে চড়াবো মর্কট কোথাকার!
পিস্তলের জল যে এতোদূর গড়াবে কে জানতো,মাইরি!
যা বলেছিস!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমাকে আপনি ডেকেছেন স্যার ?
হ্যাঁ ! তোকে একটা কাজের ভার দেবো কেল্টু
কি কাজ করতে হবে স্যার ?
বলছি, কিন্তু করতে পারবি তো ?
এই শর্মা সব কিছুই পারে স্যার ! বলুন না কি কাজ !
আমার এক বন্ধু, বেশ সুন্দর দেখে একটা দেশী কুকুর পুষেছিলো। দুদিন হলো ওটাকে পাওয়া যাচ্ছে না।
সেই কুকুরটাকে খুঁজে দিতে হবে। যদি এনে দিতে পারিস তবে ভালো নগদ পুরস্কার পাবি।
আপনার বন্ধুর কুকুরের বর্ণনাটা একটু বলুন স্যার !
সাদা। সারা গায়ে কালো ফুটকি। এই নে একটা ছবিও আছে। আর পুরস্কারের টাকাও আমাকে দেওয়া আছে। নে এবারে দ্যাখ্ যাতে বন্ধুর কাছে মুখ রক্ষা হয়।
নিশ্চিন্তে থাকুন স্যার ! আপনার বন্ধুর কুকুর এই শর্মা খুঁজে বের করবেই।

জানিস, স্যার আমাকে একটা গুরুত্বপূর্ণ কাজের ভার দিয়েছে। সে কাজে অবশ্য তোদের সহযোগিতা দরকার হবে।
কি ব্যাপার বলোতো কেলুদা?
একে খুঁজে বের করতে হবে! এনে দিতে পারলেই নগদ পুরস্কার। তোরা দুজনে অবশ্য আমার সহকারী হিসেবে কাজ করবি, পুরস্কার পেলে ফিফ্‌টি ফিফ্‌টি শেয়ার।
তোমার সহকারী হয়ে লাভ নেই কেলুদা! কেস মিটে গেলে তুমি বেশ সবটাই পকেটস্থ করে ফেলো।
ফল্টে ঠিক কথাই বলেছে।
ঘাবড়াচ্ছিস কেন? এবারে আর কোন গণ্ডগোল হবে না, একেবারে ডান হাত বাঁ হাত।
একবার কার্যোদ্ধার হোক! তারপর কি করে কদলী প্রদর্শন করাই টের পাবে!
ঠিক আছে, তাইলে কাল থেকে আমাদের অনুসন্ধান অভিযান শুরু হবে। তোরা পেলে আগে আমার কাছে আনবি।
কেশ ভাই হবে কেলুদা!
পরদিন
ছবিটা সঙ্গে নিয়ে তোরা ঐ দিক থেকে খোঁজা শুরু কর। আমি ঐ দিকটা খুঁজবো।
হিঃ হিঃ আমি কোন দিকেই যাচ্ছি না। কোন চায়ের দোকানে সময় কাটিয়ে দেবো।


কিছুদূর গিয়ে
ফল্টে একটা দারুণ মতলব এসেছে! চল এই সাদা কুকুরটাকে নিয়ে যাই।
কিন্তু গায়ে কালো ফুটকি নেই যে রে?
আরে বুদ্ধি খরচ করলে কুকুরের গায়ে ফুটকি গজাতে কতক্ষণ
সুতরাং
তোমার আত্মীয়কে পাকড়াও করে বাইরে বেঁধে রেখেছি।
বলিস কি রে ফল্টে! একদম্টও যে হয়নি রে!
ওঃ! পুরস্কারটা আমাদের পাইয়ে দেবার জন্যেই যেন ব্যাটা পালিয়ে এসে এদিকেই ঘুরছিলো, কি বলিস?
ভৌক!
নাও কেলুদা! এবার একে স্যারের কাছে নিয়ে যাও।
নিশ্চয়! এখুনি নিয়ে যাবো! স্যার দারুণ খুশি হবে!
এই নিন স্যার; আপনার বন্ধুর কুকুর।
তোর এতোদূর আছে কেলু! ভবিষ্যতে তুই বড় গোয়েন্দা হবি দেখছি।


ব্যাটা যেন চিতাবাঘ! দাঁড় দুদিন ঝুলছে ঘুরেছে। আগে ওকে চান করাই।
এখুনি স্যার?
হ্যাঁ, সিঁড়ির কাছে নিয়ে যা, আমি জল নিয়ে আসি।
ঝপাস
একি! ছিলো চিতাবাঘের মতো, চান করাতেই ডোবাকাটা হয়ে গেলো! কি করব? অ্যাঁ।
তা-তাইতো স্যার! কিছুতো বুঝতে পারছি না!
বুঝতে পারছিস না বুঝি? কাছে আয় বুঝিয়ে দিচ্ছি।
কাছে যাবো?
হ্যাঁ, যাওনা কেষ্টদা! স্যার কি বোঝাবেন বলছেন।
ওরে বাবারে! ঐদ্রই হতচ্ছাড়া আমাকে ছুঁইয়েছে!
চিটিংবাজী করে টাকা নিয়ে বন্ধুর কাছে আমার মুখে চুনকালি দেওয়ার মতলব? এই নে পুরস্কার!
স্যারের হাতের জোর আর টিপ দেখেছিস ফল্টে? এতোদূর থেকেও ঠিক কেলটার মুণ্ডুতে লাগিয়েছে!
সত্যি নান্টে! যা বলেছিস।


মন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ফন্টে, চল্ গোবরবাবুর পুকুরে গিয়ে মাছ ধরি।
কিন্তু পুকুরে পাহারা থাকে যে!
চারদিকে নজর রেখে বসতে হবে ফন্টে!
হ্যাঁ, ধরতে পারলেই কেলেঙ্কারি!
অ্যাই, তোরা কে র‍্যা? ওখানে কি হচ্ছে?
দৌড়ো মন্টে! পাহারাদার আসছে। মাত্র একটা ধরেছিলাম রে!
ওঃ, প্রায় ধরে ফেলেছিলো রে মাইরি!
আমরা কে সেটা ঠিক বুঝতে পারে নি!
বোম্বেটেরা মাছ ফেলেই পালিয়েছে। মনে নিচ্ছে, এরা বোর্ডিংএর ছোঁড়া! এটা নিয়ে গিয়ে বাবুকে সব জানাই!
আমি গোবরবাবুকে বলছি, এই বোর্ডিংএর কেউ ওঁর পুকুরে ছিপ ফেলে মাছ ধরলে তার বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।
এবার মন্টে আর ফন্টেকে ভালো রকম জব্দ করছি...


এই যে, ঠাকুর ওর পোষা বেড়ালের জন্যে মাছ লুকিয়ে রেখেছে। এইটা দিয়েই কাজ হাসিল করবো।
?
স্যার আপনি যদি এখনি নন্টে আর ফন্টের ঘরে যান, তাহলে ওরাই যে মাছ ধরেছিলো তার প্রমাণ পাবেন।
ঠাকুরের বেড়ালটা আমাদের ঘরে যে রে!
খাটের নীচে ও ওটা কিসের থলে নিয়ে টানাটানি করছে বল্‌তো?
থলের ভেতরে মাছ যে রে!
হতভাগাটা বোধহয় কোত্থেকে নিয়ে এসেছে। এখানে বসে খাঁটাবার তালে ছিলো।
সেখান থেকেই আনুক বড় গন্ধ ছাড়ছে। জানলা গলিয়ে বাইরে ফেলে দি!
ওঁফ্!

উফ! অ্যাই হতচ্ছাড়া, কাঁধ থেকে নখ সরা শিগগির!
হিঃহিঃ! স্যার বেড়ালের পেছনে কি রকম ছুটেছে দ্যাখ!
ফল্টে, এখন মনে হচ্ছে কেউ আমাদের বেকায়দায় ফেলার জন্যে ইচ্ছে করেই আমাদের ঘরে মাছ রেখে এসেছে এবং আমি অনুমান করেছি কে করেছে!
আমরাও কামারের এক ঘা লাগাচ্ছি।
কাজ সারা ফল্টে। স্যারের মাছ ধরার ছিপ পেয়ে গেছি। এবার চল।
কেউ দেখেনি তো?
না।
গোবরবাবুর পুকুরে আর যখন মাছ ধরা যাবেই না, তখন ছিপটা যত্ন করে রেখে দি। কি বলিস ফল্টে?
সেই ভালো ফল্টে!
হুঁ রাখছি
এবার নিশ্চিন্ত হতে হবে যে, স্যার ওকে দেখেছে।
শব্দ কিসের? আরে একি! কেলু! এই তাহলে আসল ঘুঘু! শয়তানটা বোধহয় আবার ঐ পুকুরে মাছ ধরতে যাচ্ছে!

গিয়ে দেখি কি করছে। তারপর একেবারে হাতে নাতে ধরবো।
স্যার নির্ঘাত পুকুরের দিকে গেলো। জলে যা পেতেছি নন্টে আর ফন্টে ধরা পড়লো বলে। হিঃ হিঃ হিঃ!
ওহ্, কি সাংঘাতিক! এটা তো আমার মাছ ধরার ছিপ!
ছিপটা তুলে নি—আরে আরে, একটা মাছ দেখছি বঁড়শী গিলেছে তাই এতো জারী লেগেছে।
বোর্ডিংএর এক জনকে একেবারে হাতে নাতে ধরেছি বাবু!
হেঁ হেঁ স্যার! নন্টে আর ফন্টের ছিপ পুকুরধারে পেয়েছেন তো? শুমলুম কে নাকি ধরাও পড়েছে!
হিঃ হিঃ, স্যার এখন একেবারে জলন্ত অঙ্গার! কি বলিস নন্টে?
ওঃ! মরে গেলে আর বাঁচবো না স্যার! ওরে বাবারে!
সেই অঙ্গারের ছ্যাঁকা এখন কেলো সর্বাঙ্গে টের পাচ্ছে।


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কিছুক্ষণ থেকে একটা গন্ধ আসছে! কিসের বলতো নন্টে?
হ্যাঁ, বেশ মিষ্টি গন্ধ আর কাছ থেকেই আসছে মনে হচ্ছে!
কেলুদার ঘর থেকে আসছে রে নন্টে।
চল, ঘরে ঢুকে দেখি ও কি করছে।
ছানাবড়া করছো বলে মনে হচ্ছে যেন কেলুদা! নতুন বছরে আমাদের খাওয়াবে বুঝি?
আজ্ঞে না! এ আমি স্যার আর তার বন্ধু ঘলোবাবুর জন্য করছি। খবরদার ওদিকে নুলো বাড়াবি না!
ঠিক আছে, আমরাও তাহলে স্যার আর ওঁর বন্ধুকে ছানাবড়া কিনে এনে খাওয়াবো।
দেখবো কদ্দেরটা খেয়ে ওঁরা তারিফ করেন।
যে প্ল্যানটা বললুম কি রকম হবে বলতো?
দারুণ জিনিস হবে। শিগগির চল ছানাবড়া কিনে আনি।
আপনার রসগোল্লা নকল ছানাবড়া আছে?
নিশ্চয়! এই যে। আসলকেও হার মানিয়ে দেবে।
দারুণ জিনিস! ছটা দিন।
মাটির পুতুলের দোকান
একটু মিসারিন ঢেলে দিলুম যাতে আরো সত্যিকার রসালো মনে হয়।
এবার এটা নিয়ে কেস্টার ঘরে যাই!

আমরা তো আর নিজেরা তৈরি করতে পারি নি তাই কিনেই খাওয়াচ্ছি। জিনিসটা কি রকম বলো তো?
কেনা জিনিস তো ভালো হবেই। ওতে আর বাহাদুরির কি আছে।
কেলুদা! তুমি তোমারিটা আগে পরিবেশন করবে পরে আমরা।
ওরা আমার ওপর চাল মেরে যাবে তা হতে দেবো না। একটা কিছু মতলব খাটাতে হবে।
বেশ তাই হবে।
সুপারিনটেন বাবুকা বন্ধুলোগ আসিয়েছেন। আপনাকে বোলাইছেন।
এখুনি যাচ্ছি।
হেঃ হেঃ! আমারটা আগে দিতে বলে ভালোই করেছিস। তবে তারিফটা আর তোরা পেলিনা। ওটা আমিই পাবো।
বাঃ! দেখতে চমৎকার হয়েছে! নতুন বছরে আমাদের খাওয়াবার জন্যে ও নিজে এইসব ছানাবড়া করেছে। ভারী কারিংকর্মা ছেলে!
সাইজেও দেখবার মতো!
বাপরে! ছানার বড়া এতো সাংঘাতিক কড়া!
ইঁক!
হতচ্ছাড়া ছুঁচো! ছানারবড়া দিয়ে আজ তোর নড়া ভাঙবো!
ওফ্!
স্যারের কি টিপ রে মাইরি!
বেশ ভালোই লাগছে কি ব্লিস নন্টে?
চমৎকার!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আর কয়েকদিন পরেই তো কেল্টুদার সঙ্গে আমাদের রেস হবে।
আজ কেল্টুদাকে দেখছি না তো রে, নন্টে?
কেন্টোর কি হলো বল্ দেখি ?
কি জানি। ঘাবড়ে গিয়ে পিছিয়ে গেলো না কি ? চল্ একবার খোঁজ করি গিয়ে।
রেসে হেরে যাবার ভয়ে পিছিয়ে গেলে না কি কেল্টুদা ?
সে ভয়ে কম্পিত নয় আমার হৃদয় !
শুধু জেনে রাখ্ প্রতিযোগিতার ঐ কাপ আমি পাচ্ছি। তোরা অযথা পণ্ডশ্রম করে মরছিস !
চলি রে নন্টে আর ফন্টে! টা-টা!
কি রকম গ্যাস দিয়ে গেলো দেখলি ?


রেসের আগের দিন
কি রে, দৌড়ের আগেই গাড়ির কি হাঁড়ির হাল হয়ে গেলো না কি রে ?
দ্যাখ এখনো সময় আছে কেন যেরে গিয়ে অপদস্থ হবি ?
ওর ঐ ঝাঁক ঝাঁক ঠিক করতেই হবে।
রেসের দিন
আমাদের নতুন জীপ গাড়ি তৈরির প্রতিষ্ঠান হোঁদল এন্টারপ্রাইজের তরফ থেকে কেল্টুকুমার বনাম নন্টে আর ফন্টের জীপ রেস শুরুর সময় হয়ে গেছে।
শুরুর আগে আর একবার ভালো করে কোন্ পথ দিয়ে যেতে আসতে হবে ভালো করে বুঝিয়ে একটা করে চার্ট দিয়ে দিন।
হ্যাঁ, আমি ওদের ভালো করে সব বুঝিয়ে দিচ্ছি।
হোঁদল এন্টারপ্রাইজ এর উদ্যোগে জীপ রেস প্রতিযোগিতা
হোঁদল এন্টারপ্রাইজ এর কেল্টুকুমার বনাম নন্টে আর ফন্টের জীপ রেস শুরু হলো। স্টার্ট !


কেল্টোর ভড়পানি সব ঝিমিয়ে গেলো না কি রে ফল্টে?
কি গো কেল্টদা! আমার জীপ যে টিপ টিপ করে ছুটছে?
তোদের কাছ থেকে প্রাইজ জিততে হলে আমার এর চেয়ে বেশী জোরে যাবার দরকার নেই, বুঝেছিস?
বেচারা নল্টে আর ফল্টে! ওরা জানেনা যে আমি ইচ্ছে করে পেছিয়ে পড়ছি। আর সেই সঙ্গে পুরস্কার জেতার দিকে এগোচ্ছি।
রাস্তা ছেড়ে এবারে বে-রাস্তা ধরলেই মনে হয় ঠিক জায়গায় পৌঁছোবো।
বাঃ! একেবারে ঠিক জায়গা মতো পৌঁছে গেছি!
একটা কথা-ইয়ে-মানে এই মাছের বুড়ি আপনারা কোথায় পৌঁছুন দাদা?
শহরের কাছাকাছি।


চমৎকার! অনুগ্রহ করে জীপ সমেত আমাকে আপনার লঞ্চে করে এই জায়গায় পৌঁছে দিন। তার জন্যে অবশ্য ইয়ে দেবো।
হুমমম! ঠিক আছে!
কম সহজে আর বিনা পরিশ্রমে, ওরা অত দূরে পৌঁছাবার অনেক আগেই আমি পৌঁছে যাবো। কেউ টেরও পাবে না। হিঃ হিঃ!
ভট্! ভট্! ভট্!
ওদিকে
কেল্টোকে আমরা অনেক পেছনে ফেলেছি কি বলিস?
হ্যাঁ, কিন্তু সামনে রাস্তা আটকে ষাঁড় শুয়ে যে রে!
মরেছে! ব্যাটার যে নড়ার নাম নেই রে!
জোরে জোরে হর্ণ বাজা দেখি!
ক্যাঁ-অ্যাঁ-অ্যাক্!
ক্যাক! ক্যাক!
ঘোঁৎ
মাক, ব্যাটা হর্ণের ঠ্যালায় উঠে পড়েছে! মিছিমিছি কতটা সময় নষ্ট করালো!
নন্টেরে, হতভাগা বুলীবর্দের আচরণটা ঠিক ভালো ঠেকছে না!

ঘোঁয়াৎ!
গেলুম রে!
ধরলে রে
ওক্‌ৎ!
উঃ, কেল্টোর সঙ্গে জীপ রেসে শেষে কিনা ষাঁড়ের গুঁতোয় ফেঁসে গেলুম!
একে নিদ্রায় বিঘ্ন ঘটিয়েছি, তারওপর গাড়িটার রং আবার লাল! ব্যাটা ক্ষেপে গিয়েছিলো।
এই মরেচে! ঘাঁড়াতে গিয়ে যে হাঁটু অব্দি ঢুকে গেলো রে!
বেস আমাদের এখানেই বোধ হয় শেষ হয়ে গেলো। কেল্টোটাই শেষ পর্যন্ত প্রাইজ বগলদাবা করবে।
কি হবে রে মন্টে? এই পাঁকেতেই হাঁক পাঁক করতে হবে?
দাঁড়া, একজন আসছে। এই যে দাদা! আমরা কাদায় আটকে বড়ই বিপাকে পড়েছি!
পাঁকে পইরেছ সি তো দেখতিছি। কিন্তুক পথ ছাইড়ে উখানে কাদার ভেতর সেঁদুলে ক্যামনে?
ইচ্ছে করে কি আর সেঁদিয়েছি- স্যাঁদানো হয়েছে!
এবার আমাদের ভালো দিকি মোড়লদাদু!

তুলবো তো লিচ্চয়। আমি যখন যেখানে হাজির রইচি তখন আর ডর নাই। কিন্তুক আপুনাদের কে উখানে কাদাতে স্যাঁদায়ে দিলো ইটা তো বুঝতে লারচি।
ইকি ফ্যাসাদ রে? আগে তোল, তা নয় কাদায় আটকে কেশ ওজর করেছে।
আগে আমাদের তোলার ব্যবস্থা করো তো মোড়লদাদু পরে সব বুঝিয়ে বলবেখিনে।
ঠিক আচে। আমি লোক আর দড়ি নিয়ে এগুতেচি।
কিছুক্ষণ পরে
ও ভীমে, বাবুদিগে কাদার থিকে তুইলে দে।
দিথো না কেনে, এক হেঁচকায় দুটোকেই তুইলে নে আসিচি।
হেইও-ওপর!
ইটা কি হলো ভীমে? অ্যামনতায় বুঝতে লি, তবু এ কসরতে দুজনকে তুলতে নেপোচে। যতো সব আনাড়ির কম্মো।
আরো কিছু পরে
উঃ, মোড়লদাদু এসে না পড়লে আমাদের কি দুরবস্থাই না হতো! এবারে গাড়িটা একটু ঠেলে তুলে দিলেই উপকারটা পুরোপুরি হয়ে যায়।
এই দ্যাখ ভীমে, তুইলে মরিচি। কাদার ভেতর ক্যামনে পুঁইতে গেছলো তা তো জানা হলো লি!
ও লিচ্চয় তেনারা পুঁইতেছেলেন। চুল কইরে ডাগ্যি পায়ের দিগা পুঁইতেছেলেন মাথার দিগা হলে আর দ্যাখতে হতো লি!

ধ্যুৎ! কেল্টা কতো আস্তে আসবে? এতোক্ষণ হয়ে গেলো, তবু ওর পাত্তা নেই! কি ব্যাপার বলতো?
আমাদের কাছ থেকে পুরস্কার জেতার আর আশা নেই বুঝে রাস্তায় বোধহয় ঘুমিয়ে পড়েছে!
এদিকে
আমার যথেষ্ট উপকার করলেন— এই নিন আপনার ইনোভা।
আপনার ঋণ শোধ দেখে আমিও খুশী! ধন্যবাদ!
ওরা যতক্ষণে ঘুরে এসে পৌঁছোবে তার অনেক আগেই পুরস্কার আমার হস্তগত হয়ে গেছে। নিজেই নিজেকে বলতে ইচ্ছে করছে—কেল্টুকুমার যুগ যুগ জীও!
একটা গাড়ি আসছে। একজন মথন, নিশ্চয়ই কেল্টু!
হ্যাঁ, কেল্টুকুমারই বটে। কাপটা তাহলে ওই জিতলো!
ক্লিক
জীপ বেয়ে পুরস্কার বিজয়ী এবং চ্যাম্পিয়ান!
ক্লিক
এই নাও কেল্টুকুমার, তোমার 'বিজয়ীর পুরস্কার!
ধন্যবাদ স্যার!

একি রে!
জাহাজের কাদা মাখাই স্যার গাড়ি?
তোরা কি সং সেজে ঢং দেখাতে আসছিস নাকি রে নন্টে আর ফন্টে!
হেঃ, আমার সঙ্গে কেন যে তোরা পাল্লা দিতে আসিস বুঝিনা। আর এখন মন খারাপ করলে কি হবে বল? হেঃ হেঃ!
উফ্, হাঁফ ধরে গেছে! যাক, তবু আপনাকে খুঁজে পেয়েছি!
লঞ্চওয়ালা এখানে কেন
আপনি আমার লঞ্চে ওঠার পর ভুল করে এক ঝুড়ি মাছ আপনার গাড়িতে রেখেছিলাম।
হুমম! বটে?
তাই তো ভাবছি, যে এতো মাছের গন্ধ আসে কোত্থেকে। কোথায় সেই চিটিং বাস্ত মর্কটটা!
ওই যে স্যার, আপনার ভয়ে পালাচ্ছে!
হতচ্ছাড়া মর্কট! আমার বোর্ডিং এর ছাত্র হয়ে কিনা চিটিংবাজী? আগে ধরি, তারপর দেখবি তোকে কি করি!
উপস্
নন্টে, এবারে স্যার আর কেল্টোর মধ্যে গাড়ি বনাম ঠ্যাংএর দৌড়ের প্রতিযোগিতা।
চালাকি করে নয়, এবার সত্যিকারের বিজয়ী!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কি চামৎকার কাঁচালিঠে আম রে মাইরি ফন্টে!
আমাকে নীচে পাহারায় রেখে, তখন থেকে তুই-ই খালি খেয়ে যাচ্ছিস।
এবার না দিলে আমি কিন্তু চ্যাঁচাবো নন্টে!
আত্তে! ষাঁড়ের মতো চেল্লাচ্ছিস্ কেন?
আম গাছে কে র‍্যা? দাঁড়া, আম খাওয়া বের করছি!
ফন্টে! আমাকে ফেলে যাসনে— ও-ও-ও-ও!
ওফ্!
হতচ্ছাড়া বেল্লিক ফন্টেটাকে আজ দেখে নেবো।
ইস্! তোর নাকটা একেবারে ল্যাংড়া আম হয়ে গেছে রে নন্টে, হিঃ-হিঃ!
এই আধলা ঝেড়ে তোর নাক আমি ফাস্ফুলি আম বানিয়ে ছাড়বো বেল্লিক! তোর জন্যেই তো এরকম হলো।
কী? আমাকে আধলা ইঁট ঝাড়বি? তাহলে আমি তোকে—
সহসা
আগুন! আগুন!
এইরে! ঘরে আগুন লেগে গেছে নাকি?


ওরে বাবারে ! যে ঘরে আগুন ধরেছে ঐ ঘরে একটা বাচ্চা ঘুমোচ্ছে। হায় ভগবান এখন কি হবে ?
সে কি ? শিগগির ওকে বার করে আনুন।
কিন্তু দরজায় যে চাবি লাগানো, আর চাবিটাই পাচ্ছি না। দমকল আসতে আসতে বিছানায় যদি আগুন ধরে যায়। কেন মরতে চাবি বন্ধ করেছিলুম, ওঃহো-হো !
ঘাবড়াবেন না। ঐ জানলা দিয়ে আমি ওকে বের করে আনছি।
সাবাস, নন্টে ঢুকতে পেরেছে!
এনেছিস ? গুড্! এবার ডালটা ধরে ঝুলে পড় নন্টে ! আমি তোকে ঠিক ক্যাচ লুফে নেবো।
অলরাইট! ঠিক ধরিস কিন্তু ফল্টু!
উফ্!
মরেচে!
ছুটো আম খাচ্ছিলি বলে তখন যা তা বলেছি, অথচ তোদের জন্যেই ওকে আবার ফিরে পেলুম।
একটু পরে
তুই ইচ্ছে করে আমার নাকের ওপর পড়েছিস। আমি তোকে—
ক্যাচ ধরবার নাম করে ফেলে দিয়ে এখন চালাকি! তোকে—
খবদ্দার ফল্টে! মেরেছিস কি মেরেছি।
খবদ্দার মেরেছিস কি আমিও মেরেছি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


আমরা ভাবছি বোর্ডিং বন্ধের কদিন দাতব্য চিকিৎসার মাধ্যমে আশপাশের দুঃস্থ অসুস্থ মানুষ জনের সেবা করবো!
বাঃ! বেশ ভালো প্রস্তাব।
আপনি তো স্যার, হোমিওপ্যাথি নিয়ে নাড়া চাড়া করেন তাই সে ব্যাপারে আপনার সাহায্য অবশ্যই পাবো।
ভালো কাজে যখন নেমেছিস নিশ্চয়ই পাবি।
এব্যাপারে কেল্টুকে তোদের সঙ্গে দেখছি না যে।
কেল্টুদার বোধহয় এতে আগ্রহ নেই।
তাহলে স্যার, আমরা বিনা ব্যয়ে চিকিৎসার কথাটা অঞ্চলের সবাইকে জানাবার ব্যবস্থা করি।
বেশ! তবে কেল্টুকে তোদের সঙ্গে নিস।
বুঝলি, ফন্টে! আমরা কেল্টোকে আমাদের অনুষ্ঠানে রাখবো না।
ওকে রাখলে অনুষ্ঠানই হয়তো বানচাল করে দেবে।
কি রে, নন্টে আর ফন্টে! স্যার কি বললো রে, তোদের?
বললো জনসেবা ভালো কাজ, তোরা কর।


চল, নল্টে! আমাদের এখন অনেক কাজ সারতে হবে।
দেখি,আমাকে বাদ দিয়ে কি রকম জনসেবা করিস
একটু পরে-
কি রে,কেল্টু! ওরা তোকে ওদের সঙ্গে নেয় নি!
না,স্যার,তবে মনে হচ্ছে যেন সেবাটা একমাত্র ওরাই করতে পারে।
কিন্তু আমিও আলাদা জনসেবা করে ওদের দেখিয়ে দেবো যে সেবা কি ভাবে করতে হয়।
তুই আবার আলাদা করে করবি কেল্টু?
অবশ্যই করবো,স্যার! আমি চিকিৎসায় রোগীদের সেবা করবো ভেষজ ওষুধ দিয়ে।
কিন্তু ওরা যে আমাকে দিয়ে হোমিও ওষুধ দেওয়ার কথা বলেছে
ওদের কথায় একদম কান দেবেন না,স্যার! দেখবেন ওদের ঐ হোমিওর সেবা নেবার জন্যে কেউ আসবে না, কিন্তু ভেষজের জন্যে সবাই লাইন দিয়ে আসবে।
বলিস কি রে! নানা ধরণের ভেষজ ওষুধ ভেগাবি কি করে?
ও ব্যাপারটা আমার ওপর ছেড়ে দিন,স্যার!


পরে-
এই পোস্টারেই কাজ হয়ে যাবে, কি বলিস, নন্টে?
অবশ্যই হবে।
বিনা ব্যায়ে হোমিওপ্যাথি চিকিৎসা
স্থান স্কুল বোর্ডিং চত্বর
এ্যাঃ! বিনা ব্যায়ে হোমিওপ্যাথি চিকিৎসা! করাচ্ছি হোমিওপ্যাথি দিয়ে তোদের জনসেবা। সেবা আমি করবো ভেষজ চিকিৎসা করিয়ে।
বিনা ব্যায়ে হোমিওপ্যাথি চিকিৎসা
স্থান স্কুল বোর্ডিং চত্বর
ওরা পোস্টার মেরে রুগী ডাকছে, আমি স্বয়ং গিয়ে রুগী ডাকবো।
কাল আমরা মানে বোর্ডি স্কুলের সুপারিনটেণ্ডেণ্ট স্যার আর আমি অসুস্থকে সুস্থ করার ব্রত নিয়ে ভেষজ চিকিৎসার মাধ্যমে –
আপনাদের সেবা করতে চাই। আপনারা যারা অসুস্থ আছেন তারা আমাদের বোর্ডিং চত্বরে এলে বিনামূল্যে ওষুধ নিয়ে আপনাদের সেবা করার সুযোগ দিন।
জ্বর, সর্দি, কাশি, পেটের গণ্ডগোল যার যা হয়েছে সবাইকে নিয়ে আসবেন।
যাবো গো বাবু যাবো বিনিপয়সায় চিকিচ্ছে হবে, যাবু নি, লিচ্চয় যাবো!
আর একটা ব্যাপার। ওখানে হোমিওপ্যাথি ওষুধও দেবে কিন্তু ভুলেও নেবেন না ওতে অনেক ওষুধ খেতে হয় কিন্তু আমার ওষুধ একবার খেলে হাতে হাতে ফল সেটা সবাইকে জানিয়ে দেবেন।
লিচ্চয় জানাবো।


এদিকে-
যাক ওষুধ এলে গেছে এবার নিশ্চিন্ত!
যা বলেছিস। কিন্তু কেলুদার কি খবর বলতো? একেবারে দেখা নেই!
কেলুদাকে পাতা দিইনি বলে বোধহয় বেচারা মুষরে গড়ছে!
চল তো দেখে আসি!
এইতো! কিন্তু কেলুদার ঘর থেকে কি রকম একটা গন্ধ বেরোচ্ছে!
কি রকম বিদঘুটে একটা গন্ধ!
আরে, কেলুদা! আমরা তোমাকে খুঁজছি আর তুমি ঘরে বসে কি সব রান্না করছো?
রান্না নয় রে, মুখ্যুরা! লতা পাতা দিয়ে ভেষজ ওষুধ তৈরি হচ্ছে, এই দ্যাখ্!
লতা পাতার গুণ
আর কাল দেখবি এই ভেষজ ওষুধের জন্যে লাইন পড়ে যাবে কিন্তু তোদের হোমিওর দিকে কেউ ভুলেও যাবে না!
কেন?
কারণ আমি পাড়ায় গিয়ে ওদের বলেছি যে, হোমিও ওষুধ অনেকবার খেলে তবে কাজ হয় কিন্তু আমার ভেষজ একবার এক শিশি খেলেই হাতে হাতে ফল। তাই ওরা আর তোদের সেবা করার সুযোগ দেবে না, নন্টে আর ফন্টে! হেঃহেঃ!
এবার তোরা কেটে পড় দেখি। আমার এখন অনেক কাজ। কাল সেবাকার্যের জন্যে আমাকে তৈরি হতে হবে।


এবার আমার সঙ্গে টক্কর দেওয়ার ফল, হাড়ে হাড়ে টের পাবে মুখ্যু দুটো!
কেলোটা কি ধড়িবাজ দেখেছিস! নষ্টামি করে আমাদের অনুষ্ঠানটা কেমন বানচাল করার ফন্দি করেছে। এখন কি করা যায় বলতে নন্টে?
ভাবতে হবে কি করা যায়
কিছু পরে-
পেয়েছি রে, নন্টে! শঠে শাঠ্যং। ওর ঐ ডেষজ দিয়েই ওকে ঘায়েল করবো।
কি করে রে, ফন্টে?
শোন, তাহলে- (ফিশ ফিশ ফিশ ফিশ)
দারুণ! দুর্দান্ত আইডিয়া।
পরে
একি! আবার দুই?
আমরা খুবই অনুতপ্ত, কেলুদা! তাই-
অনেক ভেবে আমরা একমত হলাম যে, কেলুদাই ঠিক! লজ্জায় নন্টে এলোনা। আমাকে দিয়ে এই ব্যাগটা পাঠালো। যদি তোমার কোন কাজে লাগে।
অবশ্যই লাগবে। তোদের শুভ বুদ্ধির উদয় হয়েছে দেখে আমি খুশি। নে এবার ডেষজের শিশিগুলো ঐ ব্যাগে ভরে স্যারের ঘরে রেখে আয়।
ঠিক আছে, কেলুদা এখুনি রেখে আসছি।


বাইরে এসে-
এবার আমার ভেষজের ব্যাগ
তুই নে আর তোরটা আমাকে দে.নন্টে!
এইনে।
একি! কি রাখছিস ওখানে?
কেলুদার তৈরি ভেষজ ওষুধ, স্যার! আপনার ঘরে রাখতে বললো কাল সকাল থেকেই তো জনসেবায় দিতে হবে।
ফন্টে তোরাও কেলুর সঙ্গে যোগ দিয়েছিস?
হ্যাঁ,স্যার! ভেবে দেখলুম কেলুদাই ঠিক। যেখানে একবার খেলেই ফল সেখানেই রুগীর ঢল তো নামবেই। কাজেই-
ভালো করেছিস। কেলুটার খুব এলেম আছে বলতে হবে। এতো ভেষজ ওষুধ তৈরি করেছে আবার এসব আমাকে দিয়েই দেওয়াবে!
ও তো সব ভালো কাজে আপনাকে দিয়েই করাব, স্যার!
পরদিন সেবাকার্য শুরু হলো-
নাও,যার যা ব্যাধি আছে এই এক শিশিতেই ফল পাবে।
আমাদের জনসেবা বেশ ভালোই চলছে,স্যার! বেচারা নন্টে আর ফন্টে লজ্জায় আসতে পারছে না।
বেশ নির্বিঘ্নেই আমাদের সেবা অনুষ্ঠান শেষ হলো,স্যার!
বেচারা দুঃস্থরাও বিনামূল্যে ওষুধ পেয়ে খুশি!
কিন্তু ঘণ্টাতিন পরে-
আবার পেটে মোচড় দিচ্চে। ওষুধ খাওয়ার পর এই চারবার হলো!
আমারও আমারও


বাবুদের দেওয়া ওষুধ খাওয়ার কিছু পর থিকেই পেট মোচড়ের জন্যি হাতের মগ আর নামাতে পারছিনা।
আমারও পাঁচবার হয়ে গ্যাচে আবারও মোচড় দিচ্চে।
সেবা করার নামে পচা ওষুধ খাইয়ে আমাদের হেনস্থা কইরেছে।
সেবা করার নামে মোদের সঙ্গে তঙ্ককতা। চল ভাইসব, এবার মোরা গিয়ে বাবুদের সেবা কইরবো।
ওষুধের বাবুরা কোথায়? এখুনি ডেইকে লিয়ে এসো।
নষ্টে রে, হাতে হাতে ফল বোধহয় ফলেচে।
জনসেবার কাজ বেশ সুন্দর হয়েছে রে, কেল্টু। ওরাও নিশ্চয় খুব খুশি হয়েছে।
আপনাদের খোঁজ করছে স্যার, বোধহয় অভিনন্দন জানাতে এসেছে!
আসবেইতো হেঃ হেঃ!
আপনারা অভিনন্দন জানাতে এসেছেন জেনে খুবই খুশি হয়েছি।
কিন্তু সঙ্গে লাঠি কেন?
আপনাদের ওষুধে মোদের ছয় সাতবার মগ হাতে দৌড়াতে হচ্চে। এখনো অনেককে দৌড়াতি হচ্চে। তাই মোরা ঠিক করেছি এবারে আপনাদের সেবা কইরবো এই লাঠা দিয়ে!
ওরেবাবা! এখন আমি কি করি!
এখন এখান থেকে হটকে পড়ুন, স্যার!
ধর-ধর! পাইলে মাচ্চে!
এদের হাত থেকে অব্যাহতি পাই তারপর তোর সঙ্গে আমার বোঝাপড়া হবে।
গার- ডেসাজের শিশিতে ক্যান্সার অয়েল। অপারেশনটা কেমন হলো বলতো?
দারুণ-দারুণ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
সরস্বতী পূজো আসছে। অথচ পূজার জন্যে পুরুত জোটাতে সবাই হিমসিমে খেয়ে যায়। এই মওকায় ঠাকুরকে দুটো ফুল ছিটিয়ে দক্ষিণা হিসেবে কিছু ইনকাম করলে মন্দ হয় না। কি বলিস?
দারুণ মতলব বের করেছিস। জলপ্রসাদও হবে, নিজপ্রসাদও হবে।
পূজোর দিন
হ্যাঁগো বাবুরা, কজন পুরুত জোগাড় করে দিতে পারো? বেলা হয়ে যাচ্ছে, পুরুত পাচ্ছি না।
পুরুত খুঁজছেন? ফালতু আমরাই পূজো করে দেবো।
সরেছে! আবার বেলটাটা এদিকে আসছে!
এদের সঙ্গে কি ব্যাপার মোড়লমশাই?
সরস্বতী পূজোর পুরুত পাচ্ছি না, তাই এনারা বলল যে আমরা পূজো করে দেবো।
হিঃ হিঃ! এরা তোমার সরস্বতী পূজো করবে? ঘাসালে দেখছি মোড়ল! আরে পূজোর 'প' উচ্চারণ করতেই এদের দাঁত খুলে যাবে।
তবে?
তবে নয়, হবে। আমি নিষ্ঠা সহকারে নিজে পূজো করে সরস্বতীর আসন একেবারে টলিয়ে দেবো।
বেশ বেশ! তুমি তাহলে শালগ্রাম ঠাকুর নিয়ে তাড়াতাড়ি এসো, আমি এগোই।
তুমি যে নিষ্ঠাসহকারে পূজো করবে বলছো কেলুদা, শালগ্রাম কোথায় পাবে?
হেঃ হেঃ! একটু পরে যখন পূজো করতে যাবো, তখন দেখতে পাবি।


একটু পরে
এই দ্যাখ, বাগানে চলে বেড়াচ্ছিলো-তুলে নিয়ে এলুম।
কৈ এবার তোমার শালগ্রাম দেখাও তো ?
শালগ্রাম কোথায়, এতো শামুক
হিঃ হিঃ! ফুল আর বেলপাতায় চাপা থাকলে কেউ বুঝতেই পারবে না যে এটা শামুক না শালগ্রাম। শুধু দক্ষিণাটা তাদের বদলে আমার ট্যাকস্থ হবে।
চলি রে নল্টে ফল্টে! পূজোটা সেরে আসি। পারিস তো তোরা আয়িস।
হাঁড়া, আমাদের পাটি তাওলো বের করছি। ঠিক হয়েছে, ওর ঐ শালগ্রাম দিয়েই ওকে গ্রামছাড়া করবো।
মোড়লের বাড়িতে
আমরা তোমার পূজো করা দেখতে এলুম শো কেলুদা!
বেশ করেছিস। ওং সরস্বত্যৈ পূজাং পুরস্কৃত্য নিষ্ঠাংভরে হচ্ছে:। ফুলং ছিটিয়ং ছিটিয়ে দিচ্ছিং নমং!
ওইতো শালগ্রাম ওরকে শামুক
কেলোর শালগ্রামে একটু জল ঢেলে দি। অহলে এই অনড় শালগ্রাম নড়া শুরু করবে।
একটু পরেই
একি মোড়লমশাই! শ্রালগ্রাম যে শুঁড় বের করে শুটি শুটি সরে পড়ছে।
তাইতো বটে! এটা তো শালগ্রাম নয়! কুলটে, আমার লাঠিটা আন তো!
শালগ্রাম দিয়ে চিটিং করে আমার পূজোয় অনাচার? আজ তোকে গ্রাম ছাড়া করে তবে আমার অন্য কাজ।
মোড়লমশাই কেলু বিতাড়ন করতে করতে আমরা পূজোটা সেরে ফেলি। কি বলিস নল্টে ?
ঠিক বলেছিস। তাহলে শুরু করা যাক কি বলিস কুলটে?
ঠিক!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
নন্টে আর ফন্টে বই পত্তর নিয়ে ক্লাশে যাওয়ার সময় কি পরামর্শ করতে করতে যাচ্ছে!
ঠিক হয়েছে! আমি অন্যদিক দিকে দিয়ে ওদের আগে গিয়ে এক জায়গায় লুকিয়ে থেকে ওরা কি পরামর্শ আঁটছে তা শুনবার চেষ্টা করি!
ক্লাশ ছুটির পরে বাগানে মালির জিনিস পত্র রাখার ঘরে দেখা করবি। ওখানে একটা খাবারের চুপড়ি লুকিয়ে রেখেছি, দু'জনে ভাগ করে খাবো!
কিন্তু
হিঃ হিঃ! ওরা জানে না যে, আমি এই আলমারিটাতে লুকিয়ে আছি এবং সবই শুনেছি, আর কি করে ওদের মতলব ভেস্তে দেওয়া যায় তাও জানি।
কেল্টোটা ধারে কাছে নেই, সুতরাং এই ফাঁকে চুপড়িটা ঘর থেকে বের করে আনি...
ওরে বাবা! ভেতরে কুকুর মেরে!
গোঁওওও!
কুকুর কি করে ঢুকলো বলতো!


গররর!
নিজে ঢোকেনি। কেউ ঢুকিয়েছে!
অ্যাই! স্যার আসছেন!
এখানে তোরা কি করছিস?
মানে, আমরা কিছু ফুলের গাছ পোঁতার জায়গা ঠিক করবার জন্যে মাটি খোঁড়ার যন্ত্রপাতি বের করতে যাচ্ছিলুম।
অতি চমৎকার আইডিয়া, নন্টে আর ফন্টে— আমি ওদের জন্যে দরজা খুলে দিচ্ছি...
গররর!
বাপ রে!
গররর! ঘেউ ঘেউ!
চল ফন্টে, এই তালে আমরা ভেতরে ঢুকে চুপড়িটা বের করে আনি।
এটা আবার লুকিয়ে ফেলাই ভালো, নন্টে। যদি স্যার আবার আমাদের দেখতে আসে।
ঠিক বলেছিস! এটা এবার কেলোর লকারে রেখে দেবো। স্যার ওটা দেখবার কথা ভাববেনই না।


লকার খুলতেই
কেল্টুদা, তুমি ওখানে লুকিয়ে থেকে আমাদের ওপর গোয়েন্দাগিরি করছো! তাহলে কুকুর ঘটিত ব্যাপারের মূলেও তুমি!
আর গোয়েন্দাগিরি করবে?
আরো কয়েকবার টুকে দে।
ওউফ! দেখে নেবো তোদের!
ফল্টে, ক্লাশ শেষ হবার পর কমনরুমে চলে আয়। ওখানে বসে চুপি চুপি সাঁটানো যাবে।
শুনতে পেয়েছি। রোসো, কমনরুমে বসে সাঁটানো বের করছি।
আগে কমনরুমে পৌঁছে।
তাড়াতাড়ি স্যার।
এই ওপর দিক খোলা আলমারিটাতে লুকিয়ে থেকে আমরা ওদের সব কথা শুনতে পাবো আর যখন ওরা চোরাই খাবার খেতে যাবে সেই সময় আপনি একেবারে বাদাল সমেত গ্রেপ্তার করতে পারবেন।
ফল্টে, যা এবারে নিয়ে আয়।
ক্লিক!
লুকিয়ে থাকা শ্রোতাদের উদ্দেশ্যে নন্টে আর ফল্টের অভিনয়-খেলা শুরু হলো।
ওরে, দ্যাখ্ মড়াখেকো বেড়ালটা এখানে কোত্থেকে এলো রে ফল্টে।


একটু পরে
আরে, স্যারকে তাড়া করেছিলো সেই কুকুরটা না! এটা আবার এখানে ঢুকলো কি করে?
বেড়ালটাকে ধর শক্তে!
এঃ! ফস্কে গেলো!
আরে আরে, একি!
গররর! মেউ!
ফ্যাঁচ্!
আঁউ!
বাবারে!
বাঁচাও!
গেলুম!
একি স্যার! আপনি ওখানে কি করছেন?
দমাস!
ওফ্!
বেরিয়ে আয়, কেল্টু! যত দেরী করবি তোর বরাতে ততো দুঃখু জানবি!
অপারেশন কেল্টু কেমন হলো বল্?
পুরোপুরি সফল।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

সে দিন কেষ্টো মিথ্যে নালিশ করে স্যারের কাছে আমাকে কি স্যাঙাতিই না খাওয়ালে। আজ ওকে হাতে পেয়েছি, সেদিনের শোধ তুলবো।
স্যারের প্রশ্রয়ে ওর বড্ড বাড় বেড়েছে!
ফন্টেটা আমাকে মারবার তালে আছে। লাগতে এলে আমিও ছাড়বো না, বিশেষ স্যার যখন আমার পক্ষে!

?
এসে গেছিস্ নন্টে? শাস্তির ব্যাপারে চালাকি হচ্ছে রে মাইরি! এবার সব চালাকি ভাঙছি। তোকে যা বলবো সেই মতো কাজ করবি।
যেমনটি বলবি ঠিক তেমনটি কাজ হবে।

এবার ঘরে যা কেলটু! এই শিক্ষা মনে থাকে যেন। এবার তোর পালা ফন্টে!
ওওওও! উঃ! আঃ!
নিচু হ ফন্টে!... ওঃ, বিরক্তিকর। টেলিফোন করার আর সময় পেলো না।

হ্যালো! অ্যাঁ? কি? কোথায়? আমার গাড়িটা পুকুরে পড়ে গেছে? কি করে পড়লো?...জানিস না... আচ্ছা আমি এখুনি যাচ্ছি!
গাড়িটার বোধ হয় ব্রেক নষ্ট হয়ে গেছে স্যার। তাই গড়িয়ে পুকুরে চলে গেছে।
গর্দভ কোথাকার! এখানে হাঁ করে দাঁড়িয়ে না থেকে অন্য ছেলেদের নিয়ে গাড়িটা পুকুর থেকে টেনে তোল্ না নন্টে!


টান, আরো বেশ জোরে টান লাগা।
কিছুই হচ্ছে না স্যার! পুকুরের পাড়টা বড্ড পেছল, পা রাখা যাচ্ছে না।
এই যে স্যার! আমি শান্তির জন্যে এখানে অপেক্ষা না করলে আপনার গাড়িটা তুলতে আমার মোটেই বেশী সময় লাগতো না।
তোকে বিশ্বাস করি না ঘটা। কিন্তু পারলে তাকে ক্ষমা করে দেবো।
গিপ!?
ঠিক আছে, আমি আসছি!
অবাক কাণ্ড! এতো দেখছি ট্র্যাক্টর নিয়ে গাঁয়ের চাষী বোঁচাই সিঙ্গি! এ কোথা থেকে হাজির হলো?
যত তাড়াতাড়ি সম্ভব আমি সমান জায়গায় তুলে দিচ্ছি, তোমরা একটা বড় পাথর গাড়ির সামনের দিকের চাকার কাছে রেখে দাও যাতে গাড়ি আবার গড়িয়ে না যায়।
হুম! শয়তানটা বোধহয় চালাকি করে শাস্তি এড়িয়ে গেলো। মনে হচ্ছে ওরই মতলবে গাড়িটা ঠেলে ফেলা হয়েছে আর বোঁচাই ট্র্যাক্টর নিয়ে গেটের বাইরে অপেক্ষা করছে। কেলুকে বলে রাখি সবাই চলে গেলে গাড়ির ভেতরটা পরীক্ষা করতে।

একটু পরে...
অনেক ধন্যবাদ বাঁচাইদা। চলো তোমাকে একটু চা খাইয়ে দি!
স্যারের নির্দেশ, ওরা চলে গেলেই গাড়ির ভেতরে ঢুকে কি করে এটা ষ্টার্ট দেয় তার হদিশ যদি কিছু পাওয়া যায় তা দেখতে হবে।
হিঃ হিঃ! যা ভেবেছি যে কেসটা হতচ্ছাড়া গাড়ির ভেতরটা দেখতে ঢুকবে। এইবার ইঁদুরটাকে ফাঁদে পেয়েছি। পাখরটা ঠেলে সরিয়ে দি, আর ব্রেকটা তো অকেজো করাই আছে...
ওরেবাবা! আবার কি হলো? গাড়ি যে আবার ঢালুপথে পুকুরের দিকে ছুটছে!
ঝপাস!
আমাকে উ-উদ্ধার করুন স্যার! আমি সাঁতার জানি না!
তাতে বয়ে গেলো। তোর সঙ্গে যখন বোঝাপড়া করবো তখন তোর অবস্থা আরো খারাপ হবে।
আম্ফ! উম্ফ! বড্ড লাগছে যে স্যার
লাগবেই তো চাঁদু! এবার বালিশের বদলে গায়ে পড়ছে যে।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


পরদিন
চারদিকে কড়া নজর রাখবি ফল্টে!
সে আর তোকে বলতে হবে না নল্টে!
দু ঘন্টা পর
এতোক্ষণ ঘুরে ঘুরে পায়ের নড়া ছিঁড়ে গেলো, তবু কেস্ট কিছু হারিয়েছে এমন কাউকে খুঁজে পেলুম না মাইরি!
যা বলেছিস। সবাই যেন কিছু হারাবো না পণ করে বসে আছে!
আরো আধঘন্টা পরে
এদিকে দ্যাখ নল্টে! ঐ বুড়ো লোকটি কিছু যেন খুঁজছে বলে মনে হচ্ছে না?
কৈ, কোন দিকে রে ফল্টে?
ঘুরে ঘুরে তালকানা মেরে গেছিস দেখছি! এই দ্যাখ তোর বাঁ দিকে।
হুঁ, তাইতো রে ফল্টে! নির্ঘাত কিছু হারিয়েছে! এতোক্ষণে কেস্টুদার একটা কেস পাওয়া গেলো বোধহয়।
নিশ্চয় আপনার কিছু হারিয়েছে বলে মনে হচ্ছে
ঠিক ধরেছো। দেখোনা— কতোক্ষণ ধরে চেষ্টা করছি কিন্তু কিছুতেই পারছি না।
আপনাকে কিছু পারতে হবে না। কেস্টুদাকে নিয়ে আসি, দেখবেন টক্ করে আপনার মাল বের করে দেবে।
তাই নাকি? যাও তাহলে শিগগির তোমাদের কেস্টুদা-না-কে তাকে নিয়ে এসো।


আমি চটপট কেলুদাকে ডেকে নিয়ে আসি নন্টে, তুই এখানে থাক।
আচ্ছা। কিন্তু তুই তাড়াতাড়ি ফিরবি ফল্টে!
কেলুদা, তোমার একটা কেস ধরেছি। শিগগির চলো।
পেয়েছিস? তাহলে দেখবি আমার কেরামতি।
আপনার জিনিস হারিয়েছেন বলছেন? কখন এবং কি ভাবে ঠিক করে বলুন।
এই তো, এই কিছুক্ষণ আগে।
এখান দিয়ে যাবার সময় নস্যিনিয়ে নাকটা ঝাড়বার জন্যে রুমালটা তুলতে গিয়েই তো পড়ে গিয়ে গড়িয়ে চলে গেলো। সুরুতেই আজ লোকসান, দিনটাই খারাপ যাবে দেখছি।
গড়িয়ে চলে গেলো— মানে আপনি তাহলে দেখেছেন কোথায় পড়ে গেলো!
দেখবো না কেন হে। আমার চোখের সামনেই তো গড়িয়ে এর মধ্যে পড়ে গেলো।
আপনার পকেট থেকে ওর মধ্যে কি রত্ন পড়েছে?
রত্ন? রত্ন পড়বে কোত্থেকে হে। দুটো পয়সা পড়েছে। অনেক চেষ্টা করেছি তুলতে, পারিনি। দাওনা তুলে।

রাবিশ! আপনি কি ভেবেছেন ওর ভেতর থেকে পাঁক ঘেঁটে আপনার ঐ দুটো পয়সা তুলবো? পাঁক নয়, আমি রহস্য ঘাঁটি, বুঝলেন?
তোমার চেলারাই তো বললো যে তুমি একেবারে ঝাট এসে পটে ওটা তুলে দেবে। মুরোদ নেই মুখেই মস্তো হম্বাই-তম্বাই। এতোক্ষণ চেষ্টা করলে নিজেই তুলতে পারতুম।
তাহলে চেষ্টা করে তাই আবার পারুন।
এসব ব্যাপারে অনুসন্ধানী চোখ থাকা চাই। আর তার জন্যে দস্তুরমতো গবেষণা দরকার। ওসব ভোদ্দের কম্ম নয় বুঝলি!
এই আমি — আমি একনজরে দেখলেই বুঝতে পারি কোনটায় রহস্যের গন্ধ আছে কোনটায় নেই। আমার এই চোখকে ফাঁকি দেওয়ার উপায় নেই। এ চোখে যদি একবার পড়ে তাহলে আর —
দাঁড়া-দাঁড়া। সামলের ব্যাপারটা কেমন যেন ঠিক স্বাভাবিক ঠেকছে না!
রহস্যের গন্ধ পেয়েছো নাকি কেষ্টুদা?
আমি জোর করে বলতে পারি যে ঐ লোকটা ঐ ছেলেটাকে গুম করবার চেষ্টা করছে।
বলো কি!

একটু পরে
ওদের কথাবার্তাও শোনা দরকার। এতো পেছন থেকে কিছু শোনা যাচ্ছে না। চলো একটু সামনে এগিয়ে যাই।
দ্যাখ্ নন্টে আমার অ্যাসিসটেন্ট হবার কয়েক ঘন্টার মধ্যেই তোর কি রকম বুদ্ধি খুলে যাচ্ছে। ওদের কথা শুনলে আমার অনুমান যে কিরকম অভ্রান্ত তা বুঝতে পারবি।
কৈ, এখনো তো দিলে না। তখন তো এই দিচ্ছি বলে ভুলিয়ে ভালিয়ে এনে এখন খালি দেবো দেবো বলছো তখন থেকে।
ভয় পাচ্ছিস কেন? দেবো বলেছি যখন তখন দেবোই।
নিজের কানে শুনলি তো? তাহলে বুঝে দ্যাখ্ আমার অনুসন্ধানী চোখের দৃষ্টি কতোখানি তীব্র! কি রকম এক নজর দেখেই বুঝে নিয়েছি যে এটা একটা বিরাট ষড়যন্ত্রের ব্যাপার।
কেলুদা, আমার ইচ্ছে হচ্ছে এখনি ওকে উদ্ধার করে আনি।
সত্যি
তোরা অধৈর্য হোসনে। তাড়াহুড়োতে সবকিছু পণ্ড হয়ে যেতে পারে। শুধু জেনে রাখ্, একবার আমার চোখে মখন ও পড়েছে তখন আর পরিত্রাণ নেই।
ওদের অনুসরন করে আমার আরো অনেক তথ্য জানা প্রয়োজন। তবে ছেলেটাকে কোনরকমে যদি কিছুক্ষণ একা পেতাম তাহলে কাজ অনেক সহজ হতো।
তাহলে এক কাজ করলে হয়না কেলুদা?


কি কাজ রে?
আমি আর নন্টে যদি কায়দা করে ঐ লোকটাকে সরিয়ে নিয়ে যাই তাহলে তো তুমি ছেলেটাকে একা পেয়ে ওর কাছ থেকে সব কিছু জেনে নিতে পারো
আরে না-না। এখনো ও ঘুণাক্ষরেও টের পায় নি। যে ও আমার কাছে ধরা পড়ে গেছে। কিন্তু তোরা ওসব ছেলেমানুষী করতে গেলেই ওর মনে সন্দেহ হবে। আর তাহলেই সব গুবলেট। যতটা পারা যায় ওদের কথা থেকেই তথ্য সংগ্রহ করে নি।
যা দেবে বলেছো তা এখুনি না দিলে আমি আর এক পা ও নড়বো না। দাঁড়িয়ে দাঁড়িয়ে চ্যাচাবো!
উঃ! ঢের ঢের ছেলে দেখেছি কিন্তু এরকম দুদে ছেলে কখনো চোখে পড়েনি।
শুনেছিস? এটাই প্রথম নয়। তার মানে এ ব্যাপারে ব্যাটা একেবারে রামঘুঘু! ঠিক আছে বাছাধন, তোমার পেছনে চাঁদ আমিও রয়েছি ফাঁদ!
ঠিক আছে, চল্ তোর জিনিস আমি কিনে দিচ্ছি।
না, আমি যাবো না। তুমি কিনে এনে আমার হাতে দেবে।
বেশ তাই আনছি। কিন্তু তুই এখান থেকে এক পা ও নড়বি না। তোকে আজ আমি নিয়ে যাবোই।
নিয়ে তোমায় যাওয়াচ্ছি বেল্লিক! এই আমার সুযোগ। ছেলেটার কাছ থেকে ভালো করে জেনে নিচ্ছি। তোরা ওর ফিরে আসার দিকে নজর রাখ্।
ঠিক আছে।

তারপর ওর অভিভাবকের কাছ থেকে ভয় দেখিয়ে মোটা টাকা আদায়ের চেষ্টা করবে।
ওরে বাবা, এতো ব্যাপার!
তুমি এতো সব খবর জানলে কি করে গো কেলুদা?
ওরে এরনামই হচ্ছে অনুসন্ধানী চোখ। ওর ভাবভঙ্গিতেই আমি সব কিছু ধরে ফেলেছি।
লোকটার কাছ থেকে এ হতভাগ্য ছেলেটাকে জোর করে কেড়ে আনা যায় না কেলুদা?
এসব ব্যাপারে কোন গোঁয়ার্তুমি চলে না, বুঝলি বোকারাম!
কেন কেলুদা? তুমি তো অন্তঃদৃষ্টিতে সব জেনেই ফেলেছো, তবে আর তোমার এতো ভয়টা কিসের?
আরে ভয় নয়, আমি শুধু সুযোগের অপেক্ষায় আছি, তারপর দেখবি আমার সূক্ষ্ম বুদ্ধির কেরামতি।
অপহরণকারীর মুক্কো চেহারা দেখে কেলুদা বোধহয় ভড়কে গেছে।
ওরে ভড়কাবার পাত্র এই কেলুরাম নয়। যখন ব্যাটাকে আমার কব্জায় আনবো তখন দেখবি ওই মুক্কো কুঁকড়ে একেবারে মুসলিক হয়ে গেছে।

এই যে খোকা! যে লোকটার সঙ্গে তুমি যাচ্ছো, সে তোমাকে তোমার ইচ্ছার বিরুদ্ধে নিয়ে যাচ্ছে তাই না?
হাঁ! দেখোনা, কতো করে বললুম যে যাবোনা। তবু টফি আর এটা ওটা কিনে দেবার লোভ দেখিয়ে নিয়ে যাচ্ছে। কিন্তু তুমি জানলে কি করে।
আমাকে জানতে হয়। তবে তোমার আর ভয় নেই। আমি তোমাকে উদ্ধার করে বাড়িতে তোমার বাড়িতে রেখে আসবো।
সত্যি বাড়িতে নিয়ে যাবে? কি মজা! তাহলে এখুনি চলো
দাঁড়াও, যাবার আগে ওই গুণ্ডা বদমায়েসটাকে ছেলেচুরির সাজা দিয়ে যেতে হবে।
গুণ্ডা, বদমাইস, ছেলেচোর আবার কে?
কি হয়েছে রে পোঁচা?
ওই তো! যে মহাপ্রভু এদিকে আসছেন। তবে ওঁর সব জারিজুরি এখানেই শেষ।
এইরে!
এই ছেলেটা এসে আমাকে বলছে তুমি গুণ্ডা বদমাইস ছেলেধরা। সত্যি নাকি বাবা!
বটে!
য়্যাঁ! বাবা!
নন্টে, ওয়েদার খুব খারাপ!
হুঁ, বাবা! আর এই থাবায় তোর ঘুণ্ডুটা ধরতে পারলে ধড় থেকে উপড়ে নেবো হতচ্ছাড়া মিটলে!
ছেলেটাকে কতো ভুলিয়ে ভালিয়ে ইস্কুলে নিয়ে যাচ্ছি, আর হতভাগা এসেছে ছেলেধরা ধরতে!
নন্টে, গোয়েন্দা কেলটুর ঘুণ্ডু উপড়ে নিয়েফেরার আগেই চল আমাদের ঘুণ্ডু নিয়ে আমরা সরে পড়ি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


দুপুরে গোঁসাইজীর বাড়িতে
রাধেকৃষ্ণ! বাবাজীদের তো বলেই দিয়েছি অর্থ দিয়ে অনর্থ করতে পারবো না। রাধেকৃষ্ণ!
ওই সব অপকর্ম করতে আসিনি প্রভু! আমরা আপনার প্রসাদ পেতে এসেছি!
বাবাজীদের ঘুমতিতে আমি যারপর নাই পুলকিত! কিঞ্চিৎ অপেক্ষা করো, আমি প্রসাদ নিয়ে আসছি রাধেকৃষ্ণ!
নন্টে, এই নাও প্যাকেটটা দে!
ভোগ কেমন লাগছে বাবাজীরা?
কুচো চিংড়ি সহযোগে ভোগটা অতুলনীয় খোলতাই হয়েছে প্রভু! এটা আর একটু পেতে পারি?
বলিস কি অর্বাচীন পাষণ্ড! আমার ভোগে মৎস! রাধেকৃষ্ণ!
আপনি নিজেই দেখুন না প্রভু! চিংড়িগুলিকে এর মধ্যে ভেজে দেওয়াতে আরো উত্তম হয়েছে!
রাধেকৃষ্ণ রাধেকৃষ্ণ তাইতো দেখছি!
চল্ নন্টে, সবাইকে উপাদেয় প্রসাদ পাবার জন্যে প্রভুর কুঞ্জে পাঠিয়ে দি। সঙ্গে একটু নমুনা নিয়ে যাই!
রাধেকৃষ্ণ! তোমরা না কি একটা কর্ম করছো?
ওসব খেতে দিন প্রভু! ও হলো গিয়ে যতো অপকর্ম!
না,না,ওসব হচ্ছে অত্যন্ত সৎকর্ম! বালকের মধ্যেই তো কৃষ্ণ! এই নাও একশত টাকা!
এই নাও গাবলুদা! বালক ভোজন উপলক্ষে গোঁসাইজীর দান একশত টাকা!
তোরা ম্যাজিক জানিস দেখছি!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
হামাকে আপুনি ডাকিয়েছেন বাবু?
শোনো, আমার জন্যে কয়েকদিন আর ক্ষীর করোনা। রাতে কদিন শুধু খই দুধ খাবো।
রাত্রে
কই হে ঠাকুর—এই যে, দুধ আনতে এতো দেরী হলো কেন? দাও, দাও।
দুধ খা লিয়া।
খা লিয়া মানে? তাই তো, এতো তলানি পড়ে আছে! এখন শুধু শুকনো খই চিবিয়ে থাকতে হবে। দুধ কিসে খেলো?
কোন জানে! বিল্লি-উল্লি খেবে।
পরদিন রাত্রে
আজ ভি আধা দুধ খা লিয়া।
নাঃ, জানলায় জাল লাগাতে হবে দেখছি।
পরদিন সকালে
কেল্টু, তারের জাল এলে খাবার ঘরের জানলায় লাগাবি। বেড়ালে রোজ আমার দুধ খেয়ে যাচ্ছে।
বেড়ালে রোজ আপনার দুধ খেয়ে যায়! কি ভয়ানক কথা! আমি এখুনি গিয়ে জাল এনে লাগাচ্ছি।
দেখুন স্যার, এবার বেড়ালের সাধ্যি নেই যে দুধ খায়।
বেশ হয়েছে।
সেদিন রাত্রে
আশ্চর্য! জাল লাগাবার পরেও দুধ সাবাড় হয়ে যাচ্ছে!
পরদিন
আমার মনে হচ্ছে, এদের ওপর একটু নজর রাখা দরকার।
সেই হোক, ধরতে পারলে দুধ খাওয়ার সুদ শুদ্ধু উসুল করে নেবো!


দেখলি ফল্টে, কেল্টোটা কেমন আমাদের ওপর দোষ চাপাতে চাইছে!
এর একটা হেস্তনেস্ত না করলে স্যার আমাদেরই দোষী ভাববে।
সন্ধ্যায়
লঙ্কা গুঁড়ো দিয়ে কি হবে রে ফল্টে?
এই গুঁড়ো দিয়েই দুধ খেকো ভূতকে পাকড়াও করবো! তুই ঠাকুরকে ঝুজুং-ঝাজুং দিয়ে একটু আটকে রাখিস।
একটু পরে
চলে আয় নন্টে! প্রাথমিক কার্য শেষ। এখন খালি শুধু অ্যাকশনের অপেক্ষা।
একটু পরেই
ওরে বাবারে! গেলুম রে! জ্বলে গেলো রে!
কেল্টুর আবার কি হলো! চল্ তো গিয়ে দেখি।
একি! তুই নাচ জুড়েছিস কেন? হাতে ওটা কিসের নল?
ওটাই তো স্যার গ্যাড়াকল! ওই পাইপলাইন বেয়েই তো দুধ আসে।
ওরে বাবারে! দুধ এতো ঝাল হয়ে গেলো কি করে!
এই দেখুন, দুধের পাইপ লাইন দিয়ে ঘরে ঢুকেই কেল্টুদা দিব্যি দুধ টেনে খেয়ে দিচ্ছে!
ওঃ, হস্তীমূর্খের পেটে পেটে এতো শয়তানী বুদ্ধি! অই ভাবি, জানলায় জাল দেওয়া সত্ত্বেও দুধ কম্ম কিকরে!
স্যার বলেছেন, এর ওপর আর ওকে নতুন করে শাস্তি দেবেন না।
ঠিকই বলেছেন। এর জেরেই সারারাত ধরে চলবে বোধহয়। আহা বেচারা!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
রাতে খাবার সময়
এবার দইটা নিয়ে এলো ঠাকুর!
দহি— নেহি!
আজেও দই লোপাট! কদিন ধরেই এই কাণ্ড হচ্ছে! কে খায় তাকে ধরতে পারো না?
ওহি দো ছোকরা, নন্টুয়া আওর ফন্টুয়াকে দেখলম রসুই ঘরসে বাহার হোতে!
ঠিক, ওদেরই কম্ম! দেখাচ্ছি মজা!
আশা করি এরপর গুরুজনের ভোজ্যদ্রব্যের দিকে নুলো বাড়াবি না!
স্যারের দই না খেয়েও রাম্তে ওনি খেলুম মাইরি ফন্টে!
কিন্তু যার জন্যে ঠেঙানি খেলুম, সেই দই থেকেকে ধরতে হবে!
পরদিন সন্ধ্যাবেলা
কোথায় যাচ্ছিস রে ফন্টে?
মাছ ধরবো বলে টোপ কিনতে যাচ্ছি!

খানিক পরে
ভাঁড়ে করে কি টোপ আনলি ?
দারুণ জিনিস ! দেখতে পাবি !
রাত্রে
তোর টোপ খেতে কেউ তো আসছে না রে !
দাঁড়া না, দইয়ের লোভে তাকে আসতেই হবে !
দ্যাখ্ নন্টে ! আমাদের মক্কেল হাজির। এবারে দ্যাখ্ কিরকম অটোমেটিক ক্যাচ হয়ে যায় !
একটু পরেই
আই রে বাপ ! একদম মর গিয়া !
আওয়াজেই মালুম করতে পারছিস প্রডাক্টিকে ! এবারে ঘরের আলোটা জ্বাল
অ্যা !
স্যারকে ডাক নন্টে ! ওর পেয়ারের ঠাকুর দইয়ের বদলে আজ চুন খেয়ে ফেলেছে !
হতচ্ছাড়া নেপো ! তুমি শেষে আমারই দই মেরেছো হতভাগা !
টোপটা কিরকম কার্যকরী হয়েছে বলতো নন্টে ?
জবাব নেই !

নন্টে আর ফন্টে
নয়ারা দেবনাথ
তোমার নামে একটা পার্শেল আছে এই নাও।
অস্ট্রেলিয়া থেকে কাকা পাঠিয়েছে দেখছি!
দ্যাখ ফন্টে! কাকা আমার জন্যে কি পাঠিয়েছে!
বুমেরাং যে রে! ঠিক মতো ছুড়তে পারলে আবার ঘুরে হাতে ফিরে আসে মাইরি!
মালীটা দাঁড়িয়েই নাক ডাকাচ্ছে। এই তালে ঐ আমের ওপরেই একবার পরখ করি।
ফররর ফোঁৎ!
ইয়াহ্! চেয়ে দ্যাখ নন্টে, বুমেরাং আম নিয়ে আসছে!
তোর কাকা তোকে দারুণ জিনিস পাঠিয়েছে মাইরি! ছুঁড়ে দিলেই সঙ্গে আম নিয়ে ফিরছে!
কি মিষ্টি আম রে মাইরি!

আর একবার মিসাইলটা ছাড়ি কি বলিস?
সে কথা আবার বলতে হয়।
ঐ আমের গোছা এখন গাছে ঝুলছে, আর একটু বাদেই আমাদের পেটে গলবে—এই যাঃ হাত ফসকে গেল!
ফুরুর ফোঁ!
এদিকে
হায় রামজী ই ক্যায়া!
এ্যাই মরেচে! আমের বদলে এবার মালীর পাগড়ি আসছে রে লন্টে—কেটে পড়—কুইক!
গসসস!...
উফ্!
আঁউ!
সুতরাং অত্যন্ত বাজে জিনিস, বুঝলি লন্টে! ওটা কালই পার্সেল করে তোর কাকারকাছে ফেরত পাঠিয়ে দে!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই যে ফন্টে, এই নাও তোমার চিঠি।
দিন।
মাসীর চিঠি রে নন্টে। আমাকে যেতে লিখেছে আর তোকেও সঙ্গে নিয়ে যেতে বলেছে।
সত্যি?
শুভ মঙ্গলায় দেরী করে লাভ নেই ফন্টে। চল কালই দুয়া বলে বেরিয়ে পড়া যাক।
তা আর বলতে। চল স্যারকে বলে ছুটি নিয়ে নি।
এই যে, ফুর্তির প্রাণে যে দেখছি একেবারে গড়ের ময়দান। কি ব্যাপার বল দেখি?
আমরা ভ্রমণে যাচ্ছি কেষ্টদা।
বটে, ভ্রমণে যাচ্ছিস? তা কোথায় যাচ্ছিস? লিলুয়া, না উল্টোডিঙ্গি?
উল্টো সোজা কোন ডিঙ্গিতেই নয়—
আমরা যাচ্ছি মাসী বাড়ি আর এখন যাচ্ছি স্যারের কাছে কয়েকদিনের ছুটির জন্যে।


পরদিন
যাক, স্যার কেশ কয়েক দিনের ছুটি দিয়েছেন। ভোর আমার জামা কাপড় সব নিয়েছিস তো? চল এবার তাড়াতাড়ি স্টেশনে পৌঁছই।
হ্যাঁ চল।
একটু পরেই ওরা বেরোবে। যাবার আগে হতচ্ছাড়াদের একটু দেহিক শক দিয়ে দি
চল, দুয়া দুয়া!
হ্যাচ্চো!
এটা কি হলো কেলুদা? হাঁচবার আর সময় পেলে না?
হাঁচির আবার সময় অসময় আছে নাকি? হাঁচি এলো হেঁচে ফেললাম। হেঃ হেঃ!
ধুঃ, মতো ইয়ের মতো কাজ!
একটু হাঁড়িয়ে গেলে হতো না ফল্টে?
দূর, ওর ঐ মেকানিক্যাল হাঁচির কোন অশুভ ক্ষমতা নেই!
হাঃ হাঃ হাঃ!
কেউ এখানে সাবান আর জল ফেলে রেখেছে!

হাঃ হাঃ — গুপ্!
ওঃ, পিঠটা গেছে রে মাইরি! কোন বেল্লিক এখানে সাবান রেখেছিলো বলতো?
ঐ যে, আসামী। ওর কৃতকর্মের ফল এখন বল হয়ে বেরোচ্ছে
ওরে বাবারে! আমি যে সাবান গিলে ফেলেছি রে!
হাঃ হাঃ হাঃ!
চলি গো কেল্টুদা।
তুমি এবার যত্তো খুশী বল ছাড়ো আর খেলা করো।
যাক, এ পর্যন্ত ভালোয় ভালোয় পৌঁছে গেলুম। এবার?
এবারে আর কোন মান বাহল নেই, তাই কেবল পদব্রজে মাইল ছয়েক।
কি বললি? ছ-ছ মাইল হাঁটতে হবে— ওওওওও!
কিরে নন্টে, ভিরমি গেলি নাকি?

ডিরানি যাওয়াটা কি অন্যায় হলো? এই বৃদ্ধকে ছমাসের রাস্তা হাঁটা কি সাজা?
হেঃ হেঃ! তাও তো। আরেকটা কথা তোকে বলিনি।
আবার কি কথা রে?
আমি এর আগে কখনো আসিনি ঘাইরি! শুধু শুনেছি, এই স্টেশনে নেমে নাকি মাসীদের গ্রামে খোঁচিয়াপাড়ায় যেতে হয়।

তাহলে চল পরের ট্রেনে ফিরে যাই।
সে পথও বন্ধ। আজ আর কোন গাড়ি যাবেও না, আজকেও না।
তার চেয়ে চল না, নতুন জায়গা আবিষ্কারের মতো আমরা মাসীদের বাড়ি খুঁজে বের করি। আর তাতে বেশ অ্যাডভেঞ্চারও হবে।
তবে তাই চল।

আধঘণ্টা পরে
ঐ একটা ছেলে আসছে। ওকে জিজ্ঞেস করা যাক।
হ্যাঁ ভাই! খোঁচিয়াপাড়া কোন্‌দিকে হবে বলতে পারো?
হিঁ, ক্যানো পারবুনি! উই লিলি কোরতিচে, উই উখানে।

আরো একঘণ্টা পরে...
লিলি দেখানো জায়গা মে শালের বন রে ফন্টে! ঘর-বাড়ির কোন চিহ্ন নেই।
তাইতো রে! ছোঁড়াটা ভুল জায়গা দেখিয়ে দিলে না তো?
এখানে বসে একটু জিরিয়ে নেওয়া যাক নন্টে, কি বলিস?
হ্যাঁ, না হলে আর এক পাও হাঁটা যাবে না। মারী-বাড়ি যাওয়া এখন ফাঁসি যাওয়ার মতো লাগছে মাইরি!
সহসা
কে কোথায় আছো, বাঁচাও! ডাকাতেরা আমাকে ধরে নিয়ে যাচ্ছে!
!
?
নন্টে, নির্ঘাত একলা পেয়ে কারা কোন মেয়ের ওপর অত্যাচার করছে!
আমাদের এখুণি সাহায্য করতে যাওয়া উচিত ফন্টে!
কিন্তু শুধু হাতে যাওয়া ঠিক নয়। আমি একটা রাখি, তুই এটা নে।
ঠিক কথা বলেছিস, দে।
দুজনে দু পাশ দিয়ে যাই, তারপর আচমকা ব্যাটাদের ঘায়েল করবো।

দুজনে মিলে ব্যাটাদের উচিত শিক্ষা দিয়ে দেবো।
কে আছো-বাঁচাও! রক্ষা করো!
হাঃ হাঃ হাঃ! এই পাণ্ডব বর্জিত জায়গায় কে তোমাকে রক্ষা করবে ললনে!
আমরা রক্ষে করবো! আপনার কোন ভয় নেই দিদিমনি! দু ব্যাটাকে এখুণি কাত করে দিচ্ছি
ওফ্!
উফ্!
ওরে বাবা রে!
আর ঘাবড়াবার কিছু নেই, ব্যাটারা কুপোকাৎ!

ও ট্যাপাবাবু! ও ন্যাপাবাবু! শিগগির বাঁচান! খুন করে ফেললে!
কাট, কাট!
ভয়ানক ব্যাপার রে নন্টে! শুনলি কে যেন বললে কেটে ফেলতে! বোধহয় ঐ মেয়েটিকেই!
ভাই ভয় পেয়ে ওরকম ছুটছে। শিগগির ওর পেছনে চল। আমরা ওর কোন ক্ষতি হতে দেবো না।
দাঁড়ান দিদিমনি! ছুটবেন না। বুঝতে পারছি আপনার ভীষণ বিপদ! এবার ওদের হাতে পড়লে আর আপনাকে রক্ষা করা যাবে না।
বলি, এসব কি হচ্ছে? অ্যাঁ?
আমাদের দুজন হোঁৎকা ভিলেনকে কোঁৎকা মেরে ঠান্ডা করে নায়িকাকে তাড়া করে নিয়ে যাচ্ছে। এরকম তো হবার কথা নয়, কিন্তু —
শিগগির ওদের আটকাও। ছোকরা দুটোর মতলব ভালো ঠেকছে না। ওরা নির্ঘাত কোন ছিনতাই পার্টির! নায়িকার কিছু এদিক ওদিক হয়ে গেলে আমার ছবি 'আঁধারে মেরা গ্রাম' আঁধারেই থেকে যাবে।
পাকড়াও, পাকড়াও! ডাকাত! ছিনতাই পার্টি! খুন! নায়িকা, মানে হিরোয়িন নিয়ে পালাচ্ছে!
কি হইচে বাবু? ছুটোছুটি করতে নেগেচেন ক্যানো? খামিক আগে দেখনু এক দিদিমনির পেচুনে দুটো ছোঁড়া ছুটতেচে!

সাংঘাতিক ব্যাপার মোড়লমশাই! ঐ ছোকরা দুটো দুজন ভিলেনকে প্রায় খুন করে এ আমার ছবির নায়িকাকে ধরবার জন্যে ছুটেছে!
ছুটলেই হলো। ইখান থিকে নায়িকা ধরে নে যাবে? কার গদ্দানে কটা মাতা আছে দেকি তো!
বাঁচাও! মেরে ফেললো!
ভয় নেই! দাঁড়ান।
খুন করে পালাচ্ছে! ধর ধর, মার মার!
ফল্টে, দাঁড়া। ব্যাপারটা কেমন উল্টো হয়ে যাচ্ছে। এখন মনে হচ্ছে ওরা খুনে ডাকাত বলে আমাদেরই ধরতে আসছে। দিদিমনিকে বাঁচানোর বদলে এখন নিজেদের বাঁচাতে জঙ্গলে গা ঢাকা দে,—
তারপর সকালে একমাত্র গাড়িতে বিনা টিকিটে যথাস্থানে ফেরত! এখন মাসীর বাড়ি খোঁজ করার মানেই হলো ফাঁসির দড়ি গলায় পরা।
ঠিক বলেছিস!
পরদিন
কিরে? কাল গিয়ে আজ সকালেই চলে এলি যে? অথচ বলেছিলি যে কিছুদিন থাকবি।
ইয়ে-মানে-একটা বিশেষ প্রয়োজনে স্যার—
হ্যাঁ স্যার!
কি এমন প্রয়োজন, যে মাসীবাড়ির তোয়াজ ছেড়ে চলে আসতে হলো— আর তোর মাসীও অমনি তোদের চলে আসতে দিলো? ভাল্লি লাগাচ্ছিস না তো? একটা খবর দেখ, খোঁচামাপাড়ার কাছে সিনেমার শুটিং-এর সময় কারা হামলা করেছে।
কোথায়?
এই যে, পড়ে দেখনা।
কি হলো রে?
ইস্!
কিছু না!
দৈনিক জয়ঢাক
খোঁচামাপাড়ার কাছে লোমহর্ষক কাণ্ড
চিত্রগ্রহণকালে দুই অভিনেতাকে গুণ্ডার হাতে মারিয়া নায়িকা লোপাটের চেষ্টা। শেষে গ্রামবাসীর তাড়ায় দুর্বৃত্তদের পলায়ন।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
চল্ ফন্টে, এবারে যাওয়া যাক।
হ্যাঁ, চল্। নেলো আমাদের সেই পিকনিকের জায়গাতেই থাকবে।
কেল্টোর শকুনিমার্কা চোখকে খুব ফাঁকি দেওয়া গেছে।
যা বলেছিস মাইরি! ও থাকলে একাই সব সাবড়ে দিতো।
এই দড়ি আর হুক দিয়ে টুক করে কাজ হাসিল করা যাবে।
হেঃ হেঃ! এই ঝুড়ির খাবার এবার আমার ভুঁড়িতে ঢুকবে।
কেল্টুদা আমাদের খাবারের ঝুড়ি ছিনতাই করে নিচ্ছে রে নন্টে!
অ্যাই কেল্টুদা! আমাদের খাবারের ঝুড়ি ফিরিয়ে দাও বলছি!
ওরা রাস্তার মোড় ঘুরে আসার আগেই আমি চোখের আড়ালে চলে যাবো।


হুঁকস্!
কোথাকার মাছিস তা না জেনেই অন্যের মতো ছুটছিস যে রে, অ্যাঁ! উঠে দাঁড়া সব, পিটিয়ে চোখ সারিয়ে দি!
কি-কিন্তু, স্যার...
সহসা
দেখুন, স্যার ঐ যে সেই চোরটা যাকে আমরা তাড়া করেছিলাম— এখন কালো চাদর ঢাকা দিয়ে সরে পড়ছে!
কি সর্বনাশ! শিগগির পাজিটাকে তোরা পাকড়াও কর!
এই যে, স্যার, এখুনি পাকড়াও করছি! ফল্টে, নেমো, ধর্ ছুঁচোটাকে!
ধরেছি!... না ছিঁচকেটা চাদর ফেলে পালালো— কিন্তু আমাদের খাবারের ঝুড়িটা ফেলে গেছে!
ধরে রাখতে পারলাম না স্যার, চাদর ফেলে পালালো!
ঠিক আছে, তোরা যথেষ্ট করেছিস! তোদের আর মারবো না!
ঝুড়িটা ভালো করে ঢেকে রাখিস নন্টে!

যাক্ত তবুরে ঠ্যাঙানির হাত থেকে রেহাই আর একটা ডেরত পেয়েছি মাইরি!
ছিঁচকেটাকে আচ্ছা করে একদিন ঝাড়পোঁছ করতে হবে।
ওদিকে কেন্টু
স্যারকে দেখে চাদর খুইয়ে সরে পড়তে হলো না হলে ফাইট দিয়ে ওদের টাইট করে ছেড়ে দিতাম। মাঝখান থেকে খাটনিটাই মাঠে মারা গেলো।
দূর ছাই! খানিকটা চক্কর মেরে বিশুদ্ধ হাওয়া খেয়ে যাই।
কিছুদূর এগোবার পর
কেরে বাবা! পাগল নাকি! ঊর্ধ্বশ্বাসে ছুটছে! আর একটু হলেই ধাক্কা লেগে যেতো!
পরমুহূর্তে
ওফ্‌স্!
উফ্!
কালা নাকি? দেখে ছুটতে পারেন না— আরে! আপনি তো শ্রীচন্দ্রকালী—
—দাস সাহিত্যশ্রী। কিন্তু তোমার জন্যে এই কিশ্রী ব্যাপারটা সংঘটিত হওয়ার সুযোগ আঁধার মণি ফসকে গেলো!

আঁধার মণি? সে আবার কি জিনিস চাঁদুদা?
অ্যাঃ!
সে কি! স্বনামধন্য এই চীজটিকে চিনতে পারলে না? ইনি হলেন সেই দুর্ধর্ষ কীর্তিমান ব্ল্যাক ডায়মণ্ড!
এই যে ভায়া, তুমিও এসে গেছো!
ভায়া—তার মানে ইন্দ্রজিৎ—মানে বিখ্যাত গোয়েন্দা ইন্দ্রজিৎ রায়—ইঁহু!
হ্যাঁ, আমিই সেই। কিন্তু ওটা কি হলো?
ওটা উচ্ছ্বাসের বহিঃপ্রকাশ! উফ্! এখুনি গিয়ে ওদের এসব বলতে হবে, না হলে পেট ফুলে ঢোল, না না ঢাক হয়ে যাবে!
ঢাকঢোল বাজাবার দরকার নেই। ও একটা ডাকাতির ফন্দি এঁটেছে। তোমাকে তো চালাক চতুর মনে হচ্ছে, একটু নজরে রেখো!
নিশ্চয়! রাখবো ইন্দ্রদা!
আরে আমি তো প্রায় কব্জা করে ফেলেছিলাম কিন্তু এই ছোকরার জন্যে সব ভণ্ডুল হয়ে গেলো।
ঠিক আছে চাঁদুদা! আমার জন্যেই যখন ব্ল্যাক ডায়মণ্ড পালিয়েছে, তখন ওকে আমিই খুঁজে বের করবো।
বেশ, খোঁজ পেলেই থানায় খবর দেবে।
একটু পরে
কেলেটা আবার কি মতলব নিয়ে আসছে রে ফল্টে!
আসুক! এবার শুধু খালি ঝুড়িটা পারে।


এই যে কেল্টুদা! আর কিচ্ছু নেই, সব শেষ।
আরে রেখে দে তোদের এঁদো পিকনিকের ছেঁদো খাওয়া! এদিকে যা হয়েছে না, ওঃ! চাঁদুদার সঙ্গে সংঘর্ষ দিয়ে শুরু তারপর—
চাঁদুদাই বা কে? আর তোমার সঙ্গে সংঘর্ষই বা হলো কেন?
আরে সে কথা বলতে আর তোদের সঙ্গে নিয়ে আঁধার মণির অনুসন্ধান করবো বলেই তো এসেছি!
এই রে! কেল্টুদা হেঁয়ালি দিয়ে কথা কইছে! চাঁদুদা, আঁধার মণি, খোলতাই করে বলো দিকিনি, এরা কে?
হেঁয়ালি নয় বৎস! চাঁদুদা হলেন চন্দ্রকালী দাস, সাহিত্যরথী, আঁধার মণি হচ্ছেন শয়তানের শিরোমণি ব্ল্যাক ডায়মণ্ড!
বলো কি কেল্টুদা! তুমি ব্ল্যাক ডায়মণ্ডকে দেখেছো?
দেখেছি, মানে? একগাল দাড়ি উড়িয়ে আমার নাকের ডগা দিয়ে ছুটে বেরিয়ে গেলো। অবশ্য তখন ওর পরিচয় জানিনা। ওকে তাড়া করে ছুটে আসছিলেন চাঁদুদা, তার পেছনেই ইন্দ্রজিৎ রায়। সেই সময় বাঁকের মাথায় এগিয়ে আসা আমার সঙ্গে লাগলো চাঁদুদার মুখোমুখি ঠক্কর, ব্যস, দুজনেই চিত্‌পাৎ! সেই ফাঁকে দাড়িওয়ালা পগার পার। পরে জেনেছি, ওই হচ্ছে ছদ্মবেশী ব্ল্যাক ডায়মণ্ড। ডাকাতির মতলব নিয়ে এসেছে। আমার জন্যে পালাবার সুযোগ পেলো বলে ইন্দ্রদাকে কথা দিয়েছি, আমিই ওকে খুঁজে বের করবো।
এসব কাজে সহকারী চাই, তাই তোদের সঙ্গে নিচ্ছি। এতে তোদেরই প্রেস্টিজ বাড়বে।
নিশ্চয়! সব সময় আমরা তোমার সঙ্গে আছি কেল্টুদা!
একটু পরে
নচ্ছে, একটা দারুণ আইডিয়া এসেছে!
চল তো শুনি তোর আইডিয়া ফন্টে!

পরদিন
ইস্! ভেবেছিলুম কিছু করার আগেই ইন্দ্রদার হাতে তুলে দেবো।
তুমি অনুসন্ধান করার আগেই ব্ল্যাক ডায়মণ্ড কম্মু ছাপিল করে ফেলেছে কেলুদা।
এবার কিন্তু ওকে পাকড়াও করতে তোমার আরো সুবিধে হবে, কেলুদা!
কি রকম?
ভুঠ করা সোলা এখন ব্ল্যাক ডায়মণ্ড আর কাছছাড়া করতে পারবে না আর কাছে রাখতে গেলে সুটকেস জাতীয় কিছু চাই। কাজেই এখন তোমাকে, মানে আমাদের সুটকেস হাতে দাড়িওয়ালা লোকের সন্ধান করতে হবে। তারপর সেই দাড়ি আসল না নকল পরীক্ষা করে দেখতে হবে।
কারেক্ট! হেঃ হেঃ! কাজের শুরুতেই আমার সদ্য গুণে নটের বিশ্লেষণ-শক্তি কি রকম ঊর্ধ্বমুখী হয়েছে দেখ ফ্রেন্ড!
একঘন্টা পরে
ঘাবড়াবার কিছু নেই। সব ঠিক ঠাক হয়ে যাবে।
নেপলদা! স্যামা বলেছি মনে আছে তো?
বিকেলে
তোরা আগে চক্কর দিয়ে আয়। সন্দেহজনক দেখলেই আমাকে খবর দিবি, নিজেরা কিছু করবি না। যা করার আমি গিয়ে করবো।
সে তো একশোবার কেলুদা!


একটু পরে
সুটকেস সমেত একজন সন্দেহজনক দাঁড়িওলা ঘাপটি মেরে বসে আছে-ইঃ! রংটাইমে এসে গেছি বোধহয়!
না,না, ইয়ে,কিসের রংটাইম!
এবারে জুড়োর এক প্যাঁচে কাত করে বয়ালশুদ্ধু বাছাধনকে ইন্দ্রদার হাতে তুলে দেবো।
ঐ দেখো কেলুদা! এ ব্যাটা নির্ঘাত ব্ল্যাক ডায়মণ্ড! এবার মাল নিয়ে সরে পড়ার তাল করেছে।
আমি অনেকক্ষণ থেকে ওয়াচ করছি। বোধহয় কিছু সন্দেহ করেছে!
এবারে আর ওর পরিত্রাণ নেই! দেখবি এক প্যাঁচে ব্যাটা মাটি নিয়েছে
বারে বারে ঘুঘু তুমি খেয়ে যাও ধান, এইবারে বাছাধন— অ্যাক!
-বধিরংগরাণ! ছুঁচো কোথাকার!
পাজি,বেল্লিক! আচমকা মারলি! এবার এক প্যাঁচ মেরে তোকে—

আর প্যাঁচ মারতে হবে না, কেলুদা! সে পালিয়েছে।
তবে সুটকেসটা নিয়ে যেতে পারে নি।
নিতে পারেনি তো?
জানি পারবে না। ব্যাটা ভীরু কাপুরুষ! প্রাণের ভয়ে বমাল ফেলে পালিয়েছে। এখন এই লুটের গয়নাগুলোই ইন্দ্রদার হাতে তুলে দেবো। এখন একবার দেখি সুটকেসের মধ্যে কি কি জিনিস আছে!
এই জীতুটার ভয়ে সবাই এতো তটস্থ! ক্রিমিন্যালটা পালিয়ে বাঁচলো, না হলে এক ঘুঁষিতে ওর থুতনিটা—
উড়িয়ে— হ্যাঁক্‌স্‌!
কেলুদার সার্টিফিকেট।
ওরে ছুঁচো, কেলু! দ্বিতীয় বার তোর গায়ে হাত দিতে সেল্লা হওয়ায় মাত্রিক চাঁটে মেরে তোর ভাঁট ভেঙে দিলুম
ব্ল্যাক ডায়মণ্ড (দুমদম)
ওটা বোধহয় নেপলুদার বাড়তি সংযোজন।
নেপলুদার তৈরি মেকানিকাল কিক্ দারুণ হয়েছে, কি বলিস নল্টে?
অপূর্ব!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

দিলে নে পুরোরা আঁখো মে আ—
আ-আঃ! ওঃ! একী রে বাবা!
এদিকেও! ওরে বাবা রে! আমি যে কিছুই দেখতে পাচ্ছিনা রে!

ওঃ হোহো! আমি নির্ঘাত অন্ধ হয়ে গেছি!
আরে, আরে কানা নাকি? কোথায় যাচ্ছো দেখতে পাও না?

ওফ!
উরে দাদারে! আমি বোধ হয় ঠিক অন্ধ হয়ে গেছি!
ধরলে কবন্ধ করে দেবো। শিগগির রঙের টিন দিয়ে দে।
হতচ্ছাড়াকে খুব টাইট দেওয়া গেছে, কি বলিস?
একেবারে এয়ার টাইট!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


স্যার পরে। তোমায়টা এখনি তুলে দি। লম্বু রোড আছে, দশ মিনিটে ফটো হয়ে যাবে।
না, আগে স্যারের একটা তুলে তারপর আমার আর স্যারের একসঙ্গে একটা তুলবি।
তাহলে স্যারের ফটো তোমাকে তুলতে হবে।
নিশ্চয় আমি তুলবো। তোরা কি ভেবেছিস আমি ছবি তুলতে পারি না! তোরি কি রকম ক্যামেরা আমি তুলি।
কেস অন্যরকম হয়ে গেলো রে লম্বু! আমাদের একটু সাবধানে থাকতে হবে!
একটু পরে
স্যার! ক্যামেরা নিয়ে এসেছি। তৈরি হয়ে নিন আপনার ছবি তুলবো।
সেকিরে! তুই ছবি তুলতে পারবি?
মুখে একটু হাসি হাসি ভাব ফুটিয়ে তুলুন, স্যার!
রেডি, স্যার! ওয়ান-টু-থ্রি- হুরুক!
গুপ!
হতভাগা উচ্চিংড়ে! হাতের নাগালে পেলে এই ক্যামেরা তোর মাথায় ভাঙবো!
দেখছি স্যার দুটু প্রতিজ্ঞা কেলটার মাথা না ভেঙে ফিরবেন না
এতো খেটেখুটে তৈরি ক্যামেরাটা গেলো লম্বু!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
সক্কালবেলা কাগজ থেকে কি এতো গোগ্রাসে গিলছো গো কেলুদা ?
কি সাংঘাতিক ব্যাপার দেখেছিস। বোরখার মধ্যে সন্ত্রাস ঢুকে পড়েছে!
বোরখায় আপাদমস্তক ঢেকে সন্ত্রাসবাদ চালিয়ে যাচ্ছে। কিছু বোঝার উপায় নেই।
কি সর্বনেশে কাণ্ড বলো, কেলুদা! এবার কি হবে ?
যে ব্যাটা বোরখা চাপিয়ে মহিলার ছদ্মবেশে নাশকতা ঘটাতে চাইছে সেই বজ্জাতটাকে ওরই কায়দায় পাকড়াও করে পুলিশের হাতে তুলে দেবো। দেখবি তোদের কেলুদার কেরামতি!
সেই মতো-
কি রে! কিরকম লাগছে ? আর এটা দেখেছিস! ধরলে বাছাধনকে সন্ত্রাস কাকে বলে দেখিয়ে ছাড়বো।
তোমার ভুল হবে না তো, কেলুদা ?
ভুল, ভুল কখনো এ শর্মার হয় না। আমার চোখকে ফাঁকি দেওয়া অতো সহজ নয়- আরো জেনে রাখ, ধরে দেবার পুরস্কারটা এই কেলুর হাতেই আসছে।
আমরাও নজর রাখবো, কেলুদা!
ওদিকে পোস্তেন্দা দপ্তরে-
ঢাকনা মাথায় চাপিয়ে বেরিয়ে পড়ুন। দেখবেন ব্যাটা বড়ো ধড়িবাজ সন্ত্রাসবাদী। ঘুণাক্ষরেও না সন্দেহ করে।
কোন চিন্তা নেই, স্যার! এবার ঠিক পাকড়াবো!


গোপন খবর পেয়েছি যে ব্যাটা এখানে কার সঙ্গে দেখা করতে আসবে। দেখলেই ব্যাটাকে জাপটে ধরবো তারপর ডান্ডা! তোদের সাহায্যের দরকার বোধহয় নাও হতে পারে।
কেলুদা! ঐ তো একজন বোরখা পড়া!
খবর পেয়েছি ব্যাটা এখানেই আসবে।
ধরেছি ব্যাটাকে! বোরখার আড়ালে চরবৃত্তি?
ওফ্‌স্!
বোরখার আড়ালেতে নাশকতা করো, এইবার বাছাধন গুঁতো খেয়ে মরো!
ওরে গেছি রে! মেরে ফেললো রে! বাঁচাও!
নল্টে আর ফল্টে! এসে গেছিস মে, এবার আবরণ উন্মোচন কর।
ও, কেলুদা! এতো পুলিশ! তুমি এতোক্ষণ পুলিশ পিটিয়েছো!
ওরে বাবা! পু-পু-পুলিশ!
মরেচে!
হতচ্ছাড়া, উজবুগ! আমাকে পিটিয়েছিস, আজ তোকেই আলো নাশকতার দায়ে ফাটকে পুরবো!
ওরে, নল্টে আর ফল্টে! ওকে বুঝিয়ে বলনা যে এটা রং নাম্বার হয়ে গেছে।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

বাঃ! তোর সাবানের গন্ধটা তো বেশ মিস্টি। দে তো সাবানটা একটু মেখে দেখি।
নিশ্চয়ই স্যার,এই নিন।
মরেচে। এযে রং নাস্তারে চলে গেলোরে!
হুঁ-হুঁ-হুঁ-হুঁহুঁ-হুঁউ-উ--
স্নানঘর
দারুণ সাবান এনেছিস,নন্টে আর ফন্টে! গন্ধে মোহিত হয়ে সুর ভাজতে ভাজতে স্যার চান করছে।
দশমিনিট পরেই-
হুঁউ-হুঁউ-হুঁউ-
হুঁউ-উ-উ-অ্যাই হতচ্ছাড়া,কেলু!
স্নানঘর
কি হলো বলতো? বেশ তো সুর ভেজে ভেজে চান করছিলেন হঠাৎ অ-সুর হয়ে গর্জন ছাড়লেন কেন!
ক্ষ্যা-ক্ষ্যানো,স্যার! কি-কি হয়েছে?
স্নানঘর
বেল্লিক,মর্কট! আমার সঙ্গে রসিকতা?
দ্যাখ কি হয়েছে!
ভূরক!
গাজিন নচ্ছার! তোর গায়ে এই সাবান পুরোটাই ঘষে দেবো।
এ-এটা একেবারে বিশ্বাসঘাতকতা স্যার!
স্যার কেলুটার ওপর এতোটাই ক্ষিপ্ত যে,ঐ সাবান দিয়ে কেলুটাকে কালিমালিপ্ত না করা পর্যন্ত স্যারের হৃদয় তৃপ্ত হবেনা!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ইস্! ঘোড়ের কাছে ফুচকাওয়ালা! আর আমার পকেট ফাঁকা! থাকলে ফুচকা খাওয়া যেতো। তোদের আছে রে নন্টে আর ফন্টে!
না, নেই, কেল্টুদা!
কবেই বা তোমার কাছে যে থাকে তা বুঝিনা - উফ্‌স্! কিসে হোঁচট খেলুম!
আর্‌ফ্‌স্!
সামলে, ফন্টে!
কি রে ওটা ফন্টে? যাতে হোচট খেয়ে সপাটে আছাড় খেয়ে পড়লি!
ঘোড়ার নাল বলে মনে হচ্ছে!
লোকে বলে ঘোড়ার নাল নাকি সৌভাগ্যের প্রতীক!
যাতে ঠোক্কর খেয়ে পড়ে বেচারার হাত পা ছড়ে গেলো সেটা সৌভাগ্যের প্রতীকই বটে! হাঃ হাঃ হাঃ!
অনেক দরজার ওপরে আটকে রাখে। ওটা তোর কাছেই রেখে দে, ফন্টে!
হ্যাঁ, আবার যাতে আছাড় খেতে পারিস! হেঃ হেঃ!
আর একটু এগোতেই-
আরে একটা পঞ্চাশ টাকার নোট পেলুম রে, নন্টে!

আস্ত একটা পঞ্চাশটাকার নোট কুড়িয়ে পেলুম।
বলেছিলুম না যে ঘোড়ার নাল সৌভাগ্যের প্রতীক। দ্যাখ, হাতেহাতে ফল পেয়ে গেলি।
এবার চলো, কেলুটুদা, ফুচকা খাওয়া যাক।
দ্যাখো, কেলুটুদা, ফন্টের সৌজন্যে আমাদেরও ফুচকা খাওয়ার সৌভাগ্য হয়ে গেলো!
ভালো করে পুর দিয়ে বেশ করে ঝাল আর তেঁতুল জল দিয়ে ফুচকা বানাও তো দেখি ফুচকাওয়ালা।
খুব ভালো করে বানিয়ে দেবো, খোঁকাবাবুরা।
দারুণ সুগন্ধ রে!
পড়ে পাওয়া টাকা রাখতে নেই, ফন্টে! তাই বেশীটাই আমি শেষ করার দায়ীত্ব নিচ্ছি রে, নন্টে আর ফন্টে।
হাঁ, বাবুরা যেতো পারেন খেয়ে লিন।
কতো হয়েছে, আমাদের?
পুরা পাঁচাশ রুপীয়া, খোঁকাবাবুরা!
বোর্ডিংয়ে ফেরার পথে-
ঘোড়ার নাল ব্যবহারের অনেক পদ্ধতি আছে তোকে জানাবো।
হ্যাঁ, আমি একটা লটারির টিকিট কিনেছি, দেখি কি হয়।

বোর্ডিংয়ে ফিরে-
ঘোড়ার নালের সৌভাগ্য পাবার নানা পদ্ধতি আছে যেমন তুই যদি ওটা পূব-উত্তর কোনে ছুঁড়ে মারিস। তাহলে তুই নির্ঘাত কোন সৌভাগ্যের মুখোমুখি হবি।
তাহলে এই আমি ছুঁড়লাম।
কি সব বেচারাকে তালিম দিচ্ছিস। একবার টাকা কুড়িয়ে পেয়েছে বলে বারে বারে ঘটবে!
একটু পরেই-
কাটকেদা বলে পাঠালো ফল্টেদা যে একটা লটারির টিকিট কিনেছিলো সেটাতে টাকা উঠেছে!
অ্যাঃ!
দেখলি তো, ফল্টে! যেই নালটা ছুঁড়ে ফেললি প্রায় সঙ্গে সঙ্গেই সৌভাগ্যের খবরটা এলো।
পরে গিয়ে টাকাটা নিয়ে আসতে হবে।
নাঃ, এবার আমাকেও একটা ঘোড়ার নাল জোগাড় করতে হবে।
পঁচাশরুপীয়া দিন। আপুনকে সস্তা করিয়ে দিলম!
ঘোড়ার নাল পাওয়া যায়
একটা লটারির টিকিট দাও তো, কাটকেদা!
তুই লটারির টিকিট কিনছিস যে, কেলুট? এই নে।
লটারির টিকিট
পরে-
আরেঃ, কেলুটদা! তোমার হাতে লটারির টিকিট?
শুধু লটারির টিকিট দেখলি এই এটাও দ্যাখ!
তুমিও ছুঁড়বে নাকি কেলুটদা?
অবশ্যই ছুঁড়বো। তুই একাই ছুঁড়ে সৌভাগ্যের অধিকারি হবি নাকি?
তা কেন হবে। আমরাও চাই তোমার সৌভাগ্যের উদয় হোক।


এখুনি ছুঁড়োনা কেলুদা! ছোঁড়ার টাইমটাও দেখতে হবে। আমি এখুনি ফিরে এসে ছোঁড়ার টাইম বলে দিচ্ছি। তখন ছুড়বে।
ঠিক আছে, তোর তো এই ব্যাপারে সবই জানা আছে।
কিরে, নন্টে, কিছু বলবি?
হ্যাঁ, স্যার! কেলুদা সৌভাগ্য কি করে আসে সেটা আপনাকে দেখাবে বলে ডাকছে।
ছেলেটার এলেম আছে। দেখি এবার সৌভাগ্যের কি খেলা দেখাবে। পুব উত্তরের করিডোর দিয়ে গেলে তাড়াতাড়ি যাওয়া যাবে।
এবার ছোড়ো কেলুদা, বেশ জোর দিয়ে ছোঁড়ো।
ঠকাং!
ওফ!
হতভাগা, বজ্জাত, ছুঁচো! সৌভাগ্য পাওয়ার খেলা দেখাবার নাম করে ডেকে এনে আমাকে মার্ডারের চেষ্টা-
মর্কট! তোকে হাতে পেলে আমি দুর্ভাগ্য আসার খেলাটা হাতে নাতে টের পাইয়ে দেবো।
প্রতারণা! আমার সঙ্গে নন্টে আর ফন্টে প্রতারণা করেছে, স্যার!
হাঃ হাঃ! তোর লটারি পাওয়ার খবরটা দিতে ছেলেটাকে শিখিয়ে দিয়েছিলাম ঐ শুনেই তো কেল্টো নাল জোগাড় করে ফেললো।
হিঃ হিঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
স্কুল জিমন্যাসিয়ামে-
দুর্দান্ত! দেখেছো কেলুদা! কি ভাবে একের পর এক ওয়েট বাড়িয়ে ঝপাঝপ তুলে ফেলছে! চেষ্টা করলে হয়তো একটা লরিও তুলে ফেলতে পারে!
অতো সোজা নয় রে বুদ্ধু! তবে এভাবে ওয়েট তোলার একটা কায়দা আছে।
দিন কয়েক প্র্যাকটিস করলে আমিও ওই রকম ওয়েট তুলে দেখাতে পারি
বুঝেছিস বুদ্ধুরা!
বলো কি কেলুদা! তুমি অতো ওয়েট তুলতে পারবে?
পারবো না মানে? শুধুমাত্র তিনদিনে তোদের সবার সামনে দেখিয়ে দেবো যে, কি ভাবে কতোটা ওয়েট আমি তুলে দিতে পারি!
তবে এই কদিন আমি একা নিরিবিলিতে চর্চা করে যাবো। তোরা গিয়ে কোন বিরক্ত করতে পারবি না!
সেই মতো-
ওয়েট তোলার ব্যাপারে যা দরকার সেটা স্কুলবোর্ডিং-য়ের এই জঞ্জাল রাখার ঘরে হয়তো পেয়ে যেতে পারি-ঐতে যা চাইছি সেটা ওখানে রয়েছে!
এবার এই থার্মোকোল শিট থেকে গোলগোল চাক্তি কেটে নেওয়া।
তারপর আঠা দিয়ে জুড়ে--
রং করে নিলেই তৈরি হয়ে যাবে ওয়েট লিফটিংয়ের লোহার চাকতি।

তিনদিন পরে-
দেখাশ্, কি বলছিলাম
আরিব্বাস!
দুর্দান্ত!
এ আর কি দেখছিস, আমি আরো ওজন তুলবো।
দেখলি তো? যা বলেছিলাম, ওয়েট তোলার একটা কায়দা আছে সেটা রপ্ত করতে পারলেই ইচ্ছেমতো ওয়েট তোলা যায়। দ্যাখ এবার
!
একহাতে কতো ওয়েট তুলেছি!
এক হাতে এতো ওয়েট! তাজ্জব!
পরে-
হিঃহিঃ! বুদ্ধু দু'টোকে বোকা বানিয়েছি! ওরা ব্যাপারটা ধরতেই পারেনি।
কিছু পরে-
ওরে, ফন্টে! কেল্টা আমাদের বোকা-বুদ্ধু বানিয়েছে রে, মাইরি! এ লোহা নয় থার্মোকোল কেটে তৈরি একেবারে হাল্কা। তখন ওর তোলা দেখেই সন্দেহ হয়েছিলো!
ওর রাস্তা ধরেই ওকে খাল্তা বানাবো। আমি নকল চাকতি সরিয়ে ফেলছি তুই আসলটা লাগিয়ে দে। তারপর আমি কয়েকজন দর্শক ডেকে আনি, দেখবি মজা কেমন জমবে!
আমাদের কাছে শুনে এরাও তোমার অসাধারণ ওয়েট লিফটিং দেখবে বলে ধরেছে!
বেশ! তাদের কথা তো ফেলতে পারি না।
কেউ সামনে আসবি না। ওয়েটের চাকতি ঘাড়ে পড়ে, গেলে আমাকে দোষ দিবিনা!
কেউ যাবে না। তুমি তোমার নয়নমুগ্ধকর অসাধারণ লিফটিং দেখাও, কেল্টুদা!
বেশ, তবে এটাই শেষ তোলা-
-হিঁক-হোঁক!
একি কেল্টুদা! তুমি এবার কোঁতাচ্ছো কেন?
তুমি চালাকি করে আমাদের ঠকিয়েছো, কেল্টুদা! কিন্তু তুমি ভুলে গিয়েছিলে যে- মহাজনেরা বলে গেছেন, চালাকি দিয়ে-
-কোন মহৎকর্ম হয় না ধরা পড়তেই হয়। যেটা তোমার হয়েছে, কেল্টুদা!
ওক্‌ৎ!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কি ব্যাপার কেলটু? কিছু বলবি না কি?
হ্যাঁ, স্যার! নন্টে আর ফন্টের বিরুদ্ধে আমার অভিযোগ আছে!
কিসের অভিযোগ সেটা বলবি তো?
কালওরা আমাকে বোর্ডিং-য়ের একদল ছেলের সামনে আমাকে অপদস্থ করেছে। এমন কি আপনাকেও রেয়াৎ করে না!
বটে! এতোদূর! ডেকে নিয়ে আয় শয়তান দুটোকে! বেতিয়ে লম্বা করে দিই!
এখুনি গিয়ে ধরে আনছি, স্যার!
এই যে, নন্টে আর ফন্টে! চলো স্যার তোমাদের তলব করেছেন!
কেন, কেন? হঠাৎ আমাদের তলব কেন? আমরা কি করেছি?
কি করেছো! স্যারের বেত যখন সপাসপ হাতে পড়বে তখন বুঝবে কি করেছো! হেঃ হেঃ!
এই যে, নন্টে আর ফন্টে! তোদের সাহস খুব বেড়ে গেছে মনে হচ্ছে! কেলটুকে অপদস্থ করিস আর আমাকেও নাকি রেয়াৎ করিস না! এদিকে আয়!
না, স্যার! ইয়ে--
-ইয়ে, কেলটুদা আপনাকে ভুল বুঝিয়েছে, স্যার!
ভুল বুঝিয়েছে? ঠিক আছে, তাহলে আমি তোদের ঠিক বুঝিয়ে দিচ্ছি--
হাত পাত!
ছিঃ ছিঃ! আমার সঙ্গে টক্কর দিতে আসার ঠ্যালাটা এবার বোঝো!

এবার হাতে খা কয়েক পড়লেই বুঝতে পারবি!
কিন্তু বেত হাতে পড়ার আগেই-
উরফ! এটা আবার এলো কোত্থেকে?
বাঁও-ও!
ত্যাই যাঃ!
স্যার, এটা জীমরুল! খুব সাংঘাতিক!
বাঁও-ও-ও!
ওরে বাবা! আমাকে অ্যাটাক করেছে!
ব্যাটা এতোক্ষণে আপনার টাকে ইয়ে মাথায় বসেছে। একদম চুপ থাকুন নড়বেন না। নড়লেই হুল ফোটাবে!
একদম নড়বেন না, স্যার!
!
দুমাড়!
বাঁও-ও!
কি পরোপকারী জীমরুল রে, ভাইরি! সব উলটপুরাণ করে দিয়ে এমন স্বর্গীয় দৃশ্য দেখার ব্যবস্থা করে দিয়ে গেলো!
বাঁও-ও

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এদিকে ঝোপ ঝাড়ের মধ্যে অনেক তিতির পাখি ঘুরে বেড়ায়, আর আমরা আমাদের পোষা নেউলের সাহায্যে তিতির ধরে ফিস্টি করবো!
তুই পাখি ধর, ফন্টে। আমি স্যারের একটা চিঠি পৌঁছে দিয়ে আসি।
ঠিক আছে। এই খাবার নেবার বাক্সটা নেউল চিকুটাকে ভরে নেবার সঠিক জিনিস।
ইতিমধ্যে—কাছাকাছি একজায়গায়
পাইটা ভীষণ গরম, এটাকে ঠাণ্ডা হবার জন্যে জানালাটার সামনে রেখে দি।
কি দারুণ গন্ধ!
দুর্দান্ত! একটা সুন্দরে পাই!
ওয়ে-ওয়ে! আমি চুপিসাড়ে এ ঝোপঝাড়ের আড়ালে যাবো আর এটাকে উদরসাৎ করবো!
উফ্! এটা গরম! ঠাণ্ডা হওয়ার জন্যে আমি এটা কোথাও নামিয়ে রাখবো!
এই বেঞ্চটাতে বসে আমি চিকুটাকে ছেড়ে দি।
পাইটা আমি এই বেঞ্চটাতে রাখি।
আআঃ! এটাই বেশ ভালো হলো!

আঁইই! আমি পুড়ে গেছি!
মরেছে! এযে ফল্টে!
আমি বলতে পারি এটা ওর খাবারের বাক্স!
গরর! কেল্টুদা ফিরে এসো!
কোন চান্স নেই! তুই আমার গাইয়ে বলেছিলি তাই আমি তোর খাবারের বাক্স নিয়েছি, ফল্টে!
তুমি আমার কাছ থেকে পালাতে পারবে না, কেল্টুদা!
একটা লোকো!
তোর ভাগ্যটা খারাপ, ফল্টে! আমি তোর এই খাবার লেকের মধ্যিখানে গিয়ে খাবো যেখানে তুই আমাকে বিরক্ত করতে পারবি না!
হেঃ হেঃ!
এবার দেখি — এর মধ্যে ফল্টে কি সুখাদ্য এনেছে!
আঁইই! আমার নাক!
হাঃ হাঃ! খুব ভালো কাজ হয়েছে, চিক্কু! ও আবার একটা বড় মাছও ধরেছে!
হিঃ হিঃ! নাকে পুরো ব্যাণ্ডেজের জন্যে কেল্টুদা নাকে মাছ ভাজার কোন গন্ধই পাবে না—
আর গন্ধ না পাওয়ার জন্যে খাওয়ার কোন ইচ্ছাই কেল্টুর থাকবে না!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

সব ঝাড় পোঁছ শেষ। এবার এই মুখটাকে একটু সাফাই করা দরকার।
ফল্টেটা যে কোথায় গেলো! আরে! একটা জ্যাম স্পঞ্জ!
ঐ যে যাচ্ছে নচ্ছার ফল্টেটা! ওকে যদি আমি অনুসরণ করি, ও আমাকে আমার জ্যাম স্পঞ্জের কাছে পৌঁছে দেবে।
আঃহা! ও ঐ মুখটার মধ্যে ওটা লুকিয়েছে!
নল্টে জানেই না কেল্টোর কাছ থেকে আমি কি জিনিস হাতিয়েছি!
আমাকে দে, চোর কোথাকার!
এখানে কি হচ্ছে?
ওফ! ফল্টেটা আচমকা ছেড়ে দিয়ে পালালো!
খপাৎ!
কেল্টোদার এলেম আছে বলতে হবে। যে ভাবেই হোক স্যারের মুণ্ডু পালটে দিয়েছে হিঃহিঃ
স্যারের সাড়া পেয়েই আমি ছেড়ে পালিয়েছিলাম তাই স্যারের ধারণা কেল্টোই মুণ্ডু ছুঁড়েছে! হাঃহাঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
পূজোর ছুটির কয়েকদিন আগে
ডিস্কো দীওয়ানে আহা...
কোথায় বাজছে বলতো ?
কেল্টোর ঘরে বাজছে বলে মনে হচ্ছে যেন !
আহা...আহা...
সেই রকমই তো মনে হচ্ছেরে ! চল তো গিয়ে দেখি।
দীওয়ানে আহা...
গানের সঙ্গে একটা অন্যরকম শব্দও আসছেরে নন্টে !
আরিব্বাস ! টেপ চালিয়ে কেল্টুদা ডিস্কো নাচছে মে, রে !
নাচছে না হাত পা ছুড়ছে রে নন্টে !
ডিস্কো দীওয়ানে
কে র‍্যা ! কানের কাছে ড্যাজোর ড্যাজোর করে আমার মনঃসংযোগ ছিন্ন করে দিচ্ছিস !
এই যে আমরা, কেল্টুদা ! গান শুনে এসে দেখি তুমি হাত পা ছুড়ছো !
কি বললি ! আমি হাত পা ছুড়ছি ? ওরে ঘুঘুরা তোরা নৃত্যকলার কি বুঝিস ? এ নাচে যতো শরীর ঝাঁকাবি তত উৎকর্ষতা বাড়বে। ভালো করে দ্যাখ্ !


অ্যাই মরেচে! কেলুদা থামো! হাত যে তোমার ছিঁড়ে বেরিয়ে যাবে!
ভিক্কো রিওয়াল্ভার
যাক, কাজটা তাড়াতাড়ি মিটে যাওয়াতে অনেক আগেই ফিরতে পেরেছি।
কি সাংঘাতিক! বোর্ডিংএর ভেতরে কে গান বাজাচ্ছে!
আমার একটু অনুপস্থিতির সুযোগে নিয়ম শৃংখলার একেবারে অবনতি ঘটিয়েছে! দেখাচ্ছি মজা!
এসব কি হচ্ছে এখানে?
ভিক্কো রিওয়াল্ভার আছা...
মরেচে! স্যার!
দ্যাখ, নল্টে আর ফল্টে! গানের সঙ্গে শরীরের ঝাঁকুনিটা লক্ষ্য করে যা। এটাই হচ্ছে আসল!


এই হচ্ছে ডিস্কো ড্যান্স, বুঝলি? তোদের বলা হয়নি আমি অল ধাপ্পা ডিস্কো প্রতিযোগিতায় মাচ্ছি— হুর্‌রু!
ওটা'দে!
ডিস্কো দীওয়ানে
স্যার, ইয়ে . এটার কথা বলছেন? মানে এই টেপ রেকর্ডারটা . . . মানে . . .
তোর মানে কানে অনেক শুনেছি, ওটাই চাইছি!
এটা আমি বাজেয়াপ্ত করলুম।
ওরে বাবা, সর্বনাশ হয়ে গেলো!
স্যার চলে যাচ্ছেন। চল্, কেলুর ঘরে গিয়ে দেখি কি হলো!
চল্।
কি গো, কেলুদা! তোমার যে প্রায় ধরাশায়ী অবস্থা! চোট-ফোট পেয়েছো নাকি?
চোট মানে মোক্ষম চোট! স্যার টেপ রেকর্ডারটা নিয়ে গেছেন!

সব থেকে মুস্কিল হচ্ছে ঐ টেপ রেকর্ডারটা। আমার এক বন্ধু তার চেনা এক দোকান থেকে চেয়ে এনে দিয়েছে, পরশু ফেরত দেবার কথা। দিতে না পারলে আমার যে কি অবস্থা হবে ভাবতেই পারছি না!
এক কাজ করো না, কেলুদা! তক্কে তক্কে থাকো। যখন স্যার একটু এদিক ওদিক যাবেন তখন টুক্ করে ঘরে ঢুকে ওটা নিয়ে আসবে।
না হয় স্যার যখন কসে ঘুম লাগাবে তখন চুপি চুপি গিয়ে তুলে নিয়ে চলে আসবে।
তোরা যতো ফালতু মতলব বের করছিস! নন্টের মতলব মতো হলে পরিস্থিতি আরো ঘোরালো হয়ে যাবে, আর ফন্টের মতলবে করতে গেলে, অদৃশ্য হয়ে যেতে পারলে তবে হবে, কাজেই ওটাও অসম্ভব! অন্য ধান্দা দ্যাখ।
পরে
কেলোটা এবার খুব গাড্ডায় পড়েছে, নন্টে। সব ভাতেই মাতব্বরী করা বেরিয়ে যাবে।
আমার মাথায় অন্য একটা মতলব উঁকি-ঝুঁকি দিচ্ছে রে, ফন্টে!
কি মতলব রে নন্টে?
কেল্টোকে অদৃশ্য করার মতলব। ও বলছিলো শুধু অদৃশ্য হয়ে যেতে পারলে আনা যায় সেই অদৃশ্যই আমরা ওকে করবো তারপর দেখবি কি দারুণ ব্যাপার হবে!
কি করে হবে রে, নন্টে?
শোন তবে— (ফিস ফিস)


সেদিন রাতে
বৎস! আত্মহননের কথা চিন্তা করাও পাপ!
আর কোন আশা নেই। এখন আমাকে জান দিয়েই মান বাঁচাতে হবে।
কে–কে কথা বললো?
আমি বলেছি, বৎস।
তু–তুমি–আ–আপনি কে? কি করে কোত্থেকে এই রাতে এখানে এলেন?
আমার পরিচয় জেনে কি হবে বৎস। আমি এই জানালার কাছ দিয়েই যাচ্ছিলাম, তোমার কাতর হতাশব্যঞ্জক কথাই আমাকে এখানে টেনে আনলো।
কিন্তু আপনি ঘরের মধ্যে এলেন কোন পথে?
ঐ জানালা পথে, বৎস।
ঠিক আছে, তোমার কৌতুহল নিবৃত্ত করছি। শোন, বৎস! আমি সেই প্রাচীন বালখিল্য মুনিদেরই একজন। প্রয়োজন হলে আমরা সুক্ষ্ম দেহে যে কোন স্থান দিয়ে সেখানে ইচ্ছা প্রবেশ করতে পারি। এবার বলতো বৎস, কেন তুমি আত্মহননের কথা বলছিলে?
বলছি। তার আগে আমার প্রণাম গ্রহণ করুন প্রভু!
আরে,আরে! একি করো বৎস? দীর্ঘ জীবন লাভ করো।


এবার কেন আমি সুইসাইডের কথা বলছিলাম শুনুন; প্রভু! নিখিল ধাপা ডিস্কো নাচ প্রতিযোগিতায় অংশ নেবার বাসনায় আমার এক বন্ধুর পরিচিত এক দোকান থেকে ওর খাতিরে একটা টেপ রেকর্ডার এনেছিলাম। গান বাজিয়ে নাচ প্র্যাকটিসের জন্যে, কিন্তু বোর্ডিং এ ওসব বাজানো মানা। তাই আমাদের সুপারিনটেণ্ডেন্ট স্যার টের পেয়ে ওটা বাজেয়াপ্ত করে নিয়ে গেছেন। তাই ওটা ফেরত দেওয়ারও আশা নেই, আমার জীবনেরও আশা নেই।
তুমি ঘোর সঙ্কটেই পড়েছো দেখছি, বৎস।
প্রভু, আপনিই আমাকে এই ঘোর সঙ্কট থেকে উদ্ধার করতে পারেন। পুরাণে বর্ণিত মুনিদের একজন আমার সামনে এটা ভাবতেও আমার শরীর কণ্টকিত হয়ে উঠছে!
তোমাদের হৃদয়হীন সুপারিনটেণ্ডেন্টএর নিষ্ঠুর অমানষিক কাজের জন্যে তুমি চরম সঙ্কটে পড়েছো। আমি অবশ্যই তোমার ত্রাণের ব্যবস্থা করবো, তবে সেটা কিন্তু তোমাকেই স্বহস্তে করতে হবে বৎস।
কোরবো প্রভু! আপনি যেভাবে বলবেন সেই ভাবেই কোরবো।
উত্তম! এই রুদ্রাক্ষের মালাটি রাখো। আগামী কল্য প্রাতে একটি জলপূর্ণ পাত্রে এটি ডুবিয়ে রেখে সেই জল সারাদিনে এক গণ্ডুষ করে পান করবে। আর তোমাদের বোর্ডিং এর দু'জন শিক্ষক, যাদের সঙ্গে তোমার যোগাযোগ বেশী, তাদের ইচ্ছানুযায়ী আহার করাবে, তারপর নিশাকালে ঐ মালা ধারণপূর্বক বালখিল্য মন্ত্র জপ করলেই তোমার দেহ সূক্ষ্মাতিসূক্ষ্ম হয়ে মিলিয়ে যাবে। এরপর তোমার যা করণীয় তুমি তা করবে।
এবার কিন্তু আমি দ্বারপথে নিষ্ক্রান্ত হবো। আর একটা কথা, আমার সঙ্গে তোমার এই সাক্ষাৎ কারের কথা গোপন রাখবে। এবার, চক্ষু মুদ্রিত করো, বৎস। আমাদের আগমন নির্গমন অবলোকন করতে নেই।
তাই হবে প্রভু!
পরদিন সকালে
হুয়াহু!
কি ব্যাপার বলতো, মন্টে! কেল্টুদা কি ভেবে স্কেপে গেলো নাকি রে?


আচ্ছা, তোদের কি খেতে ইচ্ছে হচ্ছে বল।
ফন্টে রে! কেলটদার মস্তিষ্কে নিশ্চিত লোডশেডিং হয়েছে। তাই সব এমন অসংলগ্ন সংলাপ বেরোচ্ছে।
একটু পরে
এই নে, নন্টে আর ফন্টে! তোদের জন্যে নিয়ে এলুম।
ওমা ফন্টে! কেলটদা সত্যি সত্যি কতো খাবার নিয়ে এসেছে!
উরিব্বাস!
কি ব্যাপার বলো তো, কেলটদা? গাঁটের পয়সা খরচ করে আমাদের খাওয়াচ্ছো?
খাওয়াচ্ছি কি আর অমনি! প্রাণের দায়ে খাওয়াচ্ছি। কার্যোদ্ধার হয়ে গেলে সুদে আসলে তুলবো।
ওকিছু না। এমনি।
একটা দুর্দান্ত খবর শোন, নন্টে আর ফন্টে! আজ রাতে স্যারের ঘর থেকে টেপ রেকর্ডারটা নিয়ে আসবো, অবশ্যই খুলে দেখে। আসিস চাক্ষুস দেখতে পাবি।
সেদিন রাতে সবাই শোবার পর
ঠিক সময়ে এসে গেছিস। এই শেষ গণ্ডূষ পান করে তারপর এই রুদ্রাক্ষের মালা গলায় পরে বালখিল্য মন্ত্র জপব, তারপর দেখবি, আমি নেই!
বালখিল্য, বালখিল্য— কি রে? আমাকে দেখতে পাচ্ছিস?
আশ্চর্য! কেলটদা তুমি মিলিয়ে যাচ্ছো!
মাঃ, আর নেই!


সত্যি তোরা আর আমাকে দেখতে পাচ্ছিস না!
হ্যাঁরো, কেলটদা! শুধু তোমার কথা শুনতে পাচ্ছি!
জয়, বালখিল্য! এবার তাহলে স্যারের ঘর থেকে টপরেকর্ডারটা উদ্ধার করে নিয়ে আসি।
ফল্টে! আর একটু বাদেই বিস্ফোরণ ঘটবে!
আঃ! জলতেষ্টার জন্যে ঘুম আসছিলো না, এবার ঘুমোনো যাক—কে?
অ্যাই মরেছে! স্যার জেগে রয়েছে! খারুস্ক আমাকে তো আর দেখতে পাচ্ছে না! কোথায় আছে টপরেকর্ডারটা!
অ্যাই, কেলটো! ডাকছি তাতে সাড়া না দিয়ে তুই এদিক ওদিক কি হাতড়াচ্ছিস? মতলবটা কি তোর?
সে কি! আপনি আমাকে দেখতে পাচ্ছেন? কিন্তু আমিতো এখন সূক্ষ্ম দেহে রয়েছি!
তুই সূক্ষ্ম দেহে রয়েছিস কি রকম? এই তো তুই তোর ফয়াটে মার্কা দেহ নিয়ে আমার সামনে দাঁড়িয়ে!
এঁ্যাঁ! মন্ত্রটা বোধহয় ঠিক মতো জপ করা হয়নি—বালখিল্য বালখিল্য বা—
কি বললি মকট! আমি শালখিল্য? আমার সঙ্গে চালাকি? ধরলে তোকে একেবারে সত্যিকারের সূক্ষ্ম করে ছাড়বো!
না স্যার—ইঁরক!
কেলটার নিখিল ধাপ্পা বোধহয় এখানেই চাপা পড়লো, ফল্টে!
এই চুল দাড়িতেই কেলটা কাত। শুধু কাত নয় একেবারে চিৎপাত!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

পরদিন বিকেলে-
বন্ধুগণ! এবারে আমাদের বিজয়া সম্মেলন শুরু হচ্ছে। প্রথমেই স্যারকে মাল্যভূষিত করছি।
এবার উদ্বোধন ভাষণ পরিবেশন করবে হোঁদলকুমার!
নমস্কার!
আমার এই দেহখানি তুলে ধরো, আমার এই শীর্ণ দেহে শক্তি ভরো..
হাঃহাঃ! হিঃহিঃ! কে তোমাকে তুলবে? তুমি নিজেই নিজেকে তুলে নিয়ে কেটে পড়ো!
দেখলে তো কেলুদা? কতো আবেগ দিয়ে গানটা শুরু করেছিলাম কিন্তু হতচ্ছাড়ারা গাইতে দিলো না!
ঘাবড়াচ্ছিস কেন? আমি তো আছি!
উপস্থিত বন্ধুগণ! স্যারকে সম্বর্দ্ধনা দেবার আগে আমি আমার বক্তব্য রাখছি। আজ আমাদের পুরোণো যা কিছু লেন দেন ভুলে গিয়ে আবার নতুন করে ভাবতে হবে!
সেকি গো, কেলুদা!
শুনুন, স্যার! কেলুদা আমার আর নন্টের কাছ থেকে এই অনুষ্ঠানের জন্যে টাকা ধার নিয়েছে। আমরা বোর্ডিংয়ে দেবার টাকাও কেলুদাকে দিয়েছি। এখন ও বলছে সব ভুলে যেতে!
সেকি!
মিথ্যে অন্য কথা বলে তো ও আমার থেকেও টাকা নিয়েছে চিটিংবাজটা! আমার টাকায় আমাকেই সম্বর্দ্ধনা! আবার বলছে সবকিছু ভুলে যেতে! নেংটি মার্কট কোথাকার!
ইয়ে, স্যার! না, স্যার!
ভুলে যাবি? এটার একটা ঘা পড়লেই সব মনে পড়ে যাবে রে, ছুঁচো!
কেলুদাই রইলো না আমারও আর গান গাওয়া হবে না!
রাখো তোমার গান! এখন ঐ স্বর্গীয় দৃশ্য অবলোকন করো!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

কি হয়ে গেলো, ট্যাঙাদা? ওটা কার চিঠি?
হেঁকোবাবুর পা ভেঙেছে! তিনি একমাস বিছানায় থাকবেন।
ছবির আদ্ধেক কাজ ওকে নিয়ে করা হয়ে গেছে। এখন ওকে বাদ দেওয়াও যাবেনা অথচ ওর জন্যে একমাস ছবি আটকে থাকবে!
আমাদের প্রডিউসার শুনলে কি হবে?


কি আর হবে, হেঁকোবাবুর পাশে আমাদেরও জায়গার ব্যবস্থা করা হবে।
প্রডিউসারকে তাহলে এখন জানিয়ে কাজ নেই।
এবার তাহলে কি হবে, ট্যাঙাদা?
এখন একমাত্র উপায় হলো হেঁকোবাবুর ডুপ্লিকেট খুঁজে বের করা। তবে হেঁকোবাবু যা এক খানা বড়িওয়ালা মাল, ওরকম আর একটি খুঁজে বের করতে হাল খারাপ হয়ে যাবে।
তাই বলে চুপচাপ বসে থাকলে তো হবেনা, খুঁজতেই হবে। যদিও একজনের মতো দুজন পাওয়া দুষ্কর। তবে কাছাকাছি পাওয়া গেলেও চালিয়ে দেওয়া যেতে পারে।
দ্যাখো চেষ্টা করে।
পরদিন-
হেঁকো ছোড়ের ব্যাপারে ট্যাঙাদার সঙ্গে আর একবার কথা বলে নিই তারপর বিকল্প খুঁজবো।
আজে দিনটাই বাজে গেলো কাজের কাজ কিছুই হলোনা। হাঁটাহাঁটিই সার।
ওফস্!
এইরে! লোকটা কলার খোসায় পা হড়কে চিৎপাত হয়ে গেলো!
একি, হেঁকোবাবু আপনি? আপনি নাকি আছাড় খেয়ে ঠ্যাং ভেঙে বিছানায়? আপনি তো এখন আছাড় খেলেন মশাই!
কি তখন থেকে হেঁকো হেঁকো করছেন আগে টেনে তুলুন।


ট্যাঙাদা পরিচালিত ধুমগড়ে ধুন্ধুমার ছবিতে অভিনয় করে এখন মাঝপথে বিপাকে ফেলে এখন বলছেন আপনি হেঁকেবাবু নন!
না, মশাই! আমি পাতিরাম হাতি একটা স্কুল বোর্ডিংএর সুপারিনটেণ্ডেণ্ট!
সে কি মশাই? আছাড় খেয়ে হেঁকো ছোড়ের বদলে পাতিরাম হাতি স্কুল বোর্ডিংএর সুপারিনটেণ্ডেণ্ট বনে গেলেন! তাজ্জব!
পরে পরিচালকের বাড়িতে-
হেঁকোবাবুর দেখা পেয়েছি, ট্যাঙাদা! তিনি ভোল পাল্টে এখন পাতিরাম হয়ে স্কুল বোর্ডিং সুপারিনটেনডেণ্ট হয়েছেন।
বটে, চলো তো দেখি।
এমন কি এমন ভাব করলো যেন আমাকে চেনেইনা।
ঠিক আছে আসল ব্যাপারটা কি গেলে বোঝা যাবে।
একি! আপনি এখানে? কি ব্যাপার?
শুধু আমি নই পরিচালক ট্যাঙাদা এসেছেন কথা বলতে।
দেখুন আমি কোন হেঁইফোড় ছোড় নই, আমি পাতিরাম হাতি এই স্কুল বোর্ডিংএর—
সুপারিনটেনডেণ্ট! এসবই ঠিক আছে, কিন্তু ঐ ছোড় আমাদের ঘোর বিপাকে ফেলে দিয়েছে।


আপনি ছাড়ি, ছোড় যাই ছোন আপনিই এই ঘোর বিপদ থেকে আমাদের উদ্ধার করতে পারেন। আপনাদের এতো মিলেমিশে, কে যে কে তা বোঝা মুশকিল। এই দেখুন তার ছবি।
তাই আপনি যদি ছোড়র হয়ে অভিনয় করে ছবিটা শেষ করে দেন তাহলে অশেষ উপকৃত হবো। আর অনেক আর্থিক ক্ষতি থেকে রেহাই পাবো।
আপনাদের ছবিতে অভিনয় করতে আমার অনিচ্ছা নেই কারণ সিনেমায় অভিনয় করতে আমারও খুব ইচ্ছে, কিন্তু একটা শর্তে-
বলুন কি শর্ত?
আমি যে অভিনয় করছি এটা যেন আমার স্কুল-বোর্ডিংএর ছেলেরা জানতে না পারে।
আমরাও চাই না যে, ব্যাপারটা জানাজানি হোক।
অনেক ধন্যবাদ আপনাকে, ধুমগড়ে ধুন্নুমার আমার প্রথম ছবি। এটা হিট হয়ে গেলে আমরাও ফট্ হয়ে যেতুম।
এবার আমি যখন আছি, কোন ভয় নেই।
একটা কথা। মেকআপ ম্যান এসে আপনাকে মেকআপ দেখিয়ে দিয়ে যাবে আপনি নিজে সেই মতো সেজে বেরোবেন কেউ বুঝতেই পারবে না যে আপনি যাচ্ছেন।
চমৎকার আইডিয়া!
সুতরাং সেইমতো-
এইভাবে মেকআপ করে যাবেন।

অতো মনযোগ দিয়ে কাগজে কিসের খবর পড়ছো গো কেল্টুদা?
আর বলিসনা। নিজেদের ওপর ঘেন্না ধরে গেলো রে, নন্টে আর ফন্টে!
দৈনিক জয়ঢাক
কি এমন খবর যে নিজেদের ওপর একেবারে ঘেন্না ধরে গেলো!
আমরা সব ডরপোক হয়ে গেছি। দুষ্কৃতরা ধরে পিটোচ্ছে, ছিনতাই করছে আর আমরা ভয়ে দেখেও দেখছি না। এভাবে চলতে পারে না, বুঝলি?
বুঝলাম, কিন্তু কি করবে?
দৈনিক জয়ঢাক
একটা প্রতিবাদী দল বানাবো। যেখানেই যে কেউ অত্যাচারিত হবে সেখানেই ঝাঁপিয়ে পড়বো। তোরা সঙ্গে থাকবি, কি থাকবি তো?
নিশ্চয়!
অবশ্যই থাকবো কেল্টুদা!
চল, কিছু করার আগে স্যারেরও সমর্থন আদায় করে আনি—
ওরে বাবারে! এটা আবার কে রে?
!
?
যাক, চিনতে পারে নি!
বা বলতো, কেল্টুদা? একেবারে যমদূতের মতো দেখতে!
এতো মাস্তান! এখানে লোকটা ঢুকেছিলো কি করে ব্যাপারটা স্যারকে জানাতে হবে।
পরদিন সকালে-
কাল একটা ভীষণ দর্শণ ষন্ডো লোক এখানে ঢুকেছিলো, স্যার!
ও আমার বন্ধু বোধহয় দেখা করতে এসেছিলো।

সেদিন বিকেলে-
আবার স্যারের বন্ধু সেই লোকটা কেলুদা!
তাহলে চলো!
আমার মনে হয় লোকটা স্যারকে কোন ব্যাপারে ব্ল্যাকমেল করতে আসে। ওকে করতে হবে ফলো।
অ্যাই, তোরা আমার পেছনে আসছিস কেন? দাঁড়া তোদের স্যারকে বলে তোদের ব্যবস্থা করবো!
ভয় দেখাচ্ছে যে রে, ভাই! আর পেছু নিয়ে কাম নাই।
লোকটা মোটেই সুবিধের নয়, বুঝলি? বন্ধু সেজে লোকটা স্যারের কোন ক্ষতি করার তালে আছে। যাক গে, চল ঘুরে দেখি কোন অত্যাচারীকে কাউকে অত্যাচার করতে দেখতে পাই কি না।
তাই চলো, কেলুদা!
কিছু পরে-
চোখ কান খোলা রেখে হাঁটবি। কোন চিৎকার বা আর্তনাদ কানে গেলেই ঝাঁপিয়ে পড়তে হবে।
ওদিকে স্থানীয় পার্কে-
এইতো ছাত্তিবাবু এসে গেছেন। এবার আজকের শুটিংয়ের অংশটা ওঁকে ভালো করে বুঝিয়ে দাও, জেট!
এখুনি দিচ্ছি
এই শটে আপনি পিস্তল নিয়ে আপনার প্রতিপক্ষকে শাসাবেন। সঙ্গে ডায়ালগ যা বলবেন সেটা ঐ চিরকুটে লেখা আছে, পড়ে নেবেন।
ঠিক আছে!

আপনারা তৈরি তো? একবার রিহার্সাল দিয়ে তারপর ফাইনাল টেক করবো।
হ্যাঁ, আমরা তৈরি!
হ্যাঁ, এইভাবে পিস্তলটা ওর কপালে ঠেকিয়ে ডায়ালগ বলে যাবেন।
ওদিকে
একি রে, নন্টে আর ফন্টে! সবল অত্যাচারীর কবল থেকে সাহায্য করতে বেরোনো মানে অত্যাচারী সব বিলকুল গায়েব!
আজ বোধকরি কারও আমাদের সাহায্যের প্রয়োজন নেই রে নন্টে আর ফন্-
বাঁচাও! বাঁচাও!
-টে! আমি যা শুনেছি তোরা কি ঠিক তাই শুনেছিস?
একেবারে ছবোস্থ কেলুদা!
আমাদের দরকার পড়েছে, কেলুদা!
কুইক্! আর্তনাদটা কোত্থেকে এলো বলতো?
পার্কের ভেতর থেকে, কেলুদা!

ঐ দ্যাখ্ নন্টে আর ফন্টে, সেই লোকটা একটা লোককে খুন করতে যাচ্ছে, আর সবাই হাঁ করে তাই দেখছে! কিন্তু—
আজ্ঞে এখুনি ভুই লটকে যাবি রে, লটকা!
—আমি ছাড়ছি না। তোরা এখানে দাঁড়া। দরকার হলে আসবি। আগে আমি একাই প্রতিরোধ করি।
তার মানে বাছাদুরিটা কেলুদা একাই নিতে চাইছে, বুঝলি তো, ফন্টে?
থামো শয়তান! আমার প্রাণ চলে যায় সেও আচ্ছা, কিন্তু তোমার হাত থেকে ওকে আমি বাঁচাবো।
কাট-কাট! এটা কি হচ্ছে?
ওঁক্‌ৎ! স্যার!
হতচ্ছাড়া, হাড়গিলে, ছুচন্দর! আমার একটা মহৎ কাজ তুই পণ্ড করে দিলি! নিজের প্রাণ দিয়ে তুই দুর্গত রক্ষা করতে চাইছিলি এবার তোকে রক্ষা করবে কে?
পিচ্ছি রে!
পিচ্ছিরে! এই নকল পিস্তলের বাঁট দিয়ে টাঁট মেরে তোর খুলি ফুটো করবো তারপর—
ভাগ্যিস কেলুদা আমাদের উদ্ধার কার্যে নিয়ে যায়নি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ



সেদিন রাত্রে
কেল্টো বোধহয় এখনো খাবার ঘরে সাঁটাচ্ছে।
ঠিক আছে। চল এবারে সরে পড়ি।
একটু পরে
ঠাকুরকে ম্যানেজ করে খাওয়াটা আজ ভালোই জমেছিলো। এবারে জল খেয়ে জোর ঘুম লাগাই।
একঘন্টা পরে
আ-আঃ! কি হচ্ছে রে নষ্টে ফষ্টে? ঘুমোতে দে....
দিলি তোরা ঘুমটা নষ্ট করে। ভেবেছিস ঘরে লুকিয়ে থেকে শব্দ করে আমাকে ভয় পাওয়াবি কিন্তু অতো সহজে আমাকে ভয়— কি কিন্তু ওটা কি ঘুরছে ঘরময়!
ও-রে-বা-বা! ভূউউত! দরজাটা কোন্‌দিকে?
বাবাগো, ভূতে আমার ঘাড় মটকালো গো!
হাঃ হাঃ!
হিঃ হিঃ!
-চিক্!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কি গো কেলুদা! অতো মনযোগ দিয়ে কি পড়ছো?
দাঁড়া, দাঁড়া, বলছি।
আসছে সপ্তাহে আমাদের বাৎসরিক উৎসব। সেই অনুষ্ঠানে আমি ইন্দ্রজাল প্রদর্শন করবো।
বলো কি গো কেলুদা, তাজ্জব ব্যাপার!
তোদের আমি আমার অ্যাসিস্টেন্ট করে নেবো। অবশ্য তোদের কি করতে হবে তার ট্রেনিং দিয়ে নেবো।
কি কি ম্যাজিক দেখাবে কেলুদা!
আজেবাজে ম্যাজিক না দেখিয়ে, জিনিস ভেঙে গুঁড়ো করে আবার সেটা আস্ত করার খেলাটা দেখাবো। দেখবি কি দারুণ ইন্টারেস্টিং!
অনুষ্ঠানের আগের দিন
মামা বলছিলুম সে রকম সব করবি
ঠিক আছে কেলুদা।
অনুষ্ঠানের দিন
এবার আমি আপনাদের ইন্দ্রজাল প্রদর্শন করবো।


স্যার, আপনার কলমটা আমাকে একটু দিন তো!
এইনে। দেখিস এটা কিন্তু খুব দামী কলম! আমার এক বিদেশী বন্ধুর উপহার দেওয়া!
কেলুদা জুতোর ফাঁসে কলমটা আটকে দিলে, চটপট টেনে নিয়ে পায়রার পায়ে বাঁধতে হবে!
এদিকে
স্যারের দামী কলমটা এই আমি ছাতু করে ফেললুম!
কলমটা নষ্টে টেনে নিয়েছে এবারে পায়রার পায়েতটা বেঁধে ফেলছি কেলুদা!
মরেচে! হাত ফস্কে উড়ে গেলো মে রে নষ্টে!
সঙ্গে স্যারের দামী কলম নিয়ে! ফষ্টে, চল আমরাও এবার উড়ি!
এদিকে
হিং টিং ছট্, পায়রার পায়ে চড়ে কলম আয়রে চটপট!
দশমিনিট পরে
হিং টিং ছট, হিং টিং— টিং—
কি তখন থেকে টিং টিং করছিস্? আমার কলম কই? শিগগির কলম বার কর!
আরো দশমিনিট পরে
আরো দশমিনিট সময় দিলাম। তাতেও যদি না পাই তবে, হিং টিং ছট, আমার এই মাদুদণ্ড তোর পিঠে পড়বে পটাপট!
হাঃ হাঃ!
হিঃ হিঃ! হোঃ হোঃ!
এতোক্ষণে স্যার হম্ন তো কেলোটার ওপর ইন্দ্রজাল দেখাতে শুরু করেছেন, কি বলিস?
হবে হয় তো! বেচারা কেলোটা, ইন্দ্রের জালে একেবারে জড়িয়ে গেলো মাইরি!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কাল তোদের নিয়ে ডক্টর খাঁদুরাম খাঁসার বিজ্ঞান প্রদর্শনী দেখাতে নিয়ে যাবো। সেখানে উনি মস্ত মানবের ক্রিয়া কৌশল দেখাবেন।
ওঃ! দারুণ ব্যাপার দেখতে পাবো!
পরদিন
বিশেষ কাজে আমি যেতে পারছি না। তুই ওদের নিয়ে যা।
ঠিক আছে স্যার। কিছু অসুবিধা হবে না।
স্যার যেতে পারবেন না। আমার ওপর ভার পড়েছে তোদের চরিয়ে নিয়ে যাবার। সবাইকে খবরটা জানিয়ে দে।
চলো কেলুদা।
এসে গেছিস সব? চল এবার বেরিয়ে পড়া যাক।
কেলুদা! কলের মানুষ কি আসল মানুষের মতন সব কিছু করতে পারে? কথা বলতে পারে?
ইয়ে গেলেই দেখতে পাবি।

হিঃ হিঃ! কেল্টুদা নিজেই জানে না, তো কলের মানুষ কথা বলে কি বলে না বলবে কি করে।
ন্যালা ফ্যাচ ফ্যাচ না করে মোখানে মাচ্ছিস চল!
কতক্ষণে কলের মানুষকে চাক্ষুষ দেখবো।
ডঃ খাঁদুরাম খাঁরার বিজ্ঞান প্রদর্শনী দেখুন
এইবার আমি লোহারামকে আপনাদের সামনে হাজির করছি।
খট! খট!
এবার দেখুন লোহারাম কি রকম কাজের লোক।
লোহারাম! তুমি রসগোল্লার গামলাটা নিয়ে সকলকে খাওয়াও। আপনারা সকলে উঠে আসুন।
রসগোল্লা খাওয়াবে গো কেল্টুদা!
কটা করে খাওয়াবে বলতো?
এরপর তোমার পালা আসছে কেল্টুদা!


তোমার জন্যে এক গাদা তুলেছে কেষ্টুদা। আবার তোমার সঙ্গে বোধহয় আলাপ করতে চাইছে।
কররর কিট! কররর কিট!
ইক্-ক্
এই রে! ভেতরে কিছু গণ্ডগোল হয়েছে!
কররর! খটরর!
যান্ত্রিক গোলযোগের জন্যে এমনটা হলো, এজন্যে আমি দুঃখিত!
না-ইয়ে তেমন আর কি হয়েছে!
কি অঘটন দেখ দিকি! সবাইকে দিব্যি খাওয়ালো, আর কেষ্টুদার বেলাতেই মাল গড়বড় হয়ে গেলো!
একেই বলে ফুটো কপাল!
হঠাৎ
পেয়েছি! পেয়েছি!
চেঁচাচ্ছো কেন কেষ্টুদা? কি পেয়েছো?
কেষ্টুদার মাথা গরম হয়ে গেছে!
তোরা আমাকে নিয়ে রসিকতা করছিস? কিন্তু অচিরেই আমাকে নিয়ে তোদের গর্ব করতে হবে দেখে নিস!

কেলুদার কি ব্যাপার বলতো? একদম চুপসে গেছে।
বোধহয় সেদিনের সেই ঘটনার পর লজ্জা পেয়ে গেছে।
চল নন্টে, আমরাই কেলুদার খোঁজখবর নিয়ে আসি।
সেই ভালো, নন্টে তাই চল।
কি রে ভোঁটকু! যেমন বলেছি পারবি তো?
হ্যাঁ গো দাদা। দেখো কেমন অ্যাক্টো করি।
ওগুলো পরে নিয়ে একটু রিহার্সাল দে দেখি।
স্বরূপ হয়েছে রে ভোঁটকু! মাথায় ঢাকনা চাপিয়ে দিলেই একেবারে কলের মানুষ- হিঃ হিঃ!
কেলুদা! কেলুদা!
নন্টে আয় ফন্টে। শিগগির ঢাকনা মাথায় দিয়ে দরজাটা খুলে দে।

ক-কলের মানুষ ?
কেলুদার ঘরে !
হাথ নটে আর ফটে। আমার তৈরি কলের মানুষ। সেদিন তোরা আমাকে খুব তাড়া করেছিলি। আজ আমার কলের মানুষের হাতের গাঁটা কেমন পরখ কর।
পিপেরাম! এই দুজনের কান পাকড়ে মাথায় একটা করে গাট্টা লাগিয়ে দাও।
অ্যাই! খবরদার! সরে যা বলছি!
ওফ্!
উল্ফ্
এবার স্যারকে আমার তৈরি কলের মানুষের প্রদর্শনী দেখিয়ে তাক লাগিয়ে দেবো।

আমি স্যারের কাছে যাচ্ছি। পিপেরামকে চালু রেখে গেলাম। আমি না ফেরা পর্যন্ত ও তোদের ঘরে আটকে রাখবে। সাবধান ওরা ওকে ছুঁলে ছিটকে ফেলে দেবে, হিঃহিঃ!
কেলেটাওর কলের মানুষ দিয়ে আমাদের ওপর জুলুম করবে, এ বরদাস্ত করা যায় না।
যা বলেছিস। যা হয় হবে, আয় আমরা আচমকা ধাক্কা মেরে দেখি কি হয়!
গেলু গো দাদা!
এ কিরে! এই তাহলে কেলেটার কলের মানুষ!
তাইতো বলি, ধাক্কা খেয়ে পিপেরামের মুখ দিয়ে বুলি বেরোয় কি করে!
আরে! এতো ছোটকু!
যদি বাঁচতে চাস তো ঝটপট খোলস থেকে বেরিয়ে সিধে কেটে পড়। নইলে চামড়া ছাড়িয়ে নিয়ে ডুগডুগি বানাবো!
ডঃ খান্নার রোবট দেখে অনুপ্রাণিত হয়ে আমিও তৈরি করেছি স্যার। ওকে দিয়ে কথা বলানোরও চেষ্টা করছি।
বলিস কিরে কেলটু! তোর মধ্যে যে এতো প্রতিভা তা তো জানতাম না!


এই যে স্যার আমার তৈরি যন্ত্রমানব। নাম দিয়েছি পিপেরাম।
আমাকে লক্ষ্য করে নাম দিলনি তো?
দুটোই দেখছি ভেগেছে।
না না-কি যে বলেন স্যার। আপনাকে ইয়ে করে কেন দেবো। ওটার মাঝখানটা পিপের তো তাই।
তোর এলেম দেখে আমি সত্যি হতবাক হয়ে গেছি কেল্টু।
ও আর কি এমন করেছি স্যার যে আপনি এমন করে বলছেন।
না, না, কেল্টু। আমি ভাবছি একটা প্রকাশ্য সম্মেলনে তোকে সকলের সামনে তোর এই প্রতিভাকে তুলে ধরবো।
আপনার যখন ইচ্ছে তখন তাই হবে স্যার। তবে আমি এখন আপনার জন্যে একটু মিষ্টিমুখের ব্যবস্থা করেছি, আর তা আপনাকে খাওয়াবে পিপেরাম।
চল পিপেরাম স্যারের ঘরে।
বাঃ! এটা ভালো ব্যবস্থাই করেছিস।
স্যার! এবার তৈরি হয়ে বসুন, আমি ওকে চালাচ্ছি। পিপেরাম! আগে স্যারকে রাজভোগ খাওয়াও।
একি রে, কেল্টু! মুখের বদলে মাথায় দিচ্ছে যেরে!
না,— ইয়ে, বোধহয় ভুল বোতাম টিপেছি।

কি হচ্ছে রে কেষ্ট? তখন টাকে গুঁজছিলো এখন আবার নাকে গুঁজছে! ব্যাপারটা কি রে?
ও কিছু নয় স্যার। মনে হচ্ছে মেসিনে কিছু গণ্ডগোল হয়েছে। ও আমি ঠিক করে দিচ্ছি।
(ফিস ফিস করে) অ্যাই ভেটকো! এসব কি উল্টাপাল্টা করছিস? এবার ঠিক ঠিক করবি, না হলে পিণ্ডি একেবারে চটকে দেবো।
ঠিক করে দিয়েছি স্যার। পিপেরাম! এবার স্যারকে ঠিক করে দৈ খাইয়ে দাও।
আরে, আরে—
এ-একি!
হতচ্ছাড়া শুঁটকো মর্কট! সম্ভব করে আমার সঙ্গে মস্করা? তোর দুডোটা গ্রহের নাড়ালে পেলে ছিঁড়ে নিয়ে তোর ঐ পিপেঁর মাথায় বসিয়ে দেবো।
ওরে বাবারে! মরে যাবো!
হাঃ হাঃ!
হিঃ হিঃ!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

ধরে আনলে তবে তুমি কারাটে কুংফুর প্যাঁচ লাগাবে?
কারাটে কুংফুর কায়দা দেখাবার লোক পাচ্ছিনা তাই ওকথা বলেছি—
—আর আমাকে বোধহয় শিগগিরই ব্ল্যাক বেল্ট দেবে!
হুঁ হুঁ!
ব্ল্যাক বেল্ট দেবে, তোমাকে? শুনেছি অনেক ধাপ পার হয়ে তারপর পায়
আমার এলেম দেখে আমাকে আগেই দিয়ে দেবে। তোরা নজর রাখ, দেখলেই আমাকে এসে জানাবি, আমি গিয়ে হাত দিয়ে এই রকম একখানা ঝাড়বো আর ব্যাটা উল্টে কাত হয়ে পড়বে!
কেলেটাটাকে কে বেল্ট দেবে কে জানে! খালি বড় বড় বুকনি।
ওকে এখন দরকার নেই। আমরাই রাতের বেলায় নজর রাখবো।
ব্যাপারটা কি ভাবে শুরু করবো সেটা ঠিক করে নিতে হবে।
অবশ্যই খুব গোপনে। যাতে কেস্ট টের না পায়।
সেদিন রাতে
ইস্কুল বোর্ডিং এর মোটকা মাস্টারটার ঘর থেকে আজ কিছু হাতাতে পারি কিনা দেখি

পেটটা একটু আলগা হয়েছে একটু ইয়ে সেরে আসি।
আহ্! আমার কি লাক! মোটু মাস্টার দরজাটা ফাঁক করেই রেখে গেলো।
বাঃ! সামনেই ব্যাগ আর ঘড়ি! চমৎকার!
ইঃ! আজ কার মুখ দেখে উঠেছিলাম, মাইরি!
এবার একটা ট্যাবলেট খেয়ে শুয়ে পড়বো।
এ-এ কি! আ-আমার টাকার ব্যাগ আর ঘড়ি!
কেল্টুকে দিয়ে সবাইকে ডেকে জিজ্ঞেস করি!

দরজা খোল্
কে রে! জ্বালাতে এসেছিস!
ওঃ- ইয়ে- স্যার আপনি!
হ্যাঁ, আমি। আমার ঘর থেকে মানিব্যাগ আর ঘড়ি লোপাট। সবাইকে ডাক জিজ্ঞেস করে দেখি।
তোরা কেউ আমার ঘর থেকে ব্যাগ আর ঘড়ি নিয়েছিস?
না, ঘুপারিনটেণ্ডেণ্ট স্যার! আমরা ওসব নিই নি!
শোনো সবাই! এই চোরকে খুঁজে বের করা চাই। কেলুট তুই এদের নিয়ে পাহারা দিবি অন্যথা হলে কঠিন শাস্তি।
তাই হবে, স্যার!
আমরা যখন নজর রাখার ব্যবস্থা করছিলাম তখনই চুরির ঘটনা ঘটলো এবার তাহলে তুমিও পাহারা দেবে, কেলুদা!
পাহারা দেবার মধ্যে আমি নেই। তোরা নজর রাখবি আর আমাকে খবর দিবি তারপর। দেখবি আমার খেল।
কিন্তু এবার স্যার বলেছেন তোমাকেও পাহারা দিতে!


বলেছে তো কি হয়েছে। স্যার আমাকে বলেছে তোদের সঙ্গে আমাকে পাহারা দিতে আবার আমি তোদের বলছি তোদের নজরদারী করতে।
আর মেলা বকাসনে। আমার ঘুম পেয়েছে আমি শুয়ে পড়বো।
কাল আবার ব্ল্যাক বেল্টের জন্যে কারাটে প্র্যাকটিশ করতে হবে। শেষপর্যন্ত তোদের ওপরেই না হাত পা চালাতে হয়।
চালবাজ কোথাকার!
আমরা এমনি পাহারা দেবো ঠিক করেছিলাম, এবার পেছনে স্যারের ছড়ো!
আর এই ফটো সবাইকে দাও মূর্তি তৈরির জন্যে।
কিরে! তোরা দেখছি অলরেডি শুরু করে দিয়েছিস নন্টে আর ফন্টে।
স্যারের কথা শুনেই শুরু করেছি।
শুরু করো, কিন্তু যতোই পাঁয়তাড়া কষিস না কেন দেখবি পুরস্কৃত এবং স্থাপিত হবে এই শর্মার তৈরি প্রতিমূর্তিটাই। হেঃ হেঃ!
তুই ধরবি আমি করবো আবার আমি ধরবো তুই করবি।
কেষ্টদা কি করে কি করবে কে জানে!
আমরা প্রায় শেষ করে এনেছি, কি বলিস, নন্টে?
হ্যাঁ, এবার বাকি কাজটা আমি করে ফেলবো।

এখন এভাবে থাক। চল দেখি ভান্টস্যার আছে কি না। থাকলে দেখিয়ে নিয়ে শেষ করা যাবে।
তাই চল। সেটাই ভালো হবে।
দূর দূর আমাকে দিয়ে এসব হবে না! স্যারকে কিছুতেই বাগে আনতে পারছি না!
কিন্তু কিছু একটা করতেই হবে। না হলে ওদের কাছে প্রেস্টিজ একেবারে লিক হয়ে যাবে!
ইউরেকা! পেয়ে গেছি! একটু ঝুঁকি নিতে হবে। কিন্তু কি করা যাবে। তবে ঠিক মতো করতে পারলে সবই আমার কন্ট্রোলে এসে যাবে। হেঃ হেঃ।
কিন্তু তার আগে শুধু নল্টে আর ফল্টেরটা কায়দা করে গণ্ডকল্প দিতে পারলেই আমার কাজ হাসিল হয়ে যাবে।
স্যারকে খবরটা তাড়াতাড়ি জানিয়ে যাবো।
আরিব্বাস! ওরা তো স্যারকে প্রায় এনে ফেলেছে দেখছি! যাক, ওরা ঘরে নেই ভাল আমার সুবিধাই হয়ে গেলো। ভাগ্য দেখছি আমার সহায়তা করছে!
ভান্টস্যারের সঙ্গে দেখা হলো না।
চল, আমরাই শেষ করে ফেলি।

ইরক!
এই নৃশংস কাণ্ডকে করলো বল তো!
আচ্ছা! কেলুট তাহলে ঠিকই বলেছে। আমার মাথায় টুপি পরিয়ে রসিক
উঁ্যা! পাজি! এই কাজ থেকে তোদের বাতিল করা হলো!
তাহলে জানা গেলো এটা কেলেটার কাজ!
কিন্তু আমরা ওকে জানতে দেবো না যে ব্যাপারটা আমরা জানি।
হেঃহেঃ! নন্টে আর ফন্টেটাকে কায়দা করে হটিয়েছি। এবার আমার ভাস্কার্য শুরু হবে।
সেদিন রাত্রে
আমারও তাই মনে হয়। ওর ওপর একটু নজর রাখা উচিত।
কেলেটার নির্ঘাত কোনো প্ল্যান আছে, নন্টে!
বাঃ! দরজা খোলাই রয়েছে, দেখছি।
কিচেন
দাঁড়া, নন্টে! সামনে কেলেটা। কিচেনের দিকে যাচ্ছে। কি ব্যাপার বলতো! খাবার ছাতাবার মতলব নাকি!
দেখতে হবে তো।


ঠাকুর কিচেনে নেই। নিশ্চয়ই স্যারকে খেতে ডাকতে গেছে! আমার লাক দেখছি আজ ছপ্পড় ফাঁক করে আমাকে সাহায্য ঢেলে দিচ্ছে। সুবিধে হবে বলে বড়ি গুলে নিয়েছি।
গাঢ় ঘুমের উপযোগী ডোজ দিয়েছি।
স্যারের খাবার জলে ও ঘুমের ওষুধ মেশালো মতি তৈরি না করে এসব করার কি মতলব বলতো!
লেটাই তো আমাদের দেখতে হবে।
চল, দেখি বেল্টা এবারে কি করবে।
কিছু পরে
গ্লগ্ গ্লগ্
ঘরে এসে
ওঃ! আজ দেখছি বেজায় ঘুম পাচ্ছে। শুয়ে পড়া যাক।
ওদিকে কেলুট
এবার আগে এই চট জলদি জলে যাওয়া সিমেন্ট দিয়ে কাজ। হেঃ হেঃ!
স্যার এতোক্ষণে নিঃসাড় ঘুমোচ্ছে। কিছু টেরই পাবে না।

আহ্! স্যারের দরজাও খোলা! যাই হোক খুব ঝটপট কাজ সারতে হবে।
ফররর ফোঁৎ!
হিঃ হিঃ! স্যার জানতেও পারলেন না যে ওর মুখের ছাঁচ নেওয়া হয়ে গেলো।
কাম হাসিল। নন্টে আর ফন্টেটাকে তো আগেই হঠিয়েছি। বাকিগুলি সব এলেবেলে। এবার এই ছাঁচে ফেলে স্যারের প্রতিমূর্তি বানিয়ে ফেলবো। পুরস্কার এবার আমার কব্জায়।
কেল্টোটা কি শয়তান দেখেছিস! ও এই কায়দা করবে ভাবতেই পারিনি!
ঠিক আছে! এবার দেখবি ওর ওষুধেই ওর চিকিৎসা করবো।
কি দুর্দ্দান্ত আইডিয়া! এরপর বাকি কাজটা সারতে হবে—তারপর ছাঁচটা সরিয়ে ফেলতে হবে।
ঘুণ্ড বসিয়ে দিলুম। বাকিটা কাল ভাম্বুস্যারকে দেখিয়ে শেষ করবো।

রদিন
চমৎকার হয়েছে! তোর হাত দিয়ে এরকম হবে ভাবতেই পারি নি! বরঞ্চ নন্টে আর ফন্টের ওপরেই বেশী ভরসা ছিলো।
ফন্টে! এই তালে কেল্টুর ঘর থেকে তরল বড়ির শিশিটা নিয়ে আয়।
শোন্! সামান্য যেটুকু কাজ আছে শেষ করে ঢাকা দিয়ে রাখবি। বিকেলে উদ্বোধন করা হবে তার আগে যেন কেউ দেখতে না পায়।
তাই হবে, স্যার!
কিছুক্ষণ পরে
কাজ শেষ এবার স্যারকে ঢাপা দিয়ে রাখি।
এসে গেছে তরল ঘুমের বড়ি! কিন্তু এটা প্রয়োগ করবি কি করে?
ইঞ্জেকশন দিয়ে! তবে কেল্টোটার শরীরে নয় এই ক্রীম কেকে!
কেল্টো জানতেও পারবে না যে, ওর কায়দাতেই ওর ঘুণ্ডুপাতের ব্যবস্থা হচ্ছে!
অপারেশন কেল্টুরাম! হিঃ হিঃ!
তোমার শিল্প কর্ম স্যারের প্রতিমূর্তি আজ উদ্বোধন হবে। তাই আমরা কেক খাইয়ে তোমাকে আগাম অভিনন্দন জানালাম।
সত্যি, তোরা খুবই ভালো। তবে কেন যে স্যারের মূর্তি বানিয়ে ও রকম করতে গেলি! হেঃ হেঃ!


কিছুক্ষণ পরেই
বেশ ঘুম ঘুম পাচ্ছে। খাটা খাটুনি যাচ্ছে তো। তাতেই হবে হয় তো।
ঘুমিয়ে নাও, কেল্টুদা! উদ্বোধনের পরে তো আবার খাটা খাটুনি করতে হবে!
এবার আমরা কেল্টুর শিল্পকর্মের ওপর কিছু বিশেষ শিল্পকর্ম করে যাই।
অবশ্য এজন্যে আমরা স্যারের কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি।
বিকেলে
কর্মশিক্ষা সম্বন্ধে অনেক কথা শুনলে এবার আমি তোমাদেরই এই বোর্ডিং স্কুলের ছাত্র শ্রীমান কেল্টুর তৈরি
তোমাদের স্যারের মূর্তির আবরণ উন্মোচন করছি!
হুরক!
মরেচে! শিংগজালো কি করে!
!
হতচ্ছাড়া, ভুঁটকোপাজি বিটলে! আমার মূর্তি তৈরির নামে আমাকে নিয়ে মস্করা!
মর্কট! এটা দিয়েই তোকে আমি নতুন করে কর্মশিক্ষা দিয়ে দেবো!
বাবা রে! তার আগেই মরে যাবো, স্যার!
হাঃ হাঃ! উপভোগ্য দৃশ্য

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
অসুবিধাটা কিসের, গুল্টুবাবু?
আমার ভ্যানগাড়িটা বিগড়েছে অথচ স্কুল কিচেনে আমাকে এক ট্রে ক্রীম কেক পৌঁছে দিতে হবে।
আমাকে সাহায্য করতে দিল। আমি স্কুলেই যাচ্ছি তাই আমি কেকগুলি আমার সঙ্গে নিতে পারি। এটা খুবই খুশির ব্যাপার!
তোমাকে ধন্যবাদ, কেল্টু!
কেল্টুরাম আমার হয়ে এক ট্রে ক্রীম কেক স্কুলে নিয়ে গেছে, নন্টে আর ফন্টে।
সর্বনাশ!
উল্লস্! ক্রীম কেক! আমি সবগুলি খেয়ে নেবো!
কেল্টুদা! দাঁড়াও!
এইরে! ওরা আমাকে দেখে ফেলেছে!
কি বরাত! আমি এই ভ্যানের ভিতরে লুকিয়ে থাকতে পারি!
কোথায় গেলো সে?
ও সব কেক খেয়ে নেবে, আমরা একটাও পাবো না!
ওরা কেমন ঠিক কথা বলছে! খিঃ খিঃ!
আমি টেইলবোর্ডটা ওপরে তুলে দি আর মাল পৌঁছে দিতে শুরু করি।


ই-ক-ৎ!
আরে ধেৎ! এটাতে গোঁজের মতো আটকেছে!
স্কুল বোর্ডিংএর সুপারিনটেণ্ডেণ্টকে দেবার জন্যে একটা কফি টেবল আছে।
গরর! হ্যাণ্ডেলটা আমি একটা জকে বেঁধে দিয়েছি। এবার বোধ হয় টেনে নিজেকে মুক্ত করতে পারবো।
আমি আপনার কফি টেবিল এনেছি, সুপারিনটেণ্ডেণ্টবাবু।
অবশেষে মুক্ত!
গেছিরে!
হেল্প!
হতচ্ছাড়া বিটলে! আয় পরখ করে দেখি তোর ঘুণ্ডু কেমন শক্ত না এটা!
আমাদেরই ভুল। কেল্টোই কিন্তু শেষপর্যন্ত এ জীবকে গুলি নিরাপদে পৌঁছে দিয়েছে!
হিঃ হিঃ!

নন্টে ফন্টে
নারায়ণ দেবনাথ
আমরা এই ক্রীম কেক দিয়ে নতুন বছরের আনন্দ দারুণ ভাবে উপভোগ করবো, ফন্টে!
অবশ্যই কেল্টার চোখ এড়িয়ে, ফন্টে!
সবগুলি ঝুড়িতে তুলে দিয়েছি, এবারে টানতে শুরু কর, ফন্টে!
হিঃহিঃ! স্কুল বোর্ডিং-এ খাবার ঢোকাতে আর কোন ঝামেলা নেই!
ক্যাচর! কাঁচর!
কাঁচর কাঁচর শব্দটা কিসে হচ্ছে? আরিব্বাস! ঝুড়ি বোঝাই খাবার!
আরে, একটা বড়া ঝোড়া! জলের নলটুয়া আউর ফনটুয়া বোর্ডিংকা ভিতর খানা স্মাগলিং কোরছে!
একটা মছলি পাকাড়নেকা জাল আওর একটা ছক, ব্যস, যেতো মাল আছে সব খালাস করিয়ে লিবো!
ক্রীম কেক বোঝাই বেগ!
একটা ক্রীম কেক বেগ সে বাহার ছিলো!
ব্যাটা ঠাকুরও দেখছি এবারে আসরে নেমে একটা বাদে সব কেক হাতিয়ে নিয়েছে!

নিশ্চয়ই এটা করতে হবে তাহলেই গোটা ঝুড়িটা কব্জা করতে পারবো! হিঃহিঃ! কি দারুণ খ্যাঁটচাই না হবে!
তোকে রমাল ধরেছি! বাকি সব খাবার কোথায়?
কেল্টুদা!
ইয়ে... আমার কাছে কিছু নেই – দেখো?
অবশ্যই না! ওসব ওখানে ঝুড়ির মধ্যে এখনো ঝুলছে!
আগহস্!
আঁই-ই-ই!
ওগোমাম কি কিরপালে হামার আঁখোনে মোকেক গিরা থা উ সব সাফ হোয়ে গেলো!
চল, নন্টে– আমরা এবার নতুন বছরের আনন্দ উপভোগ করি! কেল্টো আর ঠাকুরটা মনে হয় আমাদের ক্রীম কেকের ওপর আগ্রহ হারিয়ে ফেলেছে!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

সেইমতো-
আমরা এই স্পেশাল ডিম কেল্টার জন্যে বানাচ্ছি!
বকল বলে বোঝাই যাচ্ছে না রে, ফল্টে! কে বলবে যে সিমেন্ট দিয়ে তৈরি!
আমি কিচেনের দিকে যাচ্ছি, তুই কেল্টার কাছে যা।
এবারে আমাদের ডিম খাওয়ার মজাটা টের পাবে, বাছাধন!
এই যে, কেল্টদা! কাল তুমি বড়াচুমু করে বললে যে লাক্কাডিম খুব ভালোবাসো, তাই-
তাই খবর পাঠিয়েছিস! এতো খুব ভালো রে। তা কিন্তু কিন্তু করছিস কেন, দে।
তোরা যে আমাকে এতো ভালোবাসিস মন্টে আর ফল্টে সেটা আমার জানা ছিলো না!
কড়াৎ!
আঁউ!
হতচ্ছাড়ারা! আমার সঙ্গে তেড়িবিড়ি স্যারকে দিয়ে তোদের কি হাল করি সেটা কাল বুঝতে পারবি!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমার বসানো স্ট্রবেরী গাছে ধরেছে দেখেছি,এখন কি অবস্থা দেখে আসি।
কি সর্বনাশ! আমার স্ট্রবেরীর ওপর পাখি আর মানুষ দুইই হামলা চালাচ্ছে!
অ্যাই-অ্যাই, হুস্!
ভাগ্যিস এসেছিলুম তাই দেখতে পেলুম। না হলে আমার সব স্ট্রবেরি পাখি আর মানুষে কদিনেই খেয়ে সাবাড় করে দিতো।
পরে-
আপনি আমাদের তলব করেছেন স্যার?
হ্যাঁ, যেজন্যে ডেকেছি,শোন-
আমার এতো সাধের স্ট্রবেরী,পাখি আর পাড়ার কিছু অপোগণ্ড মিলে খেয়ে সাফ করে দিচ্ছে। আমি চাই তুই নন্টে আর ফন্টেকে সঙ্গে নিয়ে আমার গাছ পাহারা দে।
নিশ্চয় দেবো, স্যার,কারো সাধ্য হবেনা আপনার গাছের স্ট্রবেরী ছোঁয়ার। ছলাবে, নন্টে আর ফন্টে।
তবে আমরা যখন পাহারা দিতে যাচ্ছি তখন আমরা মানে আমি ছোঁবো।
আর আমরা?


বাহ্! কি দারুণ! শোন,নন্টে আর ফন্টে! পাহারার আগে কিছু স্ট্রবেরী টেস্ট করে একটু চাঙ্গা হয়ে নিই। এখন আমি একটু বসি,তোরা পেড়ে আমাকে দে,তোরা কিন্তু এখন একটাও মুখে পুরবি না। আমি যখন বলবো তখন দিবি।
খেতে খেতে চোখ বুঁজে আসছে রে, নন্টে আর ফন্টে। একটু ঘুমিয়ে নিই,তোরা পাহারা দে। ফলচোর এলেই আমাকে ডাকবি। আর তোরা ফলে হাত দিবি না। স্যার সন্দেহ করলে বলবো তোরা খেয়েছিস।
ব্যাপার খুব সুবিধের নয়,ফন্টে। শুনলি তো,নিজে গাছ প্রায় ফাঁকা করে ফেললো এখন বলে কিনা সন্দেহ হলে বলবে যে আমরা খেয়েছি!
কেলটার মতলব সুবিধের নয়,নন্টে। একটা কিছু করতে হবে। যাতে সাপও মরে লাঠিও না ভাঙে!
সেই মতো-
এ কিরে,নন্টে! তুই চলে এলি যে?
কেলুদা আপনাকে এখুনি একবার ওখানে ডাকছে স্যার!
কি এমন ঘটলো যে,আমাকে ছুটে আসতে হলো?
তা জানি না। আমাকে শুধু বললো আপনাকে নিয়ে আসতে।
কেলুদা,ও কেলুদা! স্ট্রবেরী চোর এসেছে!
কি-কি! চো-চোর-কোথায়?
ঐ পাশে।
ব্যাটা চোর! আমার চোখ ফাঁকি দিয়ে চুরি? দ্যাখ্ মজা!
বাবারে! গেলুমরে!
দমাস!
গর-র-র!
ইরক! স্যার! আপনি এখানে উদয় হলেন কোত্থেকে?
নরাধম! অনামুখো! ডেকে এনে হত্যার চেষ্টা! এবার এই লাঠি আমি তোর মাথায় ভাঙবো!
ওরে বাবারে! মরে যাবো স্যার!
বুঝলি, নন্টে, সাপ মরবে কিনা জানিনা, লাঠি কিন্তু ভাঙবেই! হেঃহেঃ!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ




সার্কাসের বাঘ বেরিয়েছে? আমার সন্দেহ যদি সত্যি হয় তাহলে-
-সাবধান-
সার্কাসের খাঁচা থেকে একটা হিংস্র বাঘ পলাতক। খোঁজ পাইলে সার্কাসকে খবর দিবে
সেই সময় ওদিকে-
এই রকটায় বসা যাক, ফল্টে। এখানটা বেশ নিরিবিলি।
ঠিক বলেছিস।
নে, ফল্টে, এবার শুরু করা যাক-
ওরে বাবারে, বাঘ! সার্কাসের সেই বাঘটা বোধহয়!
পালা, নল্টে! কেক খেতে গেলে বাঘে আমাদের খাবে!
হুট করে এখানে বাঘ এলো কোত্থেকে বলতো?
কেক লোপাটের ঘটনায় আমার সন্দেহটা ঠিকই ছিলো, শুধু বাঘের ব্যাপারটা হওয়ায় ওদের তড়কি দিতে সুবিধে হলো। এবার এটার সদ্ব্যবহার করি। কোথায় স্যারের কেক স্যার খাবে তার বদলে খাচ্ছে কিনা, কেলটু। হিঃহিঃ!
গরররর! গ্রাঁগ্রোগ্রাগ্রোগ্রাগ্রোগ্রা

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

ঢাকনা খোলার পর-
আমাদের ঠকিয়েছে হতভাগা ভেটকুটা! খাবারের বদলে এটায় ইঁট ভর্তি!
ভেটকোকে ঐ অদ্দেক ভেরি হওয়া বাড়িটার দিকে ছুটে পালাতে দেখেছি!
এইযে,নন্টে আর ফন্টে! আমি এখানে। এসে আমাকে ধর।
ঐ তো শয়তানটা!
তোকে ধরার জন্যে ভেতরে যাচ্ছি, ভেটকু!
জানলা দিয়ে লাফিয়ে পড় ফন্টে-আমি ঠিক তোর পেছনেই আছি!
অ্যাই মরেচে! মাঝখানে মেঝে নেই!
আফ্‌স্!
উঃ-আঃ! গেছি! তবে যে ভাবেই হোক আমরা আমাদের খাবার পেয়ে গেছি-কেলুদা ভেটবুক দিয়ে ঐ বালতিটার মধ্যে লুকিয়ে রেখেছিলো!
যা বলেছিস!
রাস্তায় বোর্ডিংয়ের ডাক্তার-
একি! তোদের এই অবস্থা হলো কি করে? চল আমার চেম্বারে!
এর কিছু পরে-
এইযে চিটিংবাজেরা এলেন!
আমি এখুনি ওদের ঐ মেকি ব্যাণ্ডেজ খুলে দিচ্ছি, স্যার!
অ্যাই, খবরদার ঐ ব্যাণ্ডেজে হাত লাগিও না! ছেলেদুটো আঘাত প্রাপ্ত- ওদের এখন প্রচুর বিশ্রাম আর খাওয়া দরকার!
পরে-
এটা কি রকম মনে হচ্ছে, ফন্টে?
চুকুস, চুকুস! যা হচ্ছে সবই ডাক্তারের নির্দেশে!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ঠিক করেছি, এবার দোলে আমি রং খেলবো না!
কেন, কেন, রং খেলবে না কেন?
তোমার এবারে রং খেলায় বৈরাগ্য এলো কেন গো, কেলুদা?
জানিস, এবারও আমি পরীক্ষায় গাড্ডু মেরেছি!
গাড্ডু মেরেছো তো কি হয়েছে! এটাই তো তোমার বৈশিষ্ট্য, কেলুদা!
পরম শ্রদ্ধেয় সুকুমার রায় মহাশয় লিখেছিলেন, তাঁর জানা গঙ্গারাম নামধারী নানা গুণের অধিকারী একজন নাকি তখনকার ম্যাট্রিকে উনিশবার ঘায়েল হয়ে শেষে ক্ষান্তি দিয়েছিলো। কিন্তু তুমিতো এখনো তার ধারে কাছে পৌঁছোতে পারোনি, কেলুদা, তাই বলে দোলে রং খেলবে না?
কিন্তু আমি ঐ গঙ্গারামের মতো অতো সহজে ক্ষান্তি দেবোনা এটা তোরা জেনে রাখবি। আমি লড়াই চালিয়েই যাবো! তবে এবার আমি দোলে রং খেলবোই না! তোরা কেউ আমাকে রং লাগাবি না! সাবধান!
কিছু পরে-
শোন, সবাইকে বলেছি আর তোদেরও বলছি, নন্টে আর ফন্টে! দোল রং খেলা নিয়ে কোনো জবরদস্তি না হয় সেদিকে যেন খেয়াল থাকে!
কিচ্ছু ভাববেন না, স্যার, যে যারি ইচ্ছেতেই দোলে রং খেলবে!
যে যার ইচ্ছেতে দোলে রং খেলবে বটে, তবে কেলুদা খেলবে আমাদের ইচ্ছেতে!
সেটা কি করে করা যাবে কিছু ভেবেছিস?
ভেল্কির দোকান
সেই ব্যবস্থা করতেই তো যাচ্ছি!
ঠিক বলেছিস। এখানেই সব পাওয়া যাবে মনে হয়!
যে ভাবে যা বললুম সব ঠিক মতো হবে তো?
যা-যা বললে সবই ঠিকঠাক হয়ে যাবে কোন চিন্তা নেই!

দোলের দিন রংখেলা শুরু হলো-
চল, নন্টে, স্যারকে আবির দিয়ে প্রণাম করে আসি।
হ্যাঁ, ভাই চল, ফন্টে।
ওরে থাক, থাক! ওদের সুবুদ্ধি হোক!
রংখেলা যখন জমে উঠেছে-
এখানে কেল্টুকুমার নামে কেউ থাকেন? তার নামে একটা পার্শেল আছে।
হ্যাঁ, হ্যাঁ, আছে!
কেল্টুদা! দরজা খোলো। তোমার একটা পার্শেল এসেছে।
আমার পার্শেল? দাঁড়া, খুলছি!
তুমি কেল্টুকুমার? এইযে তোমার পার্শেল।
তোমাকে কে পার্শেল পাঠালো গো, কেল্টুদা?
নিশ্চয় কোন শুভানুধ্যায়ী!
পার্শেল করে তোমাকে কি পাঠিয়েছে বলো তো, কেল্টুদা?
নির্ঘাত দোলে ভালো কিছু খাবার দাবার পাঠিয়েছে!
ফ্যাচাৎ!
আমরা কিন্তু তোমাকে রং লাগাইনি, কেল্টুদা!
তুমি নিজেই নিজের মুখে মাখিয়েছো!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

ভেবেছিলাম এবার কোথাও পা বাড়াবো না, কিন্তু আমার এক অত্যন্ত ঘনিষ্ঠ বন্ধুর গ্রামের বাড়িতে গৃহপ্রবেশ উপলক্ষে যাওয়ার জন্যে অনুরোধ করে আমন্ত্রণ জানিয়েছে। ওখানে না গেলেই নয়। তাই ভাবছি তোদেরও নিয়ে যাবো।


পরদিন গন্তব্য স্টেশনে পৌঁছে-
চল দেখি বাস টাস
আছে কিনা।
স্টেশনের বাইরে এসে-
এই যে ভাই! এদিকে গাড়ি
মানে বাস টাস চলে তো?
এজ্ঞে চলে বৈকি, কিন্তুক
এখন কিছুদিন হলো
চৈলছেনা।
কেন, ভাই, চলছে
না কেন?
ওনারা স্টারাইক করেছেন
তাই চৈলছেনা।
মরেচে!
বলতেপারেন এখান থেকে
কোতলপুর কতটা দূর?
তা ইখান থিকে কম
বেশী পাঁচ, ছ মাইল
নিচ্চয়াত!
কি হবে,স্যার? এই পাঁচ-ছ মাইল রাস্তা হেঁটিয়ে
যেতে হবে?
উপায় নেই। এসে পড়েছি যখন
যেতেই হবে
রে, কেলুটা!
দাঁড়িয়ে থেকে লাভ নেই,
বেল্লুই, হাঁটা শুরু কর
যেতে যখন হবে, তখন
দাঁড়িয়ে গ্যাজানোর কোন লাভ নেই বরং
এতে দেরী হয়ে যাবে
স্যার!


এই গরমে চারদিক ঝলসানো রদ্দুর মাথায় নিয়ে পাঁচ, ছ' মাইল হেঁটে যখন পৌঁছোবো তখন এনার্জি শেষ হয়ে যাবে, স্যার!
হেঁটে তোমার যে এনার্জি ক্ষয় হবে, কেলুদা, সেটা ওখানে টাটকা সব জিনিস খেলেই তো পরিপূরণ হয়ে যাবে।
ন্যালা ফ্যাচ ফ্যাচ না করে ঠিকঠাক হাঁট দেখি।
ঘন্টা দুই হাঁটার পর-
কোতলপুর যেতে যেতে আমরাই যে কোতল হয়ে যাবো মনে হচ্ছে। ঐ একজন আসছে, জিজ্ঞেস করে দেখি আর কতটা হাঁটতে হবে!
আচ্ছা, এখান থেকে কোতলপুর আর কতোটা দূর? হেঁটে হেঁটে পায়ে গেটে বাত ধরে গ্যালো!
বাবুরা খুবই হেদিয়ে পইরেছেন বলে মনে হচ্ছে?
ঐ যে জোড়া তালগাছ দেখতিছেন, ওটা পেইরে গেলেই আপনি কোতলপুর পৌঁছে গেলেন।
অল্প কিছু পরে-
যাক আমরা পৌঁছে গেছি।

এসেছিস, আয়। তোর সঙ্গে কতদিন পরে দেখা হলো বলতো, পাভিরাম?
আমারওতো একই কথা রে, ছল্লো, তোরেও কতদিন পরে দেখলাম!
তুই আসাতে খুব খুশি হয়েছি। কিছুক্ষণ পরেই গুরুদেব এসে যাবেন।
সেকিরে তুই আবার গুরুও ধরেছিস নাকি?
হ্যাঁ, খুব ভালো গুরু পেয়েছি। এলে দেখবি। এখন ঘরে গিয়ে বিশ্রাম কর।
সেই ভালো, হেঁটে হেঁটে পায়ে ব্যথা হয়ে গেছে।
এদিকে-
এনেছিস, পাশের ঘরে ভালো করে রেখে আয়। গুরুদেবের আসার সময় হয়েগেছে।
আমার সামনে দিয়ে পাশের ঘরে খাবার রেখে এলো রে, নন্টে আর ফন্টে।
এবার মনে হয় খাবার ব্যবস্থা হবে কি বলো?
খাবার রাখার ঘরে উঁ মেরে আসবো নাকি, স্যার?
না,না, এক্ষুণি ওর গুরুদেব এসে পড়বেন!
একটু পরেই-
আসুন, গুরুদেব! পায়ের ধুলো দিন।
জ্যায় মা ভৈরবী! ভালো আছো তো, বৎস, হুল্লু?

এটিকে তো ঠিক চিনলাম না, বৎস, হুলু?
এ আমার দীর্ঘদিনের বন্ধু পাতিরাম।
দুগ্ধপোষ্য এদুটি বালকবেও তো দেখিনি বৎস, হুলু!
এরা আমার বোর্ডিং স্কুলের ছাত্র।
এর কিছু পরে-
করাই আছে। পাশের ঘরে চলুন।
এবার মা ভৈরবীর ভোগের ব্যবস্থা করো।
ভোগে মাংসখণ্ড আছে তো? মায়ের চ্যালা চামুণ্ডাদেরও তুষ্ট রাখতে হয়।
আছে, গুরুদেব, বেশী পরিমানেই আছে।
জানিস তো উনি ভূত প্রেত সিদ্ধ।
কিন্তু খুবই ক্ষিদে পেয়েছে। অনেক হেঁটে এসেছি তো!
খাওয়ার জন্যে অস্থির হচ্ছো কেনো? পূজো হয়ে গেলেই প্রসাদ খাবে।
আধঘণ্টা পর-
মনের মতো ভোগ পেয়ে ভৈরবীর চ্যালা চামুণ্ডারা খুব খুশি, এবার প্রসাদ বিতরণ করে দাও, বৎস।
ক্ষিদের জন্যে তুমি অস্থির হচ্ছিলে তাই তোমাকেই প্রথম দিলাম।
একিরে, নন্টে আর ফন্টে? এক খানা লুচি, মাংসের ঝোলের শুধু আধখানা আলু, আর একটু খিচুড়ি!

পরে-
দুপুরের ভোগে তো কতো কিছু গেলো তার মধ্যে খাওয়া এটুকু?
গুরুদেব বলেন সব নাকি ভূত প্রেতে খেয়ে নেয়। যা থাকে নিজে না খেয়ে প্রসাদ বিতরণ করে দ্যান।
বিকেলে-
দ্যাখো, কেলুদা, রাতের ভোগ হবে। রাতে ভোগ খাওয়াটা মনে হয় ভালোই হবে।
হলে তো ভালোই রে, কিন্তু মায়ের চ্যালারা যদি রাতেও ভোগ খেতে আসে?
গুরুদেবের সন্ধ্যেপুজোর ভোগ, সাবধানে নিয়ে চলো ভাই, ঘণ্টেশ্বর।
রাতে কি খাওয়াবি রে, হুলো?
গুরুদেব বলেছেন মায়ের নাকি ইচ্ছে মাছ ভাজা আর খিচুড়ি ভোগের।
কি ব্যাপার বলতো? তুই সব সময় এতো গুরু নিন্দে করিস কেন?
ও কথা বলিস না। উনি ভূত প্রেত সিদ্ধ পুরুষ। যে কোন অঘটন ঘটাতে পারেন।
সেদিন সন্ধ্যায়-
আমি যা বলেছিলাম সেইমতো হয়েছে তো?
হ্যাঁ, সেইমতোই সব হয়েছে, গুরুদেব।
একঘণ্টা পরে-
শোনো, বলে। সকলকে এক হাতা খিচুড়ি আর সঙ্গে তিন টুকরো আলুভাজা দিয়ে দাও। বেশী আহার বুদ্ধি ভোঁতা হয়ে যায়!
মায়ের ভোগ নাকি তাঁর চ্যালা চামুণ্ডারাই মেরে দিচ্ছে, তাই আমাদের জন্যে একহাতা বরাদ্দ।
কোন গুরুর পাল্লায় পরেছি বলতো, ফল্টে?
পরদিন-
গুরুদেবের কথা হচ্ছে যে, ভূত, প্রেতরাই বেশীটা খেয়ে যায়— কেলুদা তোমার একটু সাহায্য চাই।
বল না কি করতে হবে? গুরুদেব আমার এনার্জির পারা চড়চড় করে নাবিয়ে দিচ্ছে!

সেদিন দুপুরে-
ভোগ নিয়ে এসে তাড়াতাড়ি দরজাটা বন্ধ করে দাও, ঘণ্টেশ্বর! সময় উত্তীর্ণ হয়ে যাচ্ছে।
ভোগ নিয়ে ঘরে ঢুকেছে রে নন্টে। চল, ঐ ঘরের পিছনের জানলা দিয়ে গুরুদেবের বলা ভূত,প্রেত জেজেম দেখা যাবে।
যদ্দিন পারা যায় চালিয়ে যা ঘণ্টা। মায়ের নাম ভাঙিয়ে ভক্তের ঘাড় ভেঙে এরকম চর্ব চোষ্য কোথায় মিলবে? তারপর ভূত প্রেতের গল্প তো আছেই। হেঃ হেঃ!
পরে-
যা প্রসাদ অবশিষ্ট আছে ওদের একহাতা করে দিয়ে দাও। হলু,তোর ওর বন্ধুকেও দাও।
এখন আমরা খাবো না।
কেন,বাছারা? খাবেনা কেন?
বেশী খাওয়া হয়ে যাচ্ছে। তাই। আপনি ঠিকই বলেছেন বেশী খেলে বুদ্ধি ভোঁতা হয়ে যায়।
বাঃ! এইতো বুদ্ধিতে ধার হওয়া শুরু হয়েছে।
সবিই তো আপনার দয়ায়,গুরুদেব।
সেদিন রাত্রে-
বাড়ি নতুন তৈরি তো,তাই আমরা যা চাই তার সবই ওখানে মজুদ আছে।
একঘণ্টা পর-
ভোগের মাংসটা খুব ভালো হয়েছে রে,ঘণ্টা। তবে কিনা ভূতে প্রেতেখেয়ে নিচ্ছে এই আর কি। হিঃহিঃ!

এই যে, মায়ের নাম ভাঙিয়ে তো এখানে দিব্যি চলছে! আবার বলা হচ্ছে যে আমরা মানে ভূতেরা খেয়ে নিচ্ছি।
অ্যাঁক!
উঁক্‌ৎ!
এই পাষণ্ড আবার ভড়কি দিয়েছে যে ও নাকি আমাদের সিদ্ধ। আয় ভাইসব আজ আমরাই ওকে সিদ্ধ করে খেয়ে ফেলি!
এসে গেছি।
ওরে বাবারে! গেছিরে!
নিজেরা গাণ্ডে পিণ্ডে গিলে তারপর আমাদের নামে দোষ চাপিয়ে বাকি উচ্ছিষ্টটা প্রসাদের নামে সকলকে একটুখানি করে খাওয়াচ্ছো পাষণ্ড! কাল যদি বাড়ির জিসিমানায় দেখি তাহলে—
না-না, আর এখানে থাকতে চাইনা।
হাড় মেলাও, কেলুটুদা। তোমাকে দেখেই ওরা ঘাবড়ে গ্যাছে। তোমার লিকলিকে শরীরে কেলে ভূত দারুণ মানিয়েছিলো। তাই নন্টেকে আর ফিল্ডে নামতে হয়নি।
পরদিন সকালে-
একি! গুরুদেব, আপনি চলে যাচ্ছেন?
হ্যাঁ, বৎস, হুলু। এখানে কিছু অশুভ শক্তির আবির্ভাব ঘটেছে তাই আর থাকা যাচ্ছেনা।
তোর গুরুদেব তো চলে গেলো। এবার আমাদের জন্যে কিছু ভালো মন্দের ব্যবস্থা কর।
তার জন্যে চিন্তা নেই। আজই পুকুরে জাল ফ্যালাচ্ছি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

পরে-
বেল্লটা মিনিট খানেকের মধ্যেই এখান দিয়েই যাবে। এই ছাতা দিয়েই আমি ওর তালুতে আলু গজিয়ে দেবো, নন্টে।
সহসা-
চোর পালাচ্ছে, থামাও!
মরেচে! এতো চোর নয়, পাড়ার উকিলবাবু!
ওপস্!
হতচ্ছাড়া! এইরে! একটা জরুরি কেস ছিলো, তুই ট্রেনটা ফেল করিয়ে দিলি!
চটাস!
হিঃহিঃ! আবার তোদের বুদ্ধু বানিয়েছি। নন্টে আর ফন্টে। আমিই চোর থামাও বলে চেঁচিয়েছিলাম!
শোন, নন্টে। এই গাড়িটা দিয়েই ওকে উল্টে জব্দ করবো।
তুই ঠিক বলেছিস, ফন্টে।
সেইমতো-
আমাদের এই গাড়িতে চেপে তুমি কি ঢালু রাস্তায় গড়িয়ে যাবে? দেখবে কি দারুণ মজার ব্যাপার!
নিশ্চয় যাবো!
মরেচে! এই গাড়ি নিয়ে তো পাশ কাটিয়ে যাওয়া যাবেনা থামানও যাবেনা।
চিন্তা কোরোনা, কেলুদা, সোজা ধাক্কা মেরেই থেমে যাবে।
দেখে চলুন দাদা-অ্যাই মরেচে!
আররফ!
গরর! কুলাঙ্গার, নেংটি! আমাকে চাপা দিয়ে মারার চেষ্টা? এই দ্যাখ্ কেমন লাগে।
উফ্-আফ্!
স্যারের ছাতাটা আবার সারাই করতে হবে রে নন্টে।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
বগলে করে ওটা কি এনেছিস রে, কেল্টু?
আপনার একটা ছবি, স্যার!
এই দেখুন, স্যার! কেমন হয়েছে বলুন।
বাঃ! সুন্দর হয়েছে! বোর্ডিংয়ে আমার একটাও ছবি ছিলো না।
ছবিটা আপনার ঘরেই টাঙিয়ে দিচ্ছি, স্যার।
ছবিটা দিন, স্যার!
এই যে নে।
ওফ্‌স্!
গেছিরে!
ওরে বাবা রে! আমার কোমর ভাঙলো রে।
ওঃ! ভুঁড়ির জন্যেই আমার বেশী চোট লাগেনি।
একটা ক্রিকেট বল এখানে পড়েছে, স্যার? এতো বল।
আপনাদের এভাবে লণ্ডভণ্ড কে করলো, স্যার?
কে করলো, স্যার? তোদের এতো সাহস যে, বল লাগিয়ে আমার মাথায় আর গজিয়েছিস আর তার জেরে কেল্টুর কোমর ভাঙার জন্যেও তোরাই দায়ী। এর ফল ভুগতে হবে।

কোমর বোধহয় একদমই ভেঙেছে, স্যার! সিধে হয়ে দাঁড়াতেই পারছিনা।
ঘরে চল। ব্যবস্থা হচ্ছে।
আমি কি আর সোজা হয়ে হাঁটতে পারবো, স্যার?
ভয় নেই। এই মালিশটা দিয়ে দু'তিন দিন মালিশ করলেই ঠিক হয়ে যাবে। আর তোরা নন্টে আর ফন্টে মালিশ করবি।
সেইমতো-
এই নাও, কেলুদা, তোমার জন্যে স্যার দুধ পাঠিয়ে দিয়েছেন।
কি মালিশ করছিস? বেশ জোর দিয়ে ভালো করে কর।
সাতদিন পর-
এদ্দিনেও তোর কোন উন্নতিই হলো না দেখছি। থাক তোকে আর গিয়ে খেতে হবে না তুই এখানে বসেই খা।
ব্যথা কমাবার এতো কড়া মলমেও কোন কাজ হলো না! তোরা ভালো করে ঠিকমতো মালিশ করেছিস তো?
হ্যাঁ, স্যার! কেলুদা যেমন করে বলেছেন সেই ভাবেই করেছি স্যার।
মলমে কিন্তু হবেনা স্যার। আমরা অন্য একটা দাওয়াই প্রয়োগ করেছি।
দেখিস আবার খারাপ কিছু হবে নাতো?
কোন ভয় নেই স্যার, কিচ্ছু খারাপ হবেনা।
তোমার বিছানায় সাপ গো কেলুদা!
ওরে বাবা! কোথায় সাপ?
ওরে গেছিরে! সাপে খেলো রে!
হতচ্ছাড়া চিটিংবাজ বিটলে!
হাঃ-হাঃ! ওটা রবারের সাপ গো, কেলুদা।
এই দ্যাখো!
যাবি কোথায়? ফিরলে আমি সত্যি সত্যি তোর কোমর ভাঙবো!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
নন্টে আর ফন্টেকে এদিকে আসতে দেখেছি। নিশ্চয়ই ওরা বড়দিনের কেক কিনতে এসেছে। মাল নিয়ে বেরিয়ে এলেই ছিনিয়ে নেবো। হিঃহিঃ!
ওরা ভাবতেই পারবে না যে, আমি এখানে ওঁৎ পেতে আছি!
ইরক!
হাঃ হাঃ! এবার আমরা বড়দিনে খাবার জন্যে বড় ব্যাগ ভর্তি ক্রীম কেক কিনে নিয়ে যাচ্ছি!
আমাকে নামিয়ে দে, হতচ্ছাড়ারা!
কাল সকালে যখন ক্রেণ-চালক ফিরে আসবে তখন তোমাকে নামাবে, কেলুদা! হিঃহিঃ!
তোরা নিয়ম জানিস — স্কুল বোর্ডিংএ কোন খাবার আনা নিষেধ! আমি এগুলি বাজেয়াপ্ত করছি।
অনিষ্ট হওয়ার পথ থেকে এগুলি ভালো আটকে রাখি।
আমি এটা তাকের ওপর তুলে রাখি।


গরর্! আমি অনেক কসরৎ করে জেল থেকে মুক্ত হয়েছি। এবার ওই পাজি দুটোকে কিছু শিক্ষা দিতে হবে!
ছুড়িটা সঙ্গে নিয়েছি, কাজ দিতে পারে।
ইরক্!
এদিকে কেলুটুর ছুড়ি কার্পেটের ছিঁড়ে যাওয়া গর্তের মধ্যে আটকে গেলো।
ওইই!
উরক্!
দড়াম!
! !
ঘড়াস! ঘটাস! ওফ্!
গরর্! পাজি, ছুঁচো, চ্যাচাটিকা! মর্মা! দিয়ে বুঝতে পারবি আজে ভোকে এমন শিক্ষা দেবো!
বাঁচাও!
এবার কেকগুলি নিয়ে আসি। চল, নন্টে। স্যার এখন দরজা আর কেলেটাকে নিয়ে খুবই ব্যস্ত থাকবে! হিঃ হিঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
শোন, নন্টে! এই চিঠিটা তুই আমার বন্ধু পশ্চিম পাড়ার গেঁদু বাবুকে দিয়ে আসবি।
ঠিক আছে, স্যার! দিচ্ছি।
তখন ওদিকে
হামার রসুইঘর থিকে কেলুটুয়া যাতে কুছু চোরি না করে সেই জোন্যে ওকে কুছু শিকসা দিতে হোবে। হিঃ হিঃ!
সেই জোন্যে হামি চিনির বদলে লঙ্কা গুড়া দিয়ে চাটনি মিঠাই বানিয়েছি!
আরে! এখানে যে দারুণা চাটনি পিঠে!
হিঃ হিঃ! এগুলি একেবারে হাতের নাগালেই ছিলো!
ইরক! ওগুলি যে হাওয়ায় ভেসে ওপরে চলে যাচ্ছে!
হাঃ হাঃ! ভাগ্যিস চোখে পড়েছিলো! আমাদের এই শক্তিশালী চুম্বকটা ধাতুর তৈরি কেকের পাত্রের পক্ষে খুবই উপযোগী কেলুদা!
গরর!
শুধু অপেক্ষা কর যতক্ষণ না আমি তোকে ধরি, ফন্টে!
আহ্, কেলু। ঝটপট নীচে গিয়ে ঠাকুরকে বল আমি এক প্লেট কেক চাইছি!
নন্টেকে দিয়ে আমার এক ঘনিষ্ঠ বন্ধুকে চা এর নেমন্তন্ন করে চিঠি পাঠিয়েছি। সে এখুনি এসে পড়বে।
ইয়ে... আচ্ছা, সুপরিনটেণ্ডেণ্ট স্যার!

হতচ্ছাড়া ফন্টের সঙ্গে বোঝাপড়ার পর ঠাকুরকে বলবো!
এই পিঠে আমি এই শক্ত প্রোক্ত ধাতুর আলমারিতে রেখে দিই মল্টে এলে দুজনে খাওয়া যাবে হিঃহিঃ!
এই যে তোদের শক্তিশালী বৃহৎ চুম্বকের কথা ভুলিস না, ফল্টে!
ইরক!
ঠনাৎ!
অ্যাই! এটা খুলে দিয়ে যাও কেলুদা!
অপেক্ষা কর। আগে এগুলিকে তারিয়ে পেটে চালান করি।
অ্যাহহা! তুই নিজেই তুরন্ত নিয়ে এলেছিস, কেলু! বেশ করেছিস!
অ্যাই মরেচে!
এই পিঠেগুলো খেতে খুবই সুস্বাদু হবে মনে হচ্ছে, পেঁদু।
সে তো নিশ্চয়ই হবে।
অ্যাম্যাফস্!
মুখটা জ্বলে গেলো!
ওরে গেলুম রে!
হতচ্ছাড়া, পাজি, নচ্ছার!
পিঠেতে লঙ্কার গুঁড়ে মাখিয়ে বন্দুকের কাছে আমাকে ছেলেন্তা, তোকে ধরলে কি করি দেখতে পাবি।
খুব জোর বেঁচে গেছি, মাইরি! কেন্ট ওগুলি নানিলে, খেয়ে আমাদেরও ঐ অবস্থা হতো।
ওগুলি কে বানালো বলতো?
যেই বানাক, স্যার এখন মুখের ঝাল কেলোর ওপর ঝাড়ছে। হিঃহিঃ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
চল,ছেলেরা! মন্যাফে পিকনিকের আগে চল আমরা ভূতুড়েবাড়ীটা ঘুরে দেখি।
ছেলেরা! এই ঘরের মধ্যে বয়সের একটা চিত্তাকর্ষক সংগ্রহ রয়েছে!
এটা ওদের ব্যস্ত রাখবে আর সেই ভালে আমি নীচে গিয়ে গাড়ি থেকে খাবার গুলি সরিয়ে রেখে দেবো নিশ্চিন্তে খাবার জন্যে।
একি! সাট-কাটের জন্যে স্যার রেলিং বেয়ে নামছে! তারা জানে না! নির্ঘাত খাবার সরাবার জন্যে। তবে এই দৃশ্যটা দেখে স্যার আশ্চর্য হয়ে যাবে!
আপনার খুবই তাড়া আছে দেখছি, তাই আমি আপনাকে সাহায্য করছি, স্যার!
ছিঃ ছিঃ! সুপরিনটেণ্ডেণ্ট স্যার লেকের জলে ডুব সাঁতার কাটতে যাচ্ছে, আর আমি স্যারের ফেলে যাওয়া বাজেটা নিয়ে পালাতে যাচ্ছি!
হোয়াট, নন্টে! কেলুদা বোধহয় স্যারকে কায়দা করে সরিয়ে আমাদের পিকনিকের বাক্স হাপিশ করতে এসেছে! শয়তান পেটুক কোথাকার!
এই টাঙ্গি-বর্শাটা খাবারের বাক্সটা বাঁচাবে!

!
ঝনঝন!
তোদের তোদের টানে মার নকেট!
গোঁ-গো! পাজি হতচ্ছাড়ারা!
আমি ওপরে যাই আর... হুরুক্! স্যার আসছে!
গরর্! যতক্ষণ না তোর গায়ে হাত লাগাচ্ছি, অপেক্ষা কর!
বাঁচাও! আমি পালিশ করা মেঝেতে গড়িয়ে যাচ্ছি!
থামুন, স্যার! থামুন!
আমি পারছি না গর্দভ!
ওফ্!
ধড়াম!
আঁউফ্!
ঠিক আছে, ভাই সব! নির্ভয়ে নিরাপদে খাবারের বাক্স নীচে নিয়ে চল।
পিকনিকে হস্তক্ষেপ করিয়েরা এখন ডাইনোসরের হাড়ে বন্দী। এবার শুধু আড়ে দেখা ছাড়া আর কিছু করার ক্ষমতা নেই ভাই বন্ধুগণ আমরা এখন শান্তিতে ভোজন সমাধা করবো।

নল্টে আর ফল্টে
নারায়ণ দেবনাথ
বোর্ডিং কিচেন
আমার পাথরের নমুনা রাখার জন্যে এই কেকের বাক্সটা দেওয়াতে ধন্যবাদ, পাচকঠাকুর!
আমি আশা করছি কেউ না কেউ কিছু খাবার ভুল করে এদিক সেদিক ফেলে যাবে– আমি ক্ষিদেয় মরে যাচ্ছি!
আমি সারা বোর্ডিং তল্লাস করেছি– কিন্তু কোথাও একটা বিস্কুট পর্যন্ত নেই।
ন্যাঃ বুঝলাম
অ্যাঃহা! নয়া স্যার বাইকবাবু তার ডেস্কের ওপরে একবাক্স কেক রেখেছে!
আরে, সাবাশ! আমি তাহলে শেষ-পর্যন্ত জলযোগ করতে যাচ্ছি!
ঠলাক! ঠলাক!
তুমি আমার পাথরের নমুনা নিয়ে কি করছো, বেল্টু?
পরে
কোন কিছু খাদ্যদ্রব্য নিয়ে আসা কোন ছেলেকে ধরতে পারবো! আমি এই উঁচু থেকে প্রায় এক মাইল পর্যন্ত দেখতে পারছি।
ওদিকে
সুপারিনটেণ্ডেণ্ট স্যার এই ভারী রংয়ের ড্রামটা নীচে নামাতে বলায় নল্টেকে একাই নতুন বছর উদ্‌যাপনের জন্যে খাবার আনতে গেছে!
হিঃহিঃ! আমি কিছু তক্তার ওপর গ্রীস মাখিয়ে দিয়েছি! এবার আমি সহজেই এটা গড়িয়ে নীচে নিয়ে যেতে পারবো!


আরিঃসাবাশ! এক পাদা খাবার নিয়ে মল্টে একলা আসছে! উলুস্—উলুস্!
ইতিমধ্যে
এর মধ্যে কেউ হুড়কে পড়ে যাবার আগেই এই তক্তাগুলি সরিয়ে ফেলি।
আমি ঝট্ করে নীচে যাবো আর ফট্ করে···ওইই!
আরফস!
হুউশ্শ্!
মরেচে!
আমার যাবার সময় হয়েছে!
ঘুপরিবেতেগুলোর গায়ে রাখার সাবধানিতে জ্বাল
ঘড়াম!
অ্যাই মরেচে! কেলুদা যে আমাদের নববর্ষের খাবার খাওয়ার জন্যে উন্মাদের মতো ছুটে আসছে!
হিঃহিঃ! ওকোথেকে এসে হুড়কে জানলা গলে স্যারের গাড়িতে পড়ে তাণ্ডব করলো কে জানে!
যাক্ নববর্ষ উদ্‌যাপনে আর কোন বাধা নেই!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আজ এটাই হচ্ছে রসায়নে বিদ্যা-শিক্ষার শেষ, ছেলেরা! তোদের আমি রকেট তৈরি শিখিয়ে দিলুম। ইচ্ছে করলে তোরা নিজেরাই তৈরি করতে পারবি।
তুলিস না— আজ বিকেলে আমরা প্রকৃতি পর্যবেক্ষণে বেরোবো।
আমরা কিছুক্ষণের জন্যে জঙ্গলে থাকবো, বন্ধুরা। এখানে আমাদের কিছু কাজ করার আছে!
যা ভেবেছি! স্যার পর্যবেক্ষণে গিয়ে নিজে খ্যাটাবার জন্যে বাক্স ভর্তি খাবার নিয়ে যাচ্ছে কিন্তু আমি সেটা হতে দিচ্ছি না!
কারণ আমি এর অর্দ্ধেকটা হাতিয়ে নিচ্ছি! হিঃ হিঃ! আমি এগুলি এই ব্যাগে নিয়ে নিচ্ছি।
সোজা মিলের দিকে নিয়ে চল, কেল্টু। আমরা ওখানে নানা ধরণের গাছের অনেক পাতা সংগ্রহ করতে পারবো।
ছেলেরা, তোরা বনের মধ্যে যা। গিয়ে ভালো কিছু নমুনা নিয়ে ফিরে আয়।
আমি স্যারের কোমরে এই হুকটা আটকে দিই।
ছেলেদের নজর এড়িয়ে আমার খাবারটা আয়েশ করে খাবার জন্যে আমি উল্টোদিকে চলে যাই!
আমি নিঃঝাড়ে নদীর ধারে গিয়ে বসে নিজস্ব পিকনিক করি! হিঃহিঃ!


দড়ি দেখে সহজেই আমরা অনুসরণ করে জায়গায় পৌঁছে যাবো। আমাদের বানানো এই পেল্লায় রকেটাকে সাবধানে নিয়ে চল, নল্টে!
আমার খাবারের বাক্স অর্দ্ধেক খালি! আহ্! কি আর করা যাবে এতেই কাজ সেরে ফেলি।
ঐতো ওখানে!
আমি জানি স্যার নিজের জন্যে সঙ্গে উপাদেয় সব জিনিস এনেছে! সরে যা নল্টে! আমি এবার রকেটে আগুন দিচ্ছি!
হিঃহিঃ!
আরফ্‌স্!
হিঃহিঃ!
হুউসস!
খাবারগুলো আমি কাপড়টার ওপর বিছিয়ে নিই।
বাঁচাও!
ইরক্!
হাঃহাঃ! আমরা এবার শুধুই খাবার পর্যবেক্ষণ করবো! আর একটা কথা, এই ঝিলেতে সাঁতার নিষিদ্ধ!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ডাক্তারের নির্দেশে পরিমিত আহার করতে হচ্ছে। এভাবে চললে শরীর কতদিন টিকবে কে জানে!
ক্ষীরটা নিয়ে এলো,ঠাকুর! গতকালের ক্ষীরটা দারুণ করেছিলে। এটুকুই যদি শরীরটাকে একটু ঠিক রাখে।
এতো দেরি হলো কেন? দাও, তাড়াতাড়ি দাও!
ক্ষীর-ফির কুছু নাই, বিলকুল সাফ! মালুম কোই খা লিয়া।
ওঃ! এতো দেখছি একেবারে চেটে পুটে সাফ করেছে! কে খেয়েছে বলো তো, ঠাকুর?
চুহা-উহা হোবে।
চুহা, মানে ইঁদুরে খেয়েছে? ইঁদুর ও ভাবে চেটেপুটে খেতে পারে? দু'পেয়ে চুহা নয় তো?
মালুম নেহি। তবে দো পাইয়া ভি হোতে পারে!
কেষ্টকে এখুনি আমার কাছে পাঠিয়ে দাও,ঠাকুর।
স্বামি আভিকেলটুয়া বাবুব্যো বুলাইছি, সুপারিটেন্ডেন্ট,সাব।
কালুইয়াবাবু! সুপারিটেন্ডেন্ট সাব আপকো বুলাইছেন।
ডেকেছেন? ঠিক আছে যাচ্ছি।
আমাকে ডেকেছেন,স্যার?
বলি এটা কি হচ্ছে? আমার ক্ষীর লোপাট হচ্ছে কি করে?

কি সর্বনেশে কাণ্ড! আপনার জন্যে রাখা ক্ষীর কে মেরে দিয়েছে!
আমি চাই কে ক্ষীর সাফ করেছে তাকে ধরতে। কেলটু, তুই এর মধ্যে নেই তো
ছি-ছি! কি যে বলেন স্যার! আপনার জিনিস আমি খাবো! এ তো ভাবতেই পারি না, স্যার! বলেন তো লোডিস্টটাকে খুঁজে বের করি।
ঠিক আছে! তোর ওপরই ভার রইলো কে খায় সেটা ধরার!
অ্যাই! তোরা কে বা কারা স্যারের ক্ষীর খেয়েছিস বল?
সেকি! স্যারের ক্ষীর আমরা খেতে যাবো কেন! আর কে খেয়েছে জানবোই বা কি করে!
নন্টে আর ফন্টে; এটা তোদের কম্ম নয় তো রে?
কি বলছো, কেলুদা! স্যারের ক্ষীর আমরা খেতে যাবো কেন?
কিছু পরে-
তাহলে তো মনে হচ্ছে ইঁদুরেই খেয়েছে।
তাইতো মনে হচ্ছে। যা ধেড়ে ইঁদুরের আমদানি হয়েছে!
স্যারের ঘরে-
নন্টে আর ফন্টেও বলছে ইঁদুরেই খেয়েছে, ওরা খায়নি।
কে জানে, হবে হয়তো।
চলিরে, নন্টে আর ফন্টে। একটু রেস্ট নিতে হবে।
আমরাও নেবো, বেলুদা।
পরদিন রাত্রে-
এরকম স্বল্পাহারে আর কতদিন থাকতে হবে কে জানে। যা একটু পুস্টিকর খাই তার ওপর আবার ইঁদুরের নজর পড়েছে!
ক্ষীরটা আনো ঠাকুর! আজ নিশ্চয় ইঁদুরে সাফ করে দেয়নি!


কী হলো, ঠাকুর? কোন সাড়াশব্দ নেই কেন?
এতোক্ষণ ধরে ডাকাডাকির পর এখন সঙের মতো বাটি হাতে দাঁড়িয়ে না থেকে ওটা আমার হাতে দাও।
এই নিন।
একি! ইঁদুরে দেখছি আজ সব খেয়ে বাটির নীচে আমার জন্যে তলানি প্রসাদ রেখে দিয়েছে।
পরদিন বিকেলে-
ইঁদুরে রোজ স্যারের ক্ষীর খেয়ে যাওয়ার জন্যে আমাদের আজ খাওয়া বন্ধ-
উদের পিণ্ডি বুধোর ঘাড়ে।
চল তো, ফল্টে। ইঁদুর স্যারের ক্ষীর খেতে কোথা দিয়ে ঢোকে গিয়ে দেখি।
ঠিক বলেছিস, নল্টে। চল গিয়ে দেখি।
এসময় ঠাকুর থাকেনা। তাই স্যার বলছেন রান্নাঘরটা একটু তদারক করতে। একি! ওতরে নল্টে আর ফল্টে বলে মনে হচ্ছে যেন!
ওরা আমাকে দেখেনি। এই মওকায় স্যারকে ডেকে নিয়ে আসি।
নিজের চোখেই দেখুন, স্যার। মনে হচ্ছে এরাই ইঁদুরের নাম দিয়ে ক্ষীর সাফ করছিলো।
তাহলে এসব তোদেরই কম্ম। আজ কেলুটার কাছে ধরা পড়ে গেছিস।
ওরাই যে লোপাট করছে তা বোঝার উপায় ছিলো না।
আমার খাবারে হাত, ওদের ব্যবস্থা করছি।

পরে-
কেন মে তোরা স্যারের ক্ষীরে হাত দিয়ে ঘোরতর গর্হিত কাজ করতে গেলি।
সত্যি বলছি, কেলুদা, আমরা স্যারের ক্ষীর খাইনি।
কিন্তু স্যার সবচক্ষে দেখেছে বলেই দুদিন দুপুরে তোদের খাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। হেঃ হেঃ!
স্যার আমাদের অন্যায় ভাবে সাজা দিলেন!
আর নয়। এবার একটা ইঁদুর ধরার কলের দরকার।
ক্ষীর খেকো ধেড়ে ইঁদুরটাকে ধরতেই হবে!
বাছাধন ধেড়ে ইঁদুরের বেশ আয়েশ করে ক্ষীর খাওয়ার আজই শেষ।
কলটা পাতা হবে কেউ যেন জানতে না পারে।
ঐদিন রাতের খাবারের আগে-
ক্ষীর চোরদুটো ধরা পড়েছে, এবার বাটি ভর্তি ক্ষীরটুকু খেতে পারবো!
এবারে তাড়াতাড়ি খাবারের বন্দোবস্ত করো, ঠাকুর!
এখুনি করছি, সুপারিটেনডেন্ট সাব!
তখনই-
ওরে বাবারে! গেলুমরে!
রান্নাঘরে কে যেন চেঁচিয়ে উঠলো ঠাকুর!
ক্ষীর খেকো ধেড়ে ইঁদুর ধরা পড়লো বোধহয়, স্যার!
আরে, কালুয়াবাবু! হুতোচ্ছাড়া! নিজে খেয়ে শেষে নন্টে আর ফন্টের ঘাড়ে দোষ চাপিয়েছিলি! তার শাস্তি-
সারারাত কান ধরে একপায়ে দাঁড়িয়ে থাকবি। নন্টে আর ফন্টে, তোরা পাহারায় থাকবি।
খুশি মনে, স্যার!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
একি, স্যার! আপনার কি শরীর খারাপ হয়েছে?
হ্যাঁরে, কেলু, কয়েকদিন ধরেই ভয়ানক দুর্বল হয়ে পড়ছি!
আপনি এভাবে দুর্বল হয়ে যাচ্ছেন, সেটা আগে আমাদের জানান নি তো?
জানালেই বা তোরা কি করতিস?
আমরা আপনাকে ভালো শক্তিবর্ধক ওষুধ এনে দিতাম। কি বলিস, নন্টে আর ফন্টে?
হ্যাঁ,-ইয়ে-মানে-তাতো বটেই।
কিন্তু কিন্তু করছিস কেন? ঝেড়ে কাশ না? হ্যাঁ-ইয়ে বলে ঠ্যালা মারছিস কেন? তোরা কি চাস না যে স্যার সুস্থ হয়ে উঠুক?
দেখলেন তো স্যার, আপনার সেবার বেলায় ওদের কেমন কিন্তু ভাব!
সে তো ভালোই জানি রে, কেলু, এ জন্যেই তোর ওপর এতো নির্ভর করি।
অব্যর্থ বলবর্ধক কবিরাজী ওষুধ আমি আপনাকে এনে দেবো, স্যার। ওরা কিছু না করলেও যাবে আসবে না। আমি আপনাকে সুস্থ করে তুলবই।
দেখলি তো, নন্টে, স্যারকে কেমন আমাদের বিরুদ্ধে তাতিয়ে দিলো? যেন ওই স্যারকে বেশী ভালোবাসে।
কিন্তু ওর এই চালাকি তো বানচাল করতেই হবে!
কিছু পরে-
এইযে, স্যারের একমাত্র সেবক! এখানে কি মনে করে?
কি মনে করে মানে? উপ্পুড় হস্ত করবে কারা? আমি তো সেবা করবো কিন্তু সেবা করার মালকড়ি তো তোরা ছাড়বি, নাহলে স্যারের বাগানে—
ঠিক আছে, দিচ্ছি!

পরে-
এই নাও আমাদের দুজনের চাঁদা।
আমার কাছে থাকলে আমিই আনতাম কিন্তু জনিস তো সবসময় আমার কাছে থাকেনা। যাক্ আমি স্যারের ওষুধটা নিয়ে আসছি।
কবিরাজের ঘর
ভাগ্যিস কেলুটাকে ফলো করেছিলুম। এবার আমরাও স্যারের ওষুধ কিনবো।
এবং সেটা মধ্যরাতে পরিবর্তন হবে।
আমাদের একটা খুব কড়া পাঁচন দিন।
এই নাও। কিন্তু যে খাবে সে যেন একবারে বেশী না খায়।
পরে-
স্যারের জন্যে কি ওষুধ আনলে দেখালে না তো?
টেবিলে রাখা আছে। নিয়ে আয়, তারপর চল স্যারকে খাওয়াতে হবে।
দেখবি কি দুর্দান্ত ওষুধ! হাফ গ্লাস পেটে পড়লেই দেখবি স্যার একেবারে ঘোড়ার মতো ছুটবে!
বলো কি গো, কেলুদা?
ঢক্ ঢক্ করে খেয়ে ফেলুন, তো, স্যার! দেখবেন কেমন তেজী ভাব ফিরে আসবে। আপনি ঘোড়ার মতো ছুটতে পারবেন!
বলছিস?
রাত্রে আরো হাফ গ্লাস-
গ্লগ-গ্লগ-গ্লগ!
!
অ্যাঃ!
সত্যি, কেলুদা, স্যার গাড়ু হাতে ঘোড়ার মতন দৌড়াচ্ছে বটে!
এই দৌড় বন্ধ হবার পর কেলুদার পরিণাম কি হবে জেবে আতঙ্ক হচ্ছে রে, ফন্টে!
অলরেডি ফোর টাইমস হয়ে গেছে, কেলুদা!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

ইয়ে—চলি গো কেলুদা-আমি বোর্ডিংয়ে ফিরতে চাইছি!
আমার চোয়াল ভেঙে দিয়ে? তোরটাও না ভেঙে আমি তোকে ছাড়ছি না!
পাঁচিল দিয়ে কিছুদূর চলারপর
হোঃ হোঃ! ফন্টেকে হয় এবার নিচু দেয়াল দিয়ে হাটতে হবে নয়তো লাফিয়ে নিচে এখানে নামতে হবে—
মোটাই করুক এবার আমি ওকে ধরবোই!
কিন্তু-
এটা সামনের ঐ উঁচু দেয়ালটায় পৌঁছোবে কি?
চেষ্টা করে দ্যাখ! যদি পড়ে যাস, তখন তোকে ধরবো, ফন্টে!
হোঃ হোঃ! এক ফুটের ওপরে কম, ফন্টে! বরং আত্মসমর্পন করে বদলাটা নিতে দে!
মরেচে! তক্তাটা বেশ ভারী, হাত থেকে হড়কে যাচ্ছে—
এইরে—কেল্টো তো ঠিক নিচেই দাড়িয়ে!
ঘ্যাঁগত! তুই আমার তালু ফাঁটিয়ে আলু গজানোর ব্যবস্থা করলি!
গেলুম!
মলুম!
কিছু পরে-
ওরফ! না, হতচ্ছাড়ারা আমার মাথায় এখনো ব্যাথা, ওফস!
ইয়ে- এইযে, কেলুদা! তুমি কি আমাদের সঙ্গে তক্তা দিয়ে খেলবে?
কেলুদার এ দশা কে করলো রে, ফন্টে?
তোমার না খেলাই ভালো, কেলুদা! মনে হয় এই তক্তা দিয়ে একদিনে তুমি যথেষ্ট ওপর নীচ করেছো!
ইস্, আমি সঙ্গে থাকলে আরো ভালে জমতো, কেলুদা।
ছুঁচোরা! মনে রাখিস এক মাঘে শীত যায়না!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এবারে বড়দিনে আর নতুন বছরে স্যারকে কি দেওয়া যায় বলতো, ফন্টে?
ঠিক বলেছিস, নন্টে। একটা বেশ ভালো কেক কিনে স্যারকে দেওয়া যেতে পারে।
সেই ভালো হবে রে, ফন্টে, তাই চল—
কি ভালো হবে রে, নন্টে আর ফন্টে? কোথায় যাবি?
কি যে বলো, কেলুদা! কোথায় আবার যাবো।
দেখলি তো, নন্টে, আর ফন্টে, কিছু বলার উপায় নেই, ঠিক সময়ে এসে হাজির হবে।
যা বলেছিস ওর নজর এড়িয়ে আনতে হবে।
শয়তান দুটো নির্ঘাত কোন মতলব এঁটেছে। তক্কে তক্কে থেকে দেখতে হবে।
একঘণ্টা পর-
তাহলে এই ব্যাপার। লুকিয়ে স্মাগলিং করা?
নজর রেখে চল, কেলটার চোখে না পড়ে যায়, তাহলেই চিত্তির!
কেলটা লুকিয়ে আমাদের ওপর নজর রেখেছে রে, নন্টে!
বোর্ডিংয়ে পৌঁছে-
তুই ঠিক দেখেছিস তো, ফন্টে?
আমার চোখ কখনো ভুল দেখেনা রে, নন্টে।
ও যে কোন মুহূর্তে চলে আসতে পারে রে, নন্টে।
আরে সেই জন্যেই তো মিস্টি কেককে আরো টেস্টি করে রাখছি!
একটু পরেই-
এইযে, নন্টে আর ফন্টে! বলি, কি আনা হলো?
এতে নজর দিওনা, কেলুদা। এটা স্যারের জন্যে।


কি বললি ? স্যারের জন্যে তোরা কেক এনেছিস ? আরেঃ! আমি তো ভুলেই গিয়েছিলাম যে স্যারকে আমিও একটা কেক দেবো। খুব ভালো হয়েছে এটাই আমি দিয়ে দিই।
যাক, ওদের কেক দিয়েই স্যারকে খাওয়াবো আর স্যারের গুডবুকে থাকবো, হেঃ হেঃ!
স্যার কেল্টুর কেক খেলে দারুণ খুশি হবে, কি বলিস, ফল্টে ?
অবশ্যই হবে।
কেল্টুটা আবার গেলো কোথায় ? দরকারের সময় পাওয়া যায় না।
এইতো, স্যার, আমি এখানে। হেঃ হেঃ!
দরকারের সময় কোথায় থাকিস ? হাতে ওটা কি ?
বড়দিন আর নতুন বছরের কেক!
কি বললি, কেক ? আগে বলবি তো। কেক আমি ভীষণ পছন্দ করি। দে, দে, বাক্সটা আমার হাতে দে।
খেয়ে দেখুন, ভীষণ টেস্টি
খেতে কি রকম লাগছে, স্যার ?
বেশ ভালোই, তবে স্বাদটা একটু যেন কেমন!
একটু পরেই-
এ কি রে কেল্টু ? কি কেক রে ? চিবোতে গিয়ে দাঁতে মুখে যে চটচটে হয়ে আটকে যাচ্ছে!
ঘরেচে! একি এরকম হলো কেন, স্যার?
মুখ আটকে যাচ্ছে- পাজি, নেংটি, ছুঁচো- ও-ও-ম্-ম্!
ওরে বাবা! স্যারের মুখ যে আঠায় সেটে গেছে!
হুম-হুম-হুম-
যা কিছু ঘটছে সব এই স্পেশাল স্টিং আঠার ক্যারামতিতে। হেঃ হেঃ!
কথা বলতে না পারলেও গর্জনে মালুম স্যার কেল্টাকে এ কেক খাওয়াবেনই

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
বোর্ডিং সংক্রান্ত একটা জরুরী মিটিংয়ে যেতে হবে। এমনিতেই দেরী হয়ে গেছে শুধু ঘড়িটা হাতে লাগিয়ে— আরে! ঘড়িটা গেলো কোথায়? এখানেই তো রেখেছিলাম বলে মনে হচ্ছে।
নাহ্, ড্রয়ারেও নেই। তাজ্জব! ঘর থেকে ঘড়িটা যাবে কোথায়? দামী ঘড়ি, কেউ হাত সাফাই করলো নাকি? দেখি কেলুকে জিজ্ঞেস করে।
কেলু, অ্যাই কেলু!
আমাকে ডাকছেন, স্যার?
হ্যাঁ, ডেকেছি। টেবিল থেকে আমার দামী হাতঘড়ি কোথায় গেলো?
আমি আপনার ঘরে ঢুকিইনি, স্যার, তাই হাত ঘড়ির কথা জানবো কি করে?
তাহলে সবাইকে ডেকে আমার কাছে নিয়ে আয়।
এইযে, নন্টে আর ফন্টে! স্যার সবাইকে তলব করেছেন, চলো।
গেলেই জানতে পারবি।
কি ব্যাপার বলতো, কেলুদা?
সত্যি করে বল তোরা কে আমার ঘড়ি নিয়েছিস?
না, স্যার, আমরা কেউ আপনার ঘড়ি নিইনি।
ঠিক আছে, আমি পাঁচদিন সময় দিচ্ছি এর মধ্যে চোর ধরে দিতে না পারলে সবাইকে কঠোর শাস্তি পেতে হবে।
কিছু ভাববেন না, স্যার। আমরা ঠিক চোর ধরে ফেলবো!

ওদের জানতে না দিয়ে আমাকে লুকিয়ে ওদের ওপর নজর রাখতে হবে।
দুদিন পর-
আমার এক বন্ধুর বাড়ি নিমন্ত্রণে যাচ্ছি কেলুদা, দেরী হলে নাও ফিরতে পারি
রাতে চুপিচুপি ফিরে ঘরে ঘাপটি মেরে থাকবো।
ঠিক আছে স্যার।
সেদিন রাত্রে-
একি! স্যার তো নেই। তাহলে এতো রাতে স্যারের ঘরে কে ঢুকছে? কেলুদাকে খবরটা এখুনি জানাতে হবে!
স্যারের ঘরে একজনকে আমি ঢুকতে দেখলুম, কেলুদা!
নির্ঘাত চোর! আবার চুরি করতে ঢুকেছে। শিগগির চল পাকড়াতে হবে।
নিশ্চয়ই চল। গিয়ে ঝপাৎ করে এই চাদর দিয়ে জাপটে ধরবো!
অন্ধকারের মধ্যেই চাদর চাপা দিয়ে জাপটে ধরে প্যাঁচে ফেলে বেঁধে রেখে দেবো। স্যার এসে চোর ধরা পড়েছে দেখলে স্যার খুবই খুশি হবে।
ঠিক মা জেবেছি। আমার ফন্দির ফাঁদে এবার চোর বন্দী হবে। এখন শুধু ধরার অপেক্ষা।
একটু পরেই-
যাবে কোথায়, ঠিক পাকড়েছি। এবার আলোটা জ্বেলে দে, ফন্টো।
দিয়েছি, কেলুদা।
ছাড়, ছেড়ে দে বলছি!
এ-একি! স্যার, আ- আপনি?
ওকৎ!
যার জিনিস লোপাট হলো তাকেই চোর বলে পাকড়ে হেনস্থা?
বাঁদর! তোকে আমি তোরই চাদর জড়িয়ে পেটাবো, উজবুক!
নন্টে আর ফন্টের খবরের ওপরেই আমি অ্যাকশান নিয়েছিলাম-

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
ফন্টে বোর্ডিং কিচেনের জন্যে দেখছি ফল আর শাকসব্জী সংগ্রহ করছে!
সব্জী ও ফলের দোকান
এটা নাও, ফন্টে!
আর এই কলার কাঁদিটাও নাও!
সব্জী ও ফলের দোকান
নিশ্চয় নেবো!
হাঃহাঃ! এখানে যা কলা আছে তা এক অথবা দুদিনের চলার পক্ষে যথেষ্ট!
কিছুটা খেয়ে নেওয়ার জন্যে এখানটা বেশ ভালো জায়গা।
একটা রোগা মতো ছেলে কলার কাঁদিটা নিয়ে ঐদিকে পালালো। মনে হচ্ছে বোর্ডিংয়ের ছাত্র টাত্র হবে!
রোগা, বোর্ডিংয়ের ছাত্র? আর বলতে হবেনা!
ও এই রাস্তা দিয়ে গেছে তাই চারদিকে কলার খোসা ছিটিয়ে রেখেছে!
হুঁয়োফ্!
ইরক্! আমি ঐ বেড়াটাকে ধাক্কা লাগাতে যাচ্ছি!

বাকিটা খাবার জন্যে এটা আমি আমার ঘরে নিয়ে যাবো!
মড়াক!
ওফ্!
হুরুক!
মরেচে!
ওয়াহ্!
দুঃসাহসীদের খেলার মাঠ
!
দারুণ! আমাদের জন্যে সুস্বাদু কলা এনেছে, কি ভালো লোক কেলটুদা!
তুই খুব টাইমলি এসে গেছিস, নক্টে! এই মওকায় আমরাও কিছু হাতিয়ে নিয়ে যাই! কেলটো এমনিতেই ক্ষেপে আছে—আরও ক্ষেপবে যখন পাচকঠাকুর ওর কাছ থেকে সমস্ত কলার দাম গলায় গামছা দিয়ে আদায় করবে!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কি মজা! চাটনি সহযোগে ফলের তৈরি মোরব্বার এই বোর্ডের বাক্সটা ওর জন্যে সংগ্রহ করে দিলে রান্নার ঠাকুর আমাদের পুরস্কার দেবে!
চুপি চুপি স্কুলে খাবার চোকানোর ফন্দি, নন্টে আর ফন্টে? আমি এটা নিয়ে নিচ্ছি!
এবার আমি পার্কে ছাতার আড়ালে সুন্দর ভাবে একটা খ্যাঁট দিতে পারবো! শুরুত!
পার্ক
ফলের চাটনিযুক্ত বৃহৎ মোরব্বা! আমি এদের সদ্গতি করতে যাচ্ছি।
ওফ্!
খেরাস!
হুরুক! এবার ঐ হাঁসটা অন্যটাও নিয়ে গেলো! তাড়াহুড়ো করতে গিয়ে ভুলে ছাতা খুলে আড়াল না করে কি ভুলই না করেছি!
গরর্! মোরব্বাটা ফেলে দে, চোটা হতচ্ছাড়া!
আরফ্!
খেপাত!

বাহ! দু'দুটো উপাদেয় মোরব্বা সম্পূর্ণ অপচয় হয়ে গেলো। সুখের কথা যে বাক্সের মধ্যে আরো আছে!
আজ আমার কি বরাত! ফলের মোরব্বা!
ইঁক্! ভবঘুরেটা ওগুলি হাতাতে যাচ্ছে!
না,চাঁদু,তা হবে না!
থ্যাপাৎ!
থেরাজ!
আমাকে লেঙ্গি মেরে ফেললি, তুই? এই নে পাল্টা!
ওহি মোরব্বা হামি স্বপারিনটেন সাবকে লিয়ে আনিয়েছিলম! আপনি তোমাকে ইটার দাম দিতে হোবে, কালুবাবু!
ইয়ে,নিশ্চয়, ঠাকুর!
ধ্যাৎ! আমাকে মোরব্বার জন্যে দাম দিতে হচ্ছে, অথচ আমি তাতে একটা কামড়ও বসাই নি! ইরক্ ডিমরুল!
হোঃ হোঃ! কেল্টো মোরব্বায় একটা কামড়ও দিতে পারে নি- কিন্তু এখন নিজে অজস্র কামড় খাচ্ছে-ডিমরুলের কামড়!
বাঁচাও! হেল্প!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
...হ্যাঁ, আমি স্কুল বোর্ডিংয়ের নয়া পাচক। আপনার বেকারি থেকে আমাকে চার ডজন সসেজ রোল পাঠাতে পারবেন?
উরিব্বাস! সসেজ রোল!
সসেজ রোল!
কিছুদিন ধরে দেখছি স্যারের খাওয়ার মোলায়েম বড্ড বেড়েছে। ডাক্তার খাওয়ার ওপর নিয়ন্ত্রণ করতে স্যার উপবাসী হয়ে নিজেই ময়দলে নেমে পড়েছে। এখনি কিছু না করলে সব রোল স্যারের পেটের খোল ডরাট করবে।
নতুন পাচকঠাকুরটা বড় ঝাঁটা। মোটা হয়ে যাচ্ছি বলে সেদ্ধ খেতে দিচ্ছে। তাই চুপিচুপি নিজেই—
আঃছা! আমাকে কি করতে হবে জানি! আমি এর মধ্যে লুকিয়ে থেকে ব্যাপারটা বুঝে কোঁৎকা লাগাবো!
এইতো বেকারি থেকে সসেজ রোল নিয়ে লোক আসছে! এবার আমি আমার লুকোবার জায়গায় ফিরে যাই।
ঐতো স্যার আসছেন! আমার সামনে দিয়ে যাবার সময়ই কোঁৎকা লাগাবো! কে লাগালো স্যার বুঝতেই পারবেন না। হিঃহিঃ!
আমি এই সিন্দুকটা সরঞ্জাম রাখার ঘরের বাইরে থেকে পেয়েছি। বিশেষভাবে এর মধ্যে লুকোবার জন্যে।
সুপারিনটেণ্ডেণ্টের জানা ছিলো না যে সিন্দুকটা আপনা আপনি চাবি বন্ধ হয়ে যাওয়া সিন্দুক
যেই ও এখান দিয়ে যাবে আমি লাফিয়ে বেরিয়ে কিছু রোল তুলে নেবো।
এই যাচ্ছে, পায়ের শব্দ পাচ্ছি! ইরুক! ঢাকনাটা যে খুলতে পারছি না!

সুপারিনটেণ্ডেণ্ট স্যার এবার আসছেন শুনতে পাচ্ছি!
আরফল্!
ওদিকে দ্যাখ্,নন্টে! এযে সলেজং রোল! বৃষ্টি হচ্ছে রে মাইরি!
গরুর! এসব করার মতলবটা কি?
অয়বাপ! কেটে পড়ি!
ওপস্! সিন্দুকটা কে ওখানে রেখেছে? আমি ঠিক সময়ে লাফিয়েছি!
গড়াং!
এ বেলায় আর আমাদের কোন ক্লাশ নেই,বন্ধুগণ! এখন ছপ্পড় ফুঁড়ে যে রোল এসে আমাদের কোল জুড়ে পড়েছে সেগুলির সদ্ব্যবহার করা। স্যার আর কেলেটা এখন আমাদের বিরক্ত করবে না। হিঃহিঃ!
বাঁচাও! হেল্প! আমাকে নামাও!
গরুর! আমাকে বের করো!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
এই যে, কেলুটু, নন্টে আর ফন্টে, ভোঁদকা আর তোরা সবাই এসে গেছিস। ঠিক কাল ভোর থেকে পাশের ধোপার মাঠে নিয়মিত মর্ণিং দৌড় করতে যাবো।
ইয়ে অত্তো ভোরে উঠে মাঠে গিয়ে দৌড়োতে হবে স্যার?
হ্যাঁ, হবে। সবাই দৌড়াবে আর তুমি বিছানায় পড়ে নাক ডাকাবে তাতো হয়না।
আমি সে কথা বলিনি, স্যার। তবে কিনা অত্তো ভোরে যদি ঘুম না ভাঙে-
ঘুম না ভাঙলে নন্টে আর ফন্টে ভাঙিয়ে দেবে। কিরে পারবি তো?
খুব পারবো, স্যার। আপনি কোন চিন্তা করবেন না।
আমাদের কাজে বাড়লো রে, নন্টে। কেলুটুরূপী কুম্ভকর্ণের ঘুম ভাঙানো!
কালের কাজে ঢ্যাজর ঢ্যাজর করিস না তো।
পরে-
আমাদের বডি ফিট রাখতেই স্যারের এই প্রয়াস।
ছাড়তো। দ্যাখ আমার বডি এমনিতেই ফিট।
পরদিন ভোরে-
পাঁচটা যে বাজে রে, ফন্টে!
তাইতো রে। চল, কেলুদাকে আবার তুলতে হবে।
কেলুদা ও কেলুদা, উঠে পড়ো। মর্ণিং দৌড়ে যেতে হবে।
তোর ঐ নোলায়েম ডাকে ওর ঘুম ভাঙবে নারে নন্টে। দাঁড়া, আমি ডাকছি।
ও, কেলুদা-আ


ষাঁড়ের মতো চেল্লাচ্ছিস কেন? আমি কি কালা নাকি? উফ! কানটা এখনো ঝাঁ ঝাঁ করছে।
নন্টে অনেকবার ডেকে তোমার সাড়া পায়নি বলেই আমাকে কন্ঠবোমা ফাটাতে হলো।
এই যে, তোরা এসে গেছিস। অনেকদিন পরে পড়ছি তো তাই একটু টাইট হচ্ছে। দাঁড়া ঠিক করে নিই।
ওরে পাঁচটা বেজে গেছে। ধোপার মাঠে পৌঁছে তাড়াতাড়ি দৌড় শুরু করতে হবে।
ধোপার মাঠে-
আমরা একঘণ্টা এই ধোপার মাঠটাকে চক্কর দেবো। সবাই তোরা তৈরি তো?
রেডি - দৌড়োতে শুরু কর সবাই। একঘণ্টায় মাঠটাকে দশ পাক দিতে হবে।
মাত্র তিন পাক দেওয়া হয়েছে, এখনো সাত পাক বাকি।
যতটা সম্ভব মাঠের ধার ঘেঁসে দৌড়াবি তাতে দৌড়োনোর পরিধিটা বেশী হয়।


ইরক!
পেল্লায় মাঠ। শরীর ফিট রাখতে দশবার এই মাঠ চক্কর দেবার আগেই শরীর আনফিট হয়ে যাবে।
কিছু পরেই-
কেন, সামনেই তো ছিলো!
ও, কেল্টুদা, স্যার কোথায় গেলো?
ছিলো, এখন কিন্তু নেই!
দৌড়োনো বন্ধ রেখে স্যারের খোঁজ করো।
সেকি রে! দৌড়োতে দৌড়োতে স্যার কি উবে গেলো!
অবাক কাণ্ড! বিশাল বপুর একজন মানুষ দৌড়োতে দৌড়োতে গায়েব হয়ে গেলো!
নন্টে ঠিকই বলেছে। শিগগির তল্লাশি শুরু কর।
ওরে, কেল্টু, নন্টে আর ফন্টে! আমাকে বাঁচা! আমি গর্তে পড়ে গেছি!
একি! স্যারের গলা না!
কোথায় রে, কোথায়?
ওই দিকে মনে হচ্ছে!
আমি এখানে গর্তে পড়ে আছি! আমাকে তোল!
ঐখান থেকে আসছে গো, কেল্টুদা শিগগির চলো!

তোরা কোথায়? আমি এই গর্তে পড়ে গেছি। আমাকে তোল।
বলিস কি রে? শিগগির চল।
স্যাই মরেচে! সামনের ঐ গর্তটা থেকে স্যারের গলার আওয়াজ আসছে, কেলুদা।
স্যার, আপনি কি গর্তের ভিতরে?
আপনি ভালো আছেন তো, স্যার?
সরু গর্তে কেউ ভালো থাকে মুখ্যু গরু কোথাকার! এখান থেকে আমাকে জলদি তোলার ব্যবস্থা কর।
ভাববেন না, আপনাকে তোলার চেষ্টা করছি।
কোন ভয় নেই স্যার। আমিই আপনাকে তুলে আনছি।
গর্তটা কতো গভীর হবে বলতো? ষাট ফুট হবেনা, কি বলিস?
কেন, তুমি নামবে নাকি, কেলুদা?
গর্তে নামবো কেন? দড়ি দিয়ে টেনে তুলবো। তোরা দড়ির জোগাড় কর।
এটা মন্দ বলোনি, কেলুদা।
সেইমতো কিছু পরে-
এই নাও, কেলুদা দড়ি।
বাঃ! বেশ হয়েছে।
দড়িটা শক্ত করে ধরুন, স্যার, আমরা আপনাকে টেনে তুলবো!

দড়ি পেয়েছেন তো, স্যার?
হ্যাঁ, পেয়েছি!
দড়িটা এবার কোমরে বেঁধে নিন, স্যার।
বেশী নড়তে চড়তে পারছি না, তবু অনেক কষ্টে বেঁধেছি।
এবারে টান- টান মারো-
হেঁইও!
কিন্তু- ইরফস!
পচাৎ
ঘোঁক্‌ও!
কোথায় আমাকে তুলবি তা নয় আমার কাঁধে এসে চেপে বসলি। শিগগির নাম।
নামতে তো পারছি না, স্যার! কি করবো?
এবারে কি হবে রে, নন্টে। কেলুদাও তো গর্ত্তে ঢুকে গেলো!
দড়ি দিয়ে আর তোলা সম্ভব নয়, কি হবে বল তো ফন্টে?
অতো ঝুঁকিস না, হটকো। তাহলে তুইও আবার গর্তে সেঁধিয়ে যাবি!
এদিকে কিছু পরে-
সেই সকাল থেকে এখানে জটলা করছো। বলি ব্যাপারটা কি?
চুরি ছিনতাইয়ের মতলব নাকি?

আরো কিছু পরে-
এখানে এতো জটলা কিসের?
এই ছেলেগুলো সেই সকাল থেকে এখানে গুলতানি করছে, কোন বদ মতলব আছে কিনা কে জানে!
না,না,আমাদের কোন বদ মতলব নেই। আমরা কাছেই স্কুল বোর্ডিংয়ে থাকি। আজ স্যার জোরে আমাদের নিয়ে এই মাঠে দৌড়তে এসেছিলেন-
দৌড়োতে দৌড়োতে স্যার কি করে ওই কুয়োর মতো গর্তে পড়ে গেলেন। আমরা দড়ি দিয়ে তুলতে গিয়ে দড়ি ছিঁড়ে আমাদের মনিটর কেলুইদাও গর্তে ঢুকে গেলো।
কি সর্বনেশে কাণ্ড! ঐ সরু গর্তে দুজন পড়েছে!
কি করে তুলবো বুঝতে পারছিনা।
তোমাদের স্যারের নামটা কি?
আমাদের স্যারের নাম পাতিরাম হাতি।
কি নাম বললে? পাতিরাম হাতি। হাতি তোমাদের স্যার? তোমরা ওর বোর্ডিংস্কুলে পড়াশুনো করো?
হ্যাঁ,আপনি চেনেন নাকি?
চিনি মানে? আমরা একই স্কুল কলেজে পড়াশুনো করেছি। আমি ওকে হাতি বলতাম। আমি বাগেশ্বর বাগ বলে ও বাগ না বলে বাঘ বলতো।
এরা সব ভালো ছেলে, স্কুলে পড়ে। আর জলের জন্যে আমাদেরই খোঁড়া গর্তে হাতিটা পড়েছে!
বলেন কি বাবু, ঐ গর্তে হাতি পড়েছে?
দূর মশাই! এ আসল হাতি নাকি, এ হচ্ছে মানুষ হাতি। এবারে চল, তোদের হাতি স্যারকে শিগগির গর্ত থেকে তোলার ব্যবস্থা করতে হবে।

এতো সরু গর্তে হাতিটা ঢুকলো কি করে? পরে যে পড়েছে সে তো ওর ঘাড়ে গিয়ে পড়েছে! আচ্ছা! তোমাদের নামটা কি যেন?
আমি নন্টে আর ও ফন্টে।
শোনো, নন্টে আর ফন্টে সহ সব্বাই। তোমাদের স্যারকে তোলার জন্যে মজবুত দেখে তিনটে খুঁটি জোগাড় করো।
এখুনি নিয়ে আসছি।
সেইমতো-
ধোপার মাঠের শেষে ধোপাদের কাপড় কেচে শুকোবার জন্যে দড়ি বাঁধার খুঁটিই তুলে নিয়ে এলাম! হিঃহিঃ!
খুঁটিগুলো দিয়ে কাজ হবে তো?
খুব হবে। এবারে এগুলোকে পুঁততে হবে।
বাঃ! ঠিক আছে। এবারে ওপাশে একটা।
তোমরা অনেক করেছো বাকিটা আমি করছি।
এই যে, তুতুবাবু, আপনি একটা কপিকল আর বেশ মোটা দড়ি নিয়ে আসুন।
ঠিক আছে আধঘণ্টার মধ্যেই নিয়ে আসছি।
আধঘণ্টা পরে-
ওদিকে দেখুন। ধোপা পাড়া থেকে নিয়ে এসেছে!
এবারে এইহুকটা টানতে পারে এমন কিছুর সঙ্গে...
বাঃ! দারুণ বুদ্ধি খাটিয়েছো তো!
আমাদের টানতে হবেনা। এই টেনে তুলবে।

হুকটা কোমরে বাঁধা দড়ির সঙ্গে আটকে দাও।
আটকেছি!
এক বার ওপরে উঠি, তারপর দেখবি-
নন্টে আর ফন্টে, স্টার্ট!
টানরে বাচ্চু!
উঠেছে! উঠেছে!
এতোক্ষণ আমার ঘাড়ে বসে ঘাড় ধ্বসিয়ে দিয়েছিস এবার আমি তোর ঘাড়ে বসে তোর ঘাড় ধ্বসাবো।
তাহলে দম আটকে যাবে,স্যার।
কাঁধ থেকে নেমেই গা ঢাকা দিতে হবে।
এইতো, এটা চেপেই ডেঞ্জার জোন থেকে পালাবো!
বিপদ সীমানাটা পার করে দে,বন্ধু!
পালাবি কোথায়? তোর ঘাড়ে আমি চাপবোই, হতচ্ছাড়া গিরগিটি!
যা বলেছিস। ওহচ্ছে স্যারের পেটোয়া। ও যা বলবে, স্যার তাই বিশ্বাস করবে। চল ফুল আর মিষ্টি কিনে নিয়ে আসি।
ভালো করে একটা ফুলের তোড়া বানিয়ে দিলে একজনকে উপহার দিতে হবে।
এখনি দিচ্ছি। সুগন্ধি ফুল দিয়ে তৈরি করে দিচ্ছি। যাকে দেবে সে ফুলের গন্ধে মাতোয়ারা হয়ে যাবে!
ফুলের দোকান
কেলুটদার দাদাগিরি বন্ধ করতে আমাদের হাভিয়ার ফুলের তোড়ায় এসে ঢুকেছে রে, ফন্টে!
এই নাও, কেলুটদা! ফুলের তোড়া আর মিস্টি!
এনেছিস? ফুলের তোড়া আমাকে দে, তোরা মিস্টি নিয়ে আয়!
এই নিন, স্যার! আগে আপনাকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নিই।
বাঃ! দারুণ সুন্দর ফুলের তোড়া তো! আর ফুলের গন্ধও চমৎকার! তোর পছন্দের তারিফ করতে হয় রে, কেলু!
উঃ! গেছি রে!
কি-কি হলো, স্যার?
একি, স্যার! ফুল শুঁকে আপনার নাক এরকম ঢাক হলো কি করে?
কি করে, সেটা তোকে শোঁকালেই বুঝতে পারবি।
ওরে বাবারে! আমি শুঁকবো না স্যার!
তোকে আমি শোঁকাবই!
স্যার এখন ওকে ফুল শোঁকাতে ব্যস্ত। তাহলে এই মিস্টি আমরাই খাই!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


বেঁচে থাকো, বাছা। বোর্ডিংয়ের মুখ উজ্জ্বল করো।
অ্যাই তোরা এখন যা, গুরুদেব এখন জলযোগ করবেন। পরে তোদের সঙ্গে কথা বলবেন।
গিয়ে প্রণাম করাটা একেবারে মাঠে মারা গেলো, কেলুদা।
স্যার তো একরকম জড়িয়েই দিলেন!
আপনার এই শিষ্য খুবই ভক্তিমান গুরুদেব।
সেটা ঠিক, এখন তাড়াতাড়ি হাত চালাগোবর।
জলযোগের পর-
সবই আপনার কৃপায় গুরুদেব।
জলযোগে আমার কি পছন্দ সেটা তুই জানিস বলেই তোকেও এতো পছন্দ করি, পাতি।
তোর বোর্ডিংয়ের দু তিনজনকে পাঠিয়ে দে, পালা করে গা, হাত পা মর্দন করে দেবে না হলে ঘুম আসে না।
ঠিক আছে, পাঠিয়ে দিচ্ছি।
স্যার আমাদের পাঠিয়ে দিলেন
আয়, আয় আমার কাছে আয় তোরা।
আমি নিদ্রিত হয়ে পড়লেও তোরা চালিয়ে যাবি, বাছারা।


সপ্তাহপর-
তোর বোর্ডিংয়ের এই ছেলেরা খুবই, সেব্যপরায়ন আর পাচকের রন্ধনের স্বাদের কোন তুলনাই নেই!
তাই মনস্থ করেছি যে, তোর এই বোর্ডিংয়ে আরো কিছুদিন থেকে যাবো।
সেতো আমার সৌভাগ্য। আপনি যতদিন ইচ্ছা থাকতে পারেন।
তোর কথায় খুবই প্রীত হলাম বৎস। এবার শোন, যথাযথ ভোজনে আজ কুক্কুট মাংসের ব্যবস্থা কর।
বেশ,সেই ব্যবস্থাই হবে, গুরুদেব!
গুরুদেব এখানে আরো বেশ কিছুদিন থাকবেন রে, নল্টে আর ফল্টে। দলাই মলাই করে করে তো মুলো ব্যথা হয়ে গেলো কি করা যায় বলতো?
গুরুদেবের হাত থেকে উদ্ধার পেতে হলে কিছু একটা করতেই হবে!
ঐতো ঠাকুর আসছে। আজ কি মেনু হবে জিজ্ঞেস করি।
আজ গুরুদেবের দুপুরের খাওয়ার কি মেনু হচ্ছে ঠাকুর?
গুরুদেবের জন্যে আজ চিকেন রোস্ট হবে, নান্টুয়া বাবু!
স্যারের গুরুদেবের লোলা বড্ড বেড়েছে। চিকেনরোস্ট খাবেন। ঐ খাওয়া দিয়েই গুরুদেবকে হাওয়া করে দেবো!
তা যদি পারিস তবে আমি তোদের সঙ্গে আছি, নল্টে আর ফল্টে!
পরে রসুই ঘরে-
গুরুদেবের জন্যে চিকেনরোস্ট কেমন হয়েছে দেখাবে, ঠাকুর? কখনো তো দেখিনি।
ঐ উখানে গিয়ে দেখো। হামাকে আবার সোবার জোন্যে ঘ্যাঁট রান্না কোরতে হোবে।

ঠাকুরের এদিকে নজর নেই। তাই বেশ ভালো করে জিনিসটা ছড়িয়ে দে।
সে আর বলতে হবেনা।
মধ্যাহ্নে-
চলো, বৎস! ক্ষুধারও উদ্রেক হয়েছে!
চলুন গুরুদেব, আপনার মধ্যাহ্ন ভোজনের ব্যবস্থা করা হয়েছে!
নিন, গুরুদেব, আপনার ইচ্ছানুযায়ী ঠাকুর চিকেন রোস্ট বানিয়েছে।
ওঃ! কি জিনিস বানিয়েছে রে, পাতি। দেখেই জিভে জল আসছে!
অভীব চমৎকার তোর পাচকের রন্ধন নৈপুন্য রে, পাতিরাম।
আপনার ভালো লাগলেই সার্থক!
কিন্তু ভোজনের অর্দ্ধ পথেই-
ওফ্!
কি, কি হলো, গুরুদেব?
ভেতরে কে? তাড়াতাড়ি বেরোও বৎস।
ভেতরে কেলুদা ও একবার ঢুকলে সহজে বেরোয় না!
পাঁচ মিনিট অন্তর বারদশেক ছোটাছুটির পর-
এটা নিয়ে বারদশেক হয়ে গেলো, এখনে স্থান পরিবর্তনের খুবই প্রয়োজন বৎস!
সেদিনই অপরাহ্নে-
বৎস, গোবর পরিবেশের পরিবর্তন ঘটিয়াছে। তাই আমার আরো এক প্রিয় শিষ্য গোবিন্দ, গড়াইয়ের জন্যে প্রাণ আনচান করিতেছে তাই, চলো যাই।
কি কেলুদা, বলেছিলাম যে খাওয়া দিয়েই যাওয়া করে দেবো এমন কড়া ডোজ দিয়েছিলাম যে গুরুদেব কুকুট রোস্টটাও শেষ করতে পারেনি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

এটা তাহলে খুবই দুঃখের ব্যাপার, কেলুদা। মাত্র একটা নম্বর না মেলায় প্রায় মুঠোয় আসা টাকা ফস্কে বেরিয়ে গেলো!
তাই হতাশায় বসে ভাবছিলুম যে কি করবো!
আচ্ছা, কেলুদা! তোমার ভাগ্য যখন এতোই বিরূপ, তখন জ্যোতিষীর কাছে চলো না।
ফল্টে ঠিকই বলেছে কেলুদা। জ্যোতিষীই বলে দেবে তোমার ভাগ্যে এমন কেন ঘটলো।
ঠিক বলেছিস। চল, জ্যোতিষীর কাছেই যাওয়া যাক।
ঐ যে, কেলুদা, জ্যোতিষ কার্যালয়। চলো ঢুকে পড়া যাক।
জ্যোতিষ কার্যালয়
মানুষ সম্পর্কে সঠিক ভবিষ্যৎ ও ভাগ্য রেখা বিচার করা হয় পরীক্ষা প্রার্থনীয়
এসো, এসো। হাত দেখো না কোষ্ঠী বিচার কোনটা করাবে?
হাতটা আর কপালটা একটু ভালো করে দেখুন তো।
হ্যাঁ, জ্যোতিষী মশাই কেলুদার হাতটা ভালো করে দেখুন। হাতে টাকা এলেও ফস্কে যাচ্ছে কেন?
বিজ্ঞের ভাগ্যকে জানুন
হস্তরেখা তোমার তেমন কিছু আহামরি নয়। এবার তোমার কপালটা দেখি।
আরে, এ কি! তোমার কপালে জ্বল জ্বল করছে যে শিগগিরই তুমি গুপ্তধনের অধিকারী হবে।
গুপ্তধন পাবো বললো কিন্তু কি ভাবে কোথায় পাবো সেটা তো বললো না।
জ্যোতিষী যখন বলেছে তখন নিশ্চয়ই পাবে, কেলুদা।
কি দারুণ ব্যাপার, কেলুদা।


কয়েকদিন পর-
ইস! বোর্ডিংয়ের এই জায়গাটা আগাছা আবর্জনায় ভর্তি। এখানটা পরিষ্কার করে পটলের চাষ করা যায়।
এইযে, কেলু! আমার সঙ্গে চলতো।
কোথায় যাবো, স্যার?
দেখেছিস? জায়গাটা ঝোপ আর আগাছায় ভর্তি হয়ে আছে। আমি চাই এগুলো পরিষ্কার করে মাটি কুপিয়ে এখানে পটলের চাষ করবো, তাহলে বাজার থেকে আর পটল কিনতে হবেনা।
এই ব্যাপার? এজন্যে একটুও ভাববেন না, স্যার। নন্টে আর ফন্টেটা বোর্ডিংয়ের কোন কাজ করে না। ওদের দিয়ে করাবো।
আমি বলে দিলাম, এবার তুই নিজে বা যাকে দিয়ে পারিস করাবি।
পরে-
এই যে, নন্টে আর ফন্টে! লুডো ছেড়ে এবার হাতে কোদাল তুলে নাও।
কেন, কেলুদা, কোদাল হাতে নিয়ে কি করবো?
এখানে ঘাস আর আগাছা পরিষ্কার করে মাটি কোপাও। স্যার এখানে পটলের চাষ করবেন।
অ্যাঃ! এতো জায়গা পরিষ্কার করে আবার কোপাতে হবে?
দুঘণ্টা পর-
ওফ!
আগাছা সাফ হয়ে গেছে দেখছি। এবার মাটি কোপাতে শুরু করে দে, নন্টে আর ফন্টে!

কোপানো তো তোমারও উচিত, কেলুদা।
না, আমি কোপাবো না। আমার কাজে তোরা ক্যাজ্ কাঁকি দিচ্ছিস কিনা তার তদারকি করা।
কিছু পরে-
ওকে দিয়ে কোপানোর একটা দারুণ মতলব এসেছে রে, ফন্টে। শোন-(ফিস-ফিস) কেমন হবে বলতো?
দুর্দান্ত, টেরিফিক আইডিয়া!! আমার কাছেই আছে একটা।
আধঘণ্টা পরে-
কি হলো? কাজ বন্ধ রেখে কি দেখছিস?
কোদালের সঙ্গে উঠে এলো, চক চক করছে এটা কি গো, কেলুদা?
হ্যাঁগো, কেলুদা এটা কি কোন গুপ-
একদম চুপ। ওসব কিছু না। ওদের আর কোপাবার দরকার নেই বাকিটা আমিই দেখছি।
জ্যোতিশীর সেই কথা এবারে বোধহয় ফলতে চলেছে, আমার কপালে গুপ্তধন নাচছে!
মোহরের ঘড়াটা যে ঠিক কোথায় আর কতোটা নীচে তা বোঝা যাচ্ছে না। মনে হচ্ছে আরও গভীর করে খুঁড়তে হবে।
সূর্যাস্তের কিছু আগে-
ওফস! এখনো পেলুম না!
একি করেছিস? পেলিরা জেটা কি?
গুপ্তধন, স্যার!
পটলের চাষ করবো বলে জায়গাটা খুঁড়তে বলেছি, আর তুই কিনা কবরের গর্ত খুঁড়ে গুপ্তধন খুঁজছিস? এবার আমি তোর খোঁড়া এই গর্তে তোকেই চাপা দেবো হতচ্ছাড়া হাড়গিলে!
হতাশ হওয়ার কিছু নেই কেলুদা। এখানে পাওনি তো কি হয়েছে, অন্য কোথাও পাবে।
মহাজনেরাই বলে গেছেন একবারে না পাইলে দেখো শতবার। হেঃহেঃ!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

এইজন্যে দিবি! এটা হচ্ছে, চাক টাক ঢাক দে ইণ্ডিয়া লোশন। টাক নিয়ে স্যারের মনে কষ্ট আছে বুঝি তাই স্যারের জন্যে এটা এনেছি। যদি তোরা স্যারের টাক ঢাকতে না চাস তবে সেটা স্যারকে গিয়ে বলি স্যারের টাকে চুল গজাক, তোরা চাস না।
তাই বলেছি নাকি?

কই, আমার ওষুধ এনেছিস?
অন্য দুর্দান্ত ওষুধ চাক টাক! ঢাক দে ইণ্ডিয়া লোশন এনেছি, স্যার! এটা মাথায় লাগালে দুব্বো ঘাসের মতো চুল গজাবে!
তাই বুঝি? দে-দে, এখুনি আমি এই চাক টাক ঢাক দে প্রয়োগ করবো। সত্যি তুই আমার জন্যে এতো ভাবিস, এই জন্যেই তোকে এতো পছন্দ করি।
কিন্তু এই লোশনের নাম তো কখনো শুনিনি, স্যার!
ওদের কথায় কান দেবেন না, স্যার। নামে কি যায় আসে, কামে হলেই হলো!
বলছিস?
হ্যাঁ!
ভালো করে ঘসে ঘসে লাগালেই টাকের পর্দা ফাঁক করে কেশ উদ্গম হবে, ভাবতেই শিহরিত হচ্ছি!
ঘণ্টাখানেক পর-
এ-একি! চুল গজানো দূরে থাক, এতো মাথায় যে কটা চুল ছিলো! তা ও হাতের সঙ্গে উঠে এসেছে!
একি, স্যার চুল কই? আপনার মাথাটা একদম বেলের মতো মনে হচ্ছে, স্যার!
হিকোৎ!
ধরে নিয়ে আয়, ছুঁচোটাকে। ওর সারা মাথায় আমি এই লোশন লাগিয়ে দেবো!
ঐ লোশন কেনার নামে যে ক্যাশ তুমি আমাদের কাছ থেকে ঝেড়েছো সেটা ফেরত দিলে ধরবো না রাজি?
রাজি!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ


পরদিন বিকেলে-
আমার বৈকালিক চায়ের সঙ্গে পাঁচটা ডিমের অমলেট করে দিও, ঠাকুর।
এখুনি নিয়ে আসছি, সাব।
রান্নাঘরে-
গর-র-র!
আরে বাপরে! শের!
বাপরে! কিচেনমে শের সুপারিটেন, সাব!
অ্যাঃ! ওরে কে আছিস, শিগগির কেলুটকে ডাক।
কি-কি হয়েছে, স্যার?
যা ভয় করেছিলাম তাই হয়েছে। রান্নাঘরে কোত্থেকে বাঘ এসে ঢুকেছে। এখন তুই-ই ভেরসা।
কোথায় বাঘ? আসুক না একবার আমার সামনে।
গর-র-র! গাঁক!
হরক!
ওরে বাবারে! এযে সোঁদর বনের কেঁদো বাঘ!
তোর তো বাঘকে ধরার কথা, উল্টে তুই আমাকে এসে জাপটে ধরলি, হতচ্ছাড়া?
হায় রাম!
এদিকে-
অপারেশন বাঘ কেমন জমেছে রে নন্টে?
দারুণ! কেল্টার কেরামতি ধরা পড়ায় স্যার দারুণ ক্ষেপে আছে। তুই এই ডামাডোলে বেরিয়ে যা।
আমি রান্নাঘরে গিয়ে দেখে এলুম বাঘ নেই। হেঁচে শুনে বোধহয় গা ঢাকা দিয়েছে।
বাঘে দরকার নেই। কেল্টু কোথায়, খুঁজে বের কর। তুরন্ত!
ওকে খুঁজে বের কর হাতে পেলে ওকে সোজা সোঁদর বনে বাঘেদের ডেরায় পাঠিয়ে দেবো।
ঠি-ঠিক আছে, স্যার। খুঁজে দেখছি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

হতচ্ছাড়া নন্টে আর ফন্টেটা স্যারের কাছে আমার গুড বুকের পারাটা ঝড়াক্কা ঝড় নামিয়ে দিচ্ছে! আমিও খেল দেখাচ্ছি!
কেলটু যে,! হঠাৎ এ সময়ে? কিছু বলবি?
হ্যাঁ স্যার! আমার শরীরটা যেন কি রকম করছে! আ-আ-
আঁ-আঁ-আ-
আরে,আরে, একি! কি হলো রে তোর,কেলটু?
আঁ-আঁ-অ্যাঁফ! উফ!
ওরে,নন্টে আর ফন্টে তোরা সব শিগগির আয়! দ্যাখ কেলটু কি রকম করছে!
কি হলো,স্যার? একি! কেলটুদার এ অবস্থা হলো কি করে?
গোঁও-ও!
দ্যাখনা, এসেই পড়ে গিয়ে হাত পা ছুঁড়তে শুরু করেছে!
তুলে নিয়ে গিয়ে ওকে শুইয়ে দে। দেখিস পড়ে যায় না যেন!
চলো,কেলটুদা, আমরা ধরে নিয়ে যাচ্ছি!
এখন একটু ভালো আছো তো,কেলটুদা?
না-না-জ্বলো নেই-ও-ও-
ওঃ! উফ-ওফ-হুঃ-হাঃ!
মরেচে! হাত পা ছুঁড়ছে যে রে!
ধুপ-ধাপ!

কি হলো বলতো? থেকে থেকে কেলুদা ক্ষেপে উঠছে!
ভালো মনে হচ্ছে না, চল স্যারকে গিয়ে বলি।
কেলুটু এখন কেমন আছে রে,নন্টে আর ফন্টে?
ভালো নয়,স্যার। থেকে থেকেই হাত পা ছুঁড়ছে। একবার ডাক্তার দেখে গেলে ভালো হতো,স্যার।
কে, ডাক্তারবাবু আমি বোর্ডিং স্কুলের পাতিরাম হাতি বলছি। আমার স্কুলের এক ছাত্র খুব অসুস্থ হয়ে পড়েছে। আপনি শিগগির একবার আসুন।
কৈ, আপনার রুগী কোথায়?
ঘরে শুয়ে আছে দেখবেন চলুন।
তোমার ঠিক কি হয়েছে বলো তো?
হাতে পায়ে আর মোটে জোর পাচ্ছিনা।
জিভটা একবার দেখাও দেখি?
অ্যা!
খাট থেকে নেমে দাঁড়াতে পারবে?
পারবো না, পড়ে যাবো। হাত পা অবশ হয়ে গেছে।
কি রকম দেখলেন?
খুবই দুর্বল হয়ে পড়েছে। বেশ কয়েকদিন বিশ্রাম, ফলমূল আর ভালো পুষ্টিকর খাবার দেবেন।
একটা কথা বলতে ভুলেছি। ওর হাত পা রোজ ম্যাসাজ করাবার ব্যাবস্থা করবেন।
হয়ে গেলো, নন্টে। ওটা এবারে আমাদের ঘাড়েই চাপবে।


ডাক্তার কি বলে গেলো শুনলি তো। তোদেরেই এখন বেচারাকে দেখেজেল করতে হবে।
ইয়ে-হ্যাঁ, স্যার, সে তো বটেই।
দেখলি তো আমি যা বলেছি ঠিক কিনা।
শেষে কেলোর খিদমত খাটতে হবে রে, ফল্টে!
অ্যাই, নল্টে আর ফল্টে! ওখানে দাঁড়িয়ে কি গুজ গুজ ফুস ফুস করছিস? ডাক্তার কি বলে গেলো শুনিসনি? দাঁড়িয়ে না থেকে আমার হাত পা দলাই মলাই করে দে।
এ শুরু হলো!
আমার হাত পা অসাড় হয়ে গেছে। যদ্দিন সাড় না ফেরে তদ্দিন রোজ ভালো করে ম্যাসাজ করে দিবি।
তোমাকে তো ভালো করেই দেওয়া হচ্ছে, কেলুদা।
দুদিন পর-
দুদিন কেলুর খোঁজ নিতে পারিনি। দেখে আসি ছেলেটা কেমন আছে।
কেমন আছিস রে, কেলু?
ভালো নয়, স্যার। দাঁড়াতেই পারছিনা ভালো করে।
এই নাও তোমার পুষ্টিকর খাদ্য ফলের রস।
এতো দেরি করিস কেন? তোরা আবার চুমুক মারিস নাতো। দে তাড়াতাড়ি!
আরো কয়েকদিন পর-
এখন কেমন লাগছে রে, কেলু? কিছুটা জোর পাচ্ছিস তো?
পাচ্ছিনা, স্যার। দাঁড়াতে চেষ্টা করেছিলাম কিন্তু পা কেঁপে পড়ে যাচ্ছিলাম।
বলিস কি রে, কেলু? এতো চিন্তার ব্যাপার। পুষ্টিকর খাবার ফলের রস হাত পায়ে ম্যাসাজে তাতে কোনই ফল হলো না।
খুবই জটিল রোগ স্যার!

বল্টুদাকে নির্ঘাত ঘোড়া রোগে ধরেছে স্যার।
সে তো যারা রেসুড়ে, তাদের সম্বন্ধে লোকে ঐ কথা বলে।
এটা অন্য ধরণের ঘোড়া রোগ, স্যার!
সাধারণ ডাক্তারের এই রোগ সারাবার ক্ষমতা নেই, স্যার! এ রোগের অন্য ডাক্তার আছে। এই রোগে বিশেষজ্ঞ একজনকে নিয়ে আসবো, স্যার?
সে যা হয় তোরা কর, কি হবে কে জানে।
চল, ফল্টে, আমরা ভটকুদার কাছে গিয়ে সবকিছু বলে সাহায্য চাই।
ঠিক বলেছিস, নন্টে ভটকুদাই এই সঙ্কট থেকে উদ্ধার করতে পারে।
এই হচ্ছে ঘটনা ঘটকুদা। আমাদের সন্দেহ বল্টু অ্যাক্টিং করছে। তাই তোমাকে ডাক্তার হয়ে আমাদের একটু সাহায্য করতে হবে।
ঘোড়া রোগের ডাক্তার? তাহলে তৈরী হয়ে নিতে হয়।
ডাক্তারবাবুকে নিয়ে এসেছি, স্যার!
কৈ, রুগী কোথায়?
আসুন। কি যে হোলো ছেলেটার!
হুঁ, ঘোড়ারোগ। তবে এই রোগের একটাই ইঞ্জেকশন আছে একেবারে অব্যর্থ।
তাই দিন, ডাক্তারবাবু যাতে সেরে যায়।
এই হচ্ছে ঘোড়া রোগের একমাত্র ওষুধ। এই ইঞ্জেকশন দিলে রোগ পালাতে পথ পাবেনা।
ওরে বাবারে! গেছি রে!
ধরুন, ধরুন, রুগী পালাচ্ছে।
দাওয়াইয়ের কি তেজ দেখলেন, স্যার? প্রয়োগ করতেই হোলো না, দেখেই রোগ আর রুগী দুইই পালালো।
পালাবে কোথায়? ফিরলেওকে সত্যিকারের রুগী বানিয়ে ছাড়বো!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
উরিব্বাস! ঠাকুর আজ জোড়া ইলিশ এনেছে রে, নন্টে। আজ ইলিশ মাছ দিয়ে জোর খাওয়া হবে!
আজ দারুণ মধ্যাহ্নভোজে হবে কি বলিস? চল, ঠাকুরকে জিজ্ঞেস করি।
আজ দুপুরের মেনু ইলিশমাছের ঝোল, তাই হচ্ছে বুঝি, ঠাকুর?
নেহি, ননুয়া আউর ফনুয়াবাবু! এই মছলি সুপারিটেনডাব শুধু ভাজা খাবেন।
আর সোবার জোন্যে সবজিকা খ্যাঁট!
এইযে, ঠাকুর! তুমি খুউব ভালো! আমাদের দুজনকে চুপিচুপি দুটো ভাজা মাছ দিও!
ঠিক আছে, যখন মছলি ভাজা হোবে তখুন চুপচাপ কিচেনে চলে আসো!
মাছ ভাজার গন্ধ পেলেই আমরা যাবো!
আমরা এখন এখানেই থাকি ফন্টে।
সেই ভালো। ঠাকুর যখন ভাজা শুরু করবে তখন গন্ধতেই টের পাবো!
এদিকে-
শুনছি বাজারে নাকি খুব ইলিশের আমদানি হয়েছে, আর এদিকেও কিছুদিন ধরে আমার ইলিশমাছ ভাজা খাওয়ার খুব ইচ্ছে হয়েছে। তাই ঠাকুরকে বলেছি আজ ইলিশমাছ আনতে। দেখি গিয়ে যে ঠাকুর ইলিশমাছ পেলো কিনা!
এইযে, ঠাকুর! ইলিশমাছ পেয়েছো?
এইতো, দেখুন কেমুন মছলি!


দারুণ মাছ এনেছো, ঠাকুর এমন বড়ো সাইজের ইলিশ আজকাল দেখাই যায় না। শোনো ঠাকুর, এই মাছ তুমি ভাজবে আর আমি গরম গরম খাবো!
ঘণ্টাদুই পরে-
ননুইয়া আউর ফনুইয়াবাবুকে দোহো ভাজা নছলি দিতে হোবে।
ঠাকুর বোধহয় এখনো মাছ ভাজতে শুরু করেনি রে, ফন্টে!
তাই হবে। ভাজলে এতোক্ষণে গন্ধ চলে আসতো।
একটু পরেই-
ওঃ! ভাজা শুরু হয়েছে রে, ফন্টে।
কি গন্ধ বেরিয়েছে রে, নন্টে! চল কিচেনে গিয়ে ঢুঁ মারি!
এসে গেছি, ঠাকুর! মাছ ভাজা দাও।
এই নাও। লেকিন হুঁশিয়ার! কাল্টুবাবু দেখলে বহুত ঝামেলা কোরবে।
দেখে এসেছি, কেল্টুদা নেই।
ইলিশ ভাজা খেতে কি দারুণ, তাই না রে, ফন্টে?
যা বলেছিস, নন্টে। ইলিশ ভাজা কবে যে খেয়েছি মনেই নেই!
এদিকে-
আঃ! স্যারের জন্যে ইলিশমাছ ভাজার সুগন্ধ বেরিয়েছে! দেখি, ঠাকুরকে পটিয়ে পটিয়ে যদি দুচার খানা বাগানো যায়!


একি! আমার আগেই এরা ঠাকুরকে ম্যানেজ করে স্যারের জন্যে ভাজা মাছ খাচ্ছে! স্যারকে ডেকে এনে মজা দেখাচ্ছি!
দারুণ লাগলো, কি বলিস?
সেটা আর বলতে!
নিজের চোখে দেখবেন চলুন, স্যার! নন্টে আর ফন্টে আগবার ইলিশমাছ ভাজা খেয়ে নিচ্ছে!
বলিস কিরে? চলতো, দেখি!
আমি খাবো বলে ইলিশমাছ আনিয়ে ভাজতে বলেছি, সেই ভাজা মাছ ওরা খাচ্ছে কোন সাহসে!
সেটাই তো আমিও ভাবছি, স্যার! ওদের এই দুঃসাহস হলো কি করে?
এযে, নিজের চোখেই দেখুন, স্যার! কি রকম আয়েশ করে খাচ্ছে!
বের করছি আয়েশ করে খাওয়া!
অ্যাই! নন্টে আর ফন্টে! আমি নিজে খাবার জন্যে মাছ ভাজতে বলেছি আর সেই মাছে তোরা হাত দিয়েছিস? ঠাকুরকে বলে যাচ্ছি আজ তোদের খাওয়া বন্ধ।
স্যারের জন্যে ভাজা মাছ কেন তোরা খেতে গেলি? মাঝখান থেকে তোদের দুপুরের খাওয়া বাতিল হয়ে গেলো!
মনে হচ্ছে কোনরকমে জানতে পেরে তুমিই স্যারকে ডেকে এনেছো।
এনেছিই তো। আমাকে বাদ দিয়ে তোমরা তারিয়ে তারিয়ে মাছ ভাজা খাবে আর আমি দাঁড়িয়ে দেখবো এটা জাবলি কি করে?
সত্যি কেলুটদা! খুব ভুল হয়ে গেছে কিছু মনে করোনা।
মওকা পেয়ে কেলটা স্যারের গুডবুকে যাওয়ার ব্যবস্থা করলো।
কিন্তু আমাদের ওকে গুড বয় থেকে নামানোর ব্যবস্থা করতে হবে।
কয়েকদিন পরে-
আরে, পেদু! ব্যাঙ নিয়ে কোথায় যাচ্ছিস রে?
ওপাড়ার জেবলুদাকে দিতে যাচ্ছি। ব্যাঙ দিয়ে কি সব পরীক্ষা, নিরীক্ষা করবে! আর এটার জন্যে জেবলুদা আমাকে পাঁচ টাকা দেবে।

তুই ওটা আমাদের দে, পেল্টু। আমরা তোকে দশ টাকা দেবো!
দশ টাকা দেবে? তাহলে নাও, আমি ন্যাড়া ভেবলুদাকে আর একটা ধরে দেবো।
এটাই এবার কেলেটাকে স্যারের গুডবুক থেকে ঢুক করে সরিয়ে দেবে!
প্যাকিং করার কার্ডবোর্ডের বাক্স ঘরেই পাওয়া যেতে পারে!
কাজ শেষ, এবার এটা কেলুদার হাত দিয়ে স্যারের কাছে পৌঁছে দেওয়া।
কেলুদার নজরে আসলেই কাজ হয়ে যাবে।
এইযে ঠিক সময়েই বেরিয়েছি! হাঙ্ক ওটা কি রে? কোথায় যাচ্ছিস?
স্যারের জন্যে বড়দিনের কেক নিয়ে যাচ্ছি!
সেকি রে! আমি থাকতে তোরা কেন? দে, ওটা আমাকে দে।
এনেছি আমরা আর দেবে তুমি? ঠিক আছে, তোমাকে তো আর আমান্য করতে পারি না।
তোরা? কি মনে করে? হাতে ওটা কি?
আপনার জন্যে আমি বড়দিনের একটা স্পঞ্জকেক এনেছি, স্যার, এই নিন।
বাঃ! তুই যে আমার জন্যে এতো ভাবিস? ওঃ! অনেকদিন স্পঞ্জ কেক খাইনি রে কেলুটা।
এই কেকটা স্পেশাল তৈরি, স্যার!
কোঁয়াক!
ইরক!
পালাবি কোথায়? এই স্পঞ্জ কেকটা তোকে তেড়ে খাওয়াবো রে হাড়গিলে!
ওরে বাবারে! ইলিশের বদলে ব্যাঙ জোক্কা? খেলে মরে যাবো, স্যার!

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
কি ব্যাপার? তোরা গুলতি নিয়ে কোথায় যাচ্ছিস রে, নন্টে আর ফন্টে?
জানো না বুঝি, অল মুটেপাড়া ক্যাটাপুল্ট ক্লো প্রতিযোগিতা হবে। তাতে অংশগ্রহণের জন্যে লক্ষ্যভেদ প্র্যাকটিস করতে যাচ্ছি।
বলিস কি রে? তা সেটা আমাকে তো আগে বলিস নি! আমি তাহলে তোদের তালিম দিতুম।
সেকি কেলুদা! এই গুলতিতেও তোমার এলেম আছে জানতাম না তো!
জানবি কি করে বল। আমি তো বলিনি। সেবার অল গুলেপাড়া গুলতি ছোঁড়াতে প্রতিযোগিতায় সোনা জেতার মুহূর্তে দমকা কাশি এসে লক্ষ্যভ্রষ্ট করে দিয়ে সোনার মেডেলটা হাতছাড়া করে দিলো।
ইস! তাই বুঝি!
হ্যাঁ, রে, কি আর করা যাবে। বিকেলে আমি তোদের নিশানার পরীক্ষা নেবো।
ঠিক আছে কেলুদা! তাই হবে।
বিকেলে-
এই যে, কেলু! আমি একটু বেরোচ্ছি! একটু নজর রাখবি!
কোন চিন্তা নেই, স্যার! নিশ্চিন্তে যান।
শোন, চলন্ত জিনিস লক্ষ্যবিদ্ধ করবি। ভেতরে একটা কুকুর দেখে এসেছি। আমি গিয়ে হেই হেই করলেই ওটা ছুটে বেরোবে,
আর দেখবো তোরা ওটাকে তোরা লাগাতে পারিস কিনা!
হেই-হেই!
উফ্-গেছি রে!
গুলতি ছুঁড়ে আমার পীলে চিলে করার ধান্দায় ছিলি, শয়তানে নন্টে আর ফন্টে।
মরেচে! স্যার এলো কোত্থেকে রে, ফন্টে?
কু-কুর স্যার হয়ে গেলো কি করে রে, নন্টে?

কি হয়েছে, স্যার?
কেন?
কঁকিয়ে উঠলেন
আরে এই পাজি হতচ্ছাড়া নন্টে আর ফন্টেটা গুলতি মেরে আমাকে লোজা হাসপাতালে পাঠাবার ভাল করেছিলো!
একটা শুভ কাজের যাত্রায় আমাকে চোট লাগিয়ে বাধা দিয়ে পণ্ড করে দিলো! সাজা সরূপ আজে তোদের দুপুরে খাওয়া বন্ধ। নজর রাখবি কেল্টু।
কড়া নজর রাখবো, স্যার!
পরে-
আমাদের বিশ্বাসের সুযোগ নিয়ে কেল্টা কি রকম দু' নম্বরী করলো দেখলি? যার জেরে খাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারী।
এর প্রতিবিধান একটা করতেই হবে, নন্টে!
দুপুরে-
চল, নন্টে, ঠাকুরকে ম্যানেজ করে যদি কিছু বাগানো যায়।
তাই চল, ফন্টে! পেট তো চুঁই চুঁই শুরু করেছে!
আজ কি মেনু হয়েছে গো, ঠাকুর?
আজ সব্বার জন্যে চিকেন বিরিয়ানি হোচ্ছে, নন্টুয়া আর ফন্টুয়া বাবু।
কেলুদা জেনে বুঝেই আজ কাণ্ডটা ঘটালো রে, নন্টে!
ইস!
দেখি যদি ঠাকুরকে ম্যানেজ করা যায়।
তখনই-
এইসে, নন্টে আর ফন্টে! ওদিকে একদম পা বাড়াবে না। স্যারের কড়া নিষেধ! হেঃ-হেঃ!
ক্ষিদেয় পেট জ্বলছে রে, নন্টে!
পেটের আর মনের জ্বালা একসঙ্গে চেপে এখন আপাততঃ বসে থাক।


ঐ ঘটনার কয়েকদিন পর-
কেল্টুদা! তুমি কিন্তু গুলতির ট্রেনিং দেবে বলেছিলে।
বলেছি যখন নিশ্চয় দেবো।
ঐ দিনের ব্যাপারটা বোধহয় মনে রাখেনি।
গুলতি নিয়ে আমার সঙ্গে চলো কি করে লক্ষ্যবস্তুতে লাগাতে হয় তালিম দিয়ে দিচ্ছি।
চলো, দুদিন পরেই কিন্তু ক্যাটাপুল্ট শো প্রতিযোগিতা হবে। তাতে যেন জিততে পারি।
কিছুদূর যাওয়ার পর-
গাছের ঐ আম দুটোকে গুলতি মেরে কি ভাবে নামাই সেটা ভালো লক্ষ্য কর।
হ্যাঁ, কেল্টুদা, আমরা লক্ষ্য রাখছি।
কি হলো গো, কেল্টুদা? গাছের আম গাছেই রইলো শুধু কয়েকটা পাতা ঝরে পড়লো।
আরে একটা হালকা বাতাস এসে আম দুটোকে খুব সামান্য দুলিয়ে দিলো বলেই তো লক্ষ্যভ্রষ্ট হয়ে গেলো।
এসব জায়গায় হবেনা কেল্টুদা। আমার দেখা একটা ভালো জায়গা আছে সেখানে চলো
তাই চল। তালিম দেবার জন্যে ভালো লক্ষ্যবস্তু চাই।
এবার তোকে মোটা বলেছি নন্টে।
সেই বলা কথা মতো-
কি ব্যাপার রে, নন্টে? কেল্টু কি আশ্চর্য লক্ষ্যভেদ দেখাবে বলে নিয়ে যাচ্ছিস বলতো?
সেটা আমিও জানিনা, স্যার। কেল্টুদা আপনাকে দেখাবে বলে নিয়ে যেতে বললো।
গেলেই দেখতে পাবেন।

ঐ দেখো, ওখানে একটা লক্ষ্যবস্তু রয়েছে, ওটাতে লাগাও কেল্টুদা।
কেল্টু কি আশ্চর্য জিনিস দেখাবে দেখি!
দ্যাখ, এবার আর ফস্কাবে না।
দ্যাখ, এবারে আর ফস্কায়নি। ঠিক এ ভাবেই গুলতি ছুঁড়বি।
কোথায় রে কেল্টু তোর আশ্চর্য জিনিস!
গুলতি ছুঁড়ে মাথায় এটা কি ফেললি রে, এটা তো-এটা তো একটা তাঁমরুলের চাক!
স্যাই মরেচে! এখানে স্যার এলো কোত্থেকে!
ওরে বারা রে! তাঁমরুলে খেলো রে!
বেদনাদায়ক দু'ঘন্টা পর-
ইস! আপনাকে আর চেনা যাচ্ছেনা, স্যার!
গরর! দাঁড়া, আমি একটু সুস্থ হয়ে উঠি, তারপর দেখবি হতচ্ছাড়া কেল্টুটাকেও তোরা চিনতে পারবি না!
পরে-
স্যার তোদের কি বললো রে, মল্টে আর ফল্টে?
বললো যে একটু ভালো হলে স্যার ঐ বেড়াটা বুক করে রাখবে-
কারণ পরে যাতে তোমাকে ঐ বেডে ভর্তি করানো যায়।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

এই ওষুধটা এক গামলা জলে গুলে কুলকুচি করতে হবে,তাহলেই দাঁতের ব্যথা বেদনা সব দূর হয়ে যাবে। আমার সামনেই এরকম ব্যথায় এই ওষুধে কুলকুচি করে ব্যথা সারিয়ে হাসতে হাসতে চলে গেলো! তাই আমিও আপনার জন্যে নিয়ে এলুম!


আপনার ওষুধ জলে মিশিয়ে তৈরি করে দিয়েছি। আপনাকে আর উঠতে হবেনা। ওখানে বসেই কুলকুচি করে এটায় ফেলুন।
কুলুচ-কুলুচ! কুলুচ-কুলুচ!
কিছুক্ষণ পরে-
ভালো করে কুলকুচি করুন, স্যার, দেখবেন দাঁতের ব্যথা বেদনা সব উধাও হয়ে গ্যাছে!
উলফুস!
টকাস! টকাস!
উরপ!
ক্কি-কি হলো, স্যার? কোনে গণ্ডগোল? মানে-
দ্যাখ, হতচ্ছাড়া ছুঁচো, তোর আনা ব্যথার ওষুধে আমার কি হাল করেছে। সব দাঁতই আলগা হয়ে খসে পড়েছে।
ইয়ে-একদিকে তো ভালোই হয়ে, স্যার। দাঁত না থাকায় আর দাঁতের ব্যথাও থাকবে না।
আমার দাঁত খসিয়ে তুই আমার হাড় মাংস মাছের মুড়ো চিবোনোর বারোটা বাজিয়েছিস। তোকেও আমি তোর ওষুধে কুলকুচি করিয়ে ছাড়বো!
মনে হচ্ছে, স্যার আজ কেলুদাকে সহজে ছাড়বেনা।
কুলকুচি করিয়ে কেলুর দাঁতও খসিয়ে ছাড়বে।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

কি এমন বলছিস কিরে! উনি বলে গেছেন যে এই চন্দন ঘসে কপালে প্রলেপ দিলে সে ভূত, ভবিষ্যত, বর্তমান সবই দেখতে পাবে। এই অমূল্য বস্তুটি ওঁর গুরুদেব নাকি ওঁকে দিয়েছিলেন। মাত্র পঞ্চাশটাকা নিয়ে এটা উনি দান করেছেন।
বলো কি গো, কেলুদা?

একি! এসব কি নিয়ে যাচ্ছিস? নিষিদ্ধ স্মাগলিং করা খাবার?
ন-না, স্যার! এ হচ্ছে কেলুদার অত্যাশ্চর্য চন্দনবাটা!
আমি বলছি, স্যার! এই চন্দন সর্বত্যাগী এক সন্ন্যাসী আমাকে দান করে হিমালয়ে চলে গেছেন। উনি বলেছেন এই চন্দন কপালে লাগালে চোখের সামনে ভূত, ভবিষ্যত বর্তমান ভেসে উঠবে!
বলিস কিরে! এতো দুর্দান্ত জিনিস!
তাই ঠিক করেছি সবাই যাতে এর সুফল পায় তার জন্যে এই কৌটোয় ভরা চন্দন বিতরন করবো, স্যার!
দেখি তোর একটা কৌটো! অত্যাশ্চর্য চন্দন লাগিয়ে ভূত, ভবিষ্যত, বর্তমানটা একবার দেখি।
চলুন, স্যার, আমিই লাগিয়ে দিচ্ছি!
আপনি চোখ বুঁজে থাকুন, স্যার। আমি আস্তে আস্তে লাগিয়ে দিচ্ছি, দেখবেন চোখের সামনে ভূত, ভবিষ্যত, বর্তমান ভেসে উঠছে!
বেশ ঠাণ্ডা ঠাণ্ডা লাগছে রে, কেলু!
আধঘণ্টা পর-
চন্দন বলে কি লাগালি রে, কেলু? এতো প্রচণ্ড জ্বালার সঙ্গে যন্ত্রণা পড়ছে! একি হলো, রে?
কিন্তু, স্যার, চোখের সামনে কিছু ভাসছে না?
ওরে গেছিরে! একি হলো রে! চোখও যে প্রচণ্ড জ্বালা করে ঝাপসা হয়ে আসছে রে!
এইবার তাহলে ভূত ভবিষ্যত আর বর্তমান নিশ্চয় চোখে ভাসবে, স্যার। কি ভাসছে তো?
হ্যাঁ, এবার পরিষ্কার ভাসছে। তবে ভূত ভবিষ্যত নয়, আমার হাতে বর্তমানে তোর অবস্থা কি হবে সেটাই ভাসছে। মিনিটে আর ফন্টে, আমার মুগুরটা নিয়ে আয় তো।
এইযে স্যার, এনেছি
ভণ্ড সন্ন্যাসীর খপ্পরে পড়ে কেলুদাকে এখন ভূতে যেতে হচ্ছে!
ওরে বাব্বা রে! ঐ মুগুরের এক ঘা খেলে আমি যে আর বর্তমানে থাকবো না স্যার!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমাকে ডেকেছেন, স্যার?
হ্যাঁ, এই নে, চেক লিখে দিয়েছি ব্যাঙ্কে গিয়ে পাঁচহাজার টাকা তুলে নিয়ে আয়। খুবই দরকার।
এইযে, নন্টে আর ফন্টে! তোরাও ওর সঙ্গে যা। দিনকাল ভালো নয়, অতগুলো টাকা আনবি দলে ভারী থাকা দরকার।
ঠিক আছে, স্যার।
চেকটা ঠিকঠাক রেখেছো তো, কেলুদা
তা নিয়ে তোদের মাথা ঘামাতে হবেনা। তোদের যে জন্যে নিয়েছি এই ঢের।
ব্যাঙ্ক
আমরা ভেতরে যাবোনা, তুমি গিয়ে চেক ভাঙিয়ে নিয়ে এসো কেলুদা।
বুঝলি, ফন্টে! একটা লোক ঐ আড়াল থেকে আমাদের দেখছিলো।
বলিস কিরে? খেয়াল করিনি তো!
ব্যাঙ্ক
ঐতো, কেলুদা এসে গেছে।
এইযে, শোনো! যেওনা দাঁড়াও! তোমাদের জন্যেই অপেক্ষা করছিলাম।
এই লোকটাই আড়াল থেকে দেখছিলো।

শোনো,আমি খুবই বিপদে পড়ে গেছি।
কি বিপদ স্যার?
আমার এই ব্যাগে পঞ্চাশহাজার টাকা আছে,কিন্তু মুস্কিল হচ্ছে সবটাই কালো টাকা।
আমি এখানে থাকবো না,তাই এই কালো পঞ্চাশ হাজারের অর্ধেক পেলেই তাকে দিয়ে দেবো। তোমার কাছে কতো আছে?
অতো টাকা আমার কাছে নেই।
কতো আছে তোমার কাছে?
পাঁচহাজার আছে। এই মাত্র চেক ভাঙালাম।
এ্যাঃ! পঞ্চাশের বদলে পাঁচহাজার! ঠিক আছে ভাই দাও। কালো টাকা নিয়ে ঘোরা যায় না।
আপনি তাহলে পাঁচ হাজারের বদলে এ টাকাটা দেবেন?
কি আর করা যাবে দাও আর নাও।
এই কালো টাকা কিন্তু রাস্তায় বের করবেনা। কেউ দেখে ফেললে বিপদ হবে!
না,ঘরে না ফিরে খুলবোনা। স্যার দারুণ খুশি হবে। পাঁচ হাজারের জায়গায় পঞ্চাশ হাজার!
এই নিন,স্যার, আপনার পাঁচ হাজার দিয়ে একজনের পঞ্চাশ হাজার কালো টাকা এনেছি।
বলিস কিরে, কেলটু? দে তো দেখি।
অ্যাঃ! একি! এতো নোটের আদলে কাটা কালো কাগজে ভর্তি!
ওরে বাবা! একি রে? কি করে হলো?
হতচ্ছাড়া হাড়গিলেটা লুকিয়ে পড়েছে। ওকে খুঁজে বের কর তারপর এটা ওর মাথায় ভাঙবো।
চিন্তা নেই, স্যার,ওকে খুঁজে বের করছি।

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

বিনা চিন্তা ভাবনায় দিয়ে দাও বাছারা! কিছু অর্থের খুবই প্রয়োজন। আমার এই ক্ষুদে চ্যালাটির খুবই খিদে সব সময়ই ওকে খাবার জোগান দিতে হয়।
আমার খুব খিদে পেয়েছে!
দু চার টাকা দিয়ে দে, নন্টে আর ফন্টে।
আমরা কেন দেবো? তুমি তোমার কাছেই রাখো, বৎস বলে চেয়েছেন। তুমি দাও।
ফন্টে তো ঠিকই বলেছে, কেলুদা।
সবসময় আমার কাছে ক্যাশ থাকেনা সেটা তোরা জানিস তো। টাকাটা আমার হাতে দে।
তোমার ডায়ালগটা পাল্টাও তো কেলুদা! অন্য রকম কিছু ঝাড়ো। দে, নন্টে, তিনটে কয়েন দিয়ে দে!
এই নিন তিনটে কয়েন।
দাও। খুব উপকার করলে, তোমরা। তবে যেওনা, দাঁড়াও।
দেখো, বৎস, কেলুরাম, আর সঙ্গে তোমরাও। আমার হাতে তোমাদের দেওয়া তিনটি মুদ্রা। এবার দেখো—
জয় জয় মাগো আশিস করো। হাতের মুদ্রা দ্বিগুন করো- দ্বিগুন করো!


এবার দেখো। কি দেখছো? তোমার দেওয়া তিনটি মুদ্রা ছটি হয়েছে। তাই না? এ সব কিছুই মায়ের ইচ্ছায়!
? ! ?
মুদ্রা না থাকলে মুদ্রা তৈরি করা যায়না, তাই তোমাদের কাছে চেয়েছিলাম। এবার তোমাদের দেওয়া মুদ্রা তোমরা ফেরত নিয়ে নাও। বাকি নয়া তিনটি আমার রইলো। এতেই এখন চলে যাবে।
দেখলি, নন্টে আর ফন্টে! চোখের সামনে না হলে বিশ্বাসই হতো না।
সত্যি কেলুদা, অবিশ্বাস্য ঘটনাই বটে। তবে আমাদের মুদ্রা কিন্তু তোমার পকেটে ঢুকেছে কেলুদা!
ভেল্কির টোপ গিলেছে রে, গুটকে! এখন এখানেই থেকে যাই।
তোরা বড়ো ঘামিয়ে হয়ে যাচ্ছিস। চল, আগে স্যারকে এই বিস্ময়কর ঘটনাটা জানাই।
ফিরতে এতো দেরি কেন? আর এতো হাঁপাচ্ছিসই বা কেন?
সব বলছি, স্যার। দৌড়তে দৌড়তে আসছি একটু দম নিয়ে নিই, স্যার!
ফেরার পথে একটা গাছের নিচে বসা একজন তান্ত্রিক মতো লোক আমার নাম ধরে ডাকলো। সামনে যেতে দু তিনটে কয়েন চাইলো। তিনটে কয়েন দিতে প্রায় মিনিটখানেকের মধ্যেই সেটা দ্বিগুন করে তিনটে নিজে রেখে আমাদের কয়েন ফিরিয়ে দিলো!


বলিস কিরে,কেল্টু? টাকা ডবল করে তোদের টাকাটা ফেরত দিয়ে দিলো?
হ্যাঁ,তবে আর বলছি কি,স্যার! এইতো নন্টে আর ফন্টেও তো দেখেছে!
তোরা কি রে? এমন সিদ্ধপুরুষ সন্ন্যাসীকে তোরা ফেলে এলি,সঙ্গে নিয়ে আসতে পারলি না?
এখনো ওখানেই পাওয়া যাবে, স্যার। গিয়ে নিয়ে আসবো?
আবার জিজ্ঞেস করছিস? অর্থ দিয়ে যে অর্থ উৎপাদন করতে পারে এরকম এক তপোসিদ্ধ মহাপুরুষকে ভক্তি সহকারে নিয়ে আয়!
এখুনি আমিই যাচ্ছি স্যার! নন্টে আর ফন্টের যাবার দরকার নেই
আমাদের বোর্ডিং স্কুলের সুপারিনটেণ্ডেন্ট স্যার আপনাকে নিয়ে যেতে পাঠিয়েছেন।
যেতে বলেছেন যখন তখন তো যেতেই হবে। চলরে,গুটকে!
আসুন-আসুন! আপনাকে আমাদের বোর্ডিংস্কুলের তরফ থেকে সাদর অভ্যর্থনা আর প্রণাম জানাচ্ছি!
মায়ের ইচ্ছায় মনের বাসনা পূর্ণ হোক। আমি আর আপনার গুরু একই গুরুর মন্ত্রশিষ্য!
একই গুরুর শিষ্য যখন তখন আপনিও আমার গুরুরই সমান। এখন সামান্য কিছু জলযোগ করে এখানে বিশ্রাম করুন।
আমার জন্যে উদ্বিগ্ন হবার কারণ নেই। আমরা ঠিক মানিয়ে নেবো।


আপনার জন্যে স্পেশাল নলেন গুড়ের রসগোল্লা আনিয়েছি কৃপা করে গ্রহণ করুন! তাড়াতাড়ি মিষ্টির থালা সামনে নামিয়ে দে!
কি রকম লাগছে রে, গুটকে? আরো খাবি নাকি?
এখন আর খেতে পারবো না। পরে আবার খাবো।
হ্যাঁ-হ্যাঁ, খাবে বৈকি!
পরে-
আজ বিশ্রাম করুন কাল আমি আমার মনের বাসনা নিবেদন করবো।
বেশ তো। তাড়াহুড়োর কিছু নেই।
পরদিন-
এবার বলুন, জেঠু, আপনার মনের কি বাসনা?
মানে হচ্ছে, ইয়ে – আপনি তো অর্থ দিয়ে অর্থ উৎপাদনের অসীম ক্ষমতার অধিকারী। তাই আমার বাসনা আপনি আমার কিছু অর্থ দ্বিগুন করে দিন!
এ আর এমন কি। এভাবে বলার কি আছে। তবে পরিমান কতো?
খুব বেশী নয়, হাজার পঞ্চাশ মতো হবে।
চিন্তা নেই। মায়ের ইচ্ছায় হয়ে যাবে। তবে বেশী আর কাগজের মুদ্রার জন্যে দিন দুই সময় লেগে যাবে।
লাগুক কোন ক্ষতি নেই।
ঠিক আছে। তাহলে কাল আপনি আপনার দ্বিগুন করার অর্থ একটা কাপড়ে পুটলি করে বিকেলের মধ্যে আমার কাছে নিয়ে আসবেন।
ঠিক আছে তাই হবে।


পরদিন বিকেলে-
পঞ্চাশহাজার টাকা ডবল হবে! ভাবতেও মন খুশিতে মন ভরে উঠছে। ব্যাঙ্কে রাখলে ডবল কবে হতো তার ঠিক নেই। এ একেবারে এক রাতেই দ্বিগুন!
এই নিন আপনার কথা মতো আমার সঞ্চিত অর্থ পঞ্চাশ হাজারের পুঁটলি!
ব্যাঃ! ঠিক আছে। দিন আমার হাতে দিন।
শোন, কেলুটরাম! কিছু ভালো সন্দেশ আর ফুলের যোগাড় রাখবে। এটা দু'তিন মুদ্রার ব্যাপার নয়। এটাতে মায়ের নামে ক্রিয়া কর্ম করতে হবে।
কিচ্ছু ভাববেন না। সব জোগাড় হয়ে যাবে!
ভাবছি আজ রাতেই ক্রিয়া কর্মে বসবো। তবে ঘরে শুধু আমি আর গুটকে থাকবো আর কেউ থাকবেনা।
ঠিক আছে, থাকতে চাইও না। আমি চাই যতো তাড়াতাড়ি সম্ভব অর্থ দ্বিগুন হোক।
চলরে গুটকে। ঘরে গিয়ে সব তোড়জোড় করতে হবে।
তাই চলুন গুরুদেব।
বেশ কিছুক্ষণ পর-
দেখেছিস, নন্টে! কেলটো সব কৃতিত্ব একা নিতে চাইছে, গুটকের সঙ্গে লেপটে রয়েছে।
ঐতো ওদের ঘর। জানলা দিয়ে উঁকি মেরে দেখি ওরা কি করছে!
তখন ঘরে-
তোর হাতে পঞ্চাশ হাজার টাকার আসল নোটের পুঁটলি আর আমার হাতে ওর ডবল স্রেফ সাদা কাটা কাগজের পুঁটলি। এবার কি বুঝলি,রে, গুটকে?
সাদা কাগজের পুঁটলি রেখে আসল নিয়ে হাওয়া হয়ে যাবো।

কি সাংঘাতিক ব্যাপার রে, নন্টে! এরা হচ্ছে ঠকবাজ! লোভ দেখিয়ে স্যারের টাকা হাতাবার তাল করেছে। এটা আটকাতেই হবে!
দাঁড়া, আমার মাথায় একটা প্ল্যান এসেছে!
আমরা একটা নকল পুঁটলি তৈরি করে মওকা বুঝে টাকার পুঁটলি সরিয়ে নকল পুঁটলি রেখে আসবো।
দারুণ প্ল্যান!
সেইমতো
আমি কেলুরামকে একটু ভুজুং দিয়ে আসি তুই পুঁটলির কাছে থাক।
এই মওকা ফন্টে!
এই গুটকে, রসগোল্লা খাবি?
হ্যাঁ, খাবো।
তাহলে শিগগির চলে আয়।
তখন আরো চেয়েছিলি কিন্তু দেয়নি, এখন আমি দিচ্ছি খা।
উলস! রসগোল্লাগুলো কি ভালো!
ব্যাটা ঠক জেকধারী জানতেও পারলোনা যে কি ঘটে গেলো!
হ্যাঁ, খাটের তলাতেই থাক। ভোর রাতে কেটে পড়ার সময় তুলে নিয়ে যাবো। এবার বেশ মোটা টাকা হাতানো যাবে রে, গুটকে!
মধ্যরাতে-
মিস্টি আর মালা দেও। এবার কাজে বসবো। চলুন, ভিতরে দাঁড়াবেন।
এই নিন।
শুরু হলো অর্থ ডবলের প্রক্রিয়া-
হিংটিং ছট-অর্থ ডবল হোক ঝটপট। অং বং চং অর্থ ডবলং ডবলং ডবলং।


একঘণ্টা পর-
ক্রিয়াকর্ম শেষ, এই নিন প্রসাদ। খেয়ে এখন শুয়ে পড়ুন। এখন দরজা বন্ধ। কাল সকালে খুব ভক্তি সহকারে পুঁটলি খুলবেন, চলরে, গুটকে
আমরাও একটু ঘুমিয়ে নিই।
কখন সকাল হবে রে, কেলু? তর আর সইছেনা। এদিকে আবার একটু ঘুম ঘুম পাচ্ছে।
আমারও, স্যার!
এদিকে ভোর রাত্রে-
পা চালা, গুটকে ভোর হওয়ার আগেই এই ভল্লাট ছেড়ে যেতে হবে। আমি অবশ্য প্রসাদে চেতনা হরণ চূর্ণ মিশিয়ে দিয়েছি সহজে ওদের ঘুম ভাঙবে না।
পরদিন সকালে-
ওঃ! জোর ঘুমিয়ে পড়েছিলাম। পুঁটলিটা বেশ বড়-বড় লাগছে। এবার খুলে দেখি পাঁচটা বাণ্ডিল কেমন দশটা হয়ে আছে!
খুলতেই-
একি! টাকা কোথায়? এতো খবরের কাগজ কাটা টুকরোর বাণ্ডিল! ওরে- কেলু!
কি হলো, স্যার? টাকা ডবল হয়েছে স্যার?
দ্যাখ, একটা ঠক এনে তুলেছিলি! আমাদের বুদ্ধু বানিয়ে কাগজের বাণ্ডিল রেখে আসল টাকা নিয়ে পালিয়েছে!
না, স্যার! পারেনি! এইযে আপনার আসল টাকার পুঁটলি। ওরা যেটা নিয়ে গেছে সেটা আপনার মতোই পুঁটলি!
ওঃ! তোরা বাঁচালি! দে, পুটলিটা দে।
তোর জন্যেই এটা হতে যাচ্ছিলো, কেলু। গুরুত্ব বিবেচনা করে তোকে মনিটরিত্ব থেকে খারিজ করে নন্টে আর ফন্টেকে দিলুম। আর যে টাকা রক্ষা পেলো তার থেকে কিছু নিয়ে পিকনিক হবে, কিন্তু কেলু বাদ।
আমাদের স্যার, যুগ যুগ জীও!


নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আপনার চা নিয়ে এসেছি, সুপারিটেন স্যার!
বাঃ! ঠিক সময় এনেছো, ঠাকুর!
শোনো, ঠাকুর তুমি গিয়ে নন্টে ফন্টে আর কেলুটকে বলো যে আমি ডাকছি।
আচ্ছা আমি গিয়ে বলছি।
নন্টুয়া ফন্টুয়া আর কালুটুয়াকে সুপারিটেন সাহাব বুলাইছেন।
ঠিক আছে, তুমি যাও আমরা যাচ্ছি।
এই যে, তোরা এসেছিস। পূজোয় বোর্ডিং স্কুল বন্ধ। ভাবছি তোদের নিয়ে ঘুরতে বেরোবো।
খুব ভালো হবে, স্যার! কিন্তু কোথায় ঘুরবো?
ভাবছি আইলা বিধ্বস্ত গ্রাম বিটকেলপুর যাবো। তারপর ঘুরে এসে এই নিয়ে একটা বই লিখবো।
কিন্তু, স্যার, গ্রামের অভিজ্ঞতা তো ভালো নয়!
তোদের সব কিছুতেই বাগড়া। গ্রাম এখন কতো উন্নত। তারপর স্যার যাবেন আইলা বিধ্বস্ত গ্রামে। সেখানকার লোকজনের কথা শুনে দেখে ওঁদের নিয়ে বই লিখবেন বলছেন।
কেলু ঠিকই বলেছে। আমরা আইলা বিধ্বস্ত গ্রামেই যাচ্ছি!


তাহলে কাল আমরা আইলা বিধ্বস্ত গ্রাম বিটকেলপুর যাচ্ছি।
হ্যাঁ স্যার, তবে নন্টে আর ফন্টের বোধহয় মনঃপুত হলো না।
পরদিন-
আসুন, আসুন! বিটকেলপুর! বিটকেলপুর!
এই তো এসে গেছে বিটকেলপুর যাবার বাস। নে উঠে পড়।
বিটকেলপুর
তিনঘণ্টা চলার পর-
যাক, বিটকেলপুর এসে গেছি। এবার এখানে একটা মোটামুটি সাময়িক থাকার ব্যবস্থা করে তারপর আইলা বিধ্বস্ত অঞ্চল দেখতে বেরোবো।
সামনে লোকজন রয়েছে ওখানে গিয়ে খোঁজ করলে নিশ্চয় সাময়িক একটা আস্তানা পাওয়া যাবে।
আচ্ছা এখানে সাময়িক ভাবে থাকার জন্যে জায়গা পাওয়া যাবে?
আপনারাও কি সিরিয়ালের ছবি তুলতে এসেছেন?
কি ব্যাপার বলুন তো? একথা বলছেন কেন?
একটু আগে মহিলা সহ কয়েকজন এসেছেন সিরিয়ালের ছবি তোলার জন্যে। ওরাও থাকার জায়গার কথা বলছিলেন।

না,না, সিরিয়ালের লোক নই। এরা স্কুলের ছাত্র। আইলায় দুর্গত অঞ্চল চাক্ষুস দেখতেই আমরা এসেছি। একটু বিশ্রাম নিয়ে পরে এদের নিয়ে বেরোবো।
একটু এগিয়ে গিয়ে ঠাকুর দালান পাবেন, ওখানে বসতে পারবেন। সিরিয়ালের লোকেরা বোধহয় ওখানেই গেছে।
এতো ঠাকুর দালান। এখন কেউ নেই মনে হচ্ছে। চল, হাত পা ছড়িয়ে একটু বসা যাক।
তিন ঘন্টা বাসে বাসে বসে কোমরটা ধরে গেছে রে, কেলটু। এখানে পা ছড়িয়ে বসে বেশ ভালো লাগছে!
তবে আমাদের বেশ বরাত জোরে, স্যার। আমারা সিরিয়ালের ছবি তোলা দেখতে পাবো।
ঠিক বলেছো, কেলটুদা!
কিছু পরেই-
যে জায়গা দেখা হলো, আমার ঠিক পছন্দ হলো না। অন্য জায়গা দেখতে হবে।
নমস্কার! আপনারাই বুঝি সিরিয়ালের শ্যুটিং করতে এসেছেন?
হ্যাঁ, কিন্তু আপনারা?
এরা স্কুল ছাত্র। আমি এদের আইলায় বিধ্বস্ত গ্রাম দেখাতে নিয়ে এসেছি।
কি সিরিয়াল করছেন, স্যার?

রামায়নের কাহিনী অবলম্বনে নতুন আঙ্গিকে সীতার বস্ত্রহরণ নামে ভিন্নধর্মী একটা ধারাবাহিক করছি।
বলেন কী? বস্ত্রহরণ তো মহাভারতের ঘটনা, দ্রৌপদীর হয়েছিলো!
সেটা ঠিকই। কিন্তু ঐযে বললুম নতুন আঙ্গিকে রামায়ন আর মহাভারতের কাহিনীকে পাঞ্চ করে এই সিরিয়াল তৈরি করছি। এক্সপেরিমেন্টও বলতে পারেন।
দর্শক এসব মেনে নিয়ে দেখবে?
দেখবে মানে? দেখুন না ক হাজার রাত্রি চলে! সবাই নতুন কিছু দেখতে চায়।
এই যে, এ হলো আমার নতুন মেগা সিরিয়াল সীতার বস্ত্র-হরণের নায়িকা।
নমস্কার! ঢেক্কুদা কিন্তু দারুণ পরিচালক!
অবশ্যই! যিনি মহাভারতের ঘটনাকে রামায়নে মিশিয়ে দিতে পারেন, তিনি নিশ্চয়ই দারুণ!
এরকম আরো কাহিনী নিয়ে এক্সপেরিমেন্ট করার ইচ্ছে আছে।
ঢেক্কুদা! শ্যুটিং স্পট দেখবে চলো। আগের স্পট তো ভালো লাগেনি বলেছো।
চলো। কিন্তু এখনো তো রাবন মানে ঢোলবাবু এসে পৌঁছোলো না?


বাঃ! এই তো, এই বাঁধানো বটগাছের নিচেই সীতার বস্ত্রহরণের শ্যুটিং হবে। কিন্তু রাবন তো এখনো এসে পৌঁছোলো না।
রাবন এসে না পৌঁছোলে তো শ্যুটিং ক্যানসেল করতে হবে! তাতে অনেক ক্ষতি হয়ে যাবে। এখুনি ঢোলবাবুকে পাত্তা করো।
এখুনি পাত্তা করছি, ডেক্কুদা।
এই মরেচে! কি সর্বনাশ! তাহলে কি হবে ঢোলবাবু?
কি হলো, টিংলু? ঢোলবাবু কখন আসছেন?
ঢোলবাবু আসতে পারবেন না। ও নাকে ডেঙ্গুতে ধরেছে!
সর্বনাশ! কি হবে রে, টিংলু? আর ভাবতে পারছি না।
আচ্ছা, ডেক্কুদা, যে লোকটা তিনটে ছেলেকে নিয়ে আইলা দেখতে এসেছেন, ওঁকে দিয়ে চালিয়ে নেওয়া যায় না?
দারুণ মানাবে কিন্তু!
ঠিক বলেছিস। শিগগির চল।
ঠাকুর দালানে ফিরে-
রাবন যার করার কথা সেই ঢোলবাবুকে ডেঙ্গুতে ধরেছে। এখন আপনিই ভরসা। রাবন আপনাকেই করতে হবে, দাদা!
সেকি! কিন্তু আমি কি পারবো?


নেমে যান,স্যার! আমরা টি ভিতে আপনাকে দেখতে পাবো।
বলছিস? ঠিক আছে! তাহলে নেমে পড়ি।
তাহলে চলুন, তাড়াতাড়ি!
মেকআপ ম্যান, ক্যামেরা, লোকজন নিয়ে তুমি স্পটে চলে এসো,আমরা এগোচ্ছি।
ঠিক আছে,ঢেন্ডুদা! সবাইকে নিয়ে আমি যাচ্ছি।
ঘণ্টা দুই পর -
আপনাকে দারুণ দেখাচ্ছে স্যার! একেবারে সত্যিকার রাবনের মতো!
এবার শুটিং শুরু হবে। সীতাকে নিয়ে এসো টিংলু।
দৃশ্যটা হচ্ছে,মহাভারতের কুরুরাজ দুর্যোধনের দ্রৌপদীর বস্ত্রহরণের ঘটনার মতো আপনি লঙ্কার রাজা রাবন সীতা হরণের বদলে বস্ত্র হরণ করছেন।
ঠিক আছে?
দুটো কাহিনীকে কি ভাবে প্যাঙ্ক করেছি বুঝেছেন তো আপনারা?
সুন্দর ভাবে বুঝেছি। অভিনয়ে সেটা বুঝতে পারবেন!
স্টার্ট, ক্যামেরা! অ্যাক্শান!

রামের ঘরনী, সীতে! আজ তোর বস্ত্র করিয়া হরণ
রামায়নে গড়িবো আমি নয়া অধ্যায়!
দারুণ হচ্ছে! চালিয়ে যান।
রক্ষা করো, রক্ষা করো! নারীর সম্ভ্রম রক্ষা করো!
আজ বস্ত্র হরণ হবেই! কেউ বাঁচাতে পারবেনা! হাঃ-হাঃ!
ঈশ্বর!
স্যারের অ্যাক্টিং দেখেছিস, নম্বর আর ফল্টে!
সেই সময়-
চলুন, মোড়লজাই আইলায় যারা ক্ষতিগ্রস্ত, তাদের জন্যে নাকি ত্রাণ এয়েচে। গিয়ে দেখে আসি।
চলো, দেখি যদি দু'একখানা ধুতি, শাড়ী জোটে!
রক্ষা করো! পাষণ্ড আমার বস্ত্র হরণ করে নিচ্ছে!
শুনেছেন মোড়লমশাই? নারীকণ্ঠের আর্তনাদ!
আমাদের গাঁয়ে এসে নারীর বস্ত্র হরণ? চলো তো পেদুরাম, দেখি আমার হাতে কার আবার মরণ ঘেনে এয়েচে?
আর কোন ভয় নেই, মাজননী! দেখি কার কতো বুকের পাটা যে তোমার বস্ত্র কেড়ে নেয়!

ব্যাটা, ছদ্মবেশে তুমি এসেছো আমাদের গাঁয়ে নারীর বস্ত্র হরণ করতে? লাঠি পেটা করে গাঁ ছাড়া করবো!
পালান,স্যার!
পালাবে কোথায়? লাঠির ঘায়ে মাথা দু'ফাঁক করে দেবো!
ওরে, নন্টে আর ফন্টে, কেলু, তোরা কোথায়? আমাকে তোরা বাঁচা!
বাঁচতে হলে দৌড়োন, স্যার!
একি মাথা ঢাকা পড়লো কিসে?
ওরে বাবা রে গেলুম রে!
থামবেন না, স্যার! আমরা এখনো বিপদের সীমারেখা পেরোইনি। কোথা দিয়ে কে কখন হামলা করবে কে জানে?
বোর্ডিংয়ে ফিরে-
হতচ্ছাড়া কেলুটাকে দেখছি না, ও আজনি?
এই যে, স্যার, আমি এসে গেছি।
গ্রামে আইলা বিধ্বস্তদের তোদের দেখাতে গিয়ে কেলুর প্ররোচনায় পড়ে আমিই এখন বিধ্বস্ত হয়ে ফিরেছি! আমার এই অবস্থার জন্য তোকে একশোবার কান ধরে ওঠবোস করতে হবে!
তখন বলেছিলাম যে গ্রামের অভিজ্ঞতা আমাদের ভালো নয়!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

তাহলে শোন- (ফিস-ফিস) (ফিস-ফিস) কেমন লাগলো বল?
ওঃ,দারুণ ভেবেছিস,নন্টে! এখন শুধু গুছিয়ে চোর পাকড়াবার ব্যবস্থা করা!
সেদিন বিকেলে-
শিগগির চলুন স্যার! মনে হলো রান্নাঘরে কেউ যেন ঢুকলো!
তাই নাকি! ধরলে ব্যাটার পিণ্ডি চটকে দেবো!
কেলুদা,শিগগির চলো! এক জন সন্দেহজনককে দেখলুম গুটি গুটি রান্নাঘরের দিকে এগোতে।
বটে! দাঁড়া,লাঠিটা নিয়ে নিই। ব্যাটাকে পিটিয়ে হাতের সুখ করে নেবো!
দ্যাখো, কেলুদা! ঐযে গুটি গুটি যাচ্ছে!
ব্যাটাকে এমন গো-বেড়েন দেবো যে,চুরি করে খাওয়ার মজাটা টের পাবে!
নিঃশব্দে গিয়ে ঝপাৎ করে হাতে নাতে ধরবো।
এবার বুঝবে চুরি করে খাওয়ার মজা!
কেমন লাগছে এটা,খাদ্য চোর? স্যারকে ডেকে নিয়ে আয়,নন্টে। আমি ততক্ষণ হাতের সুখ করে নিই!
দমাস!
ওফস!
এ-এ কি! স্যার,আপনি? আমি ভেবেছিলাম খাদ্য চোর-
তাই ভেবে লাঠি দিয়ে আমাকে পিটিয়ে হাতের সুখ করতে চাইছিলি?
এবার আমি তোর পিঠে এটা না ভাঙা পর্যন্ত হাতের সুখ করে যাবো, ছুচো মর্কট কোথাকার!
খাদ্যচুরি কেলুদা আমাদের ঘাড়ে চাপাতে চেয়েছিলো, এখন নিজের পিঠ বাঁচাতেই ব্যস্ত!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

এটা নিয়ে যাও। খুব মিস্টি হবে। পুরো পাঁচ কিলো আছে। শ' রুপেয়া দেও।
এটাই ভালো হয়েছে! স্যার খুব খুশি হবে।
টাকাটা দিয়ে দে, নন্টে আর ফন্টে!
সেকি দাম আমাদের দিতে হবে নাকি?
তোরাই তো দিবি। তোরাই তো আমাকে স্যারের গুড বুকে রেখেছিস। এবার তরমুজটা নিবি না ফেরত দিবি? স্যারকে গিয়ে বলতে হবে তোরা কিনতে দিলি না!
খুব হয়েছে। দে নন্টে পঞ্চাশটা টাকা দে।
বোর্ডিংয়ে ফিরে-
তরমুজটা এখানে থাক, স্যারকে খবরটা দিয়ে আসি।
অপারেশন তরমুজ এই মওকায় সেরে ফ্যাল নন্টে!
চল, নন্টে আর ফন্টে! স্যারকে তরমুজ খাইয়ে আসি।
তুমিই গিয়ে খাওয়াও আমরা পরে যাচ্ছি।
ঠিক সময়ে অপারেশনটা করে দিয়েছি!
এক্টু পরে-
দেখুন, স্যার! আপনার জন্যে সেরা বড়ো ফাবাক্কার তরমুজ নিয়ে এসেছি।
খাসা জিনিস! তোর জন্যেই তরমুজ খাওয়ার ইচ্ছে পূরণ হবে রে, কেলটু!
এক টুকরো খেয়ে দেখুন, স্যার! চিনির মতো মিস্টি হবে!
তুই যখন এনেছিস তখন তো হবেই-
কি হলো, স্যার? কোন গোলমাল?
অ্যাকচু! মালেতেই গোলমাল! তরমুজে এতো বিষের মতো তেতো হয়?
বিষাক্ত তরমুজ খাইয়ে আমাকে মারার ফন্দি? হতচ্ছাড়া পাজি নকট! এই নে তোর তরমুজ!
না-না, স্যার! ঘোক্‌ৎ!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

ল্যাসোটা দে, তারপর জানি কিনা তোদের দেখিয়ে দিচ্ছি!
ঠিক আছে! এই নাও, দেখাও!
ইস! ছোঁড়ার সময় হাতটা একটু বেঁকে যাওয়ায় ফস্কে গেলো।
কি হলো, কেলুদা? তুমিও তো খুঁটিটায় লাগাতে পারলে না।
কারণটা হলো আমি তো মানুষ ছাড়া অন্য কিছুতে প্রয়োগ করিনি তাই। কিন্তু মানুষ হলে আমার চোখ বেঁধে দিলেও আমি ঠিক ধরবো!
সেইমতো-
গেটের কাছ থেকে জেরে ঢুকবি। যখন বলবো তখন ঢুকবি। চলন্ত অবস্থায় ধরবো। নে, এবার ঢোক ফন্টে!
তোমার কথামতো ঢুকছি, কেলুদা।
ঠিক সময়েই এসে গেছি।
দ্যাখ, তোর পায়ের শব্দতেই তুই ঠিক কোনখানে আন্দাজ করেই তোকে ল্যাসোতে ধরেছি! এবার একটা হ্যাঁচকা টান মেরে তোকে কুপোকাত করে-
আরে, আরে এ কি?
এতো ফন্টের গলা নয়! চোখের বাঁধন খুলে দেখতে হচ্ছে তো!
ওরক!
এতো পরিদর্শক!
ওফস!
আমাকে এভাবে লাঞ্ছনা? আমি আপনার বোর্ডিং স্কুলের অনুদান বন্ধ করে দেবার জন্যে রিপোর্ট দেবো।
পরে-
হতচ্ছাড়া হাড়গিলেটা গেলো কোথায় বলতো? ওকে পেলে এই দড়ি দিয়ে আমি মর্কটটাকে উত্তম সম্বর্দ্ধনা দেবো!
কেলুদা ঐ দিকে ছুটে পালালো, স্যার!

নন্টে আর ফন্টে

নারায়ণ দেবনাথ

গররর! হতচ্ছাড়েরা! এই তোরাও এটা নে!
ধেৎ! ও নাথানীচু করে এড়িয়ে গেলো আর চোসকটা স্যারের পড়ার ঘরে ঢুকে গেলো!
এটা আবার কি...?
সুপারিনটেণ্ডেণ্ট স্যার দেখে ফেলার আগেই এটা টেনে নি!
এসব কি ব্যাপার ঘটছে?
ঢকাস
ওফ!
গররর! ইচ্ছাকৃত ভাবে আমাকে চোট দেওয়া? এই ব্যাথ!
স্যার আর কেল্টো দুজনেই এখন খুব ব্যস্ত। চল, খাবারের কৌটোটা নিয়েএসে সবাই মিলে বড়দিনে উৎসব করি।

নন্টে আর ফন্টে
নারায়ণ দেবনাথ
আমি ক্রীম কেক কিনেছি, এখুনি নন্টেও সন্দেশ নিয়ে আসবে দু'জনের খাবার দিয়ে আজ টিফিনে খুব জোরদার ভোজ হবে। কেল্টো কোনই খোঁজ পাবে না!
বোর্ডিং স্কুলে বাইরের খাদ্য ঢোকা নিষেধ! আমি এটা বাজেয়াপ্ত করলুম!
অ্যা-র-রে আমাদের টিফিনের খাবার!
বেশ ভালো যে আমি এই বড়ো বস্তাটা পেয়েছি! এখানে লুকিয়ে থাকলে নন্টের কাছ থেকেও মাল হাতাতে পারবো!
এই যে, এবার নন্টে আসছে সন্দেশের বাক্স হাতে!
এটা আমি বাজেয়াপ্ত করলুম, নন্টে!
একি!
উল্লাস! থলে এখন ভর্তি! এবার আমি ভোজ খাবার জন্যে জায়গার খোঁজ করি!
আমি তাড়াতাড়ি গিয়ে পিছন থেকে ওর বস্তা ছিনতাই করে হাওয়া হয়ে যাবো!
আর একটা পোস্টার আছে! সামনের দেয়ালে সেঁটে দিতে পারলেই কাজ শেষ।


একি!
উফ্! আজকের দিনটাই আমার খারাপ। প্রথমে কেল্টা খাবার হাতিয়ে নিলো, আর এখন স্কেট-বোর্ডটা ছুটে বেরিয়ে গেলো!
এই বেড়ার পেছনে বসে নিশ্চিন্তে এগুলো সাঁটাবো।
এই পেন্সিলের টিনটাকে আমি বসার জন্য ব্যবহার করতে পারি।
ইরক্!
গেছি রে!
তাড়াহুড়ো করে খাবার দরকার নেই, ফল্টে! কারণ কেল্টোর পা বেড়ার রেলিংএর ফাঁকে সেঁটে গেছে। কেউ বের না করার আগে আর নড়তে পারবে না!
গরর! এখান থেকে ছাড়া পাই তারপর তোদের কি রকম নাড়া দিই দেখবি!

নন্টে আর ফন্টে। অতীব পাজি কেল্টুদা
এবং স্কুল বোর্ডিং-এর সুপার পাতিরাম হাতি।
বাংলা কমিকস জগতে অপ্রতিদ্বন্দ্বী নন্টে-ফন্টে
এবার একমলাটের মধ্যে...

INR 550.00
9 788183 741446
www.bookspatrabharati.com

জন্ম ১৯২৫।
আর্ট কলেজ থেকে পাস করার পর শিল্পীজীবন শুরু সিনেমার হোর্ডিং, স্নো-পাউডার-ক্রিমের লেবেল ডিজাইন করে।
শুকতারা পত্রিকায় অলংকরণ-শিল্পী হিসেবে কর্মজীবন শুরু গত শতকের পঞ্চাশের দশকে। কমিকস অনুরাগী ক্ষীরোদচন্দ্র মজুমদারের অনুরোধে প্রথমে জন্ম নিল হাঁদা-ভোঁদার কাণ্ডকারখানা। এরপর শুকতারা পত্রিকাতেই এল 'বাঁটুল দি গ্রেট'।
ষাটের দশকের শেষভাগে কিশোর ভারতী পত্রিকার শুরুর সময়ে প্রতিষ্ঠাতা সম্পাদক দীনেশচন্দ্র চট্টোপাধ্যায়ের উৎসাহে এল আরেকজোড়া মূর্তিমান 'নন্টে আর ফন্টে'। পরবর্তীকালে কেল্টুদা ও সুপারের আবির্ভাবে নন্টে-ফন্টের ছবিতে-গল্প হয়ে ওঠে আরও জমজমাট। নন্টে-ফন্টের সেই পথ চলা আজও অবিরাম।
এ ছাড়াও বহু অলংকরণ ও অন্যান্য কমিকস এঁকেছেন ক্লান্তিহীন এই প্রবাদপ্রতিম শিল্পী।

প্রচ্ছদ **দেবাশিস সাহা**

নন্টে আর ফন্টে। অতীব পাজি কেল্টুদা
এবং স্কুল বোর্ডিং-এর সুপার পাতিরাম হাতি।
বাংলা কমিকস জগতে অপ্রতিদ্বন্দ্বী নন্টে-ফন্টে
এবার একমলাটের মধ্যে...

পত্রভারতী
ISBN 978-81-8374-144-6
INR 550.00
www.bookspatrabharati.com